
## কমলাকান্তের দপ্তর।



ৰক্ষদৰ্শন যজে আইমাচৰণ ৰন্দোপাধায় কৰ্তৃক মুদ্ৰিত ও প্ৰাৰণীত।

229¢ 1

পণ্ডিতাগ্ৰগণ্য

## প্রীযুক্ত বাবু রামদাস সেন মহাশয়কে

এই গ্ৰন্থ

প্রণয়োপহার স্বরূপ

**অ**পিত

रहेन।

## বিজ্ঞাপন।

কমলাকান্তের দপ্তর বঙ্গদর্শন হইতে পুনমুদ্রিত করা গেল। বঙ্গদর্শনে যে কয় সংখ্যা
প্রকলি ইইয়াছে, তাহার মধ্যে "চন্দ্রালোকে"
"মর্শক" এবং "স্ত্রীলোকের রূপ" এই তিন
সংখ্যা আমার প্রণীত নহে; এই জন্ম ঐ
তিন সংখ্যা পুন্মুদ্রিত করিতে পারিলাম না।
বঙ্গদর্শনে কমলাকান্তের দপ্তর সমাপ্ত হয়
নাই। এই জন্ম এই গ্রন্থের নাম করণে
"প্রথম খণ্ড" লেখা হইল।

শ্রীবঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

# पूज्याथा

## কমলাকান্তের দঞ্জ

----0<u>-</u>0<u>-</u>0

অনেকে কমলাকান্তকে পাগল বলিত। সে কখন কি বলিত, কি করিত, তাহার স্থি-রতা ছিল না। লেখা পড়া না জানিত, এমত নহে। কিছু ইংরাজি কিছু সংস্কৃত জানিত। কিন্তু যে বিদ্যায় অর্থোপার্জ্জন হইল না, সে বিদ্যা কি বিদ্যা ? আসল কথা এই, সাহেব স্থবোর কাছে যাওয়া আসা চাই। কত বড় বড় মুর্থ, কেবল নাম দস্তথত করিতে পাবে, 🚡 তাহারা তালুক মুলুক করিল 🕳 আমার মতে তাহারাই পণ্ডিত। আর কমলাকান্তের মত বিদ্বান, যাহারা কেবল কতকগুলা বহি পড়ি-য়াছে, তাহারা আমার মতে গণ্ডমূর্থ।

কমলাকান্তের একবার চাকরি হইয়াছিল। একজন সাহেব তাহার ইংরাজি কথা শুনিয়া, ভাকিয়া লইয়া গিয়া একটি কেরাণীগিরি দিয়া-ছিলেন। কিন্তু কমলাকান্ত চাকরি রাখিতে পারিল না। আপিদে গিয়া, আপিদের কাজ করিত না। সরকারি বহিতে কবিতা লিখিত — আপিসের চিটীপত্রের উপরে সেক্ষপীয়র নামক কে লেখক আছে, তাহার বচন তুলিয়া লিখিয়া রাখিত; বিলবহির পাতায় পাতায় ছবি আঁকিয়া রাখিত। একবার সাহেব তা-হাকে মাস্কাবারের পে বিল প্রস্তুত করিতে विन विद्या हिल्ल । क्या का का कि विन विद्या একটি চিত্র আঁকিল, যে কতকগুলি নাগা ফ্রির সাহেবের কাছে ভিকা চাহিতেছে সাহেব তুই চারিটা প্রদা ছড়াইয়া ফেলিয়া দিতেছেন। নীচে লিখিয়া দিল "যথাৰ্থ পে বিল্যা অলঙ্কার স্বরূপ সাহেবের একটি লাঙ্গূল আঁকিয়া দিয়াছিল—এবং হস্তে একটি মর্ত্তমান রম্ভা দেখা যাইতেছিল। সাহেব নৃতন তর পে বিল দেখিয়া কমলাকান্তকে মানে মানে বিদায় দিলেন।

কমলাকান্তের চাকরি সেই পর্য্যন্ত। অর্থেরও বড প্রয়োজন ছিল না। কমলাকান্ত কথন দারপরিগ্রহ করেন নাই। স্বয়ং যে-খানে হয়, তুইটি অন্ন এবং আধভরি আফিঙ্গ পাইলেই হইত। ফেখানে, সেখানে পড়িয়া থাকিত। অনেক দিন আমার বাড়ীতে ছিল। আমি তাহাকে পাগল বলিয়া যত্ত্ব করিতাম। কিন্তু আমিও তাহাকে রাখিতে পারিলাম না। সে কোথাও স্থায়ী হইত না। একদিন প্রাতে ষ্টঠিয়া ব্রহ্মচারীর মত গেরুয়া⊿স্ত পরিয়া. (कार्याय हिनासा (शन। कार्याय हिनासा (शन, আর তাহাকে পাইলাম ন। সে এপর্য্যন্ত व्यात किरत नाहै।

তাহার একটি দপ্তর ছিল। কমলাকা-ন্তের কাছে ছেঁড়া কাগজ পড়িতে পাইত না; দেখিলেই তাহাতে কি মাথা মুণ্ড লিখিত কিছু বুকিতে পারা যাইত না। কখন কখন আ-মাকে পড়িয়া শুনাইত—শুনিলে আমার নিদ্রা আসিত। কাগজগুলি একখানি মসীচিত্রিত, পুরাতন, জীর্ণ বস্ত্রখণ্ডে বাঁধা থাকিত। গমন কালে, কমলাকান্ত আমাকে সেই দপ্তরটি দিয়া গেল। বলিয়া গেল, তোমাকে ইহা ব্থাশিশ করিলাম।

এ অমূল্য রক্স লইয়া আমি করিব ? প্রথমে মনে করিলাম, অগ্রিদেবকে উপহার দিই।
পরে লোকহিতৈয়া আমার চিতে বড় প্রবল
হইল। মনে করিলাম, থে যে লোকের,
উপকার না করে, তাহার রথায় জন্ম। এই
দপ্তরটিতে অত্যুৎকৃষ্ট অনিদ্রার উষধ আছে
—্যিনি পভিবেন তাহারই নিদ্রা আদিবে।

#### কমলাকান্তের দপ্তর।

বাঁহারা অনিদ্রা রোগে পীড়িত তাঁহাদিগের উপকারার্থে আমি কমলাকান্তের রচনাগুলি প্রচারে প্রয়ন্ত হইলাম।

> শ্ৰীভীন্মদেশ খোষ নবীশ প্ৰথম সংখ্যা।

একা ।

#### " কে গায় ওই ?"

বহুকাল বিশ্বৃত স্থান্থপ্রের শ্বৃতির ন্যায়
ঐ মধুর গীতি কর্ণরদ্ধে প্রবেশ করিল। এক
মধুর লাগিল কেন? এই সংগীত যে অতি
স্থানর, এমত নহে। পথিক পথ দিয়া, আপন মনে গায়িতে গায়িতে যাইতেছে। জ্যোৎশাম্মী রাত্রি দেখিয়া, তাহার মনের আনন্দ
উছলিয়া উঠিয়াছে। শভাবতঃ তাহার কঠ
মধুর; নমধুর কঠে, এই মধুমানে, আপনার
মনের স্থাপের মাধুর্য় বিকীর্ণ করিতে করিতে

্যাইতেছে। তবে বহুতন্ত্রীবিশিষ্ট বাদ্যের তন্ত্রীতে অঙ্গুলি স্পর্শের ন্যায়, ঐ গীতিধ্বনি আমার হৃদয়কে আলোড়িত করিল কেন ?

কেন, কে বলিবে? রাত্রি জ্যোৎস্নাময়ী—
নদী দৈকতে কৌমুদী হাসিতেছে। অর্দ্ধারতা
স্থান্দরীর নীল বসনের ন্যায় শীর্ণ শরীরা নীল
সলিলা তরঙ্গিনী, দৈকত বেস্টিত করিয়া চলিয়াছেন; রাজপথে, কেবল আনন্দ — বালক,
বালিকা, যুবক, যুবতী, প্রোচা, রন্ধা, বিমল
চন্দ্রকিরণে স্নাত হইয়া, আনন্দ করিতেছে।
আমিই কেবল নিরানন্দ — তাই ঐ সংগীতে
আমার হৃদয় যন্ত্র বাজিয়া উঠিল।

আমি একা – তাই এই সংগীতে আমার
শরীর কণ্টকিত হইল। এই বহুজনাকীণ
নগরী মধ্যে, এই আনন্দময়, অনন্ত জনপ্রোতোমধ্যে, আমি একা। আমিও কেন এ
অনন্ত জনপ্রোতোমধ্যে মিশিয়া, এই বিশাল

আনন্দতরঙ্গতাভিত জলবুদ্ব সমূহের মধ্যে আর একটি বুদ্বুদ না হই ? বিন্দু বিন্দু বারি লইয়া সমুদ্র; আমি বারি বিন্দু এ সমুদ্রে মিশাই না কেন ?

তাহা জানি না — কেবল ইহাই জানি যে
আমি একা। কেহ একা থাকিও না। যদি
অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল, তবে
তোমার মনুষ্য জন্ম রথা। পুষ্প স্থগন্ধী, কিন্তু
যদি আণগ্রহণকর্তা না থাকিত, তবে পুষ্প
স্থগন্ধী হইত না — আণেন্দ্রিয়বিশিক্ট না থাকিলে গন্ধ নাই। পুষ্প ছাপনার জন্য কুটে
না। পরের জন্য তোমার হদয় কুসুমকে
প্রস্ফুটিত করিও।

কিন্ত বারেক মাত্র শ্রুত ঐশ্বংগীত আ-মার কেন এত মধুর লাগিল তাহা বলি নাই। অনেক দিন আনন্দোখিত সংগীত শুনি নাই। অনেক দিন আনন্দাসুত্র করি নাই।

र्योवत्न, यथन शृथिवी छन्नती हिल, यथन श्रि পুষ্পে হুগন্ধ পাইতাম, প্রতি পত্তমর্শ্বরে মধুর শব্দ শুনিতাম, প্রতি নক্ষত্তে চিত্রা রোহিণীর শোভা দেখিতাম, প্রতি মনুষ্যমুখে সরলতা দেখিতাম, তথন আনন্দ ছিল। পৃথিবী এখ নও তাই আছে, সংসার এখনও তাই আছে, মনুষ্য চরিত্র এখনও তাই আছে। কিন্তু এ ্হাদয় আর তাই নাই। তখন সংগীত শুনিয়া আনন্দ হইত। আজি এই সংগীত শুনিয়া সেই আনন্দ মনে পড়িল। যে অবস্থায়, যে স্থাৰ্থ, দেই আৱন্দ অনুভূত করিতাম, দেই অবস্থা, দেই হুখ, মনে পড়িল। মুহুর্ত্ত জন্ম আবার যৌবন ফিরিয়া পাইলাম। আকার তেমনি কৰিয়া, মনে মনে, সমবেত বন্ধুমগুলী মধ্যে বদিলাম; আবার সেই অকারখুসঞ্জাত উচ্চহাল হাদিলাম, যে কথা নিপ্তায়োজনীয় वित्रक्ष अथन विल ना, निट्यासाजदाउ हि-

ত্তের চাঞ্চল্য হেতু তথন বলিতাম, আবার সেই সকল বলিতে লাগিলাম; আবার অকু-ত্রিম হৃদয়ে পরের প্রণয় অকুত্রিম বলিয়া মনে মনে গ্রহণ করিলাম। ক্ষণিক ভান্তি জিমাল —তাই এ সংগীত এত মধুর লাগিল।, ওধু তাই নয়। তখন সংগীত ভাল লাগিত,--এখন লাগে না—চিত্তের যে প্রফুলতার জন্য ভাল লাগিত, সে প্রফুল্লতা নাই বলিয়া ভাল লাগে না। আমি মনের ভিতর মন লুকাইরা সেই গত যৌবনম্মথ চিন্তা করিতেছিলাম-দেই সময়ে এই পূর্বস্মৃতিদুচক সংগীত ক প্লবেশ করিল, তাই এত মধুর বোধ হইল

সে প্রফুলতা, সে স্থথ, আর নাই কেন প্রতিবের সামগ্রী কি কমিয়াছে প্রজ্জন এবক্তি, উভয়ই সংসারের নিয়ম। কিন্তু ক্ষতি
অপেকা অর্জন অধিক, ইহাও নিয়ম। তামি
জীবনের পথ যতই অভিযাহিত কলিত

ত্বখদ সামগ্রী সঞ্চয় করিবে। তবে বয়দে ক্ষুৰ্ত্তি কমে কেন ? পৃথিবী আর তেমন স্থন্দরী দেখা যায় না কেন ? আকাশের তারা আর তেমন জ্বলেনা কেন? কোকিলকে স্বর না ভাবিয়া পাখী ভাবি কেন ? আকাশের নীলি-মায় আর সে উজ্জ্বলতা থাকে না কেন ? যাহা তৃণপল্লবময়, কুস্থমস্থবাসিত, স্বচ্ছ কল্লোলিনী-শীকর্মাকু, বসন্তপ্রনবিধৃত বলিয়া বোধ হইত, এখন তাহা বালুকাষয়ী মরুভূমি বলিয়া ৰোধ হয় কেন? কেবল রঙ্গিল কাচ নাই বলিয়া। 'শা সেই রঙ্গ্রিল,কাচ। যৌবনে অঞ্জিত স্থ ,কিন্তু স্থথের আশা অপরিমিতা। এথন অ-াজ্ত হুথ অধিক কিন্তু সেই ব্ৰহ্মাণ্ডব্যাপিনী আশা কোঁথায় ? তখন জানিতাম না কিলে কি হয়,অনেক আশা করিতাম। এখন জানিয়াছি, के है मः मात्रहर्द्ध आर्तार्श क्रिया, राथानकार

অইখান ফিরিয়া আসিতে হইবে;

যখন মনে ভাবিতেছি এই অগ্রাসর হইলাম. তথন কেবল আবর্ত্তন করিতেছি মাত্র। এখন বুৰিয়াছি, যে সংসার সমুদ্রে সম্ভরণ আরম্ভ করিলে, তরঙ্গে তরঙ্গে আমাকে প্রহত করিয়া -আবার আমাকে কুলে ফেলিয়া যাইবে। এ-থন জানিয়াছি যে, এ অরণ্যে পর্থ নাই, এ शास्त्र कलानव नाहे, ध नमीत भात नाहे, এ সাগরে দ্বীপ নাই, এ অন্ধকারে নক্ষত্র নাই। এখন জানিয়াছি যে কুস্তমে কীট আছে, কো-· সল পল্লবে কণ্টক আছে, আকা**শে মেঘ আছে,** নিৰ্ম্মলা নদীতে আবৰ্ত্ত আছে, ফলে বিষ আছে, উ্দ্যানে দর্প আছে; মৃনুষ্য হৃদ্ধে কেবল আত্মাদর আছে। এখন জানিয়াছি যে ব্ৰক্ষে इतक कल शरंत ना, कूल कुत श्रम नाहे, (मर्ब रमरच इष्टि नारे, यान वान इन्तन नारे, গভে গভে মেভিক নাই। এখন বুৰিতে পারিয়াছি, যে কাচও হীরকের ন্যায় উজ্জল,

পিত্রলও স্থবর্ণের ন্যায় ভাষর, পঙ্কও চন্দনের ন্যায় স্নিগ্ধ, কাংস্যও রজতের স্থায় মধুরনাদী। — কিন্তু কি বলিতেছিলাম ভুলিয়া গেলাম। ट्रिंश शौठक्षिम! छेटा जान नाशियां जिल वर्छ. কিন্তু আর দ্বিতীয়বার শুনিতে চাহি না : উহা যেমন মনুষ্যকণ্ঠজাত সংগীত, তেমনি শংসারের এক সংগীত আছে। সংসাররসে রসিকেরাই তাহা শুনিতে পায়। সেই সং-গাত শুনিবার জন্য আমার চিত্ত আকুল! সে সংগাত আর কি শুনিব না? শুনিব, কিন্তু নানা বাদ্যধ্বনিসংমিলিত, বহুকণ্ঠপ্রসূত সেই পূর্ব্বশ্রেত সংসারসংগীত আর শুনিব না। সে গায়কেরা আর নাই—সে ক্যুস নাই. দে আঁশা বাই। কিন্তু তৎপরিবর্তে যাতৃ। শুনিতেছি, তাহা অধিকতর প্রীক্রিকর। অনুন্যসহায় একমাত্র গীতধ্বনিতে কর্ণবিবর পরিপুরিত হইতেছে। প্রীতি সংসারে সর্ব-

্যাপিনী — প্রীতিই ঈশ্বর। প্রীতিই আমার
চর্নে এক্ষণকার সংসারসংগীত। অনন্তকাল
সই মহাসন্থীত সহিত শুনুষ্যহালয়তন্ত্রী বাজতে থাকুক! মনুষ্যজাতির উপর যদি আমার
প্রীতি থাকে তবে আমি অন্য স্থুখ চাই না।

শ্ৰীকমলাকান্ত চক্ৰবৰ্তী।

#### ২য় সংখ্যা।

### मश्रा कन।

আফিমের একটু বেশী মাত্রা চড়াইলে,
আমার বোধ হয়, মকুষ্য সকল ফল বিশেষ—
মায়া রত্তে সংসার রক্ষে ঝুলিয়া রহিয়াছে,
পাকিলেই পাঁড়য়া যাইবে। সকলভানি পাকিছে পায় না — কতক অকালে বড়ে পজিয়া
যায় কানটি পোকায় খায়, কোনটিকে
পাখীতে ঠোক্রায়। কোনটি শুকাইয়া ব-

রিয়া পড়ে। কোনটি স্থপক হইরা, আহরিত হইলে, গঙ্গাজলে ধোত হইয়া দেবদেবায় বা ব্রাহ্মণভোজনে লাগে – তাহাদিগেরই ফলজন্ম বা মনুষ্যজন্ম সার্থক। কোনটি হ্র-পৰু হইয়া, বুক্ষ হইতে থসিয়া পড়িয়া মাটীতে পড়িয়া থাকে, শুগালে থায়। তাহাদিগের মনুষ্যজন্ম বা কলজন্ম রুখা। কতকগুলি তিক্ত, কটু বা ক্ষায়, – কিন্তু তাহাতে অমূল্য উমধ প্রস্তুত হয়। কতকগুলি বিষময় – যে খায় সেই মরে। আর কতকগুলি মাকাল জাতীয় – কেবল দেখিতে স্থন্দর।

কখন কখন বিমাইতে বিমাইতে দেখিতে পাই, যে পৃথক্ পৃথক্ সম্প্রদায়ের মনুষ্য পৃথক্ জাতীত কল। আমাদের দেশের একণ কার বড়মানুবদিগকে মনুষ্যজাতি মধ্যে দাটাল বলিয়া বোধ হয়। কতকগুলি খাসা ধাজা কাটাল, কতকগুলির বড় আটা, কতকগুলি

কেৰল ভুতুড়িসার, গোরুর খাদ্য। কতকগুলি ইটোড়ে পাকে, কতকগুলি কেবল ইচোড়ই থাকে, কখন পাকে না। কতকগুলি পাকিলে পাকিতে পারে, কিন্তু পাকিতে পায় না, পৃথি-বীর রাক্ষদ রাক্ষদীরা ইচোঁড়েই পাড়িয়া দাল্না রাঁধিয়া থাইয়া ফেলে।\* যদি পাকিল ত বড় শুগালের দৌরাত্মা। যদি গাছ ঘেরা থাকৈ, ত ভালই। यদি কাঁটাল উচুডালে ফলিয়া থাকে, ভালই; নহিলে শুগালেরা কাঁটাল কোন মতে উদরসাৎ করিবেন। শুগালেরা কেহ, দেওয়ান, কেহ কারকুন, কৈহ নাএব, কেহ গোমন্তা, কেহ মোছায়েব, (कर (कंवन आनीर्स्वापक। यिन अ मक्टनत হাত এড়াইয়া, পাকা কাটাল যুৱে গেল, তবে । মাছি ভন্ ভন্ করিতে আরম্ভ করিল।

পাৰ্কের বীতি স্থবার একাদশীতে সবিকারে নিখিত আছে।

মাছিরা কাঁটাল চায় না, তাহারা কেবল একটু একটু রসের প্রত্যাশাপন। এ মাছিটি কন্যা-ভার গ্রস্ত, উহাকে এক ফোঁটা রস দাও,— ওটির মাতৃদায়, একটু রদ দাও। এটি এক-থানি পুস্তক লিখিয়াছে, একটু রস দাও; -দেটি পেটের দায়ে একখানি সম্বাদপত্র করি-सार्छ, छेटारके अक्रे मा। अ माहिति কাঁটালের পিসীর ভাশুরপুত্রের শ্যালার শ্যালীপুত্র – খাইতে পায়না, কিছু রস দাও; – সে মাছিটির টোলে পোনে চৌদ্দটি ছাত্র পড়ে, কিছু রস দাও। আবার এদিকে কাঁটাল ঘরে রাখাও ভাল না – পচিয়া চুর্গন্ধ হইয়া উঠে। আমার বিবেচনায় কাঁটাল ভাঙ্গিয়া, উত্তম নিৰ্ভূত হুগোৱ ক্ষীর প্রস্তুত ক্রিয়া, কমলাকান্তের ন্যায় হুব্রাক্ষণকে ভোজন করা-ने डे डाल।

এ দেৱেশক দিবিল দবিদের সাহেবদিগকে

আমি মনুষ্যজাতি মধ্যে আত্রফল মনে করি। এ দেশে আম ছিল না. সাগর পার হইতে কোন মহাত্মা এই উপাদেয় ফল এ দেশে আনিয়াছেন। আত্র দেখিতে রাঙ্গা২, ঝাঁকা আলো করিয়া বদে। কাঁচায় বড় টক -, পাকিলে ৰড় স্থমিষ্ট। কে বলিবে যে লরেন, রিকেট্স, ফ্রিরর, প্রাণ্ট, ডাম্পিয়র, ফলের-মধ্যে স্থমিষ্ট ফল নহে? তবে, কৃতকগুলা আম এমন কদৰ্য্য, যে পাকিলেও টক যায় না। কিন্তু দেখিতে বড়ু রাঙ্গাই হয়, বিক্রেতা ফাঁকি দিয়া পঁচিশ টাকা শ বিক্রয় করিয়া যায়। কতকগুলি আম কাঁচামিটে আছে – ভরসাকরি পাকিলেও মিষ্ট থাকিবে। কতকগুলা জাঁতে প্ঠাকা। ব্যাপারীর বড় দরকার অমুক বা-ড়ীতে দু পাঁচশত ফজরির প্রয়োজন – গাছ-পাকা আৰু নাই – কাঁচা ভাঙ্গিয়া জাঁতে পাকা-ইয়া দিলা লোকে "ইতিয়ান মুদলমানদ" পড়িয়া — বিষ্ণু, — আমের চাকলা খাইয়া ধন্য ২ করিতে লাগিল।

আত্র, ব্রাহ্মণভোজনে লাগে বটে, কিন্তু সকল পাতে সমান পড়ে না। অমুক জেলায় ব্রাহ্মণেরা হাত গুটাইয়া বসিয়া আছে.ওদিকে টক আম পডিয়াছে। যেদিকে ভাল আম পড়িয়াছে--সেদিকে বড় হুদ হাদ্ শব্দ শুনি-তেছি—কৰ্ম্মকৰ্ত্তা ক্ষীরে কুলাইতে পারেন দা। সকলে সাত্র খাইতে জানে না। সদ্য গাছ হইতে পাডিয়া এ ফল খাইতে নাই। ইহা কিয়ৎকণ দেলাম জলে ফেলিয়া ঠাণ্ডা क्रिंश-यि ट्यांटि उत् तम करन अक्रे খোসামোদ বরফ দিও-বড় শীতল হইবে। তার পরে ছুরি চালাইয়া সচ্ছন্দে থাইতে পার।

ত্ত্ৰীলোকদিশকৈ লোকিক কথায় কলা গা-ছের সহিক্ত ভূলনা করিয়া থাকে। কিন্তু সে গাছের কথা। কদলী ফলের সঙ্গে ভবনমোহিনী জাতির আমি দোসাদৃশ্য (मिथ ना। खीलांक कि कांनि कांनि करन? যাহার ভাগ্যে ফলে ফলুক—কমলাকান্তের ভাগ্যে ত নয়। কদলীর সঙ্গে কামিনীগণের এই পর্যান্ত সাদৃশ্য আছে যে, উভয়েই বানর-প্রিয়। কামিনীগণের এ তণ পাকিলেও কদলীর সঙ্গে তাঁহাদিগের তুলনা করিতে পারি না। পক্ষান্তরে ক্তকগুলি কটুভাষী আছেন, তাঁহারা ফলের মধ্যে মাকাল ফলকেই युवजीशर्गत चमुक्तभ वरलम्। (य वरल म তুর্থ—আমি ইঁহাদিগর ভূত্য স্ক্রপ; আমি তাহা বলিব না।

ह আমি বলি, রমণীমণ্ডলী এ সংসারের নারিকেল । নারিকেলও কাঁদি কাঁদি ফলে বটে, কিন্তু (ব্যবসায়ী নহিলে) কেহ কখন কাঁদি কাঁদি প্লাড়ে না। কেহ কখন ঘাদশীর পারণার অনুরোধে, অথবা বৈশাথ মাসে ব্রাহ্মণসেবার জন্য একটি আঘটী পাড়ে। কাঁদি কাঁদি পাড়িয়া খাওয়ার অপরাধে যদি কেহ অপরাধী থাকে, তবে সে কুলীন ব্রাহ্ম-ণেরা। কমলাকান্ত কথন সে অপরাধে অপ-রাধী নহে।

রক্ষের নারিকেলের ন্যায় সংসারের নারি-কেলের বয়োভেদে নানাবস্থা। করকচি বেলা উভরেই বড় স্নিগ্ধকর—নারিকেলের জলে উদর স্থিয় হয় – কিশোরীর অকৃত্রিম বিলাস-नकनमूना श्रनाद इनय सिश्व रय। किन्छ ত্রই নারিকেলের ডাবই ভাল। তথন দেখিতে কেমন উজ্জল খ্যাম – কেমন জ্যোভিঃপুঞ্জ, রোদ্র তিহািশ্হইতে প্রতিহত হৈইতেছে – যেন সে নবীন খ্যান শোভায় জগতের রেটির শী-তল হইতেছে। গাছের উপর কাদি কাদি মান্তিকেল, আর গরাক্ষপথে কাঁদি কাঁদি

যুবতী, আমার চক্ষে একই দেখায় – উভয়ই চতुर्দिक जात्ना कतिया थात्क। कि**छ** एनथ-एिथिया जूनि । न । वहें रेठि मारमंत त्रीख, গাছ হইতে পাড়িয়া ভাব কাটিও না – বড় ভঁগু। সংসারশিক্ষাশূন্যা কামিনীকে সহসা হৃদয়ে গ্রহণ করিও না-তোমার কলিজা পুড়িয়া যাইবে। আত্রের ন্যায়, ডাবকেও বরফ জলে রাখিয়া শীতল করিও - বরফ না বোটে পুকুরের পাঁকে প্ঁভিয়া রাখিয়। ঠাণ্ডা করিও – মিষ্ট কথায় আয়ত্ত না করিতে পার, কমলাকান্ত চক্রবর্তীর আজ্ঞা, কড়া কথায় কৰিও।

নারিকেলের, চারিটি সামগ্রী — জল, শৃষ্ণ,
মালা আর ছোবড়া। নারিকেলের জলের
সঙ্গে জীলোকের স্নেহের আমি সাদৃশ্র দেখি।
উভয়ই বড় স্নিশ্বকর। যখন তুমি সংসারের রোজে দশ্ধ হইরা, ইাপাইতে হাঁপাইতে,

গৃহের ছায়ায় বিদিয়া বিশ্রাম কামনা কর, তথন এই শীতল জল পান করিও — সকল যন্ত্রণা ভূলিবে। তোমার দারিদ্র চৈত্রে, বা বন্ধুবিয়োগ বৈশাখে — তোমার যৌবন মধ্যাহ্নে বা রোগতপ্ত বৈকালে, আর কিসে তোমার হৃদয় শীতল হইবে? মাতার আদর, স্ত্রীর শ্রেম, কন্যার ভক্তি, ইহার অপেকা জীবনের সন্তাপে আর কি হুথের আছে? গ্রীম্মের তাপে ডাবের জলের মত আর কি আছে?

তবে, ঝুনো হইলে জল একটু ঝাল হইয়া যায়। রামার মা ঝুনো হইলে পর, রামার বাপ ঝালের চোটে বাড়ী ছাড়িয়াছিল। এই জন্য নারিকেলের মধ্যে ডাবেরই আদর।

নারকেলের শস্ত, দ্রীলোকের বৃদ্ধ।
করকচি বেলার বড় থাকে না; ডার্ণের অবহার বড় স্থানিট; বড় কোমল; ঝুনের বেলায়
বড় কঠিন দত্তকট করে কার সাধা। তথন

ইহাকে গৃহিণীপনা বলে। সৃহিণীপনা রসাল वटि, किन्तु माँ वटम मा। धकरिटक, कन्ता বসিয়া আছেন, মায়ের অলঙ্কারের বার হইতে किय़ ए॰ मः श्रं कतित्वन, - किन्त बूरनात শস্ম এমনি কঠিন, যে মেয়ের দাঁত বদিন না – ঝুনো, দয়া করিয়া একটি মাকড়ি বাহির করিয়া দিল। হয় ত পুত্র বদিয়া আছেন, মায়ের নগদ পুঁজির উপর দাত বসাইবেন, -ঝুনো, দয়া করিয়া নগদ সাতসিকা বাহির ক-तिश्रां निन्। यामी, शाहीत वश्रम अवि ব্যরসা ফাঁদিবার ইচ্ছা করিয়াছেন, কিন্তু শেষ বয়দে হাত থালি – টাকা নহিলে ব্যবসায় হয় ন - ঝুনোর পুঁজির উপর দৃষ্টি। इस्लाहिए প্রতি রূপ দন্ত ফুটাইয়া দিলেন – বুড়া বয়-সের দাঁত ভাঙ্গিয়া সোল ৷ শেব যদি দাঁত विनन, नादिएकन कीर्ग कित्रात नामा कि? যত দিন না টাকা ফিরাইয়া দেন, ভতদিন অজীর্ণ রোগে রাত্রে নিদ্রা হয় না।

তার পরে মালা — এটি স্ত্রীলোকের বিদ্যা
— কখন আধখানা বৈ পুরা দেখিতে পাইলাম
না। নারিকেলের মালা বড় কাজে লাগে
না; জীলোকের বিদ্যাও বড় নয়। মেরি
সমরবিল্ বিজ্ঞান লিখিয়াছেন, জেন অত্তেন
উপন্যাস লিখিয়াছেন — মন্দ হয় নাই, . কিন্তু
ছই মালার মাপে।

ছোবড়া, গ্রীলোকের রূপ। ছোবড়া যেমন নারিকেলের বাহ্নিক অংশ, রূপও গ্রী লোকের বাহ্নিক অংশ। ছুই বড় অসার;— পরিত্যাগ করাই ভাল। তবে ছোবড়ার একটি ছাত্র হয়—উভম রুজ্ব প্রস্তুত হয়, ভাহাতে জাহাজ বাধা যায়। প্রীলোকের রূপের কাছিতেও অনৈক জাহাজ বাধা গি-যাছে। তামরা যেমন নারিকেলের, কাছিতে জগন্ধাথের রথ টান, জীলোকেরা রূপের কাছিতে কত ভারি ভারি মনোরথ টানে। যখন
রথ টানা বারণের আইন হইবে, —তখন তাহাতে এ রথ টানা নিষেধের জন্য যেন একটা
ধারা থাকে — তাহা হইলে অনেক নরহত্যা
নিবারণ হইবে। আমি জানি না, নারিকেলের রজ্জু গলায় বাঁধিয়া কেহ কখন প্রাণত্যাগ
করিয়াছে কি না, কিন্তু রমণীর রূপরজ্জু গলায়
বাঁধিয়া কতলোক প্রাণত্যাগ করিয়াছে, কে
তাহার গণনা করিবে?

রক্ষের নারিকেল এবং সংসারের নারি-কেলের সঙ্গে, আমার বিবাদ এই যে আমি হতভাগা, ভূইয়ের এককেও আহরুণ ক্রিক্ত পারিলাম না। অন্য কল আকর্ষী দিয়া পাড়া যায় কিন্তু নারিকেল গাছে না উভিলে পাড়া যায় না । গাছে উঠিতে গোলেও হয় নিজের পায়ে দড়ি বাঁধিতে হইবে, না হয় ডোমের খোসামোদ করিতে হইবে।\*

ডেনের খোদামোদ করিতেও রাজি আছি। কিন্তু আমার ভাগ্যদোষে কপালে নারিকেল যোটে না। আমি যেমন মানুষ, তেমদি গাছে তেমনি রূপগুণের আক্ষী দিয়া নারি-কেল পাডিতে পারি। পারি, কিন্তু ভয় পাছে নারিকেল ঘাড়ে পড়ে। এমন অনেক শ্রামী, বামী, রামী, কামিনী আছে,যে কমলাকান্তকেও স্বামী বলিয়া গ্রহণ করিতে পারে। কিন্তু পরের মেয়ে ঘাডে ক্রিয়া সংসার্যাতা নির্কাহ ক-রিতে, এ দীন অসমর্থ। অতএব এ যাত্রা, কমলাকান্ত ভক্তিভাবে,নারিকেল ফলটি বিশ্বে-ধরক কলেন। তিনি একৈ শাশানবাপী,

<sup>\*</sup> কমলাকান্ত বোধ হয় প্রোহিতকে ডোম বলিভেছে, কেননা প্রোহিতেই বিবাহ দেয়। উ: কি পাষও!— ভীয়কের।

ভাহাতে আবার বিষপান করিরাছেন – ছাই ভাব নারিকেলে ভাঁহার কি করিবে?

এদেশে একজাতি লোক সম্প্রতি দেখা দিয়াছেন, ভাঁহারা দেশহিতৈগা বলিয়া খ্যাত। তাঁহাদের আমি শিমুল ফুল ভাবি। যখন ফুল ফুটে তথন দেখিতে শুনিতে বড় শোভা – বড় বড়, রাঙ্গা রাঙ্গা, গাছ আলো করিয়া থাকে। কিন্তু আমার চক্ষে নেঢ়া গাছে অত রাম্বা ভাল দেখায না। একই একট পাতা ঢাকা থাকিলে ভাল দেখাইত; পাতার মধ্য হইতে যে অল্প রান্ধা দেখা যায় সেই স্থল্ডর। ফুলে গৰমাত্ৰ নাই – কোমনতা মাত্ৰ নাই. কিন্তু তবু ফুন বড় বড়, রাঙ্গা রাঙ্গা। যদি ফুল चूिक्या, कल शक्ति, उश्च मस्म कतिनाम छहे-वार्त्र किছू लांच इरेटन । किन्छ जाहां वर् घटि না। বালক্ষে তৈত্র মাস আসিলে রোজের ं ভাপে, चर्डलंबु कन, क्छे दित्रिया सार्विया छिटे:

ভাষার ভিতর হইতে থানিক তুলা বাহির হইয়া বঙ্গদেশময় ১ ড়িয়া পড়ে!

অধ্যাপক ত্রাহ্মণগণ সংসারের ধুতুরা ফল। वष् वष् नचा नचा ममारम, वष् वैष् वहरन, তাঁহাদিগের অতি ফ্লুদীর্ঘ কুম্বম সকল প্রস্ফাট্ত হয়, ফলের বেলা কণ্টকময় ধুভুরা। আমি অনেক দিন হইতে মানস করিয়াছি যে কুকুট মাংস ভোতন করিয়া হিন্দু জন্ম পবিত্র করিব—কিন্তু এই অধম ধুতুরা গুলার কাঁটার बालाय, পातिलाम ना। छालत मार्था धरे, যে এই ধুতুরার মাদকের মাদকতা রন্ধি করে। যে গাঁজাথোরের গাঁজায় নেশ। হয় না, তাহার গাঁজার সঙ্গে ছুইটা ধুত্রার বীচি সাজিয়া দৈয় ্য সিদ্ধিখোরের সিদ্ধিতে নেশা না হয়, ভাহার সিদ্ধির সঙ্গে ছুইটা ধুভুরার বীচি বা-विक्रा (नग्र। द्वांथ दम्र धहे हिमाद्वे हैं, वक्रीम ক্রেখকেরা আপনাপন প্রবন্ধমধ্যে জ্থাপক দিগের নিকট ছই চারিটা বচন লইরা গাঁথিয়া দেন। প্রবন্ধ গাঁজার মধ্যে সেই বচন ধুড়-রার বীচিতে পাঠকের নেশা জমাইরা ভুলে। এই নেশায় বঙ্গদেশ আজি কালি মাতিয়া উঠিয়াছে।

আমাদের দেশের লেথকদিগকে আমি ভেঁতুল বলিয়া গণি। নিজের সম্পত্তি খোলা আর সিটে, কিন্তু দুগ্ধবেও স্পর্শ করিলে দধি করিয়া তোলেন। গুণের মধ্যে কেবল অম-গুণ-তাও নিকৃষ্ট অম। তবে এক গুণ মানি —ই হারা সাক্ষাৎ কার্চাব তার। তেঁতুল কাঠ নীরুদ বটে, কিন্তু সমালোচনার আগুনে পো-ডেন ভাল। সত্য কথা বলিতে কি, তেঁতুনের মৃত্তু কুদামগ্রী আমি সংসারে দেখিতে শাই না। বেই কিয়ৎপরিমাণে খায়, তাহারই অজীর্থ হয়, সেই শ্লয় উল্পার করে। যেই অধিক প্রিমাণে থায়, সেই অরপিভরোগে

চিরক্ষয়। বাঁহারা সাহেব হইয়াছেন, টেবিলে বসিয়া, গ্যাসের আলোতে, বা আগাও স্থা-লিয়া, ফরজু থানসামার হাতের পাক, কটা চাষচে ধরিয়া থাইতে শিখিয়াছেন—ভাঁহারা এক দায় এডাইয়াছেন—তেঁতুলের অস্লের বড় ধার ধারিতে হয় না—আগা গোড়া তেঁতুলের মাছ দিয়া ভাত মারিতে হয় না। কিন্তু বাঁহা-দিগকে চালা ঘরে বদিয়া, মুম্বেরে পাতর কোলে করিয়া, পণী পিসীর দ্বামা থাইতে হয়. তাঁহাদের কি যন্ত্রণা! পদী পিসী কুলা-নের মেয়ে, প্রাতঃস্নান করে, নামাবলী গায়ে দেয়, হাতে তুলগীর মালা, কিন্তু রাধিবার বেলা কলাইয়ের দলে, আর তেঁতুলের মাছ हाड़ा जात कि बूरे ताँ थिए जारिय मा। कर्ष **बांडिएड নেড়ে,** কিন্ত बांदिश **অমৃত**।',

আর একটি মত্যাদলের কথা বলা হই-লেই সন্য কাত হই। দেশী হাকিমের

प्रमानां के कार करी।

कान कन वन कि ! यिनि तांग करतन क-রুন, আমি স্পষ্ট কথা বলিব, ই হারা পৃথিবীর क्षां । यमि हात्न जुनिया मितन, जत्वरे ইঁহার৷ উচুতে ফলিলেন—নহিলে মাটীতে গড়াগড়ি যান। যেখানে ইচ্ছা সেখানে ছ-লিয়া দাও, একটু ঝড় বাতাসেই লতা ছিঁ ড়িয়া ভূমে গড়াগড়ি। অনেকগুলি রূপেও কুখাও. গুণেও কুল্লাও।—ভবে কুলাও এখন ছুই প্রকার হইতেছে - দেশী কুমড়া ও বিলাভি কুমড়া। বিলাতি কুমড়া বলিলে এমত বু ঝায় না, যে এই কুমড়াগুলি বিলাত হইছে ব্দসিয়াছে। বেমন দেশী মুচির তৈরারি बुजारक देश्ताजि बुजा तत्न, दे दाता अ त्महे রুশ বিলাতি। 'বিলাতি কুমড়ার বে সৌর্ব व्यक्षिक । यह वा वाङ्ला। मः मारत्रानारम আরও বানেক ফল ফলে ত্রুধ্যে সর্বাপেকা मकर्षा कार्य -

ভূতীয় সংখ্যা। ইউটিনিট\*

বা

सर्वन वय ।

১। হিতবাদ দর্শন।

বেস্থান এই দর্শনের সৃষ্টি করিয়া ইউ-রোপে অক্ষয় কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন। বলিতে কি, এখনকার ইউরোপের চিন্তাপ্র-

\* "ইউটিনিটি" শকের অর্থ কি গৃ ইছার কি বাঙ্গালা
নাই গু আমি নিজে ইংরেজি জানি না—কমলাকান্তও
কিছু বলিয়া দের নাই—অভএব অগত্যা আমার প্রত্তকে
কিজ্ঞাসা করিয়াছিলাম। আমার পুত্র, ডেক্সনারী দেখিরা
এইরূপ ব্যাখা করিয়াছে—"ইউ" শকে ভূমি বা তোমবা;
"টল্" শকে চাষ করা, "ইট্" শকে খাওয়া, "ই"
অর্থে কি ভাছা সে বলিভে পারিল না. কিন্ত বোধ করি
কমলাকান্ত, "ইউ-টিল-ইট-ই" পদে ইহাই অভিপ্রেত
করিয়াছেন, লে "ভোমরা চাষ করিয়াই থাও।" কি
পার্মান্ত ন, লে "ভোমরা চাষ করিয়াই থাও।" কি
পার্মান্ত ন, লে "ভোমরা চাষ করিয়াই থাও।" কি
পার্মান্ত ন লাননের রচনা পাঠ কবাতেও পাপ আছে।
বোধ হল্প আমার প্রাট ইংরেজি লেখা পড়াল ভাল
হল্পান্তে, লাকেৎ একপ ছল্প লেক্স সদর্থ করিছে পারিজ
না।—অক্সিমেন্ত বেশ্য নবীশ।

পালী, আৰ্দ্ধিক বেস্থাম অৰ্দ্ধেক কোম্তের মতা-স্ক্রারিণী। চিত্রপো এই তুই মতের সম্চিত্ত সামঞ্জস্যাই আধুনিক ইউরোপীয় সভ্যতা।

বেস্থামের পর, হুমন, মিল, অস্টিন প্রস্থৃতি তাঁহার মতের সম্প্রানারণ করিয়াছেন। ঐ মতই এক্ষণে মান্য এবং গ্রাহ্য। যাঁহারা ইহা মানেন না, হিতবাদীরা বলেন, তাঁহারা হিতবাদ দশনি সমাকু বুঝিতে পারেন না।

এই মতের দার কথা এই যে যাহা হিতকর, তাহাই অনুষ্ঠেয় ও কর্ত্তব্য। যাহা অহিতকর, তাহা বর্জনীয় এবং অকর্ত্তব্য। হিতাহিত
ফলোৎপাদকতা ভিন্ন কর্ত্তব্যাকর্ত্তব্যের — অর্থাৎ পুণ্য পাপের—অন্য লক্ষণ নাই।

এই সকল 'দার্শনিকেরা কখন বসদৈশৈ
আইমেন নাই — আসিলে তাঁহাদের প্রণীত
হিতবাদ, শাস্ত্র এরূপ অসম্পূর্ণ থাকিত না।
বাঙ্গালির মত হিতবাদী পৃথিবীতে আর কোন

জাতি নাই। এ শাস্ত্র বাঙ্গালির নিকট কার্য্যে পরিণত। যাহাতে হিত বা উপকার নাই, এমত কার্য্য আমরা কথন করি না, বা করিতে সম্মত হই না।

ইউরোপীয় দার্শনিকদিগের সঙ্গে বাঙ্গানি হিতবাদীদিগের বিলক্ষণ ঐক্য আছে — কিন্তু কয়েকটি প্রধান বিষয়ে অনৈক্য আছে। সেই অনৈক্য স্থল সংক্ষেপে নির্দেশ করিতেছি।

প্রথম, ইউরোপীয়ের। বাঙ্গালির ন্যায় বলিয়া থাকেন, যাহা হিতকর তাহাই কর্ত্তব্য। কিন্তু তাঁহারা আরও বলেন, যে এই হিত আর্থে জগতের হিত বুঝিতে হইবে। আন্য়া বলি হিত অর্থে আপনার হিত বুঝিতে হইবে। যহিতি আপনার হিত হয়, তাহাই পুণ্য, যাঁ হাতে নিজের অহিত তাহাই পাশ।

ৰিভীয়। ইউরোপীয়ের। বলে্ন, এই "হিত" **পটে**ু যাহা **আও** হিডকর, ভাহা বু- ঝার না, যাহা চরমে হিডকর তাহাই ব্ঝিতে হইবে। শুভাশুভ কলামুসন্ধানে, অনস্তকাল পর্যাবেক্ষণ করিয়া পূণ্য পাপ নির্দ্ধারণ করা কর্তব্য। আমরা বলি তাহা নহে; আমি যত দিন বাঁচিব, কেবল ততদিনের মধ্যে যাহা ঘটিতে পারে তাহাই আমার আলোচ্য। আমি মরিয়া গেলে হিতাহিতের সঙ্গে আমার কি সম্বন্ধ ?

আমাদের মধ্যে একটি সম্প্রদায়ের লোক আছেন, তাঁহারা বলেন, যে আমি যতদিন বাঁ। চিব ততদিনের কথাই বা কেন ভাবিব ংদেথি-ভেছি, একটা কর্ম করিলে, অদ্য সুখী হইব, এক বৎসর পরে ত্রিবন্ধন অস্থবী হইবার সম্ভা-না। কিন্তু এক বংসর আমি বাঁচিব কি না, তাবা কে বলিতে পারে ! অদ্যকার শ্রম নিশ্চিত, ভাবী হুংখ অনিশ্চিত। অত্যাৰ যাহা-ভে আও মুখ ভাহাই হিতকর, এবং কর্ত্য।

তৃতীয়, ইউরোপীয়েরা বলেন, যে কোন কার্য্যের জগহ্যাপী এবং অনন্তকাল স্থায়ী ফলা-ফল সচরাচর লোকে আপন বুদ্ধিতে বুঝিয়া উঠিতে পারে না; অতএব, কার্য্যের ফলাফল বিজ্ঞেরা যাহা সিদ্ধান্ত করিয়াছেন, তাহা গ্রাহ্ম i বাঙ্গালি বলেন, বিজ্ঞ, আমি এবং আমার পূর্ব্ব-পুরুষেরা। আমাদের তুল্য বিজ্ঞ কে ? অতএব আমার নিজের মত এবং স্বর্গীয় মহাশয়দিগের মত ভিন্ন আর কোন মত গ্রাহ্য করিব না। কেবল ছুইটা বিষয়ে পূর্ববপুরুষদিগের মত व्यक्षांश - व्याहार्तं, अवः श्रीत्रक्राम । दुष् পেণ্ট্রনন পরিব,মদ্য মাংস খাইব। আর যদি ইংরাজি না শিথিয়া একটু ইংরাজি ছড়াইতে পারি তাহা ছড়াইব। তদ্তির পূর্ববপুরুষদির্গের मट्डिहे हिन्द ।

আমি এই হিত্যাদ মতে অমত করি না;

নারা জানেন কি না বলিতে পারি না. আমি একজন স্থযোগ্য দার্শনিক। আমি এই হিত-বাদ দর্শন অবলম্বন করিয়া, কিছু ভাঙ্গিয়া, কিছু গডিয়া, একটা নুতন দর্শনশাস্ত্র প্রণয়ন করি-য়াছি। প্রকৃত পক্ষে, তাহা বাঙ্গালায় প্রচ-লিত হিতবাদ দর্শনের নৃতন ব্যাখ্যা মাত্র। তাহার স্থল মর্ম আমি সংক্ষেপতঃ লিপিবদ্ধ করিতেছি। প্রাচীন প্রথানুসারে দর্শনটী সূত্রাকারে লিখিত 'হইয়াছে। এবং আমি ষ্বর্টে সুত্রের ভাষ্য করিয়া তাহার সঙ্গে সঙ্গে লিখিয়াছি। বাঙ্গালাতেই 'সূত্রগুলি লিখিত হইয়াছে। আমি যে অসংস্কৃতজ্ঞ, এমত কেছ মনে করিবেন না। তবে সংস্কৃত্তে পুত্রগুলি কয়জন বুঝিতে পারিবে ? অতএব, নাধারণ পাঠকের প্রতি অমুকূল হইয়া বাঙ্গা-লাভেই সমস্ত কার্য্য নির্ব্বাহ করিয়াছি। সে সূত্র এছের সারাংশ এই;---

## ३। छेपत पर्णम।

১। জীবশরীরস্থ বৃহৎ গছরে বিশেষকে উদর বলে।

#### WITT !

"বুহৎ"—অর্থাৎ নাসিক। কর্ণাদি ক্ষুদ্র গহররকে উদব বলা যায় না। বলিলে, বিশেষ প্রভাবায় আছে।

"জীবশ্বীরস্থ বৃহৎ গহ্বব''—জীবশ্বীরস্থ বলিবাব তাংপর্যা এই যে, নহিলে পর্ববিশুহা প্রভৃতিকে উদর বলিরা পরিচয় দিয়া কেই ভাহার পূর্টির প্রত্যাশা কবিছে শারেন।

"গহুবব"—মদিও তীবশবীরস্থ গহুর বিশেষই উদব শব্দে বাচ্য, তথাপি, অবস্থা বিশেষে অঞ্জলি অভৃতিও উদব মধ্যে গণ্য। কোন স্থানে উদর প্রাইতে হয়. কোন স্থানে অঞ্জলি পুবাইতে হয়।

ই। উদরের ত্রিবিধ পৃর্তিই পরম পুরুষার্থ।

#### witer :

সাংখ্যেদত এই মত। আধিতৌতিক, আধ্যান্তিক, এবং আন্তিমুখিক এই ডিবিক উদয় পুর্তি। "আধিভৌতিক"—জর ব্যঞ্জন সন্দেশ মিষ্টার প্রভৃতি ভৌতিক সামগ্রীর ধারা উদরের যে পূর্তি হয়, ভাহাই আধিভৌতিক প্রতি।

"আধ্যাত্মিক"—ৠবি প্রভৃতি অনাহারে বা বাযু ভক্ষণের দাবা যে উদর পূর্ত্তি করেন, তাহাকে আধ্যাত্মিক পূর্ত্তি বলা যার। অথবা, যাঁহারা দাতার বাকো লুক্ক হটরা, আশার বন্ধ হইরা, কাল্যাণন করেন, ভাহাদি-গেরও আধ্যাত্মিক উদরপূর্ত্তি হয়।

" আধিলৈবিক"— দৈবাত্কপায় প্লীহা যক্ত প্রভৃঞি, দারা বাঁহাদের উদর পুরিয়া উঠে, তাঁহাদিগেব আধিলৈবিক উদরপূর্ত্তি।

৩। একমধ্যে আধিভোতিক পৃতিই বিহিত।

#### कीया ।

"বিধিত"—বিহিত শব্দের দ্বাবা অক্সান্ত পৃথিৱে। প্রতিষেধ হইল, কি না ভবিষ্যং ভাষ্যকারেরা মীমাংসা করিবেন।

থক্ষণে কৃদ্ধ হটল যে, উলবনামক মহা লহ্বলে কৃচি মন্ত্ৰেশ প্ৰছম্ভি ভৌক্তিক পদাৰ্থেক প্ৰবেশই প্ৰৱাৰ্থ ৮ ক্ষতএব এপর্তের মধ্যে কি প্রকার ভূত প্রবেশ করান স্বাইতে পারে, তংহা নির্বাচন করা ঘাইতেছে।

৪। বিদ্যা, বুদ্ধি, পরিশ্রম, উপাসনা, বল, এবং প্রতারণা, এই মড়বিধ পুরুষার্থের উপায়, পূর্ব্ব পণ্ডিতেরা নির্দেশ করিয়াছেন।

"বিদ্যা।" বিদ্যা কি, তাহা অবধারণ করা কঠিন।
কৈং কেছ বলেন, লিখিতে ও পড়িতে লিখাকে বিদ্যা
নলে। কেছ কেছ বলেন, বিদ্যার জন্য লিখিতে বা
পড়িতে শিখার প্রাঞ্জন নাই, গ্রন্থ লিখিতে সম্বাদ পত্রাদিতে লিখিতে ফানিলেই হইল। কেছ কেই কাহাতে
স্থাপত্তি করেন, বে নিখিতে জানে না সে পত্রাদিতে
লিখিবে কি প্রকারে প্রভাবনার বিবেচনার এরপ তর্ক
নিভান্ত অকিফিংকর। কুঞীরশাবক ডিম্ব ভেদ করিবানাত্র- আলে গিন্না সাঁতার দেয়— লখচ কম্বন সাঁতার
লিখে নাই। সেইরপ বিদ্যা বাসালির মতঃগিন্ধ, তজ্জ্ব

্বৃদ্ধি'—বে আক্যা শক্তি দারা ত্র্বাকে নৌহ, লৌহকে তুলা বিবেচনা হয় গেই শক্তিকে বৃদ্ধি ধনে। কুম্বেল্ব সঞ্চিত ধনুৱাশির নায় ইহা আমরা শবং সর্বাদা দেখিতে পাই, কিন্তু পরের কখন দেখিতে পাই না।
পৃথিবীর সকল সামগ্রীর অপেক্ষা বোধ হয় জগতে ইছাবই আধিকা। কেন না কখন কেহ বলিল না বে ইছা
কামি অৱ পরিমাণে পাইয়াছি।

"পরিশ্রন"—উপযুক্ত সময়ে ঈষত্ঞ্ব অল্প বাঞ্চন ভোজন, তংশবে নিজা, বায়ু সেবন, তামাকুর ধৃমপান, গৃহিনীব সহিত প্রিয় সম্ভাষণ, ইত্যাদি শুক্তর কার্য্য সম্পাদনেব নাম পরিশ্রম।

"উপাসনা।" কোন বাজির সহদ্ধে কোন কথা বলিতে গেলে হয় তাহার গুণাম্বাদ নয় দোষকীর্ত্রন করিতে হয়। কোন ক্ষমতাশালী প্রধান ব্যক্তি সহ্বদ্ধে একপ কথা হইলে, যদি তিনি প্রকৃত দোষযুক্ত বাজি হয়েন, তবে তাঁহার দোষকীর্ত্রন, করাকে নিলা বলে। আব তিনি যদি দোষী না হরেন, তবে তাঁহার দোষকীর্ত্রনকে স্পাইবক্ত ও অথবা রসিক্তা বলে। গুণ পক্ষে, তিনি যদি গুণহীন হয়েন, তবে তাঁহার গুণকীর্ত্রনকে স্টাগনিষ্ঠতা বলে। আর যদি তিনি যথার্থ গুণবান হয়েন, তবে তাঁহার গুণকীর্ত্রনকে স্টাগনিষ্ঠতা বলে।

" বল্প — দীর্ঘজন বাকা— মুখ চকুব আরক্তভাব — ঘোরভর ভাক, ইাক,—মুখ হইতে অনর্থন, হিন্দী, ই:- রেজি থাবং নিজীবনের বৃষ্টি,—দূর ইইন্ডে ভঙ্গী দারা কিল, চড়, ঘূ্যা, এবং লাগি প্রদর্শন ও দার্দ্ধ তিপ্লার প্রকার আন্যান্য অফ ভঙ্গী—এবং বিপাক্ষেব কোন প্রকার উদ্যাম দেখিলে অকালে পলাযন, ইত্যাদিকে "বল" বলে।

বল বড়্বিদ,—যথা

ভৌধিক—অভিসম্পাত, গালি নিন্দা প্রভৃতি।

হাস্ত—বিল, চড, প্রদেশন প্রভৃতি।

পাদ,—পলায়নাদি

চাস্ত্ব—বোদনাদি। যথা চানকাপণ্ডিত,—''ৰালানাং
বোদনং বলং' ইতাাদি।

ত্বাচ—প্রহার সহিক্ষতা ইত্যাদি। মানস —(ব্য. ঈর্ষা, হিংসা প্রহৃতি।

"প্রতারণা"— কিনলিখিত ব্যক্তিদের পৃথিবীমধে। প্রতারক ব্লিয়া জানিও,

তক, পণ্যাভীব। শ্রেমাণ— দোকানদার জিনিস ধে — হিনা, আবার সুল্য চাহিনা, থাকে।, মুন্দাভা মাতে হুই মত যে ভিনি ক্রম কানীন প্রভাৱিত হইয়াছেন।

ৰিতীয়, চিকিৎসক। প্রথান—বোগী রোগ হৈতে মুক্ত ছউলে পারে যদি চিকিৎসক বেজন চায়, তারে বোগী প্রান্থ কিরিয়া থাকেন, যে আমি নিজে আরাম হইয়াছি; এবেটা অনর্থক ফাঁকি দিয়া টাকা লইতেছে।

তৃতীয়া, ধর্মোপদেষ্টা এবং ধার্ম্মিক ব্যক্তি। ইহারা চিরপ্রথিত প্রতারক, ইহাদিগের নাম "ভঙা" ইহারা যে প্রভারক তাহার নিশেষ প্রমাণ এই দে, ইহারা অর্থা-দির কামনা করেন না।

ইত্যानि।

৫। এই ষড়্বিধ উপায়ের ছারা উদর-পূর্ত্তি বা পুরুষার্থ অসাধ্য।

### WINT!

এই স্তের দারা পূর্ব পঞ্চিতদিগের মত খণ্ডন করা যাইতেছে। বিদ্যাদি ষড্বিধী উপায়েব দারা যে উদরপ্রি হইতে পারে না, ক্রমে তাহার উদাহরণ দেওয়া যাইতেছে।

্ব বিদ্যা'—বিদ্যাতে বদি উদরপূর্ত্তি হইত তবে বাসালা সম্মুদপত্তের অলাভাব কেন?

" বৃদ্ধি" বৃদ্ধিতে যদি উদরপূর্তি হইত, তবে গদভ মোট বৃহিবে ক্ষেত্র ? ''পরিশ্রম''—পরিশ্রমে যদি হইড, তবে বাঙ্গালি-বাবরা কেরাণী কেন গ

"উপাসনা"—উপাসনায় যদি হইত তবে সাহেব-গণ কমলাকান্তকে অহুগ্ৰহ করেন না কেন ? আমি ত মন্দ পে বিল লিখি নাই।

"বল"—বলে যদি হইত, তবে আমরা পড়িয়া মার খাই .কন ?

"প্রতারণা"—প্রতারণার যদি হইত, তবে মদের দোকান কখন২ ফেল হর কেন ?

৬। উদরপূর্ত্তি বা পুরুষার্থ কেবল হিত সাধনের দারা সাধ্য।

#### क्रांश:

উদাহরণ। ব্রাহ্মণ পশুতেরা লোকের কাণে মম্ব দিরা তাহাদের হিতসাধন করিয়া থাকেন। ইউরোপীর কাতিগণ অনেক বনাজাতির হিতসাধন করিয়াছেন, এবং কদেরা এক্ষণে মধ্য আসিয়ার হিতসাধনে নিযুক্ত আঠেন। বিচারকগণ বিচার করিয়া দেশের হিতসাধন করিতেছেন। অনেকে স্থবিক্রেম্ব এবং অবিক্রেম্ব পুশুক ও প্রাদি প্রণ-রন্ম খ্রাম্বা দেশের হিতসাধন করিতেছেন। এ দুক্লের প্রচর পরিমাণে উদরপূর্ত্তি অর্থাৎ পুরুষার্থলাভ হইতেছে।

৭। অত্তব সকলে দেশের হিতসাধন কর।

#### क्षांचा ।

এই শেষ স্থানের দার। হিতবাদ দর্শন, এবং উদর দর্শনৌর একতা প্রতিপাদিত হইল। স্থাতরাং এই স্থানে
কমলাকান্ত প্রে গ্রন্থের সমাপ্তি হইল। ভরসা করি,
ইহা ভারতবর্ষের সপ্তম দর্শনশাস্ত্র বলিয়া আদৃত হইবে।
কমলাকান্ত চক্রবর্তী

# চতুর্থ সংখ্যা।

#### পতঙ্গ

বাবুর বৈঠকথানায় সেজু জ্বলিতেছে—
পাশে আমি, মোদায়েবি ধরণে বদিয়া আছি।
বাবু দলাদলির গল্প করিতেছেন,—আমি আকিমু চড়াইয়া কিমাইতেছি। দলাদলিতে
চটিয়া, মাত্রা বেশী করিয়া ফেলিয়াছি। নাচার! বিধিলিপি! এই অথিল ব্রহ্মাণ্ডের অনাদি
ক্রিয়া পর্পেরার একটি ফল এই যে, উনবিংশ

শতাব্দীতে কমলাকান্ত চক্রবর্ত্তী জন্মগ্রহণ ক-রিয়া অদ্যরাত্তে নদীরাম বাবুর বৈঠকখানায় বিসয়া মাত্রা বেশী করিয়া ফেলিবেন। স্তত-রাং আমার সাধ্য কি যে তাহার অন্যথা করি।

বিমাইতে বিমাইতে দেখিলাম যে একটা পতঙ্গু আদিয়া, ফানুষের চারি পাশে শব্দ করিয়া ঘুরিয়া বেড়াইতেছে। "চোও-ও-ও" "বোঁ-ও-ও" করিয়া শব্দ করিতেছে। আফি-মের ঝোঁকে মনে করিলাম, পতঙ্গের ভাষা কি বুঝিতে পারি না ? কিছুক্ষণ কাণ পাতিয়া শুনিলাম—কিছু বুঝিতে পারিলাম ন।। মনে মনে পতঙ্গকে বলিলাম, "ভুমি কি ও চোঁ বোঁ করিয়া বলিতেছ, আমি কিছু বুঝিতে পারিতেছি না।" তখন হুঠাৎ আফিম প্র্দা-मार मिरा कर्न लाख इहेनाम- अनिनाम, পতঙ্গ বলিল, "আমি আলোর।সঙ্গে কথা কহিতেছি—তুমি চুপ কর।" খামি তথন চুপ করিয়া পতত্ত্বের কথা শুনিতে লাগিলাম। পতঙ্গ বলিতেছে—

দেখ, আলো মহাশয়, ভূমি সেকালে ভাল ছিলে—পিতলের পিলস্তজের উপর মেটে প্রদীপে শোভা পাইতে—আমরা স্বচ্ছন্দে পু-ডিয়া মরিতাম। এখন আবার সেজের ভিতর চুকিয়াছ—আমরা চারিদিকে ঘুরে বেড়াই— প্রবেশ করিবার পথ পাই না, পুড়িয়া মরিতে পাই না।

দেখ, পুড়িয়া মরিতে আমাদের রাইট
আছে — আমাদের চিরকালের হক্। আমরা
পতঙ্গজাতি, পূর্ব্বাপর আলোতে পুড়িয়া মরিয়া
আদিতেছি — কথম কোন আলো আমাদের
বারণ করে নাই। তেলের আলো, বাতির
আলো, কাঠের আলো, কোন আলো কথন
বারণ করে নাই। তুমি কাচ মুড়ি দিয়া আছ

কেন প্রভু ! আমরা গরিব পতঙ্গ — আমাদের উপর সহমরণ নিষেধের আইন জারি কেন ! আমরা কি হিন্দুর মেয়ে, যে পুড়িয়া মরিতে পাব না !

দেখ, হিন্দুর সেয়ের সঙ্গে আমাদের র্জনেক প্রভেদ। হিন্দুর মেয়ের আশা ভরদা
থাকিতে কথন পুড়িয়া মরিতে চাহে না—
আগে বিধবা হয়, তবে পুড়িয়া মরিতে বদে।
আমরাই কেবল সকল সময়ে আত্মবিদজ্জনে ইচছুক। আমাদের সঙ্গে স্ত্রীজাতির
তুলনা ?

আমাদিগের ন্যায়, দ্রীজাতিও রূপের শিথা জলিতে দেখিলে ঝাঁপ দিয়া পড়ে বটে। ফ লও এক, — আমরাও পুড়িয়া মরি, তাহার ও পুড়িয়া মরে। কিন্তু, দেখ, সেই দাহতেই তাদের হখ, — আমাদের কি হখ ? আমরা কেবল পুড়িবার জন্য পুড়ি, মরিবার জন্য মরি। স্ত্রীজ্বাতিতে পারে? তবে আমাদের সঙ্গে তাহাদের তুলনা কেন ?

खन. यि खनस क्रांत्र ना वानि-লাম তবে এ শরীর কেন ? অন্য জীবে কি ভাবে, তাহা বলিতে পারি না. কিন্তু আমরা পতঙ্গজাতি, আমরা ভাবিয়া পাই না, কেন এ শরীর ? – লইয়া কি করিব ? – নিত্য নিত্য কুস্থমের মধু চুম্বন করি, নিত্য নিত্য বিশ-প্ৰফুল্লকৰ সূৰ্য্যকিৱণে বিচরণ করি – ভাহাতে কি স্থং ফুলের সেই একই গন্ধ, মধুর দেই একই মিফতা, দূর্য্যের দেই একপ্রকারই প্রতিভা। এমন অসার, পুরাতন, বৈচিত্রা-শূন্য জগতে থাকিতে আছে! কাচের বাহিরে ক্লাইস, ত্বস্ত রূপশিখায় গা ঢালিব।

দেখ, আমার ভিক্ষাটি বড় ছোট — আমার প্রাণ, তোমাকে দিয়া যাইব, লইবে না ? দিব বৈ ত গ্রহণ করিব না। তবে ক্ষতি কি? তুমি রূপ, পোড়াইতে জন্মিয়াছ, আমি পতঙ্গ, পু-ড়িতে জন্মিয়াছি; আইস, যার যে কাজ করিয়া যাই। তুমি হাসিতে থাক, আমি পুড়ি।

তুমি বিশ্বধাংশক্ষম — তোমাকে রোধিতে পারে জগতে এমন কিছুই নাই — তুমি কাচের ভিতর লুকাইয়াছ কেন ? তুমি জগতের গতির কারণ — কার ভয়ে তুমি ডোমের ভিতর লুকাইয়াছ ? কোন্ ডোমে এ ডোম গড়িয়াছে ? কোন্ ডোমে তোমাকে এ ডোমের ভিতর প্রিয়াছে ? তুমি যে বিশ্বব্যাপী, কাচ ভাঙ্গিয়া আমার দেখা দিতে পার না ?

তুমি কি ? তা আমি জানি না — আমি

আমি না — কেবল জানি যে তুমি আমার বাস
নার বস্ত — আমার জাপ্রতের ধ্যান — নিদ্রান

কাম — জীবনের আশা — মরণের আশ্রয়।

তোমাকে কখন জানিতে পারিব না — জানিতে

চাহিও না — বেদিন জানিব, সেইদিন আমার

স্থ যাইবে। কাম্যবস্তর স্বরূপ জানিলে কা-হার স্থথ থাকে ?

তোমাকে কি পাইব না ? কত দিন তুমি কাচের ভিতর থাকিবে ? আমি কাচ ভাঙ্গিতে পারিব না ? ভাল থাক — আমি ছাড়িব না — আবার আসিতেছি — বোঁ — ও — ও

পতঙ্গ উড়িয়া গেল।

নদীরাম বাবু ডাকিল, "কমলাকান্ত।"
আমার চমক হইল — চাহিয়া দেখিলাম — বুঝি
বড় চুলিয়া পড়িয়াছিলাম। কিন্তু চাহিয়া
দেখিলাম, মনে হইল একটা রহৎ পতঙ্গ বাক্লো ঠেদান দিয়া; তামাকু টানিতেছে। দে
কথা কহিতে লাগিল — আমার বোধ হইতে
লাগিল যে সে চোঁ বোঁ করিয়াকি বলিতেছে।
এখন হইতে আমার বোধ হইতে লাগিল, মে

মনুষ্য মাত্রেই পতস্থ। সকলেরই এক একটি বহ্নি আছে—সকলেই সেই বহ্নিতে পুড়িয়া মরিতে চাহে – সকলেই মনে করে সেই ৰহ্নিতে পুড়িয়া মরিতে তাহার অধিকার আছে—কেহ মরে, কেহ কাচে বাঁধিয়া ফিরিয়া আদে। জ্ঞান বহ্নি, ধন বহ্নি, মান বহ্নি, রূপ বহি, ধর্ম বহি, ইন্দ্রিয় বহি, সংসার বহিময়। আবার সংসার কাচময়। যে আলো দেখিয়া মো-হিত হই—মোহিত হইয়া যাহাতে খাঁপ দিতে যাই—কই তাহাত পাই না—আবার ফিরিয়া বোঁ করিয়া চলিয়া বাই—আবার আসিয়া ফি-রিয়া বেড়াই। কাচ না থাকিলে, সংসার এত দিন পুড়িয়া যাইত। যদি সকল ধশ্ম-বিৎ চৈতন্য দেবের ন্যায় ধর্ম মানসপ্রত্যক দৈখিতে পাইত, তবে কয়জন বাঁতিত ? অ-নেকৈ জ্ঞান বহির আবরণ কাচে ঠেকিয়া রক্ষা পায়, সক্রেতিস, গেলিলিও তাহাতে পুড়িয়া

মরিল! রূপবহি, ধনবহি, মান বহিতে নিত্য নিত্য সহস্র পতঙ্গ পুড়িয়া মরিতেছে, সামরা স্বচক্ষে দেখিতেছি। এই বহির দাহ যাহাতে বর্ণিত হয় তাহাকে কাব্য বলি। মহাভা-রতকার মান বহু স্জন করিয়া ছুর্য্যোধন পতঙ্গকে পোড়াইলেন;—জগতে অতুল্য কাব্য-গ্রন্থের সৃষ্টি হইল। জ্ঞান বহিজাত দা-হের গীত "Paradise Lost"। ধর্মবৃহির অবি-তীয় কবি সেণ্টপল। ্ভোগবহির পতঙ্গ "আণ্টনি. ক্লিওপৈত্রা;" রূপবহির, রোমিও ও জুলিয়েট; ঈর্ষ্যাবহির ওথেলো। গীতগোবিন্দ ও বিদ্যাস্তব্দরে ইন্দ্রিয়বি≽ জ্বলিতেছে। স্নেহ বহিতে সীতাপতক্ষের দাহ জন্য রামায়ণের DO I

বহি কি আমরা জানি না। রূপ, তেজ, তাপ, ক্রিয়া, গতি, এসকল কথার অর্থ নাই। এখানে দর্শন হারি মানে, বিজ্ঞান হারি মানে। ধর্মপুস্তক হারি মানে, কাব্য গ্রন্থ হারি মানে।
ঈশ্বর কি, ধর্ম্ম কি, জ্ঞান কি, স্নেহ কি, তাহা
কি ? কিছু জানি না। তবু সেই অলোকিক,
অপরিজ্ঞাত পদার্থ বেড়িয়া বেড়িয়া ফিরি।
আমরা পতঙ্গ না ত কি?

দেখ ভাই, পতঙ্গের দল, ঘুরিয়া ঘুরিয়া কোন ফল নাই। পার, আগুনে পড়িয়া পুড়িয়া মর। না পার, চল, "বোঁ" করিয়া চলিয়া যাই।

ক্ষলাকান্ত চক্ৰবন্তী

## পঞ্চম সংখ্যা। আমার মন।

আমার মন কোথায় গেল? কে লইলং কই, যেথানে আমার মন ছিল সেথানে ত নাই। যেথানে রাখিয়াছিলাম, সেখানে নাই। কে চুরি করিল? কই, সাত পৃথিবী খুঁজিয়া ত আমার "মনোচোর" কাহাকে পাইলাম না? তবে কে চুরি করিল?

একজন বন্ধু বলিলেন, দেখ পাকশালা **ব্**জিয়া দেখ, দেখানে তোমার মন পড়িয়া খাকিতে পারে। মানি, পাকের ঘরে আমার মন পড়িয়া থাকিত। যেখানে পোলাও. কাবাব, কোফ্তার স্থগন্ধ,যেখানে ডেকচী সমা-রাড়া অন্নপূর্ণার মৃত্র মৃত্র ফুটফুট বুটবুট টকবকো ধ্বনি, দেইখানে আমার মন পড়িয়া থাকিত। যেখানে ইলিস মৎস্থা, সন্নত অভিষেকের পর ঝোলগঙ্গায় স্নান করিয়া, মুথায়, কাংস্থাময়, কাচময়, বা রজতময় সিংহাসনে উপবেশন করেন, সেইখানেই আমার মন প্রণত হইয়া পড়িয়া থাকে, ভক্তিরসে অভিভূত হইয়া, সেই তীর্থস্থান আর ছাড়িতে চায় না। যেখানে ছাগ-নন্দন, দ্বিতীয় দধীচির ন্যায়, পরোপকারার্থ আপন ,অন্থি সমর্পণ করেন, যেখানে মাংস

সংযুক্ত সেই অস্থিতে কোরমা রূপ বজ্র নির্মিত হইয়া, ক্ষুধারূপ রত্রাহ্মর বধের জন্য প্রস্তুত থাকে, আমার মন সেইখানেই, ইন্দ্রত্ব লাভের জন্য বদিয়া থাকে। যেথানে, পাচকরূপী বিষ্ণুকর্ত্তক, লুচিরূপ স্থদর্শন চক্র পরিত্যক্ত হয়, আমার মন দেই থানেই গিয়া বিষ্ণুভক্ত হইয়া দাঁড়ায়। অথবা যে আকাশে লুচি চন্দ্রের উদয় হয়, সেই খানেই আমার্মনরাহু গিয়া তাহাকে গ্রাস করিতে চায়। অন্যে याहारक वरन वनुक, आिम नुहिरक है अथ छ মণ্ডলাকার বলিয়া থাকি। যেথানে সন্দেশ রূপী শালগ্রামের বিরাজ, আমার মন দেই খানেই পূজক। হালদার দিগের বাড়ীর রামমণি দেখিতে অতি কুৎসিডা, এবং তাহার বয়ঃক্রম ষাট্বৎসর, কিন্তু রাঁধে ভাল, এবং পরিবেশনৈ মুক্তহন্তা বলিয়া, আমার মন তা-হার সঙ্কে প্রসক্তি করিতে চাহিয়াছিল। কে-

বল রামমণির সজ্ঞানে গঙ্গালাভ হওয়ায় এটি ঘটে নাই।

ত্তহদের প্রবর্তনায়, পাকশালায় মনের সন্ধান করিলাম, দেখানে পাইলামনা। পলার কোফতা প্রভৃতি অধিষ্টাতৃদেবগণ জিজ্ঞাসায় বলিলেন, তাঁহারা কেহ আমার মন চুরি করেন নাই। দেখিলাম, সূপকার, মাথায় গামছা বাঁধিয়া পাক করিতেছেন—ভাঁহাকে যুক্তকরে বলিলাম, "হে প্রভো! এই যে আকা, উনান, বা চুলার শ্রেণী, ইহাই তোমার যমুনা, এত-ন্মধ্যস্থ তরঙ্গেৎকেপী অগ্নি, সেই যমুনার शकामनामी वार्ति ज्ञामि; जूबिरे कलिकाटन শ্রীনন্দনন্দন; এই হাঁড়ির শোঁশোঁ শব্দ তোমার বংশীরব; জার তোমার যে মাথায় গামছা বাঁধা উহা চুড়ার টালনি; তোমার হাতে যে ভাতের কাটি, ঐ পাচন বাড়ি; তুমি অনেক গোরু রক্ষা কর, অতএব হে রাখালরাজ! ভ-

ক্তকে সদয় হইয়া বল, আমার মন কোথা? তুমি কি চুরি করিয়াছ?" রাখালরাজ বলিলেন, "আমি তোমার মনোহরণ করি নাই, দেখ আমার থিচুড়ির হাঁড়ি আঁকিয়া গিয়াছে।"

বন্ধ বলিলেন, একবার প্রদন্ধ গোয়ালিনীর নিকট সন্ধান জান। প্রসন্ন সম্বন্ধে আমার একটু নিন্দ। ছিল বটে, কিন্তু সত্য বলিতেছি যে তাহার সঙ্গে আমার কোন দূষ্য প্রণয় ছিল না। তবে প্রদন্ন দেখিতে শুনিতে মোটা-সোটা গোলগাল, বয়সে চল্লিশের নীচে, দাতে মিসি, হাসিভরা মুখ, কপালের একটিছোট উল্কী টিপের মত দেখাইত; সে, রসের হাসি পথে ছড়াইতে ছড়াইতে যাইত, আমি তাহা কুড়াইয়। লইতাম, এই জন্য লোকে আমার নিন্দা করিত। পুজারি বামণের জালায় বাগার্নে ফুল ফুটিতে পায় না—আর নিন্দকের জালায় প্রসম্বের কাছে আমার মুখ ফুটিতে পায় না—

নচেৎ গব্যরসে ও কাব্যরসে বিলক্ষণ বিনিময় চলিত। ইতাতে আমার নিজের জন্য আমি যত ছঃথিত হই না হই, প্রসন্নের জন্য আমি একটু হুঃখিত। কেন না প্রসন্ন সতী, সাধ্বী, পতিব্ৰতা। একথাও আমি মুখ ফুটিয়া বলিতে পাই না। বলিয়াছিলাম বলিয়া, পাডার এ-কটি ত্রিপণ্ড ছেলে ইহার বিপরীত অর্থ করিয়া-ছিল ৷ সে বলিল, যে প্রসন্ন আছেন, এজন্য সৎ বা 'সতী বটে; তিনি সাধুঘোষের স্ত্রী, এজন্য সাধ্বী; এবং বিধবাবস্থাতেও পতিছাড়। নহেন, এজন্য ঘোরতর পদ্ভিত্রত।। বাহুল্য যে, যে অশিষ্ট বালক এই য়ণিত অর্থ মুখে আনিয়াছিল, তাহার শিক্ষার্থ, তাহার গগুদেশে চপেটাম্বাত করিয়াছিলাম, কিন্তু তাঁহাতে আমার কলঙ্ক গেল না।

যথন লিখিতে বসিয়াছি, তখন স্পাষ্ট কথা বলা ভাল—আমি প্রসমের একটু অনুরাগী বটে। তাহার অনেক কারণ আছে—প্রথ-মতঃ প্রসন্ন যে তুগ্ধ দেয় তাহা নির্জ্জল, এবং দামে সন্তা: দ্বিতীয়, সে কখন কখন ক্ষীর সর. নবনীত আমাকে বিনামূলো দিয়া যায়; তৃতীয়, সে একদিন আমাকে কহিয়াছিল, "দাদাঠাকুর, তোমার দপ্তরে ও কিসের কাগজ?' আমি জিজাসা করিলাম, "শুন্বিং" সে বলিল "শুনিব।" আমি তাহাকে কয়েকটি প্রবন্ধ পডিয়া শুনাইলাম—দে বসিয়া শুনিল। এত গুণে কোন্ লিপিব্যবসায়ী ব্যক্তি বশীভূত না হয় প্রসমের ১ গুণের কথা আর অধিক কি বলিব—দে আমার অনুরোধে আফিম ধরিয়া-ছিল।

এই সকল গুণে, আমার মন কখন বথন প্রসম্বের ঘরের জানেলার নীচে ঘুরিয়া বেড়া-ইত, ইহা আমি স্বীকার করি। কিন্তু কেবল তাহার ঘরের জানেলার নীচে নহু, তাহার

গোহালঘরের আগড়ের পাশেও উকি মারিত। প্রদরের প্রতি আমার যেরূপ অমুরাগ, তাহার মঙ্গলা নামে গাইয়ের প্রতিও তদ্রপ। এক জন ক্ষীর সর নবনীতের আকর, দ্বিতীয়, তা-হার দানকত্রী। গঙ্গা বিষ্ণুপদ হইতে জন্ম-গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু ভগীরথ তাঁহাকে আনিয়াছেন; মঙ্গলা আমার বিষ্ণুপদ; প্রসন্ন আমার ভগীরথ; আমি ছুই জনকেই সমান ভালবাদি। প্রদন্ন এবং তাহার গাই, উভ-त्यहे सम्बती; উভয়েই स्नामी, नावगामग्री, এবং ঘটোগ্নী। একজন গব্যরস স্থজন ক-রেন, আর একজন হাস্যরস স্জন করেন। আমি উভয়েরই নিকট বিনামূল্যে বিক্রীত!

কিন্ত আজি কালি সন্ধান করিয়া দেখি-লাম, প্রসম্মের গবাক্ষতলে, অথবা তাহার গোহালঘরে আমার মন নাই। আমার মন কোথা গেঁল ? ছিল না—এখনও নাই। কিছুতে আমার মন নাই—আমার মন কোথা গেল?

বুঝিয়াছি। লঘুচেতাদিগের মনের বন্ধন চাই: নহিলে মন উড়িয়া যায়। আমি কখন কিছুতে মন বাঁধি নাই—এজন্য কিছুতেই মন নাই। এ সংসারে আমরা কি করিতে আসি, তাহা ঠিক বলিতে পারি না—কিন্তু বোধ হয় কেবল মন বাঁধা দিতেই আসি। আমি চির-কাল আপনার রহিলাম-পরের হইলাম না, এই জন্যই পৃথিবীতে আমার স্থ নাই। যাহারা স্বভাবতঃ নিতান্ত আত্মপ্রিয়, তাহারাও বিবাহ করিয়া, সংসারী হইয়া, স্ত্রী পুত্রের নিকট আত্মসমর্পণ করে, এজন্য তাহারা হুখী। নচেৎ তাহারা কিছুতেই অথী হইত না। আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিতেছি, পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী স্তথের অন্য কোন মূল নাই। ধন, যশঃ,

ইন্দ্রিয়াদিনক স্থ আছে বটে, কিন্তু তাহা স্থায়ী নহে। এসকল প্রথম বারে যে পরি-মাণে স্থুখনায়ক হয়, দিতীয়বারে সে পরিমাণে হয় না, তৃতীয় বারে আরও অল্পত্রথদায়ক হয়, ক্ৰমে অভ্যাদে ভাহায় কিছুই স্থথ থাকে না। ত্রখ থাকে না, কিন্তু তুইটি অস্তর্থের কারণ জমে; প্রথম, অভ্যস্ত বস্তুর ভাবে হুথ না হউক, অভাবে গুরুতর অস্থুখ হয়; এবং অপ-রিতোষণীয়া আকাজ্ঞার ব্লদ্ধিতে যন্ত্রণা হয়। অতএব পৃথিবীতে যে সকল বিষয় কাম্য বস্ত বলিয়া চিরপরিচিত, তাহা সক্লই অতৃপ্তিকর, এবং তুঃথের মূল। সকল স্থানেই যশের অনু-গামিনী নিন্দা, ইন্দ্রিয়স্থথের অনুগামী রোগ; ধনের সঙ্গে ক্ষতি ও মনস্তাপ; কান্ত বপু জরা-গ্রস্ত বা ব্যাধিছুফ হয়; স্থনামেও মিথ্যা কলঙ্ক রটে; ধন, পত্নীজারেও ভোগ করে; মান <u>দল্রম, মেথমালার ন্যায় শ্রতের পর আর</u>

थारक ना। विमान, जुलिमाधिनी नरह, रकवन অন্ধকার হইতে গাঢতর অন্ধকারে লইয়া যায়; এ সংসারের তত্ত্ব জিজ্ঞাসা কখন নিবারণ করে না: স্বীয় উদ্দেশ্য সাধনে বিদ্যা কখন সক্ষ হয় না। কথন শুনিয়াছ কেহ বলি-য়াছে, আমি ধনোপার্জ্জন করিয়া স্থবী হইয়াছি, বা যশস্বী হইয়া স্থাী হইয়াছি ? যেই এই কয় ছত্র পড়িবে, সেই বেশ করিয়া স্মরণ করিয়া দেখক, কখন এমন শুনিয়াছে কি না। আমি শপথ করিয়া বলিতে পারি. কেহ এমত কথা কথন শুনে নাই। ইহার অপেকা ধন মানা-দির অকার্য্যকারিতার গুরুতর প্রমাণ আর কি পাওয়া যাইতে পারে? বিশ্বয়ের বিষয় এই,যে এমন অকাট্য প্রমাণ থাকিতেও মনুষ্য মাত্রেই তাহার জন্য প্রাণপাত করে। এ কেবল কুশি-কার গুণ। যাত্তন্যত্ত্বের সঙ্গে সঙ্গে ধন মানাদির সর্ববদারবভায় বিখাস শিশুর হৃদয়ে

প্রবেশ করিতে থাকে—শিশু দেখে রাত্রদিন. পিতা মাতা ভ্রাতা ভগিনী গুরু ভূত্য প্রতিবেশী শক্রমিত্র সকলেই প্রাণপণে হা অর্থ, হা যশ, হা মান, হা অন্ন, হারূপ করিয়া বেডাইতেছে। স্লতরাং শিশু কথা ফুটিবার আগেই সেই পথে গমন করিতে শিখে। কবে মনুষ্য নিত্য স্থ-থের একমাত্র মূল অনুসন্ধান করিয়া দেখিবে? যত বিদ্বান্, বুদ্ধিমান্, দার্শনিক, সংসার তত্ত্ব-বিৎ, যে কেহ আক্ষালন কর, সকলে মিলিয়া দেখ, পরস্থাবর্দ্ধন ভিন্ন মনুষ্টোর অন্য স্থাবের মূল আছে কি না? নাই। আমি মরিয়া ছাই হইব, আমার নাম পর্যান্ত লুপ্ত হইবে, কিন্তু আমি মুক্তকণ্ঠে বলিতেছি, একদিন মনুষ্যমাত্তে আমার এই কথা,বুঝিবে, যে মনুষ্যের স্থায়ী হ্রথের অন্য মূল নাই!!! এখন যেমন লোকে, উন্মন্ত হইয়া ধন মান ভোগাদির প্রতি ধাবিত হয়, একদিন মনুষ্যজাতি সেইরূপ উন্মত্ত হইয়া

পরের স্থথের প্রতি ধাবমান হইবে। আমি মরিয়া ছাই হইব, কিন্তু আমার এ আশা এক-দিন ফলিবে! ফলিবে, কিন্তু কত দিনে! হায়, কে বলিবে, কত দিনে!

কথাটি প্রাচীন। দার্দ্ধ বিদহত্র বৎসর পূর্বে, শাক্যসিংহ এই কথা কত প্রকারে বলিয়া গিয়াছেন। তাহার পর, শত সহস্র লোকশিক্ষক শত সহস্রবার এই শিক্ষা শিথা-ইয়াছেন। কিন্তু কিছুতেই লোকে শিথে না – কিছুতেই আত্মাদরের ইন্দ্রজাল কাটাইয়া উঠিতে পারে না। আবার আমাদের দেশ ইং-রেজি মুলুক হইয়া এবিষয়ে বড় গণ্ডগোল বাঁধিয়া উঠিয়াছে। ইংরেজি শাসন, ইংরেজি সভ্যতা, ও ইংরেজি শিক্ষার সঙ্গে সঙ্গে "মেটিরিয়েল্ প্রম্পেরিটির"# উপর অনু রাগ আসিয়া দেশ উৎসন্ন দিতে আরম্ভ

<sup>\*</sup> বাহ্য সম্পদ।

করিয়াছে। ইংরেজ জাতি বাহ্য সম্পদ বড় ভাল বাদেন—ইংরেজি সভ্যতার এইটি প্রধান চিহ্ন—তাঁহারা আদিয়া এদেশের বাহ্য সম্পদ সাধনেই নিযুক্ত—আমরা তাহাই ভাল বাসিয়া আর সকল বিশ্বত হইয়াছি। ভারতবর্ষের অন্যান্য দেব মূর্ত্তি সকল মন্দিরচ্যুত হইয়াছে - সিন্ধু হইতে ব্ৰহ্মপুত্ৰ পৰ্য্যন্ত কেবল বাছ সম্পদের পূজা আরম্ভ হইয়াছে। দেখ কত বাণিজ্য ৰাড়িতেছে – দেখা কেমন রেইলগু-য়েতে হিন্দুভূমি জালনিবদ্ধ হইয়া উঠিল — দেখিতেছ, টেলিগ্রাফ কেমন ক্ষ্তু! দেখিতেছি, কিন্তু কমলাকান্তের জিজ্ঞাসা এই যে, তোমার রেইলওয়ে টেলিগ্রাফে আমার কতটুকু মনের স্থ বাড়িবে? আয়ার এই হারাণ মন খ্জিয়া আনিয়া দিতে পারিবে? কাহারওমনের আগুন নিবাইতে পারিবে ? ঐ যে রূপণ ধনত্যায় মরিতেতে, উহার তৃষা নিবারণ করিবে? অপ-

মানিতের অপমান ফিরাইতে পারিবে? রূপোমত্তের ক্রোড়ে রূপদীকে তুলিয়া বদাইতে
পারিবে? না পারে, তবে তোমার রেইলওয়ে
টেলিগ্রাফ প্রভৃতি উপাড়িয়া জলে ফেলিয়া
দাও -- কমলাকান্ত শর্মা তাতে ক্ষতি বিবেচনা
করিবেন না।

কি ইংরেজি কি বাঙ্গালা যে সম্বাদ পত্র, সাময়িক পত্র, স্পীচ, ডিবেট, লেক্চর, যাহা কিছু পড়ি বা শুনি, তাহাতে এই বাহু সম্পদ্ ভিন্ন আর কোন বিষয়ের কোন কথা দেখিতে পাই না। হর হর বম বমৃ! বাহ্য সম্পদের পূজা কর। হর হর বম বম্! টাকার রাশির উপর টাকা ঢাল! টাকা ভক্তি, টাকা মুক্তি, টাকা নতি, টাকা গতি! টাকা ধর্ম, টাকা অর্থ, টাকা কাম, টাকা মোক্ষ! ও পথে যাইও না, দেশের টাকা কমিবে, ও পথে যাও, দেশের টীকা বাডিবে! ৰম বম হর হর! টাঝা বাড়াও টাকা বাড়াও, রেইলওয়ে টেলিগ্রাফ অর্থ-প্রসূতী, ও মন্দিরে প্রণাম কর! যাতে টাকা বাড়ে এমন কর! শূন্য হইতে টাকা রুষ্টি হইতে থাকুক্! টাকার ঝনঝনিতে ভারতবর্ষ পুরিয়া যাউকৃ! মন? মন, আবার কি? টাকা ছাড়া মন কিং টাকা ছাড়া আমাদের মন নাই; টাঁকশালে আমাদের মন ভাঙ্গেগড়ে। টাকাই বাহ্য সম্পদ। হুর হর বম বম! বাহ্য সম্পদের পূজা কর। এ পূজার তাত্রশাশ্রুধারী ইং-রেজ নামে ঋষিগণ পুরোহিত; এডাম শ্মিথ পুরাণ এবং মিল তন্ত্র হইতে এ পূজার মন্ত্র পঞ্তি হয়; এ উৎদবে ইংরেজি সম্বাদপত্র সকল ঢাক ঢোল, বাঙ্গালা সম্বাদপত্ৰ কাঁশীদার; শিক্ষা এবং উৎসাহ ইহাতে रेनरवमा, अवः समग्र हैशाल हागविन। अ পূজার ফল, ইহলোকে ও পরলোকে অনন্ত নরক। তবে, আইস সবে মিলিয়া বাছ সম্প-

দের পূজা করি। আইস, যশোগঙ্গার জলে ধৌত করিয়া, বঞ্চনা বিল্পদলে মিফীকথা চন্দন মাথাইয়া, এই মহাদেবের পূজা করি। বল, হর হর বম্ বম্! বাহ্ন সম্পদের পূজা করি। বাজা ভাই ঢাক ঢোল;—ছ্যাড়্ছ্যাড়্ছ্যাড়, ছ্যাড় ছ্যাড়া ছ্যাড় ছ্যাড়! বাজা ভাই কাঁশীলার, —ট্যাং ট্যাং ট্যাং নাট্যাং নাট্যাং! আস্থন পুরোহিত মহাশয়! মন্ত্র বলুন 🛊 আমাদের এই বহুকালের পুরাতন য়ত টুকু লইয়া স্বধা স্বাহা বলিয়া আগুনে ঢালুন্। কোথা ভাই ইউটি-লিটেরিয়েন কামার! পাঁটা হাড়িকাটে ফেলি-য়াছি; একবার বাবা পঞ্চানন্দের\* নাম করিয়া, এক কোপে পাচার কর! হর হর বম্বম্! कमलाकान्त कां ड़ारेश बाद्ह, मूं ड़िंग दिख! তোমরা স্বচ্ছন্দে পূজা কর!

<sup>\*</sup> প্রধানন নাম প্রসিদ্ধ নহে—প্রধানকই প্রিসিদ্ধ।
মদ্য, মাংস, গাড়িজুড়ি, পোষাক, এবং ুবেছা—এই
পাঁচটি আনকৈ এই নৃতন পঞ্চানক।

পূজা কর, ক্ষতি নাই, কিন্তু আমাকে গোটাকত কথা বুঝাইয়া দাও। তোমার বাহ্য সম্পদে কয় জন অভদ্র ভদ্র হইয়াছে? কয়জন অধান্মিক ধার্মিক হইয়াছে? কয়জন অপবিত্র পবিত্র হইয়াছে? একজনও নাং যদি না হইয়া থাকে তবে তোমার এ ছাই আমরা চাহি না—আমি ছকুম দিতেছি, এছাই ভারতবর্ষ হইতে উঠাইয়া দাও।

তোমাদের কথা আমি বুঝি। উদর নামে রহৎ গহরে, ইহা প্রত্যহ বুজান চাই; নহিলে নয়। তোমরা বল বে, এই গর্ভ, যাহাতে সকলেরই ভাল করিয়া বুজে আমরা সেই চেফটায় আছি। আমি বলি সে মঙ্গলের কথা বটৈ, কিন্তু উহার অত বাড়াবাড়িতে কাজ নাই। গর্ভ বুজাইতে তোমরা এমনই ব্যস্ত হইয়া উঠিতেছ, যে আর সকল কথা ভুলিরা

গেলে। বরং গর্ত্তের এক কোণ থালি থাকে, সেও ভাল, তবু আর আর দিকে একটু মন দেওয়া উচিত। গর্ত্ত বুজান হইতে মনের স্থ একটা স্বতন্ত্র সামগ্রী; তাহার রদ্ধির কি কোন উপায় হইতে পারে নাং তোমরা এত কল করিতেছ, মন্তুষ্যে মনুষ্যে প্রণয় রদ্ধির জন্য কি একটা কিছু কল হয় নাং একটু বুদ্ধি থাটাইয়া দেখ, নহিলে সকল বেকল হইয়া যাইবে।

আমি কেবল চিরকার গর্ভবুজাইয়া আসিয়াছি—কথন পরের জন্য ভাবি নাই। এই
জন্য সকল হারাইয়া বসিয়াছি—সংসারে আমার স্থুখ নাই; পৃথিবীতে আমার থাকিবার
আর প্রয়োজন দেখিনা। প্রের বোঝা কেন
ঘাড়ে করিব, এই ভাবিয়া সংসারী হইনাই।
তাহার কল এই যে কিছুতেই আমার মন
নাই। আমি স্থী নহি। কেন হইবে?

আমি পরের জন্য দায়ী হই নাই, স্থথে আমার অধিকার কি ?

স্ত্রে আমার অধিকার নাই কিন্তু তাই বলিয়া মনে করিও না যে তোমরা বিবাহ করি-য়াছ বলিয়া স্থা হইয়াছ। যদি পারিবারিক স্নেহের গুণে তোমাদের আত্মপ্রিয়তা লপ্ত না হইয়া থাকে যদি বিবাহ নিবন্ধন তোমাদের চিত্ত মাৰ্জিত না হইয়া থাকে, যদি আত্মপরি-বারকে ভালবাদিয়া তাবৎ মনুষ্যজাতিকে ভাল বাসিতে না শিখিয়া থাক, তবে মিথ্যা বিবাহ করিয়াছ; কেবল ভূতের বোঝা বহিতেছ। ইন্দ্রিয় পরিতৃপ্তি বা পুত্রমুখ নিরীক্ষণের জন্য বিবাহ নহে। যদি বিবাহবন্ধে মন্ত্রুষ্য চরিত্রের উৎুকৰ্ষ সাধন না হইল তবে বিবাহে প্ৰয়োজন নাই। ইন্দ্রিয়াদি অভ্যাদের বশ; অভ্যাদে এ সকল একেবারে শান্ত থাকিতে পারে। মনুষ্যজাতি ইন্দ্রিয়েকে বশীভূত করিয়া পৃথিবী হইতে লুপ্ত হউক, তথাপি যে বিবাহে প্রীতি শিক্ষানা হয়, দে বিবাহে প্রয়োজন নাই।

এক্ষণে কমলাকান্ত যুক্তকরে সকলের নি-কট নিবেদন করিতেছে, তোমরা কেছ কমলা-কান্তের একটি বিবাহ দিতে পার ?

## সপ্তম সংখ্যা।\* বদম্ভের কোকিল।

তুমি বসন্তের কোকিল, বেশ লোক।
যথন ফুল ফুটে, দক্ষিণ বাতাস বহে,এ সংসার
জথের স্পর্শে শিহরিয়া উঠে, তথন তুমি আদিয়া রসিকতা আরম্ভ কর। আর যথন দারুণ
শীতে জীবলোকে থরহরি কম্প লাগে, তখন
কোথায় থাক বাপু ? যথন প্রাবণের ধায়ায়
আমার চালাঘরে নদী বহে, যথন র্ষ্টির চোটে

<sup>\*</sup> ষঠ সংখ্যা ভিন্ন নেথক প্রণীত—এজন্ত পরিভাক্ত ইইলা

কাক চিল ভিজিয়া গোময় হয়, তখন তোমার মাজা মাজা কালো কালো নন্দত্বলালি ধরণের শরীরথানি কোথায় থাকে? ভূমি বসস্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।

রাগ করিও না—তোমার মত আমাদের মাঝখানে অনেকে আছেন। যখন নশী বাবুর তালুকের খাজানা আদে,তথন মানুষ কোকিলে তাঁহার গৃহকুঞ্জ পুরিয়া যায়—কত টিকি, ফোঁটা, তেড়ি, চসমার হাট লাগিয়া যায়,—কত কবিতা, শ্লোক, গীত, হেটো ইংরেজি, মেটো ইংরেজি, চোরা ইংরেজি, ছেঁড়া ইংরেজি, যক্তরে ইংরেজিতে নশী বাবুর বৈঠকখান। পারাবতকাকলিমংকুল গৃহদৌধৰৎ বিকৃত হইয়া উঠে। যুখন তাঁহার বাড়ীতে নাচ, গাঁন, যাত্রা, পর্ব্ব উপস্থিত হয়, তথন দলে দলে মানুষ কোকিল আসিয়া, তাঁহার বর বাড়ী অঁথার করিয়া তুলে—কেহ খায়, কেহ

গায়, কেহ হাসে, কেহ কাশে, কেহ তামাক পোড়ায়, কেহ হাসিয়া বেড়ায়, কেহ মাত্রা চড়ায়, কেছ টেবিলের নীচে গড়ায়। যথন নশী বাৰু বাগানে যান, তখন মানুষ কোকিল, তাঁহার সঙ্গে পিপীড়ার সারি দেয়। আর যে রাত্রে, অবিশ্রান্ত রৃষ্টি হইতে ছিল, আর নশী বাবুর পুত্রটির অকালে মৃত্যু হইল, তথন তিনি একটি লোক পাইলেনু না। কাহারও "অস্থখ্য" এজন্য আসিতে পারিলেন না; কাহারও বড় স্থথ—একটি নাতি হইয়াছে. এজন্য আসিতে পারিলেন না, কাহারও সমস্ত রাত্রি নিজা হয় নাই, এজন্য আসিতে পারি-লেন না; কেছ সমস্ত রাত্রি ঘোর নিদ্রায় ্ অভিভূত, এজন্য আসিতে পারিলেন না। জাসল কথা, সেদিন বর্ষা, বসস্ত নছে—বস-্রের কোকিল সেদিন আসিবে কেন ?

তা ভাই,বদন্তের কোকিল, তোমার দোষ

নাই, তুমি ডাক। ঐ অশোকের ডালে বসিয়া রাঙ্গা ফুলের রাশির মধ্যে কাল শরীর, জ্বন্ত আগুনের মধ্যগত কালো বেগুনের মত, লুকা-ইয়া রাখিয়া, একবার তোমার ঐ পঞ্ম স্বরে, কু—উ বলিয়া ডাক। তোমার ঐ কু – উ রবটি আমি বড় ভালবাসি। তুমি নিজে কালো - পরামপ্রতিপালিত, তোমার চক্ষে সকলই " কু",– তবে যত পার, ঐ পঞ্চম স্বরেডাকিয়া বল "কু — উ!" যথন এ পৃথিবীতলে এমন কিছু স্থন্দর সামগ্রী দেখিবে, যে তাহাতে তো-মার দ্বেষ, হিংসা স্ব্যার উদয় হয়, তথনই সম্বাদপত্রের ন্যায় উচ্চ ডালে বসিয়া ডাকিয়া বলিও, "কু—ড়" – কেন না তুমি সৌন্দর্য্য-পূন্য, পরারপ্রতিপালিত। যখনই দেখিবে, লতা সন্ধ্যার বাতাস পাইয়া, উপর্য্য পরি বি-ন্যস্ত পুষ্পু স্তবক লইয়া ছলিয়া উঠিল, অমনি হুগদ্ধের তর্ম্ব ছুটিল – তথনই ডাকিয়া বলিও

"कू — डिः।" यथनहे (प्रथित, व्यमःथा शकः-রাজ এক কালে ফুটিয়া আপনাদিগের গন্ধে আপনারা বিভোর হইয়া, এ উহার গায়ে ঢ-লিয়া পড়িতেছে, তথনই তোমার সেই ডাল হইতে ডাকিয়া বলিও, "কু – উঃ।" যখন দেখিবে বকুলের অতি ঘনবিন্যন্ত মধুরশ্যামল স্নিমোজ্জন পত্ররাশির শোভা আর গাছে ধরে না – পূর্ণযৌবনা স্থন্দরীর লাবণ্যের ন্যায় হাসিয়া হাসিয়া, ভাসিয়া ভাসিয়া, হেলিয়া হুলিয়া, ভাঙ্গিয়া গলিয়া, উছলিয়া উঠিতেছে, তাহার অসংখ্য প্রক্ষুট কুস্তমের গন্ধে আকাশ মাতিয়া উঠিতেছে – তথন তাহারই আশ্রয়ে বদিয়া সেই পাতার স্পর্শে অঙ্গ শীতল করিয়া, সেই গঙ্কে দেহ পবিত্র করিয়া,সেই বকুলকুঞ্গ হইতে ডাকিও, এ "কু - উঃ।" যথন দেখিবে শুল-मूबी, अक्रमंत्रीता, इन्मती नवमल्लिका मक्ता नि-नित्त मिक इरेबा, जात्नाक खाशर्रधात द्वाम

দেখিরা, ধীরে ধীরে মুখখানি খুলিতে সাহস করিতেছে – স্তরে স্তরে অসংখ্য অকলঙ্ক দল-রাজি বিকসিত করিবার উপক্রম করিতেছে — যধন দেখিবে যে ভ্রমর সেরূপ দেখিয়া — "আদরেতে আগুসারি" – কণ্ঠভরা গুণগুণ মধ্ ঢালিয়া দিতেছে – তথন, হে কালামুধ! আ-বার "কু-উঃ" বলিয়া ডাকিয়া মনের স্থালা নিবাইও। আর যখনই গৃহন্থের গৃহপ্রাঙ্গণস্থ দাড়িম্বশাখায় বসিয়া, দেখিবে সেই গৃহপুষ্প-রূপিনী কন্যাগণে, সেই লতার দোলনি, সেই গন্ধরাজের প্রস্ফুটতা, সেই বকুহলর রূপোচ্ছ্যাস মেই মল্লিকার অমলতা, একাধারে মিলিত করিয়াছে, তথনই তাহাদের মুখের উপর, ঐ পঞ্চমস্বরে, গৃহপ্রাচীর প্রতিধ্বনিত করিয়া, স্বাইকে ডাকিয়া বলিও, এত রূপ, এত স্থ এক পবিত্রতা – এ "কু-উঃ।" ঐটি তোমার জিত – ঐ পঞ্চমশ্বর! নহিলে তোমার ও কৃত

কেহ শুনিত না। এ পৃথিবীতে গ্লাডফৌন ডিস্রেলি প্রভৃতির ন্যায়,—ভূমি কেবল পলা বাজিতে জিতিয়া গেলে—নহিলে অত কালো চলিত না; তোমার চেয়ে হাঁড়িচাঁচা ভাল। গলাবাজির এত গুণ না থাকিলে, যিনি "Juventus Mundi" লিখিয়াছেন তিনি রাজমন্ত্রী হইবেন কেন ? আর জন ফুয়ার্ট মিল পার্লি-মেন্টে স্থান পাইলেন না কেন ?

তবে, কোকিল, তুমি প্রকৃতির মহা পার্লিমেণ্টে দাঁড়াইয়ানকত্রময় নীলচন্দ্রাতপমণ্ডিত, গিরিনদী নগর কুঞ্জাদি বেঞ্চে স্থসজ্জিত, ঐ মহাসভা গৃহে, তোমার এ মধুর পঞ্চমস্বরে—কু-উঃ বলিয়া ডাক — সিংহাসন হইতে হস্টিংস্ পর্যান্ত সকলেই কাঁপিয়া উঠুক। "কু — উং!" ভাল, তাই; ও কলকঠে কু বলিলে কু মানিব, স্থানিব লালে স্থ মানিব। কু বৈকি ? সব কু। নিতায় কণ্টক আছে, কুস্থমে কীট আছে; গম্বে

বিষ আছে; পত্র শুক্ষ হয়, রূপ বিকৃত হয়, স্ত্ৰীজাতি বঞ্চনা জানে। কু-উঃ বটে ভুমি গাও। কিন্তু তুমি ঐ পঞ্চমম্বরে কু বলি-লেই কু মানিব—নচেৎ কুঁকড়ো বাবাজি "কু কু কু কু" বলিয়া আমার স্থথের প্রভাত নিদ্রাকে কুবলিলে আমি মানিব না। তার গলা নাই। গলাবাজিতে সংসার শাসিত হয় বটে, কিন্তু কেবল চেঁচাইলে হয় না; যদি শব্দ মল্রে সংসার জয় করিবে, তবে যেন তোমার স্বরে পঞ্চম লাগে—বে পরদা বা কড়িমধ্যমের কাজ নয়। সরু জেমস্ মাকিণ্টশ, তাঁহার বক্তৃতায় ফিলজফির# কড়িমধ্যম মিশাইয়া হারিয়া গেলেন—আর মেকলে রেটরিকেরা পঞ্চন লাগাইয়া জিতিয়া গেলেন। ভারতচন্দ্র আদিরস পঞ্মে ধরিয়া জিতিয়া গিয়াছেন-কবিকশ্বণের ষড় জধ্বনি কে শুনে ? দেখ লো-

<sup>+</sup> अनकात्र।

কের রন্ধ পিতা মাতার বেস্থরো বকাবকিতে কোন ফল দর্শে? আর যথন বাবুর গৃহিণী বাবুর স্থর বাঁধিয়া দিবার জন্য বাবুর কাণ টিপিয়া ধরিয়া পঞ্চমে গলার আওয়াজ দেন, তথন বাবু পিডিং পিডিং বলেন, কি না ?

তবে তোমার স্বরকে পঞ্চমন্বর কেন বলে তাহা বুঝি না। যাহা মিফ, তাহাই পঞ্চম ? তুইটি পঞ্চম মিফ বটে,—স্থরের পঞ্চম, আর আল্তা পরা ছোট পায়ের গুজ্রী পঞ্চম। তবে, স্থর, পঞ্চমে উঠিলেই মিফ; পায়ের পঞ্চম, পা হইতে, নামাইলেই মিফ । তবে যদি কেহ কন্যে বউয়ের লাতি খাইয়া থাকেন, তিনি বলিলে বলিতে পায়েন, পায়ের পঞ্চম ভর্তার মাথা পর্যন্ত উঠিলেও মিফ ।

কোন্ স্বর পঞ্ম, কোন্ স্বর সপ্তম, কে মধ্যম, কে গান্ধার, আমাকে কে বুঝাইয়া দিবে ? এটি হাতীর ডাক, ওটি ঘোড়ার ডাক

**সেটি ময়ুরের কেকা, ওটি বানরের কিচিমিচি**, এ বলিলে ত কিছু বুঝিতে পারি না। আমি আফিংখোর—বেহুরো শুনি, বেহুরো বুঝি, বেস্তরে লিখি—ধৈবত গান্ধার নিষাদ পঞ্চমের কি ধার ধারি ? যদি কেহ পাথোয়াজ তানপুরা দাড়ী দাঁত লইয়া,আমাকে দপ্ত স্থর বুঝাইতে আদে, তবে তাহার গর্জনশুনিয়া, মঙ্গলা গাই য়ের সদ্যপ্রসূত বৎসের ধ্বনি আমার মনে পড়ে—তাহার পীতাবশিষ্ট নির্জ্জল হুগ্কের অনুধ্যানে মন ব্যস্ত হয় সুর বুঝা হয় না। আমি গায়কের নিকট কৃতত্ত হইয়া তাঁহাকে কায়মনোবাক্যে আশীর্কাদ করি, যেন তিনি-জন্মান্তরে মঙ্গলার বৎস হন।

• এখন আর পাথি। তোতে আমাতে এক বার পঞ্চম গাই। তুইও যে আমিও দে— সমান ছুংখের ছুঃশী, সমান স্থের স্থী। তুই এই পুষ্পকাননে, রক্ষে রক্ষে আপনার আনন্দে গাইয়া বেড়াদ্—আমিও এই সংসার কাননে, গৃহে গৃহে, আপনার আনন্দে এই দ-শুর লিখিয়া বেড়াই—আয় ভাই, তোতে আন্মাতে মিলে মিশে পঞ্চম গাই। তোরও কেহ নাই—আনন্দ আছে, আমারও কেহ নাই—আনন্দ আছে, তোর পুঁজিপাটা, ঐ গলা; আমার পুঁজিপাটা, এই আফিঙ্গের ডেলা; তুই এ সংসারে পঞ্চমশ্বর ভালবাদিদ্—আমিও তাই; তুই পঞ্চমশ্বরে কারে ডাকিস্, আমিই বা কারে? বল্ দেখি পাথি কারে?

• যে স্থন্দর • তাকেই ডাকি; যে ভাল, তাকৈই ডাকি; যে আমার ডাক শুনে তাকেই
ডাকি। এই যে আশ্চর্যা ব্রহ্মাণ্ড দেখিয়া
কিছুই বুঝিতে না পারিয়া বিশ্বিত হইয়া আছি,
ইয়াকেই ডাকি। যদি এই অনন্ত স্থলর
স্থাৎ শরীরে কেহ আত্মা থাকেন, তবে তাহাকে ডাকি। আমিও ডাকি, তুইও ডাকিস।

জানিয়া ডাকি না জানিয়া ডাকি, দমান কথা;
তুইও কিছু জানিদ্ না, আমিও জানি না;
তোরও ডাক পৌছিবে, আমারও ডাক পোঁছিবে। যদি দর্বশব্দগ্রাহী কোন কর্ণ থাকে,
তবে তোর আমার ডাক পোঁছিবে না কেন?
আয় ভাই, একবার মিলে মিশে তুইজনে পঞ্চম
স্বরে ডাকি।

তবে, কুছরবে সাধা গলায়, কোকিল এক বার ডাক্ দেখিরে! কণ্ঠ নাই বলিয়া, আমার মনের কথা কথন বলিতে পাইলাম না। যদি তোর ও ভুবন ভুলান স্বর পাইতাম, ত বলি-তাম। তুই আমার সেই মনের কথা প্রকাশ করিয়া দিয়া এই পুস্পময় কুঞ্জবনে একবার ডাক্ দেখিরে! কি কথাটা বলিব বলিব মনে কাঁর, বলিতে জানি না, সেই কথাটা তুই বল্ দেখিরে! কমলাকান্তের মনের কথা, এজন্মে বলা হইল না—যদি কোকিলের কণ্ঠ পাই— অমানুষী ভাষা পাই, আর নক্ষত্রদিগকে শ্রোতা পাই, তবে মনের কথা বলি। ঐ নীলাম্বর মধ্যে প্রবেশ করিয়া, ঐ নক্ষত্রমগুলীমধ্যে উ-ড়িয়া, কখন কি কুছ্ বলিয়া ডাকিতে পাইব নাং আমি না পাই, তুই কোকিল, আমার হয়ে একবার ডাকু দেখিরে।

এ কমলাকান্ত চক্ৰবন্তী।

## নবম সংখ্যা।

## বিবাহ :

বৈশাথ মাদ বিবাহের মাদ। আমি ১ল্রা বৈশাথে নদী বাবুর ফুলবাগানে বদিয়া একটি বিবাহ দেখিলাম। ভবিদ্যুৎ বরকন্যাদিগের শিক্ষার্থ লিখিয়া রাখিতেছি।

মল্লিকার বিবাহ। বৈকাল শৈশব অব-লান প্রায়, কলিকা কন্যা বিবাহ যোগ্যা হইয়া

আসিল। কন্যার পিতা বড় লোক নহে, ক্ষুদ্র রক্ষ, তাহাতে আবার অনেকগুলি কন্যাভার গ্রস্ত। সম্বন্ধের অনেক কথা ইইতেছিল, কিন্তু কোনটা স্থির হয় নাই। উদ্যানের রাজা স্থলপদ্ম নির্দ্ধোষ পাত্র বটে, কিন্তু ঘর বড় উচু, স্থলপদ্ম অতদুর নামিল না। জবা, এবিবাহে অসম্মত ছিল না. কিন্তু জবা বড় রাগী, কন্যা-কর্ত্তা পিছাইলেন। গন্ধরাজ পাত্র ভাল,কিন্তু বড় দেমাগ, প্রায় তাহার বার পাওয়া যায় না। এইরূপ অব্যবস্থার সময়ে ভ্রমররাজ ঘটক হ-ইয়া মল্লিকারক্ষসদনে উপস্থিত হইলেন। তিনি আদিয়া বলিলেন,

"গুণ! গুণ! গুণ! মেয়ে আছে ?"

মলিকা রক্ষ পাতা নাড়িয়া দায় দিলেন "আছে!" ভ্রমর প্রোদন গ্রহণ করিয়া বলি-লেন, "গুণ্গুণ্গুণ্গুণ্গুণ্গুণ্গুণ্ মেয়ে দেঝিব।"

রক্ষ, শাখা নত করিয়া, মুদিত নয়না অব-গুঠনবতী কন্যা দেখাইলেন।

ভ্রমর, একবার রক্ষকে প্রদক্ষিণ করিয়া আসিয়া বলিলেন, "গুণ! গুণ! গুণ! গুণ দেখিতে চাই। ঘোষটা খোল।"

লজ্জাশীলা কন্যা কিছুতেই ঘোমটা খুলে না। বৃক্ষ বলিলেন, "আমার মেয়েগুলি বড় লাজুক। তুমি একটু অপেকা কর, আমি মুখ দেখাইতেছি।"

ভ্রমর ভেঁ। করিয়া স্থলপদ্মের বৈঠকখানায় গিয়া রাজপুজের সঙ্গে ইয়ারকি করিতে বসি-লেন। এদিকে মল্লিকার সন্ধ্যা ঠাকুরাণী দিদি আসিয়া তাহাকে কত বুঝাইতে লাগিল—বলিল, "দিদি, একবার ঘোমটা খোল—ন-ইলে, বর আসিবে না—লক্ষ্মী আমার, চাঁদ আমার, সোণা আমার" ইত্যাদি। কলিকা কতবার ঘাড় নাড়িল, কতবার রাগ করিয়া মুখ

चुत्रांहेल कंडवात विलल, "ठीन्पिपि, जूहे या !" কিন্তু শেষে সন্ধার স্নিশ্ব স্বভাবে মুগ্ধ হইয়া মুথ খুলিল, তথন ঘটক মহাশয় ভেঁ। করিয়া রাজবাড়ী হইতে নামিয়া আসিয়াঘটকালীতে মন দিলেন। কন্যার পরিমলে মুগ্ধ হইয়া বলিলেন, "গুণগুণগুণ গুণ্ গুণাগুণ্! কথা গুণবতী বটে। **ঘরে মধু** কত ?"

कन्याकर्छ। त्रक विलालन, "कर्फ मिरवन, কড়ায় গণ্ডায় বুঝাইয়া দিব।" ভ্রমর বলি-লেন "গুণ্ গুণ্, আপনার অনেক গুণ্—ঘট-কালীটা ?"

কন্যাকর্তা শাখা নাড়িয়। সায় দিল। "তাe হবে।"

• ভ্ৰমর—"বৃদ্ধি ঘটকালীর কিছু আগাম দিলে হয় না ? নগদ দান বড় গুণ - গুণ গুণ গুণ।"
কুতা বৃক্ষটি তখন বিৱক্ত হইয়া, দকল

শাখা নাড়িয়া বলিল, "আগে বরের কথা বল –বর কে?"

ভ্রমর —" বর অতি স্থপাত্ত। — ঠার অনেক গুণ্-ন্-ন্।"

"কে তিনি?"

"গোলাবলাল গ**ন্ধোপাধ্যা**য়। ভাঁর স্ব নেক—গুণ ন্—ন্।"

এ সকল কথোপকথন মকুষ্যে শুনিতে
পায় না, আমি কেবল আফিম প্রদাদাৎ দিব্য
কর্ণ পাইয়াই, এসকল শুনিতেছিলাম। আমি
শুনিতে লাগিলাম, কুলাচার্য্য মহাশয়, পাখা
ঝাড়িয়া, ছয় পাছড়াইয়া পোলাবের মহিমাকার্ভন করিতেছিলেন। বলিতেছিলেন,যে গোলাব বংশ বড় কুলীন; কেনু নাইহারা "ফুলে"
সেল। যদি বল সকল ফুলই ফুলে, তথাপি
গোলাবের গোরব অধিক, কেনু নাইহারা
ক্রাকাৎ বাস্থামানীর সন্তান; তাহার বহস্তরো-

পিত। যদি বল এ কুলে কাঁটা আছে, কোন্ কুলে বা কোন্ ফুলে নাই ?

যাহা হউক ঘটকরাজ কোনরপে সম্বন্ধ ফির করিয়া বোঁ করিয়া উড়িয়া গিরা, গোলাব বাবুর বাড়ীতে খবর দিলেন। গোলাব, ত-খন বাতাদের দঙ্গে নাচিয়া নাচিয়া, হাসিয়া নাসিয়া, লাফাইয়া লাফাইয়া খেলা করিতেছিল, বিবাহের নাম শুনিয়া আহলাদিত হইয়া কনারে বয়স্ জিজ্ঞাসা করিল; ভ্রমর বলিল, ''আজি কালি ফুটবৈ।''

গোধুলি লগ উপস্থিত, গোলাব বিবাহে

-বাজ্রার উদ্যোগ করিতে লাগিলেন। উচ্চি
সড়া নহবৎ বাজাইতে আরম্ভ করিল;মৌমাছি

দানাইয়ের বায়না লইয়াছিল, কিন্তু রাতকানা

বলিয়া সঙ্গে যাইতে পারিল না। খদ্যোতেরা

বাজ্ ধরিল; আকাশে তারাবাজি হইতে লা
গিল; কাকিল আঙ্গে আগে ফুকরাইতে লা-

গিল। অনেক বর্ষাত্র চলিল, স্বয়ং রাজকুমার স্থলপদ্ম দিবাবসানে অস্তস্থকর বলিয়া আসিতে পারিলেন না, কিন্তু জবা গোষ্ঠী—খেতজবা, রক্ত জবা, জরদ জবা প্রভৃতি, সবংশে আসি-याष्ट्रिन । कत्रवीरतत प्रमा, (मरकरम त्राजामि-গের মত বড উচ্চ ডালে চডিয়া আদিয়া উপস্থিত হইল। সেঁউতি নীতবর হইবে বলিয়া, সাজিয়া আসিয়া চুলিতে লাগিল। গরদের জোড পরিয়া চাঁগো আসিয়া দাঁডাইল —বেটা ব্রাণ্ডি টানিয়া আগিরাছিল, উত্ত গন্ধ ছ্টিতে লাগিল। शक्तबाद्धता वर् वाहात निया, দলে দলে আসিয়া, গন্ধ বিলাইয়া দেশ মাতা-ইতে লাগিল। অশোক, নেশায় লাল হইয়া আদিয়া উপস্থিত; দঙ্গে একপাল পিপ্ড়া মোসায়েব হইয়া আসিয়াছোঁ; তাহাদের গুণের সঙ্গে সম্বন্ধ নাই, কিন্তু দাঁতের তালা বড়— ্রোন বিবাহে না এরপ বর্ষাত্র জৌটে, সার

কোন্ বিবাহে না তাহার। হুল ফুটাইয়া বিবাদ বাঁধায় ? কুরবক, কুটজ প্রভৃতি আরও অনেক বর্ষাত্র আসিয়াছিলেন, ঘটক মহাশয়ের কাছে তাঁহাদের পরিচয় শুনিবেন। সর্ব্বতেই তিনি নাতায়াত করেন এবং কিছু কিছু মধু পাইয়া থাকেন।

আমারও নিমন্ত্রণ ছিল, আমিও গেলাম। দেখি বরপক্ষের বড় বিপদ্। বাতাস, বাহ-কের বায়না লইয়া ছিলেন; তখন হুঁ – হুম করিয়া অনেক মরদানি করিয়াছিলেন, কিন্তু কাজের সময়ে কোথায় লুকাইলেন, কেহ ই জিয়া পায় না। দেখিলাম বর, বর্ষাত্র সকলে অবাক হইয়া স্থিরভাবে দাঁড়াইয়া আ-मलिकां पिराव कून याय (प्रथिया, आभिष्टे वाहरकत कौंधा श्रीकात कतिलाम। वत, বর্ষাত্র সক্লকে তুলিয়া লইয়া মল্লিকাপুরে গেলাম i

**८मधा**त ८मथिलाम, कन्गांकृत, मकत छ-तिनी, बाइलारि रचामिं। श्रुनिया, मूथ कृषेष्टिया, পরিমল ছুটাইয়া, স্থার হাসি হাসিতেছে। দেখিলাম, পাতায় পাতায় জড়াজড়ি, গদ্ধের ভাণ্ডারে ছড়াছড়ি পড়িয়া গিয়াছে-রূপের ভরে দকলে ভাঙ্গিয়া পড়িতেছে। যুথি, মা-লতী, বকুল, রজনীগন্ধ প্রভৃতি এয়োগণ স্ত্রী আচার করিয়া বরণ করিল। দেখিলাম পুরো-হিত উপস্থিত; নশীবাবুর নৰমবৰীয়া কন্যা (জীয়ন্ত কুন্তম রূপিণী) কুন্তম লতা সূচ সূতা লইয়া দাঁড়াইয়া আছে;কন্যাকর্ত্তা কন্যা সম্প্র-দান করিলেন; পুরোহিত মহাশয় স্থইজন্কে এক সূতায় গাঁথিয়া গাঁটছড়া বাঁধিয়া দিলেন।

তথন বরকে বাসরঘরে লইয়া গেল। কত যে রসমন্ত্রী মধুময়ী হুন্দরী সেখানে বরকে খেরিয়া বসিল তাহা কি বলিব। প্রাচীনা ঠাকুরাণীদিদি টগর সাদা প্রাণে বাঁধা রসিকত। করিতে করিতে শুকাইয়া উঠিলেন। রঙ্গণের, রাঙ্গামুখে হাসি ধরে না। যূই, কন্যের সই,ক-ন্যের কাছে গিয়া শুইল; রজনীগন্ধকে বর তাড়কা রাক্ষসী বলিয়া কত তামাসা করিল; বকুল, একে বালিকা, তাতে যত গুণ, তত রূপ নহে; এক কোণে গিয়া চুপ করিয়া বসিয়া রহিল; আর ঝুম্কা ফুল বড় মানুষের গৃহিণীর মত মোটা মাগী নীল শাড়ী ছড়াইয়া জনকাইয়া বসিল তথন—

"কমল কাকা—ওঠ বাড়ী যাই—রাত হয়েছে, ওকি ঢুলে পড়্বে য়েু ?"

কুত্রমলতা এই কথা বলিয়া আমার গা ঠেলিতেছিল;—চমক হইলে, দেখিলাম কি-ছুই নাই। সেই পুষ্পাবাদর কোথায় মিশিল? —মনে করিলাস, সংসার অনিত্যই বটে— এই আছে এই নাই। সে রম্যাবাদর কো-থায় গেল—সেই হাদ্যমুখী ভ্রু স্মিত স্থাময়ী পুষ্পাস্থন্দরী সকল কোথায় গেল ? যেথানে
স্ব যাইবে সেইখানে—স্মৃতির দর্পণতলে,
ভূত সাগরগর্ভে। যেথানে রাজা প্রজা, পকবত সমুদ্র গ্রহ নক্ষত্রাদি গিয়াছে বা যাইবে
সেইখানে—ধ্বংসপুরে। এই বিবাহের ন্থায়
সব শূন্যে মিশাইবে, সব বাতাসে গলিয়া
যাইবে—কেবল থাকিবে—কি ? ভোগ ? না,
ভোগ্য না থাকিলে ভোগ থাকিতে পারে না।
তবে কি ঃ স্মৃতি ?

কুস্ম বলিল, "ওঠ না—কি কচ্চো ?" আমি বলিলাম, "দূর পাগলি, আমি বিয়ে দিক্তিলাম।"

কুন্তম ঘেদে এদে, হেদে হেদে কাছে দাড়াইয়া আদর করিয়া জিজ্ঞানা করিল "কার বিয়ে, কাকা ?"

আমি বলিলাম, "ফুলের বিনে।" "গুঃ পোড়া কপাল, ফুলের ? খ্বামি বলি কি! আমিও যে এই ফুলের বিয়ে দিয়েছি।"
"কই ?"

"এই যে মালা গাঁথিয়াছি।" দেখিলাম, দেই মালায় আমার বর কন্যা রহিয়াছে।

## দশম সংখ্যা । বড বাজার।

প্রদান গোয়ালিনীর সঙ্গে আমার চিরবিচ্ছেদের সম্ভাবনা দেখিতেছি। আয়ি নশীরাম
বারুর গৃহে আসিয়া অবধি, তাহার নিকট ক্ষীর,
সর, দধি ছগ্ধ, এবং নবনীত থাইতেছি।
আহারকালে মনে করিতাম, প্রসন্ন কেবল
পরলোকে সন্গতির কামনায় অনন্ত পুণ্যস্থ্য়
করিতেছে;—জানিতাম সংসারারণ্যে যাহার।
পুণ্যরূপ মুগ ধ্রিবার জন্য ফাঁদ পাতিয়া বেডায়, প্রসা তথ্যাে স্থচতুরা; ভোজনান্তে
নিত্যই শ্রামের পরকালে অক্ষয় স্বর্গ, এবং

ইহকালে মোতাত বৃদ্ধির জন্য দেবতার কাছে প্রার্থনা করিতাম। কিন্তু এক্ষণে হায়! মানব-চরিত্র কি ভীষণ স্বার্ধপরতায় কলঙ্কিত। এক্ষণে সে মূল্য চাহিতেছে!

স্থতরাং তাহার দঙ্গে চিরবিচ্ছেদের সম্ভা-वन।। প্রথম দিন সে যখন মূল্য চাহিল, রসিকতা করিয়া উডাইয়া দিলাম—বিতীয় দিনে বিস্মিত হইলাম—তৃতীয় দিনে গালি দিয়াছি। . একণে সে তুধ দই বন্ধ করিয়াছে। কি ভয়ানকং এতদিনে জানিলাম মনুষ্যজাতি নিতান্ত স্বার্থপর; এতদিনে জানিয়াছি যে স-কল আশা ভরসা সযত্ত্বে হৃদয়কেত্তে রোপণ করিয়া বিশ্বাস জলে পুষ্ট কর, সকলই রুথা ! এক্ষণে জানিয়াছি, যে ভক্তিপ্রীতি স্নেহ প্রণ-য়াদি সকলই র্থা পল্প-আকৃশিক্স্ম ! ছায়া-বাজি ! হায় ! মনুষ্যজাতির কি হটবে ! হায়, व्यर्थनुक रंगायांना जांजिरक रक निर्शाद कतिरव! হায় ! প্রসন্ধ নামে গোয়ালার কবে গোরু চুরি যাবে !

প্রদরের হ্রন্ধ দিধ আছে, সে দিবে, আমার উদর আছে, থাইব, তাহার সঙ্গে এই সম্বন্ধ, ইহাতে সে মূল্য চাহে কোন অধিকারে, তাহা আমি বুঝিতে পারিলাম না। প্রদর বলে, আমি অধিকার অন্ধিকার বুঝি না; আমার গোরু, আমার হুধ, আমি মূল্য লইব। সে বুঝে না, যে গোরু কাহারও নহে; গোরু, গোরুর নিজের; হুধ, যে থায় তারই।

তবে এ সংসারে মূল্য লুগুয়া একটা রীতি
আছে স্বীকার করি। কেবল খাদ্য সামগ্রী
কেন সকল সামগ্রীই মূল্য দিয়া ক্রয় করিতে
হয়। হুধ দই চাল দাল, খাদ্য পেয় পরিধেয় প্রভৃতি গাণ্য দ্রে থাকুক বিদ্যা
বৃদ্ধিও মান্য দিয়া কিনিতে হয়। কালেজে
মূল্য দিয়া বিদ্যা কিনিতে হয়। স্থনেকে ভাল

কথা মূল্য দিয়া কিনিয়াথাকেন। হিন্দুরা সচরা-চর মূল্য দিয়া ধর্ম কিনিয়াথাকেন। যশঃ মান অতি অল্প মূল্যেই ক্রীত হইয়া থাকে। ভাল সামগ্রী মূল্য দিয়া কিনিতে হইবে, ইহাও ক-তক বুঝিতে পারি, কিন্ত মনুষ্য এমনই মূল্য প্রিয়, যে বিনামূল্যে মন্দ সামগ্রীও কেহ কা-হাকে দেয় না। যে বিষ খাইয়া মরিবার বাসনা কর, তাহাও ভোমাকে বাজার হইতে মূল্য দিয়া, কিনিয়া খাইতে হইবে।

অত এব এই বিশ্বসং সার, একটি রহৎ বাজার—সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইয়া বিদিয়া আছে। সকলেরই উদ্দেশ্য মূল্যপ্রাপ্তি। সকলেই অনবরত ডাকিতেছে "আমার দোকানে ভাল জিনিস—খরিদ্ধার চলে আয়"—সকলেরই এক্ষমাত্র উদ্দেশ্য, খরিদ্ধারের চোকে ধূলা দিয়া রদি মলিপাচার করিবে। দোকান দার খরিদ্ধারে কেবল যুক্ত,

কে কাকে ফাঁকি দিতে পারে। সন্তা খরি-দের অবিরত চেফাঁকে মনুষ্যজীবন বলে।

ভাবিয়া চিন্ডিয়া, মনের ছঃখে আফিমের মাত্রা চড়াইলাম। তখন জ্ঞাননেত্র ফুটিল। সম্মুখে ভবের বাজার স্থবিস্তৃত দেখিলাম। দেখিলাম অসংখ্য দোকানদার: দোকান সাজা-ইয়া বসিয়া আছে - অসংখ্য খরিদ্ধারে খরিদ করিতেছে দেখিলাম সেই অসংখ্য দোকান-দারে অসংখ্য খরিদারে পরস্পারকে অসংখ্য ব্লাস্থ দেখাইতেছে। আমি গামছা কাঁণে করিয়া, বাজার করিতে বাহির হইলাম। শ্রথমেই রূপের দোকানে গেলাম। যে জিনিদ ঘরে নাই দেই লোকানে আগে ঘাইতে रव। पिथिनाम, य मः मात्तत मिरे प्राट्धा হাটা। পৃথিবীর রূপসীগণ মাছ হইয়া ঝুড়ি চুপড়ির ভিতর প্রবেশ করিয়াছেন। দেখিলাম ছোট 🖊 রুই কাতলা মুগেল ইলিষ, চুনো

প্রঁটি কই মাপ্তর, ধরিদ্ধারের জন্য লেজ আছ-ড়াইরা ধড় কড় করিতেছে; যত বেলা বাড়ি-তেছে. তত কলসা ফুলাইয়া, হাঁ করিয়া, বিক্র-রের জন্য থাবি খাইতেছে।—মেছনিরা ডাকি-তেছে, "মাছ নেৰে গো! কুল পুক্রের সস্তা মাছ, অমনি ছাড়ব—বোঝা বিক্রী হলেই বাঁচি।" কেই ডাকিতেছে, "মাছ নেবে গো —ধন দাগরের মিঠা মাছ—যে কেনে তার পুনর্জন্ম হয় না ধর্ম অর্থ কাম মোক্ষ বিবির মুঙে পরিনত হইয়া তার ঘর ঘারে ছড়াছড়ি याञ्च, यात्र माध्य थाटक किनिटव । टमानात ইাড়িতে চোথের জলে সিদ্ধ করিয়া, হৃদত্ব আগুনে কড়া দ্বাল দিয়া রাঁধিতে হয় --কে খরিদ্ দার সাহস করিস – আয়। সাবধান! रीबाब कांछ। - नाकि काँछ। - शनाम, वाधरन শাশুড়িরপী বিড়ালের পায়ে পড়িতে হয় – কাটার স্থালায়, খরিদার হলে কি পলায়!"

কেছ ভাকিভেছে "ওরে আমার সরম পুঁটি, বিক্রী হলেই উঠি। ঝোলে ঝালে অম্বলে, তেলে খিয়ে জলে, যাতে দিবে ফেলে, রামা যাবে চলে,—সংসারের দিন স্থথে কাটাবে আমার এই সরম পুঁটির বলে।" কেছ বলিভেছে "কাদা ছেঁচে চাঁদা এনেছি — দেখে খরিদার পাগল হয়। কিনে নিয়ে ঘর আলো কর।"

এইরপ দেখিয়া শুনিয়া মাছ কিনিতে প্রবৃত্ত হইলাম—কেন না আমার নিরামিষ বর কর্না। দেখিলাম মাছের দালাল আছে; আম পুরোহিত। দালাল খাড়া হইলে দর জিজ্ঞাসা করিলাম—শুনিলাম দর, "জীবন সর্কায়।" যে মাছ ইচ্ছা সেই মাছ কেন, একই দর, "জীবন সর্কায়।" জিজ্ঞাসা করিলাম, "ভাল এমাছ কত দিন খাইব।" দালাল বলিল, কুদিন চারি দিন, তার পর পচিয়া

গন্ধ হইবে।" তথন "এত চড়া দুরে, এমন নশ্বর সামগ্রী কেন কিনিব ?" ভাবিয়া আমি মেছো হাটা হইতে পলায়ন করিলাম। দেখিয়া মেছনীরা গামছা কাঁবে মিন্সেকে গালি পাড়িতে লাগিল।

রূপের বাজার ছাড়িয়া বিদ্যার বাজারে গেলাম। দেখিলাম, এখানে ফলমূল বিক্রয় হয়। একস্থানে দেখিলাম, কতকগুলি ফেঁটো কাটা টিকিওয়ালা ব্রাহ্মণ ভসর গরদ পরিয়া नामाविन शारम, यूना नातित्करलत रमाकान থুলিয়া বসিয়া খরিদুদার ডাকিতেছেন—" বেঙি আমরা ঘটত পটত্ব বত্ব গর্—ঘরে চাল থাকি লেই স্ব-ছ, নইলে ন-ছ। দ্ৰব্ৰ জাতিয় छनञ्च शनार्थ-वारश्व खाटक विनास ना निटल ह তুমি বেটা অপদার্থ। পদার্থত বু<sup>ই</sup> নামে বুনা নারিকেল – খাইতে বড় কঠিন – কাছার গ্র-থম ছোবড়ায় লেখে যে ব্রাহ্মনীই প্রত্রাপদার্থ।

অভাব নামে নারিকেল চতুর্ব্বিধ# – তোমার ঘরে ধন আছে, আমার ঘরে নাই, ইহা অন্যা-ন্যাভাব। যতক্ষণ না পাই, ততক্ষণ প্রাগ-ভাব: খরচ হইয়া গেলেই ধ্বংসাভাব; আর আমাদের ঘরে সর্বদাই অত্যন্ত অভাব। অভাব নিত্য কি অনিতা যদি সংশয় থাকে. তবে আমাদের ভাণ্ডারে উকি মার – দেখিবে নিতাই অত্যন্ত অভাব। অতএব আমাদের यूना नातिरकल रकन। न्याभ्य, न्याभक. ব্যাপ্তি, এ নারিকেলের শাঁস, ত্রাক্ষণের হস্ত হইল ব্যাপ্য, রজত হইল ব্যাপ্রক; আর তুমি नित्नरे घरिन व्याखि; এই यूनानातिरकन কেন, এখনই বুঝিবে। দেখ, রাপু, কার্য্য কারণ সম্বন্ধ বভু গুরুতর কথা: টাকা দাও,

<sup>\*</sup> নৈয়ায়িকেরা বলেন,অভাব চতুর্কিধ; অভাভাত্তাব. প্রাগভাব, ধ্বং নাভাব? আর অত্যস্তাভাব। শ্রী ক্যলাক্ষ্য

এখনই একটা কাৰ্য্য হইবে, কম দিলেই অকাৰ্য্য। আর কারণ বুঝাইব কি, এই যে তুই প্রহর রোজে ঝুনানারিকেল বেচিতে আদিয়াছি, ভ্রাহ্মণীই তাহার কারণ — কিছু যদি
না কেন, তবে নারিকেল বহা, — অকারণ।
অতএব নারিকেল কেন, নহিলে এই ঝুনানারিকেল মাধায় চুকিয়া মরিব।"

ব্রাহ্মণদিগের সেই প্রথর তপনতপ্ত ঘশাক্ত ললাট এবং বাগ্বিতগুজনিত ক্ধর
প্রধারপ্তি দেখিয়া দয়া হইল—জিজ্ঞাসা করিলাম "হাঁ ভট্টাচার্য্য মহাশয়! ঝুনানারিকেল
কিনিতে আপত্তি নাই, কিন্তু দোকানে দ্যু
আছে গছুলিবে কি প্রকারে গু'

" ना वालू मा द्राशि ना।"

"তবে নারিকেল ছোল কিলে ?"

"আমরা ছুলি না—আমরা কামড়াইয়া ছোবড়া খাই।" শুনিয়া, আমি ব্রাহ্মণদিগকে নমস্কার কক্রিয়া পাশের দোকানে গেলাম।

দেখিলাম ইহাদিগের সমুখেই এক্সপেরি-মেণ্টেল সায়েম্পের দোকান। কতকগুলি সাহেব দোকানদার, ঝুনানারিকেল, বাদাম, পেস্তা, স্থারি প্রভৃতি ফল বিক্রয় করিতে-ছেন। ঘরের উপরে বড় বড় পিতলের অ-ক্রমে লেখা আছে।

MESSRS BROWN JONES AND ROBINSON

NUT SUPPLIERS

ESTABLISHED 1557

ON THE FIELD OF PLASSEY.

MESSES BROWN JONES AND ROBINSON,

offer to the Indian Public

A Large Assortment of

PHYSICAL, METAPHYSICAL, LOGICAL ILLOGICAL,

AND

SUPPLIENT TO BREAK THE JAWS

and
DISLOCATE THE TEETH OF
ALL INDIAN YOUTHS

WHO STAND IN NEED OF HAVING THEIR DENTAL SUPERFLUITIES CURTAILED.

দোকানদার ভাকিতেছেন—" আয় কালা বালক Experimental Science খাবি আয় ৷ দেখ, ১নম্বর এক্সপেরিমেণ্ট – ঘুদি; ইহাতে দাঁত উপড়ে, মাথা ফাটে এবং হাড় ভাঙ্গে। আমরা এ সকল এক্সপেরিমেণ্ট বিনামূল্যে দেখাইয়া থাকি – পরের মাধা বা নরম হাড় পাইলেই হইল ৷ আমরা স্থূল পদার্থের সং-যোগ বিয়োগ সাধনে পট্ট - রাসায়নিক বলে-वा रेक्झाजीय वरन, वा ट्रीचूक वरन, জড़-পদার্থের বিশ্লেষণেই স্থদক্ষ কিন্তু সর্কা-পেকা মুষ্টাঘাতের বলে মস্তকাদির বিশ্লেষ-ণেই আমরা কৃতকার্য্য। মাধ্যাক্র্রণ,যৌগি-কাকৰ্ষণ, চৌম্ব কাকৰ্ষণ প্ৰভৃতি নানাবিধ

আকর্ষণের কথা আমরা অবগত আছি, কিন্তু দর্কাপ্রেক্ষা কেশাকর্ষণেই আমরা কৃতবিদ্য। এই সংসারে জড় পদার্থের নানাবিধ যোগ দেখা যায়; যথা বায়তে অমজান, ও যবক্ষার জানের সামান্য যোগ; জলে জলজান ও অমু-জানের রাদায়নিক যোগ, আর তোমাদিগের প্রচে, আমাদের হস্তে মুষ্টিযোগ। অতএব, এই সকল আশ্চর্য্য ব্যাপার দেখিবে যদি, মাথা বাড়াইয়া দাও; এক্সপেরিমেন্ট করিব। দেখিবে, গ্রাবিটেশ্যনের বলে এই সকল নারিকেলাদি তোমার মস্তকে পড়িবে; পর্ক-শ্রমামক অদ্ভূত শাব্দিক রহস্যেরও পরিচয় পাইবে, এবং দেখিবে তোমার মস্তিক্ষস্থিত স্নায়ৰ পদার্থের গুণে তুমি বেদনা অনুভূত করিবে।

অগ্রিষ্ঠ মূল্য দিও; তাহাহইলে চ্যারিটিতে এক্সপেরিমেন্ট খাইতে পারিবে।"

আমি এই সকল দেখিতে শুনিতে ছিলাম. এমত সময়ে, সহসা দেখিলাম যে ইংরেজ দোকানদারেরা, লাঠী হাতে, ক্রুতবেগে ত্রা-ক্ষণদিশের ঝুনানারিলের গাদার উপর গিয়া পড়িলেন, দেখিয়া, ব্রাহ্মণেরা নারিকেল ছা-ড়িয়া দিয়া, নামাবলী ফেলিয়া, মুক্তকচ্ছ হইয়া উদ্ধিয়াসে প্রনায়ন করিতে লাগিলেন। তথন সাহেবেরা সেই সকল পরিত্যক্ত নারিকেল দোকানে উঠাইয়া লইয়া আসিয়া, বিলাতী অস্ত্রে ছেদন করিয়া, হুথে আহার করিতে লাগিলেন। আঁমি জিজ্ঞাসা করিলাম, যে "এ কি হইল ?" সাহেবেরা বলিলেন,"ইহাকে বলে Asiatic Researches." আমি তথন ভীত रहेशा, आञ्चनतीरत देकान श्रकांत्र Panatonical researches আশকা করিয়া, দেশান হুইতে পলায়ন করিলাম।

নাহিত্যের বাজার দেখিলাম। দেখিলাম

বাল্মীকি প্রভৃতি ঋষিগণ অমৃত ফল বেচিতেছেন, বুঝিলাম ইহা সংস্কৃত সাহিত্য; দেখিলাম দেবর্ষি ভুল্য জ্যোতির্ময় মনুষ্যগণ নীচু
পীচ পেয়ারা আনারস আঙ্গুর প্রভৃতি স্থপাত্ত
ফল বিক্রের করিতেছেন – বুঝিলাম এ পাশ্চাত্য
সাহিত্য। আরও একখানি দোকান দেখিলাম—অসংখ্য শিশুগণ তাহাতে ক্রের বিক্রের
করিতেছে—ভিড়ের জন্য তন্মধ্যে প্রবেশ ক
রিতে পারিলাম না—জিজ্ঞাসা করিলাম, এ
কিসের দোকান ?

বালকেরা বলিল, "বাঙ্গালা দাহিত্য ?" "বেচিতেছে কে?"

"আমরাই বেচি। ছই একজন বড় মহাজনও আছেন। তদ্তিম বাজে দোকান-দারের পরিচয় পশাবলী নামক এছে পাই বেন।"

"কিনিভেছে কে ?"

## "আমরাই।"

বিক্রেয় পদার্থ দেখিবার বাসনা ছইল। দেখিলাম – খবরের কাগজ জড়ান কতকগুলি অপক কদলী।

তাহার পরে কলু পটিতে গেলামা দে-থিলাম যত উমেদার, মোদায়েব, সকলে কলু সাজিয়া তেলের ভাঁড় লইয়া সারি সারি ববিয়া গিয়াছে। তোমার ট্যাকে চাকুরি আছে, শুনিতে পাইলেই, পা টানিয়া লইয়া, ভাড় বাহির করিয়া, তেল মাখাইতে বসে। চাকরি না থাকিলেও - যদি থাকে, এই ভরদায়, পা টানিয়া লইয়া, তেল লেপিতে বসে। তে মার কাছে চাকরি নাই-নাই নাই-নগদ টাকা আছে ত-আছা তাই দাও-তেল দিতেছি। কাহারও প্রার্থনা, তোমার বাগানে বদিয়া তুমি যথন ত্রাণ্ডি খাইবে, আমি তো-মার চরণে তৈল মাথাইব-আমার কন্যার বিবাহটি যেন হয়। কাহারও আদ্দাশ, তোন্যার কাণে অবিরত খোষামোদের গন্ধ তৈল ঢালিব—আমার বাড়ীর প্রাচীরটি যেন দিতে পারি। কাহারও কামনা, তোমার তোষাখানার বাতি জালিয়া দিব—আমার থবরের কাগজখানি যেন চলে। শুনিয়াছি কলুদিগের টানাটানিতে অনেকের পা খোঁড়া হইয়া গিয়াছে। আমার শক্ষা হইল, পাছে কোন কলু আফিঙ্গের প্রার্থনায় আমার পায়ে তেল দিতে আরম্ভ করে। আমি পলায়ন করিলাম।

তার পরে যশের বাজারে গেলাম — দেথিলাম সে ময়রাপটা। সম্বাদপত্রলেথক
নামে ময়রাগণ, গুড়েসন্দেশের দোকান পাতিয়া, নগদ মূল্যে বিক্রেয় করিতেছে — রাস্তার
লোক ধরিয়া সন্দেশ গতাইয়া দিয়া, হাত
পাতিতেছে — মূল্য না পাইলেই কাপড় কাড়িয়া
লইতেছে। এদিকে তাহাদের বিক্রেয় যশের

ছুৰ্গন্ধে পথিক নাদিকা আরত করিয়া পলা-য়ন করিতেছে। দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে, আশ্চর্যা সন্দেশ করিয়া সন্তা-দরে, বিক্রয় করিতেছেন। কেহ টাকাটা সিকেটায় আনা ছু আনায়, কেহ কেবল থা-তিরে—কেহ বা এক সাঁজ ফলাহার পেলেই, ছাড়েন—কেহ বা বাবুর গাড়িতে চড়িতে পে-লেই যশোবিক্রয় করেন। অন্যত্র রাজপুরুষ-গণ মিঠাইওয়ালা সাজিয়া, রায়বাহাতুর, রাজা-ঝহাতুর খেতাব, খেলাত, নিমন্ত্রণ, ধন্যবাদ প্রভৃতি মিঠাই লইয়া দোকান পাতিয়া বদিয়া আছেন, - চাঁদা, দেলাম, খোষামোদ,ডাক্তার-খানা, রাস্তাঘাট, মূল্য লইয়া মিঠাই বেচিতে-ছেন। বিক্রয়ের বড় বেবল্যোবস্ত – কেহ দৰ্বস্থ দিয়া এক ঠোঙ্গা পাইতেছে না-কেহ শুধু সেলামে দেড়মন লইয়া যাইতেছে। এই-রূপ অনেক দোকান দেখিলাম কিন্তু সর্ববিত্তই পচা মাল আধা দরে বিক্রন্ন হইতেছে—থাটি দোকান দেখিলাম না। কেবল একথানি দোকান দেখিলাম—তাহা অতি চমৎকার।

দেখিলাম দোকানের মধ্যে নিবিড় অন্ধকার—কিছু দেখা যায় না। ডাকিয়া দোকানদারের উত্তর পাইলাম না—কেবল এক
দর্বপ্রাণিভীতিসাধক অনস্ত গর্জ্জন শুনিতে
পাইলাম—অল্লালোকে ছারেফলকলিপিপড়িলাম।

যশের পণ্যশালা।
বিক্রেয়—অনস্করণ।
বিক্রেডা—কাল!
মূল্য জীবন।

জীয়তে কেহ এখ্লামে প্রবেশ করিতে পারে না। আর কোথাও স্থবশঃ বিরুদ্ধ হয় না।

পড়িয়া ভাবিলাম আমার যশে কাজ নাই কমলাকান্তের প্রাণ বাঁচিলে অনেক যশ হইবে।

বিচারের বাজারে গেলাম—দেখিলাম সেটা কসাইখানা। টুপি মাথায় শামলা মাথায়— ছোট বড় কসাই সকল, ছুরি হাতে গোরু কাটিতেছে। মহিষাদি বড় বড় পশু সকল শৃঙ্গ নাড়িয়া ছুটিয়া পলাইতেছে;—ছাগ মেষ এবং গোরু প্রভৃতি ক্ষুদ্র পশু সকলধরা পড়ি-তেছে। সামাকে দেখিয়া গোরু বলিয়া এক জন কসাই বলিল, "এও গোরু; কাটিতে হ-ইবে।" আমি সেলাম করিয়া পলাইলাম।

আর বড় বাজার বেড়াইবার সাধ রহিল
না—তবে প্রসমের উপর রাগ ছিল বলিয়া
একবার দইয়ে হাটা দেখিতে লাগিলাম—গিয়া
প্রথমেই দেখিলাম যে সেখানে খোদ কমলাকান্ত চক্রবর্তী নামে গোয়ালা—দপ্তররূপ পচা
ঘোলের হাঁড়ি লইয়া বসিয়া আছে—আপনি
ঘোল ধাইতেছে, এবং পরকে খাওয়াইতেছে।
তথন চমক হইল—চক্ষ্ণ চাহিলাম দেখি-

লাম, নশীবাবুর বাড়ীতেই আছি। ঘোলের হাঁড়ি কাছে আছে বটে। প্রদন্ধ এক হাঁড়ি ঘোল আনিয়া আমাকে দাধিতেছে—"চক্রবর্তী মশাই—রাগ করিও না। আজ আর তুধ দই নাই—এই ঘোল টুকু আনিয়াছি—ইহার দাম দিতে হইবে না।"

# একাদশ সংখ্যা। আমার ছর্গোম্সব।

সপ্তমীপূজার দিন কে আমাকে এত আফিঙ্গ চড়াইতে বলিল! আমি কেন আফিঙ্গ থাই-লাম! আমি কেন প্রতিমা দেখিতে গেলাম! গাহা কখন দেখিব না তাহা কেন দেখিলাম! এ কুহক কে দেখাইল!

দেখিলায় — অকস্মাৎ কালের স্রোতঃ, দিগন্ত ব্যাপিয়া প্রবলবেগে ছুটিতেছে — আমি ভেলায় চড়িয়া ভাসিয়া যাইতেছি। দেখি

লাম-অনন্ত, অঞ্চল, অন্ধকারে, বাত্যাবিকৃত্ত তরঙ্গদঙ্কুল সেই ভোতঃ—মধ্যে মধ্যে উচ্ছল নক্ত্রণণ উদর হইতেছে, নিবিতেছে—আবার উঠিতেছে, দিগস্ত আলো করিতেছে—আবার নিবিতেছে। আমি নিতান্ত একা-একা বলিয়া ভয় করিতে লাগিল—নিতান্ত একা— মাতৃহীন—মা! মা! করিয়া ডাকিতেছি। আমি এই কাল সমুদ্রে মাতৃসন্ধানে আসিতেছি। কোথা মা! কই আমার মা! কোথায় কমলা-কান্তপ্রসূতি বন্ধভূমি! এ ঘোর কাল সমূদ্রে কোথায় ভূমিং সহসা স্বর্গীয় বাদ্যে কর্ণরন্ধ পরিপূর্ণ হইল—দিল্পগুলে প্রভাতারুণোদয়বৎ লোহিতোজ্বল আলোক বিকীৰ্ণ হইল-মিগ্ৰ মন্দ প্ৰম বহিল সেই তরগ্ৰস্কুল জলৱাশির উপরে, দূর্প্রান্তে দেখিলাম স্থবর্ণমণ্ডিতা, এই সপ্তমীর শারদীয়া প্রতিমা! জলে, হাসি-তেছে, ভাসিতেছে, আলোক বিকীৰ্ণ করি-

**उट्टा वह कि मा! हाँ, वह मा।** किनिलाग, এই আমার জননী জমাভূমি—এই মুখায়ী—মুক্তি-কার্যপিশী—অনন্তরত্বভাষিতা—এক্ষণে কালগর্ভে নিহিতা। রত্মপ্তিত দশভুজ-দশদিক-দশ-দিকে প্রদারিত; তাহাতে নানা আয়ুধরূপে নানা শক্তি শোভিত; পদতলে শক্ত বিমৰ্দিত, পদাশ্রিত বীরজন কেশরী শক্রনিস্পীড়নে নিযুক্ত! এ মূর্ত্তি এখন দেখিব না—আজি দেখিব না. কাল দেখিব না-ফাল স্রোত পার না হইলে দেখিব না কিন্তু এক দিন দেখিব... **नि**श्चुका, नाना श्रद्धतं श्रद्धां हिनी, श्राक्यार्किनी. বীরেজপুষ্ঠবিহারিশী দক্ষিণে লক্ষ্মী ভাগ্য-क्रांभनी, बारम वानी विमाविकानमृर्किमशी, সঙ্গে বলরূপী কার্তিকেয়, কার্য্যসিদ্ধিরূপী গণেশ, আমি সেই কাল স্রোতোমধ্যে দেখি-লাম এই স্তৰ্ণময়ী বঙ্গ প্ৰতিমা!

কোৰার ফুল পাইলাম বলিতে পারিনা—

কিন্তু সেই প্রতিমার পদতলে পুষ্পাঞ্জলি দি-नाम-जाकिनाम, "मर्क मक्रन मक्राता भिरव, আমার দর্কার্থ দাধিকে! অসংখ্য সন্তানকুল-পালিকে! ধর্ম, অর্থ, ত্রথ চুঃথ দায়িকে! আ-মার পুষ্পাঞ্জলি গ্রহণ কর! এই ভক্তি প্রীতি রত্তি শক্তি করে লইয়া তোমার পদতলে পুষ্পা ঞ্জলি দিতেছি, তুমি এই অনন্ত জলমণ্ডল ত্যাগ করিয়া এই বিশ্ববিমোহিনী মূর্ত্তি একবার জগং সমীপে প্রকাশ কর। এদোমা! নবরাগ-त्रिशिं, नव वलधातिनि, नव मर्लि मर्लिनि, नव-- श्रञ्जनिर्मिन- अटना मां, गृद्ध अटना- इन्नरकां है সন্তানে একত্রে, এক কালে, দ্বাদশকোটি কর যোড় করিয়া, তোমার পাদপদ্ম পূজা করিব। ছয় কোটি মুখে ডাকিব, মা প্রদৃতি অধিকে! ধাত্রি ধরিত্রি ধন ধান্য দায়িকে! নগাঙ্কশোভিনি नश्यक वालिक। भन्न छन्मिन हात्र श्रृर्वहत्त ভালিকে! ভাকিব,–সিন্ধু মেবিতে দিন্ধুপ্-

িজিতে সিম্বনথনকারিণি, শত্রুবধে দশভুজে দশপ্রহরণ ধারিণি: অনন্ত শ্রী অনন্ত কালন্তা-য়িন। শক্তি দাও, সন্তানে, অনন্তশক্তি প্রদা-যিনি! তোমায় কি বলিয়া ডাকিব মা? এই ছয় কোটি মুগু ঐ পদপ্রান্তে লুটত করিব এই ছয় কোটি কণ্ঠে ঐ নাম করিয়া ভঙ্কার করিব, এই ছয় কোটি দেহ তোমার জন্য প্র তন করিব—না পারি এই দ্বাদশ কোটি চ কে তোমার জন্য কাঁদিব। এসো মা গৃহে এসে। —যাহার ছয় কোটি সন্তান—তাহার ভাবনা কি গ

দেখিতে দেখিতে আর দেখিলাম নাসেই অনস্ত কাল সমুদ্রে সেই প্রতিমাড়বিল :
অক্ককারে সেই তরঙ্গসন্থল জলরাশি ব্যাপিল,
জলকলোলে বিশ্বসংসার প্রিল! তথন যুক্ত
বির্থায় বঙ্গভূমি! উঠ মা! এবার অসন্তান

ছইব—সংপথে চলিব—তোমার মুখ রাখিব।
উঠ মা, দেবি দেবামুগৃহীতে—এবার আপনা
ভূলিব—ভাতৃবৎসল হইব, পরের মঙ্গল সাধিব—অধর্ম,আলস্য, ইন্দ্রিয়ভক্তি ত্যাগ করিব—উঠ মা—একা রোদন করিতেছি, কাদিতে কাঁদিতে চক্ষু গেল মা! উঠ উঠ, উঠ মা
বঙ্গজননি।

মা উঠিলেন না। উঠিবেন না কি!

এদ ভাই দকল! আমরা এই অন্ধকার কালস্রোতে কাঁপ দিই! এদ আমরা বাদশ কোটি ভুক্তে ঐ প্রতিমা তুলিয়া, ছয় কোটি মাথায় বহিয়া, য়য়ে আমি। এদ, অন্ধকারে ভয় কিং ঐ য়ে নক্ষত্র দকল মধ্যে মধ্যে উঠি-তেছে নিবিতেছে উহারা পঞ্চদেখাইবে—চল! চল' অসংখ্যা বাহুর প্রক্রেপে, এই কাল দমুদ্র তাড়িত, মথিত, ব্যস্ত করিয়া, আমরা সন্তরণ করি—দেই স্বর্ণপ্রতিমা মাথায় করিয়া আনি। ভয় কিং না হয় ডুবিব; মাতৃহীনের জীবনে কাজ কি? আইস, প্রতিমা তুলিয়া আনি, বড় পূজার ধূম বাঁধিবে। ছেষক ছাগকে হাড়িকাটে ফেলিয়া সৎকীর্ত্তি থড়েগ মায়ের কাছে বলি দিব—কত পুরায়তকার ঢাকী, ঢাক ঘাড়ে করিয়া, বঙ্গের বাজনা বাজাইয়া আকাশ কটাইবে—কত ঢোল, কাশি, কাড়া, নাগরায় বঙ্গের জায় বাদিত হইবে। কত দানাই পোঁ ধরিয়া গাইবে "কতনাচ গো।—" বড় পূজার ধুম বাঁধিবে। কত আহ্মণ পণ্ডিত লুচি মণ্ডার লোভে বঙ্গপুজায়-আসিয়া পাত্ড। মারিবে—কত দেশী বিদেশী ভদ্রাভদ্র আসিয়। মায়ের চরণে প্রণামি দিবে কত দীন তুঃখী প্রসাদ থাইয়া • উদর পূরিবে। কত নর্ভকী নাচিবে, কত গায়কে মঙ্গল গায়িবে, কত কোটি ভক্তে ডাকিবে মা । মা । মা ।—

জয় জয় জয় জয়া জয়দাত্তি।

জয় জয় জয় বঙ্গ জগদাতি॥ - जरा जरा जरा स्थाप वास्ता क्य क्य क्य वर्ताम मर्चाम ॥ জয় জয় জয় শুভে শুভঙ্করি। জয় জয় জয় শান্তি ক্ষেমগ্বরি। দ্বেষকদলনি, সন্তানপালনি। জয় জয় তুর্গে তুর্গতিনাশিনি। জয় জয় লক্ষিয় বারিন্দ্রবালিকে॥ জয় জয় কমলাকান্ত পালিকে » জয় জয় ভক্তি শক্তি দায়িকে. পাপ ভাপ ভয় শোক নাশিকে। মুত্রল গম্ভীর ধীর ভাষিকে জয় মা কালি করালি অন্বিকে। জয় হিমালয় নগবালিকে ' অতুলিত পূর্ণচক্র ভালিকে। শুভে শোভনে সর্বার্থ সাধিকে, জয় জয় শান্তি শক্তি কালিকে,

জয় মা কমলাকান্ত পালিকে॥
নমোস্ত তে দেবি বরপ্রদে শুভে।
নমোস্ত তে কামচরে দদা প্রুবে॥
ব্রহ্মাণীজাণি রুদ্রাণি ভূতভব্যে যশস্বিনি
ত্রাহি মাং সর্ব্বভূথেভ্যো দানবানাং ভয়স্করি।
নমোস্ত তে জগন্ধাথে জনান্দনি নমোস্ত তে।
প্রিয়দান্তে জগন্মাতঃ শৈলপুত্রি বস্তন্ধরে।
ত্রায়স্ব মাং বিশালান্ধি ভক্তানামার্ত্তনাশিনি।
নমামি শিরসা দেবীং বন্ধনোস্তবিমোচিতঃ॥
#

### ছাদশ সংখ্যা।

#### একটি গীত।

"শোন্ প্রসন্ন, তোকে একটি গীত শুনা ইব।"

প্রসন্ন গোয়ালিনী বলিল, "আমার এখন

<sup>্</sup>র স্বার্যান্তোত দেখ।

গান শুনিবার সময় নয়—ছধ যোগাবার বেলা হলো।"

কমলাকান্ত। "এদো এদো বঁধু এদো" প্রদান। "ছি ছি ছি! আমি কি তোমার বঁধু?" কমলাকান্ত—"বালাই! ষাট, তুমি কেন বঁধু হইতে যাইবে? আমার গীতে আছে—"

এনো এদো বঁধু এদো—আধ আঁচরে বদো—

স্থর করিয়া আমি কীর্ত্তন ধরাতে প্রসম ছধের কেঁড়ে রাখিয়া বদিল, আমি গীতটি আদ্যোপান্ত গায়িলাম।

" এসো এসো বঁধু এসো আধ আঁচরে বসে।
নয়ন ভরিয়ে তোমায় দেখি।
অনেক দিবসে, মনের মানসে
তোমা ধনে মিলাইল বিধি।
মনি নও মানিক নও যে হার করে গলে পরি,
ফুল নও যে কেশের করি বেশ।
নারী না করিত বিধি, তোমা ইনে গুণনিধি,

লইয়া ফিরিতাম দেশ দেশ।।
বঁধু তোমায় যথন পড়ে মনে।
আমি চাই বৃন্ধাবন পানে
আলুইলে কেশ নাহি বাঁপি।
বন্ধনশালাতে গাই,
ধুঁয়ার ছলনা করি কাঁদি।"

মিল ত চমংকার, "দেখি" আর "বিধি" মিলিল! কিন্তু বাঙ্গালা ভাষায়, এইরূপ মোহ-মন্ত্র আর একটি শুনিব, মনে বড় সাধ রহি-য়াছে। যথন এই গান প্রথম কর্ণ ভরিয়া শুনিয়াছিলাম, মনে হইয়াছিল, নীলাকাশতলে ক্ষুদ্র পক্ষী হইয়া এই গীত গাই—মনে হইয়া-ছিল সেই বিচিত্ত স্ষ্টিকুশলী কবি শ্রীমন্তাগ-বতকারের স্থৃষ্টি দৈববংশী লইয়া,মেঘের উপর যে বায়ুস্তর, শব্দশূন্য, দৃশ্যশূন্য, পৃথিবী বেথান হইতে দেখা যায় না, সেইখানে বদিয়া, দেই মুরলীতে, একা এই গীত গাই—এই গীত কথন ভূলিতে পারিলাম না; কখন ভূলিতে পারিব না।

এসো এসো বৃষু এসো—

লোকের মনে কি আছে বলিতে পারি না, কিন্তু আমি কমলাকান্ত চক্রবর্তী, বুঝিতে পারি না, যে ইন্দ্রিয় পরিভৃপ্তিতে কিছু স্থুখ আছে। ্য পশু ইন্দ্রিয় পরিতৃপ্তি জন্য পরসন্দর্শনের আকাজ্মী, সে যেন কখন কমলাকান্ত শর্মার দপ্তর মুক্তাবলী পড়িতে বদে না। আমি বিলাসপ্রিয়ের মুখে "এসো এসো বঁধু এসো" বুঝিতে পারি নাঁ। কিন্তু ইহা বুঝিতে পারি যে, মনুষ্য মনুষ্যের জন্য হইয়াছিল—এক क्रमग्न जना क्रमाग्न क्रमा क्रमाक्रिन-एमरे क्रमा अमार मध्या , अमार क्रमा मिलन, देश ने अवा जीवरनत स्थ। देशजाम मनुवादनरत একমাত্র ভ্ষা, অনাহৃদয়কামনা। মনুষ্য-হৃদয় অনুবরত হৃদয়ান্তরকে ডাকিতেছে, "এদো এসো বঁধু এসো।" কুদ্র কুদ্র প্রবৃত্তি সকল শরীর রক্ষার্থ—মহতী প্রারুতি দকলের উদ্দেশ্য "এনো এদো বঁধু এসো।" তুমি চাকরি কর, থাইবার জন্য-কিন্তু যশের আকাজ্যা কর, পরের অনুরাগ লাভ করিবার জন্য-জনসমা-জের হৃদয়কে তোমার হৃদয়ের সঙ্গে মিলিত করিবার জন্য। তুমি যে পরোপকার কর দে পরের জনয়ের ক্লেশ আপন হৃদয়ে অমু-ভত কর বলিয়া। তুমি যে রাগ কর, সে তোমার মনোমত কার্য্য হইল না বলিয়া,হৃদয় - " (अरमा अरमा वेंधू (अरमा ।" मर्वर कर्ण्यंत्र এই মন্ত্র, "এসো এসো বঁধু এসো।" জড় জগতের নিয়ম আকর্ষণ। বৃহৎ গ্রহ, উপ-গ্ৰহকে ভাৰিতেছে "এসো এসো বঁধু এসো।" সৌর পিও বৃহৎ গ্রহকে ডাকিতেছে, "এসো এনো বঁধু এনো।" জগৎ জগদন্তরকে ডাকি- তেছে "এসো এসো বঁধু এসো।" পরমাণু পরমাণুকে অবিরত ডাকিতেছে—"এসো এসো বঁধু এসো।" জড়পিগু নকল, গ্রহ, উপগ্রহ ধূম-কেতু—সকলেই এই মোহমন্ত্রে বাঁধা পড়িয়া ঘুরিতেছে। প্রকৃতি, পুরুষকে ডাকিতেছে "এসো এসো বঁধু এসো।" জগতের এই গন্তীর অবিশ্রান্তধ্বনি—"এসো এসো বঁধু এসো।" কমলাকান্তের বঁধু কি আসিবে!

#### আধ আঁচরে বদো।

এই তৃণশংশসমাস্ত্র, কণ্টকাদিতে কর্কশ
সংসারারণ্যে, হে বাঞ্চিত! তোমাকে আর কি
আসন দিব, আমার এই হৃদয়াবরণের অর্দ্ধেকে
উপবেশন কর। তোমার তুঃথ, তোমার কুশ
কণ্টকাদি আচ্ছাদন জন্য আমি এই আপন অঙ্গ
অনারত করিতেছি—আমার আঁচরে বলো।
যাহাতে আমার লক্ষারকা, মানরকা, যাহাতে

আমার শোভা, হে মিলিত। তুমিও তাহার অর্দ্ধেক গ্রহণ কর—আধ আঁচরে বদাে। হে পরের হৃদয়, হে স্থলর, হে মনোরঞ্জন, হে স্তথদ! কাছে এদো, আমাকে স্পর্শ কর,আমি তোমাতে সংলগ্ন হইব,—দূরে আসনগ্রহণ করিও না—এই আমার শরীরলগ্ন অঞ্চলার্দ্ধে বসো। হে কমলাকান্ত! হে ছুর্বিনীত! হে আজ্মবিবাহশূন্য, তুমি এতদর্থে শান্তিপুরে কল্কাদার আঁচলের আধথানা বুঝিও না। তুমি যে অঞ্লাৰ্দ্ধে বসিবে, তাহায় তাঁতি আজিও জন্মে নাই। মনের নগ্রস্থ জ্ঞানবদ্রে আরত; অর্দ্ধেকে তোমার হৃদয় আরত রাখ, অর্দ্ধেকে বাঞ্ছিতকে বসাও। তুমি মূর্থ—তথাপি তো-মার অপেকা মূর্থ যদি কেছ থাকে তাহাকে ডাক—" এসো এসো বঁধু এসো—আধ আঁচরে रत्मा ।"

#### নয়ন ভরিয়া ভোমায় দেখি।

কেহ কখন দেখিয়াছে ? ভূমি অনেক ধন উপার্জন করিয়াছ-কখন নয়ন ভরিয়া আত্র-ধন দেখিতে পাইয়াছ ? তুমি যশস্বী হইবার জন্য প্রাণপাত করিয়াছ-কিন্তু আত্মযশোরাশি দেখিয়া কবে তোমার নয়ন ভরিয়াছে ? রূপ-তৃষ্ণায় তুমি ইহজীবন অতিবাহিত করিলে— বেখানে ফুলটি ফুটে, ফলটি দোলে, যেখানে পাথীটা উড়ে, যেখানে মেঘ ছুটে, গিরিশুঙ্গ উঠে, ननी वर्ष्ट, जन बारत, ভूমি সেইখানে রূপের অনুসন্ধানে ফিরিয়াছ--যেখানে বালক, প্রফুলমুখমণ্ডল আন্দোলিত করিয়া হাসে, যে-খানে যুবতী ব্রীড়াভরে ভাঙ্গা ভাঙ্গা হইয়া শক্ষিত গমনে বার, বেখানে প্রোঢ়া নিতান্ত ফুটিত মধ্যায় পদ্মিনীবৎ অকাতরে রূপের বিকাশ করে, ভূমি সেইখানেই রূপের সন্ধানে ফিরি-

য়াছ, কখন নয়ন ভরিয়া রূপ দেখিয়াছ ? দেখ নাই কি, যে কুমুম দেখিতে দেখিতে শুকায়, कल दिश्वा दिश्वा भारक, भारक, भारक, भारक; পাথী উভিয়া যায়, মেঘ চুলিয়া যায়, গিরি ধ্রমে লুকায়, নদী শুকায়, চাঁদ ভুবে, নক্ষত্র নিবিয়া যায়। শিশুর হাসি রোগে হরণ করে, যুবতীর ত্রীড়া-কিসে না যায়? প্রোঢ়া বয়দে শুকাইয়া যায়। ইহা সংসারের তুর-দৃষ্ট—কেহ কিছু নয়ন ভরিয়া দেখিতে পায় না। অথবা এই সংসারের শুভাদুট-কেহ কিছু নয়ন ভরিয়া দেখিতে পান্ম না। গতিই मः मारतत स्थ- ठाक्षना है मः मारतत रमीन्या। নয়ন ভরে না। সে নয়ন আমরা পাই নাই। পাইলে সংশার তুঃখময় হইত; পরিতৃপ্তি রা-ক্ষদ আমাদের সকল স্থুখকে গ্রাস করিত। কোন কারিগর অভিসন্ধি করিয়া এই পরি-বর্ত্তনশীল সংসার, আর এই অতৃপ্য নয়ন স্থ-

জন করিয়াছিলেন কি না বলিতে পারি না; কিন্তু যদি কারিগরের কারিগরি থাকে, তবে কারিগরির উপর কারিগরি, এই বাসনা, নয়ন ভরিয়া তোমায় দেখি। জগৎ পরিবর্ত্তনশীল, নয়নও অতৃপ্যা, অথচ বাসনা—নয়ন ভরিয়া তোমায় দেখি।

হে রূপ! হে বাছ সৌল্ব্যা! হে অন্তঃপ্রকৃতির সহিত সম্বন্ধবিশিক্ট! কাছে আইস,
নয়ন ভরিয়া তোমায় দেখি। দূরে বসিলে
দেখা হইবে না কেন না দেখা কেবল নয়নে
নহে। সংস্পার্শ বা নৈকটা ব্যতীত মনের
বৈদ্যাতী বহে না—আমরা সর্বাশরীরে দেখিয়া
থাকি। মনে হইতে মনে বৈদ্যুতী চলিলে
তবে নয়ন ভরিবে। হায়! কিসেই বা নয়ন
ভরিবে। নয়নে যে পলক আছে!

জানেক দিবসে, ননেব মানসে িতোগা ধনে মিলাইল বিধি হে

আমি কথন কথন মনে করিয়া থাকি কেবল তুঃখের পরিমাণ জন্যই দয়া করিয়া বিধাতা দিবসের সৃষ্টি করিয়াছিলেন। নহিলে কাল অপরিমেয়, মনুষ্য তুঃখ অপরিমিত হইত। আমরা এখন বলিতে পারি যে আমি ছুইদিন, তুই মাদ, বা চুই বৎসর তুঃখভোগ করিতেছি; কিন্তু দিন রাত্রির পরিবর্ত্তন না থাকিলে, কা-লের পথ চিহ্নশূন্য হইলে, কে না বুঝিত সে আমি অনন্তকাল ছঃখভোগ করিতেছি ? আশা তাহা হইলে দাঁড়াইবার স্থান পাইত না—এত দিন পরে আবার ছঃখান্ত হইবে, একথা কেহ ভাবিতে পারিত না বৃক্ষাদিশ্ন্য অনন্ত প্রা-তুরবৎ জীবনের পথ অনুতীর্য্য হইত—জীবন মাত্রা তুর্বিসহ, যন্ত্রণাম্বরূপ হইত। অতএব 'এই বৃহৎ জগৎকেন্দ্র সূর্য্যের পথ আমাদের उथ इंद्रियत मानम्छ। निवम भननात उथ নাছে। ত্ৰ আছে বলিয়াই জ্থী জন দি-

वम भिनश थारक। मिवम भन्ना प्रःथविरना-দন। কিন্তু এমন তুঃখীও আছে যে সে দিবস গণেনা: দিবদ গণনা তাহার পক্ষে চিত্তবিনো-मन नटि । अभि कमलाकास ठक्कवर्छी-भूषि-বীতে ভুলিয়া মনুষ্যজন্ম গ্রহণ করিরাছি স্বহীন, আশাহীন, উদ্দেশ্যশূন্য, আকাজ্ঞা-খুন্য আমি কি জন্য দিবস গণিব ? এই সং সারসমুদ্রে আমি ভাসমান তৃণ, সংসার বাত্যায় আমি ঘুর্ণ্যমান ধুলিকণা, সংসারারণো আমি অফলন্ত রক্ষ-সংসারাকাশে আমি বারি-শুন্য মেঘ—আমি কেন দিবস গণিব?

গণিব। আমার এক ছুঃখ, এক সন্তাপ এক ভরদা আছে। ১২০৩ শাল হইতে দিবদ গণি। যে দিন বঙ্গে, হিন্দুনাম লোপ পাইয়াছে সেই দিন হইতে দিন গণি। নে দিন সপ্তদশ অশ্বারোহী বঙ্গজয় করিয়াছিল সেই দিন হইতে দিন গণি। হায়! কত গণিব! দিৰ পণিতে গণিতে মাদ হয়, মাদ গণিতে গণিতে বৎসর হয়, বংসর গণিতে গণিতে শতাব্দী হয়, শতাব্দীও ফিরিয়া ফিরিয়া সাত বার গণি। কই, অনেক দিবদে মনের মানদে বিধি মিলাইল, কই ? যাহা চাই তাহা মিলা-ইল কই ? মনুষ্যত্ব মিলিল কই ? একজাতীয়ত্ব भिलिल करे १ क्षेका करे १ विमा करे १ (भी-त्रव करें ? आहर्ष करें ? छहेनातायन करें ? হলায়ধ কই? লক্ষণদেন কই? আর কি মিলিবে না ? হায়। স্বার্ট ইপ্সিত মিলে. ক্মলাকান্তের মিলিবে না ?

মণি নও মাণিক নও, যে হার করেয় গলে পবি---

বিধাতা জগৎ জড়ময় করিয়াছেন কেন ?
ক্রপ জড়পদার্থ কেন ? সকলই অশরীরী হইল
না কেন ? হইলে হৃদয় হৃদয়ে কেমন মিলিত!
যদি রূপের শরীরে প্রয়োজন ছিল তবে তো-

মার আমার বিধাতা এক শরীর করেন নাই কেন? তাহাহইলে আর ত বিচ্ছেদ হইত না। এখন কি এক শরীর হয় না? আমার শরীরে এত স্থান আছে—তোমাকে তাহাতে কোথাও কি রাখিতে পারি না? তোমাকে কণ্ঠলগু করিয়া হৃদয়ে বিলম্বিত করিয়া রাখিতে পারি না? হায়! ভুমি মণি নও, মাণিক নও, যে হার করিয়া গলে পরি।

আর বঙ্গভূমি! ভূমিই বা কেন মণি মানিকা হইলে না, তোমায় কেন আমি হার করিয়া, কণ্ঠে পরিতে পাইলাম না! তোমায় হাদ কণ্ঠে পরিতাম, মুসলমান আমার হৃদয়ে পদাঘাত না করিলে তাহার পদরেণু তোমাকে স্পর্শ করিতে পারিত না। 'তোমায় স্বর্ণের আসনে বসাইয়া, হৃদয়ে দোলাইয়া দেশে দেশে দেখাইতাম। ইউরোপে, আমেরিকে, মিসরে, চীনে, দেখিত ভূমি আমার কি উজ্জ্বল মণি!

আমায় নারী না করিন্ত বিধি তোমা হেন গুণনিধি লইষা ফিরিতাম দেশে দেশ।

প্রথমে আহ্বান, "এসো এসো বঁধু এসো" পরে আদর, "আধ আঁচরে বসো" পরে ভোগ, "নযন ভরিয়া তোমায় দেখি।" তথন স্থ-ভোগকালীন পূর্ববহুঃ শস্থাত—"অনেক দিবসে, মনের মানসে, তোমা ধনে মিলাইল বিধি।" স্থা দ্বিধিধ, সম্পূর্ণ এবং অসম্পূর্ণ। অসম্পূর্ণ স্থা যথা,

মণি মও মাণিক মও, যে হার কর্যে গলে পরি
পারে সম্পূর্ণ স্থায়,

আমার নারী না করিত বিধি, তেরমা হেন গুণনিধি, লুইয়া ফিরিতাম দেশে দেশ।

দম্পূর্ণ অসহ স্থারে লক্ষণ, শারীরিক চাঞ্চল্য, মানসিক অত্থৈয়। এ স্থা কোণায় রাখিব, লইয়া কি করিব, আমি কোথায় ঘাইব. এ স্থাের ভার লইয়া কোথায় ফেলিব ! এ স্থার ভার লইয়া আমি দেশে দেশে ফিরিব: এ ত্রথ একস্থানে ধরে না; যেখানে যেখানে পুথিবীতে স্থান আছে সেইখানে সেইখানে এ স্থুব লইয়া যাইব, এ জগৎ সংসার এই স্থা পুরাইব। সংসার এ স্থথের সাগরে ভাসা-ইব: মেরু হইতে মেরু পর্য্যন্ত স্থাথের তরঙ্গ নাচাইব, আপনি ভূবিয়া, উঠিয়া, ভাসিয়া, হেলিয়া, ছটিয়া বেড়াইব। এ হ্রপে কমলা-কান্তের অধিকার নাই-এ স্তথে বাঙ্গালির অধিকার নাই। স্থাের কথাতেই বাঙ্গালির অধিকার নাই। গোপীর তঃখ, বিধাতা গে। পীকে নারী করিয়াছেন কেম – আমাদের গ্রুখ বিধাতা আমাদের নারী করের নাই কেন-তাহা হইলে এ মুখ দেখাইতে হইত না।

কিন্তু ছুংখের কথায় আছে। কাতরোক্তি যত গভীর, যতই হৃদয়বিদারক হউক না কেন, তাহা বাঙ্গালির মর্ম্মোক্তি। আর কাতরোক্তি কোথায় বা নাই? নবপ্রসূত পক্ষিশাবক হইতে মহাদেবের শৃঙ্গধ্বনি পর্যান্ত সকলই কাত-রোক্তি। সম্পূর্ণস্থথে স্থান্ত স্থকালে পূর্ববিদ্ধে আরণ করিয়া কাতরোক্তি করে। নহিলে স্থের সম্পূর্ণতা কি? ছুংথ আরল কোথায়? স্থও ছুংথময় —

তোমায় যথন পড়ে,মূনে, আমি চাই খুন্দাবন পানে, আনুইলে কেশ নাহি বাঁধি।

এই কথা স্থ ছঃথের সীমা রেখা। যাহার
নৃষ্ট স্থথের শ্বৃতি জাগরিত হইলে স্থথের নিদশন এখনও দেখিতে পায়, সে এখনও স্থথী—
তাহার স্থখ একেবারে লুগু হয় নাই। তাহার
বন্ধু, তাহার প্রিয়, বাঞ্চিত—গিয়াছে, কিন্তু

তাহার রন্থাবন আছে—মনে করিলে সে সেই স্থভূমি পানে চাহিতে পারে। যাহার স্থথ গিয়াছে— স্থের নিদর্শন গিয়াছে— বঁধু গিয়াছে, রন্দাবনও গিয়াছে, এখন আর চাহিবার স্থান নাই—সেই তুঃখী, অনস্ত তুঃখে তুঃখী। বিধবা যুবতী, মৃত পতির যত্নরন্ধিত পাছকা হারাইলে, যেমন তুঃখে তুঃখী হয়, তেমনই তুঃখে দুঃখী।

আমার এই বঙ্গদেশের স্থথের শ্বৃতি আছে—নিদর্শন কই? দেবপালদেব, লক্ষণ-দেন, জয়দেব, শ্রীহর্ষ,—প্রয়াগ পর্যান্ত রাজ্য, ভারতের অধীখর নাম, গোড়ী রীতি, এ সকলের শ্বৃতি আছে, কিন্তু নিদর্শন কই? স্থথ মনে পড়িল কিন্তু চাহিব কোন্ দিকে? সেগ্রেণ্ড কই? সেংখে কেবল ধ্বনলাঞ্ছিত ভগ্নাবশেষ! আর্য্য রাজধানীর চিহ্ন কই? আর্য্যের ইতিহার কই? জীবন চরিত কই? কীর্ত্তি কই?

কীর্ত্তিস্ত কই? সমরক্ষেত্র কই? স্থর্থ গিয়াছে

—স্থ চিহ্নও গিয়াছে, বঁধু গিয়াছে, বৃন্দাবনও
গিয়াছে — চাহিব কোন্ দিকে?

চাহিবার এক শ্মশান ভূমি আছে, - নব-ছীপ। সেইখানে সপ্তদশ যবনে বস্থাধিকার করিয়াছিল। বঙ্গমাতাকে মনে পডিলে. আমি সেই শাশান ভূমি প্রতি চাই। যথন দেখি সেই ক্ষুদ্র পল্লীগ্রাম বেড়িয়া অদ্যাপি সেই কলধোতবাহিনী গ**ঙ্গা** তর তর রব করিতেছেন, তথন গঙ্গাকে ভাকিয়া জিজ্ঞাসা করি – তুমি আছ, সে বঙ্গলক্ষী কোথায়? তুমি যাহার পা ধুয়াইতে, দেই মাতা কোখায়ং তুমি যাহাকে বেড়িয়া বেড়িয়া নাচিতে, সেই আনন্দ-রূপিণী কোথায়? ভূমি যাঁহার জন্য দিংহল, বালী, আরব, স্থমিত্রা হইতে বুকে করিয়াধন-বহন করিয়া আনিতে, সে ধনেশ্বরী কোথায় ? ছমি খাহার রূপের ছায়া ধরিয়া রূপদী দাজিতে,

েশ অনন্তদোন্দর্য্যালিনী কোথায় ভূমি गাহার প্রসাদি ফুল লইয়া ঐ স্বচ্ছ হৃদয়ে মালা পরিতে, সে পুষ্পাভরণা কোথায়? সে রূপ, সে ঐশ্বর্য্য কোথায় ধুইয়া লইয়া গিয়াছ ? বিশ্বা-দঘাতিনি, ভূমি কেন আবার প্রবণমধুর কল কল তর তর রবে মন ভুলাইতেছং বুঝি তোমারই অতল গর্ভমধ্যে, য্বনভয়ে ভীতা সেই বঙ্গলক্ষী ভুবিয়াছেন, বুঝি কুপুত্রগণের আর মুখ দেখিবেন না বলিয়া ভূবিয়া আছেন। মনে মনে আফি সেইদিন কল্পনা করিয়া কাঁদি। ননে মনে দেখিতে পাই, মাৰ্জ্জিত বৰ্ষাফলক উন্নত করিয়া, অশ্বপদশব্দমাত্রে নৈশ নীরব বিশ্বিত করিয়া, যবনদেনা নবদীপে আদিতেছে। कालपूर्व (पिया नवशैश इंट्रेंट वक्रनकी অন্তৰ্হিতা হইতেছেন। সহসা আকাশ অন্ধ-কারে ব্যাপিল; রাজপ্রাসাদের চূড়া ভাঙ্কিয়া ্ৰিতে লাগিল। পথিক ভীত হইয়া পথ

ছাড়িল; নাগরীর অলফার থসিয়া পড়িল; कुक्षवरन পक्षिणन नीत्रव हरेल; गृहमয়ৣয়ক৻ৡ অর্দ্ধব্যক্ত কেকার অপরার্দ্ধ আর ফুটিল না। দিবদে নিশীথ উপস্থিত হইল, পণ্যবীথিকার দীপমালা নিবিয়া গেল, পূজাগৃহে বাজাইবার সময়ে শংখ বাজিল না; পণ্ডিতে অশুদ্ধ মন্ত্ৰ পড়িল; সিংহাসন হইতে শালগ্রামশিলা গড়া-ইয়া পড়িল। যুবার সহসা বলক্ষয় হইল; যুবতী সহসা বৈধব্য আশস্কা করিয়া কাঁদিল; শিশু বিনারোগে মাতার তেন্ডে শুইয়া মরিল। গাঢ়তর, গাঢ়তর, গাঢ়তর অক্ককারে, দিক্ ব্যাপিল; আকাশ, অট্টালিকা, রাজধানী রাজ-বর্ত্ম, দেবমন্দির, পণ্য বীর্থিকা,দেই অন্ধকারে • ঢাকিল — कुञ्ज ठी त्र ज्या, नहीं, नहीं रेमक छ, नहीं-তরঙ্গ সেই অন্ধারে—অঁখোর, আঁধার, আঁ-ধার হইয়া লুকাইল। আমি চক্ষে দব দেখি-তেছি—আকাশে মেঘ ঢাকিতেছে- ঐ সো- পানাবলী অবতরণ করিয়া রাজলক্ষী জলে নামিতেছেন। অন্ধকারে নির্বাণোন্মুখ আ-লোকবিন্দুবৎ, জলে, ক্রমে ক্রমে সেই তেজারাশি বিলীন হইতেছে। যদি গঙ্গার অতলজলে না ভুবিলেন, তবে আমার সেই বঙ্গলক্ষী কোথায় গেলেন—

যথন রন্ধনশালাতে যাই,
ভূষা বঁধু গুণ গাই,
কাবোর ছলনা করি কাঁদি।

ত্রয়োদশ সংখ্যা। বিভাল।

আমি শয়নগৃহে, চারপায়ীর উপর বসিয়া, হু কা হাতে, ঝিমাইতেছিলাম। একটু মিট্ মিট্ করিয়া কুদ্র আলো ছলিতেছে— দেয়া- লের উপর ছঞ্চল ছায়া, প্রেতবং নাচিতেছে।
আহার প্রস্তুত হয় নাই—এজন্য হুঁকা হাতে,
নিমীলিত লোচনে আমি ভাবিতেছিলাম, যে,
আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটলু জিতিতে পারিতাম কি না। এমত
সময়ে একটি ক্ষুদ্র শব্দ হইল, "মেও!"

চাহিয়া দেখিলাম—হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না। প্রথমে মনে হইল, ওয়েলিংটন হঠাৎ বিড়ালম্ব প্রাপ্ত হইয়া, আমার নিকট আফিঙ্গ ভিক্ষা করিতে আসিয়াছে। প্রথম উদ্যমে, পাষাণবৎ কঠিন হইয়া, বলিব মনে করিলাম, যে ডিউক মহাশমকে ইতিপূর্কে যথোচিত পুরক্ষার দেওয়া গিয়াছে, এক্ষণে, আর অতিরিক্ত পুরক্ষার দেওয়া যাইতে পারে না। বিশেষ, অপরিমিত লোভ ভাল নহে। ডিউক বলিল, "মেও!"

তথন চকু চাহিয়া,ভাল করিয়া দেখিলাম,

যে ওয়েলিংটন নহে। একটা কুদ্র মার্জার; প্রদন্ধ আমার জন্য যে তুগ্ধ রাখিয়া গিয়াছিল. তাহা নিঃশেষ করিয়া উদরসাৎ করিয়াছে; আমি তথন ওয়াটালুর মাঠে ব্যুহ রচনায় ব্যস্ত, অত দেখি নাই। একণে মার্জার স্থলরী, নির্জ্জল চুগ্ধপানে পরিতৃপ্ত হইয়। আপন মনের স্তথ এজগতে প্রকটিত করিবার অভিপ্রায়ে, অতি মধুর স্বরে, বলিতেছিলেন, "মেও।" বলিতে পারি না, বুঝি, তাহার ভিতর একটু ব্যঙ্গ ছিল; বুঝি মার্জার মনে২ হাসিয়া আমার পানে চাহিয়া ভাবিতেছিল. "কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।" বুঝি সে "মেও!" শব্দে একটু মন বুঝিবার অভিপ্রায় ছিল। বুঝি বিড়ালের মনের ভাব, " তোমার তুধ ত থাইয়া বসিয়া আছি—এখন বল কি?"

বলি কিং আমি ত ঠিক করিতে পারিলাম

না। ত্ৰ আমাল বাপেরও নয়। দুৰ মঙ্গ-লার, দুহিয়াছে প্রসন্ন। অভএব সে দুগ্ধে আমারও যে অধিকার, বিড়ালেরও তাই; স্তরাং রাগ করিতে পারি না। তবে চিরা-গত একটি প্রথা আছে, যে, বিভালে দ্ধ থাইয়া গেলে, তাহাকে তাড়াইয়া মারিতে যা**ইতে হয়। আমি যে সেই** চিরাগত প্রথার অবমাননা করিয়া মনুষ্যকুলে কুলাঙ্গার স্বরূপ পরিচিত হইব, ইহাও বাঞ্জনীয় নহে। কি জানি এই মার্জারী যদি বজাতিম্ওলে কমলাকান্তকে কাপুরুষ বলিয়া উপহাস করে? ততএব পুরুষের ন্যায় আচরণ করাই বিধেয়। हेश खित कतियां, मकाजतिहाल, इस हहेरा হুকা নামাইবা, অনেক অনুসন্ধানে এক ভগু যপ্তি আকিষ্ণত ক্রিয়া দগর্কে মার্জারী প্রতি ধাবমান হইলাম।

্ মাৰ্জ্ঞারী কমলাকান্তকে চিনিত; সে

দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোন লক্ষণ প্রকাশ করিল না। কেবল আমার মুখপানে চাহিয়া হাই ভূলিয়া, একটু সরিয়া বিদল। বলিল "মেও!" প্রশ্ন বুঝিতে পারিয়া ষষ্টি ত্যাগ করিয়া পুনরপি শব্যায় আদিয়া, হুঁকা লইলাম। তথন দিব্যকর্ণ প্রাপ্ত হইয়া,মার্জ্জনির বক্তব্য সকল বুঝিতে পারিলাম।

বুঝিলাম, যে বিড়াল বলিতেছে "মার পিট কেন ? ছির হইয়া, ছঁকা হাতে করিয়া, একটু বিচার করিয়া দেখ দেখি ? এ সংসারের ক্ষীর, সর, হগ্ধ, দিখি, মৎদা, মাংদ, সকলই তোমরা থাইবে, আমরা কিছু পাইব না কেন? তোমরা মনুষ্য আমরা বিড়াল, প্রভেদ কি ? তোমাদের ক্ষুৎপিপাদা আছে — আমাদের কি নাই ? তোমরা থাও, আমাদের অংপত্তি নাই; কিন্তু আমরা থাইলেই তোমরা কোন্ শাস্ত্রা-কুলারে ঠেকা লাঠি লইয়া মারিতে আইস, তাহা আমি বহু অনুসন্ধানে পাইলাম না।
তোমরা আমার কাছে কিছু উপদেশ গ্রহণ
কর। বিজ্ঞ চতুপ্পদের কাছে শিক্ষালাভ ব্যতাত তোমাদের জ্ঞানোমতির উপায়ান্তর দেখি
ন,। তোমাদের বিদ্যালয় সকল দেখিয়া
আমার বোধ হয় তোমরা এতদিনে এ কথাটি
বৃক্তিতে পারিয়াছ।

"দেখ, শ্যাশায়া মনুষা! ধর্ম কি গ পরোপকারই পরম ধর্ম। এই ছয়টুকু পান করিয়া আমার পরম উপকার হইয়াছে। তোমার আহরিত ছয়ে এই-পানোপকার দিদ্ধ হইল—অভএব ভূমি সেই পরম ধর্মের কল ভাগা। আমি চুরিই করি, আর যাই করি, আমি তোমার ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ। অভএব আমাকে প্রহার না করিয়া, আমার প্রশংসা কর। আমি তোমার ধর্মের সহায়!

সাধ করিয়া চোর হ্ইয়াছি! খাইতে পাইলে কে চোর হয়? দেখ, যাহারা বড় বড় দাধু, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অ-নেকে চোরের অপেক্ষাও অধার্মিক। তাঁহা-দের চুরি করিবার প্রয়োজন নাইবলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুথ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধর্ম চোরের নছে – চোরে যে চুরি করে, সে অধন্ম কুপণ ধনীর। চোর দোষী বটে, কিন্তু কুপণ ধনী তদপেকা শতিগুণে দোষী ৷ চোরের দণ্ড হয়: চুরার মূল যে কুপণ, তাহার দণ্ড হয় না (QN )

"দেখ আমি প্রাচীরে প্রাচীরে,মেও মেও করিয়া বেড়াই, কেহ আমাকে মাছের কাঁটা খানাও কেলিয়া দেয় না। মাছের কাঁটা, পাতের ভাত, নরদামায় কেলিয়া দেয়, জলে ফেলিয়া দেয়, তথাপি আমাকে ডাকিয়া দেয় না। ভোমাদের পেট ভরা, আমার পেটের ক্ষধা কিপ্রকারে জানিবে! হায়! দরিদ্রের জন্য ব্যথিত হইলে তোমাদের কি কিছু অগৌরব আছে ' আমার মত দরিদ্রের ব্যথায় বাথিত হওয়া, লজ্জার কথা সন্দেহ নাই। যে কখন অন্ধকে মুষ্টি ভিক্ষা দেয় না, সেও একটা বভ রাজা ফাঁপরে পড়িলে রাত্রে ঘুমায় না - সকলেই পরের ব্যথায় ব্যথিত হইতে রাজি। তবে ছোটলোকের গুংথে কাতর! ছি! কে হইবে?

"দেখ যদি অমুক শিরোমণি কি অমুক ন্যায়ালস্কার, আদিয়া তোমার তুধটুকু খাইয়া বাইতেন, তবে তুমি কি তাহাকে ঠেঙ্গা লইয়া নারিতে আদিতে? বরং যোড় হাত করিয়া বলিতে, আর একটু কি আনিয়া দিব? তবে আমার বেলা লাঠি কেন? তুমি বলিবে, তাঁ হারা অতি পণ্ডিত, বড় মান্য লোক। পণ্ডিত বা মান্য বলিয়া কি আমার অপেক্ষা তাঁহাদের কুধা বেশী ? তা ত নয়—তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ—দরিদ্রের কুধা কেহ বুঝে না। যে খাইতে বলিলে বিরক্ত হয়, তাহার জন্য ভোজের আয়োজন কর — আর যে কুধার জ্বালায় বিনা আহ্বানেই ভো-মার অন্ন খাইয়া কেলে চোর বলিয়া তাহার দণ্ড কর — ছি!ছি!

"দেখ আমাদিগের দশা দেখা দেখা প্রাণ্টীরে প্রাচীরে, প্রাঙ্গণে প্রাঙ্গণে প্রাঙ্গণে, প্রাদাদে প্রাদাদে মেও মেও করিয়া আমরা চারিদিক্ দৃষ্টি করিতেছি — কেছ আমাদিগকে মাছের কাটাখানা কেলিয়া দেয় না। বদি কেছ তোমাদের দোহাগের বিড়ালহইছত পারিল — গৃহমার্জার হইয়া,রজের নিকট যুবতী ভার্যার সহোদর, বংশজের নিকট কুলীন জামাতা, বা

মূর্থ ধনীর কাছে সতরঞ্চ খেলওয়ারের স্থানীয হইয়া থাকিতে পারিল—তবেই তাহার পুষ্টি। তাহার লেজ ফুলে, গায়ে লোম হয়, এবং তাহাদের রূপের ছটা দেথিয়া অনেক মার্জার কবি হইয়া পড়ে।

"আর আমাদিগের দশা দেখ—আহারা-ভাবে উদর কুশ, অস্থি পরিদৃশ্যমান, লাস্থল বিনত, দাঁত বাহির হইয়াছে জিহা ঝুলিয়া পড়িয়াছে—অবিরত আহারাভাবে ডাকিতেছি 'মেও! মেও! খাইতে পাইনা !—" আমাদের কাল চামড়া দেখিয়া ঘুণা করিও না ! এ পুথি-বীর মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও—নহিলে চুরি করিব।' আমাদের কৃষ্ণ চর্মা, শুক্ষ মুখ, ক্ষীণসকরুণ মেও মেও শুনিয়া তোমাদিগের কি ছুঃখ হয় ना ? टारतत पछ आर्छ, निर्मग्रे छात कि पछ নাই? দরিদের আহার সংগ্রহের দও আছে,

ধনীর কার্পণ্যের দণ্ড নাই কেন? তুমি কমলা-কান্ত, দুরদর্শী, কেন না আফিঙ্গথোর, ভূমিও কি দেখিতে পাও না, যে ধনীর দোষেই দরিদ্রে চোর হয় পাঁচশত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচশত লোকের আহাগ্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে দে তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে, তাহা দরিদ্রকে मिरव ना (कन ? यिन ना (मश्, তবে महिल অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে; কেন না অনাহারে মরিয়া যাইবার জন্ম এ পৃথিবীতে কেহ আইদে নাই।"

আমি আর সহ্ করিতে না পারিয়া বলিলাম, "থাম! থাম মার্জ্জারপণ্ডিতে! তোমার
কথাগুলি ভারি সোশিয়ানিষ্টিক! সমাজ্
বিশৃষ্খলার মূল! যদি যাহার যত ক্ষমতা সে
তত ধনসঞ্জ করিতে না পায়, অথবা সঞ্জ
করিয়া চোরের স্থালায় নির্বিছে ভোগ করিতে

না পায়, তবে কেহ আর ধনসঞ্য়ে যত্ন করি-বে না। তাহাতে সমাজের ধনরদ্ধি হইবে না।"

মার্জার বলিল, "না হইল ত আমার কিং সমাজের ধনরদ্ধির অর্থ ধনীর ধনর্দ্ধি। ধনীর ধনর্দ্ধি না হইলে দ্রিন্দের কি ক্ষতিং'

আমি বুঝাইয়া বলিলাম, যে "দামাজিক ধনরন্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই।" বিড়াল রাগ করিয়া বলিল, যে "আমি যদি থাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কি করিব?"

বিড়ালকে বুঝান দায় হইল। যে বিচারক বা নৈয়ারিক,কস্মিন কালে কেহ তাহাকে
কিছু বুঝাইতে পারে না। এ মার্জার স্থবিচারক, এবং স্থতার্কিকও বটে, স্থতরাং না
বুঝারার পাকে ইহার অধিকার আছে। অতএব
ইহার উপর রাগ না করিয়া বলিলাম, "সমা-

জের উন্নতিতে দরিদ্রের প্রয়োজন না থাকিলে না থাকিতে পারে, কিন্তু ধনীদিগের বিশেষ প্রয়োজন,অতএব চোরের দণ্ডবিধান কর্ত্তব্য।"

মাৰ্জ্জারী মহাশয়। বলিলেন, "চোরকে ফাঁদি দেও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর। যে বিচারক চোরকে সাজা দিবেন, তিনি আগে তিনদিবস উপবাস করিবেন। তাহাতে যদি তাঁহার চুরি করিয়া খাইতে ইচ্ছা না করে. তবে তিনি সচ্ছন্দে চোরকে ফাঁসি দিবেন। তুমি আর্মাকে মারিতে লাঠি তুলিয়া-ছিলে, তুমি অদ্য হইতে তিন্দিন উপবাস করিয়া দেখ। তুমি যদি ইতিমধ্যে নশীবাবর ভাণ্ডার ঘরে ধরা না পড়, তত্ত্ব আমাকে ঠেঙ্গাইয়া মারিও, আমি আপত্তি করিব না।"

বিজ্ঞলোকের মত এই যে,যথন বিচারে পরাস্ত হইবে, তথন গম্ভীরভাবে উপদেশ

প্রদানারম্ভ করিবে। আমি সেই প্রথানুসারে মার্জারকে বলিলাম, যে "এ সকল অতি নীতিবিরুদ্ধ কথা, ইহার আন্দোলনেও পাপ আছে। তুমি এসকল তুশ্চিন্তা পরিত্যাগ করিয়া ধর্মাচরণে মন দাও। ভূমি যদি চাহ, তবে পাঠার্থে তোমাকে আমি নিউমান ও পার্করের গ্রন্থ দিতে পারি। আর কমলা-কান্তের দপ্তর পড়িলেও কিছু উপকার হইতে পারে—আর কিছু হউক ্বা না হউক অফি-ক্ষের অসীম মহিমা বুঝিতে পারিবে। এক্ষণে প্রানে গমন কর; প্রদন্ধ কাল কিছু ছানা দিবে বলিয়াছে, জলযোগের সময় আসিও, উভয়ে ভাগ করিয়া থাইব। অদ্য আর কাহা-রও হাড়ি খাট্টে না; বরং ক্ষুধায় যদি নিতান্ত মধীরা হও, তবে পুনর্বার আদিও, এক সরিষাভোর আফিঙ্গ দিব।"

মার্জার বলিল "আফিঙ্গে বিশেষ প্রয়ো-

\$ **€€** ¢

জন নাই, তবে হাড়ি খাওয়ার কথা, ক্ষ্রাফু-সারে বিবেচনা করা যাইবে।"

 মার্ক্জার বিদায় হইল। একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্ত পাদ্রির বড় আনন্দ হইল।

बीकमनाकार इक्तरें।



(न) कत्रश्मा।

্ৰধ্যাচত শালেব ক্লেদ্শন হুইতে উদ্ধা

কৌতৃক ৬ রহস্ত



জ্ঞা বৰিষ্ঠজ চট্টোপাধ্যায প্ৰতিহ

#### কাটালপাড়া।

रश्रमभग ३०७ ओ श्रीताशकल दल्लागासमा कर्तृक भूकिङ ७ ध्यवासिट।

# স্থচিপত্র।

বিষয়।			शृंधी।
ব্যাঘাচায্য বৃহলাঙ্গল		***	2
ঐ দিতীয় প্রব	<b>ন্ধ</b>	***	2.6
ইংরাজন্তোত্র	•••	•••	৩২
বাবু •••	•••		99
र्शर्फ्ड	•••	•••	8.3
দাম্পতা দণ্ডবিধির আই	म 🤲	•••	<b>« •</b>
বসন্ত এবং বিরহ			9 0
स्वर्ग शानक	•••		GP.
রামায়ণের সমালোচনা	•••	• • •	≈હ

## विङ्गाभन।

এই গ্রন্থে বছদর্শনের প্রথম ও দ্বিটায় খণ্ড হ্টতে ক্ষেক্টি প্রবন্ধ উদ্ধৃত হইরা পুন্মুজিত হইল। এতং স্থানে একটি মাত্র কথা বলা আবশাক। বঙ্গদেশের সাধানণ পাঠকের এইরপ সংস্থার আছে যে রহস্থ মাত্র গালি, গালি ভিন্ন বহস্ত নাই। স্ত্রাং ঠাহাবা নিবেচনা ক্রেন, যে এই সকল প্রবন্ধে যে কিছু বাঙ্গ আছে, তাংগ বাজি বিশেষকে গালি দেওয়া মাত্র। এই শ্রেণীর পাঠক দিগের নিকট নিবেদন দে আঁছাদের জন্য এ গ্রন্থ লিখিত হয় নাই— তাঁহারা জনুগ্রহ ক্রিয়া এ গ্রন্থ পাঠ না ক্রি-লেই আমি ক্রত্র্যি ইইব।

সামাজিক যে সকল দোষ তাহাতে রহস্ত লেগকের অধিকার সম্পূর্। বাজি বিশেষের যে দোষ, তাহাশের রহস্ত লেথকের কোন অধিকার নাই—কদাচিৎ অবস্থাবিশেষে অধিকার জুরো; মুখা, লাভ রাজপুরুষের লাভি জনিত কার্য্যের প্রতি, অথবা মুর্থ গ্রন্থ কর্তার গ্রন্থের প্রতি, রহস্ত প্রস্থা। এ গ্রন্থের সে সকল উদ্দেশ্য নহে। এ গ্রন্থে প্রতি, বা সাধারণ মন্থা, বাতীত ব্যক্তি বিশেষের প্রতি কোন ইঙ্গিত নাই।

#### লোকরহস্য।

#### -8-45-3-

### ব্যাঘাচার্য ইহলাদ্ল।

একল। জন্মবন মধ্যে লাছনিগের মহাস্থা সম্বেত 
ইন্ ছিল। নিৰিড় ব্নমধ্যে প্ৰশাস্ত চুমিপ্তে ভীমাকুতি বছতৰ লাগে লাজুলে ভব করিব। দংট্রাপ্রভায় অবলা প্রদেশ আলোক ময় করিবা, সুনরি সাবি উপ্রেশন
কুলিগিছেল। সকনে একমত হবি। অনিতেদেব নামে
এক অতি প্রটান লাম্বেক সভাপতি করিলেন। আনিতেনের মহাশ্য লাজুলামন এইন পুরুক্ত, সভাব করিবা
কুহিলেন:—

" অদ্য আমাদিগের কি শুত দিন! অসা আমরা যত অবগাবাসী মাংসাভিলায়ী বাাজবলতিলক সকল পরস্পা বেব মঙ্গল সাধনার্থ এই অরণামধ্যে এক্তিত ইইয়াছি। আহা! কুৎসাকারী, খলস্বভাব অস্তান্ত পশুবর্গে রটনা করিয়া থাকে যে, আমরা বড় অসামাজিক, একা এক বনেই বাদ করিতে ভাল বাদি, আমাদের মধ্যে ঐক্য নাই। কিন্তু অদ্য আমরা সমস্ত স্থসভা ব্যাঘ্রমগুলী এক- ত্রিত হইয়া দেই অম্লক নিন্দাবাদের দ্রুবাদ করিতে প্রবৃত্ত হইয়াছি! একলে সভ্যভার যেরূপ দিন২ প্রীবৃদ্ধি ইইতেছে, ভাহতে আমার সম্পূর্ণ আশা আছে যে, শী- ছাই বাছেরা সভ্যভাতির অগ্রগণা হইয়া উঠিবে। একলে বিধাতার নিকট প্রার্থনা করি যে, আপনারা দিন২ এই রূপ ভাতিহিতৈধিতা প্রাকাশ পূর্ব্বক পরম স্থাথে নানাবিধ পশুহনন করিতে গাকুন।' (সভা মধ্যে লাক্ষ্ল চট্চটারবা)

"একণে হে ভাতৃরুক্ষ! আমরা যে প্রয়োজন সম্পাদনার্থ সমবেত হলরছি, তাহা সংক্ষেপে বিবৃত করি। আপনারা সকলেই অবগত আছেন যে, এই স্তক্তর বনের ব্যাস্থ্য বিদ্যার চর্চ্চা ক্রমে লোপ পাইতেছে। আমাদিণের বিশেষ অভিলাষ হইয়াছে, আমরা বিদ্যান্থ হইব। বিদ্যার আলোচনার জন্ম এই ব্যাস্থ্য সংস্থাতি হইয়াছে। এক্ষণে, আমার বক্তবা এই যে, আপনার ইহার অনুষ্টোদন কর্জন।"

সভাপতির এই বক্তৃত। সমাপ্ত হইলে, সভাগণ হাউমাউ শব্দে এই প্রস্তাবের অনুমোদন করিলেন। তথন
যথারীতি কয়েকটা প্রস্তাব পঠিত এবং অনুমোদিত হইয়া
সভাগণ কর্তৃক গৃহীত হইল। প্রস্তাবের সঙ্গেং দীর্ঘ দীর্ঘ
বক্তৃতা হইলা। পে সকল ব্যাকরণশুদ্ধ এবং অলস্কার বিশিষ্ট
বটে, তাহাতে শব্দ কিস্তাবের ছটা বড় ভয়কর; বক্তৃতার
চোটে স্কলরবন কাপিয়া গেল।

পরে সভার অহ্যান্ত কাষ্য হইলে, সভাপতি বলিলেন,
"আপনারা জানেন যে, এই স্থানরবানে বৃহন্নাঙ্গুল নামে
এক অতি পণ্ডিত ব্যাঘ বাস করেন। অদ্য রাত্তে তিনি
আমাদিগের অন্থারোধে মনুষ্য চরিত্র সহত্তে একটি প্রবন্ধ
পাঠ করিতে স্থীকার করিয়াছেন।"

মন্তুলোর নাম শুনিরা কোন্থ নবীন সভা ক্ষ্ণা বোধ করিলেন। কিন্তু তৎকালে গরিক ডিনরের হেচনা না দেখিয়া নীরব হইয়া বহিলেন। বাাছাচার্যা ব্লহলাক্ল মহাশয় সভাপতি কর্তৃক আহত হইয়া, গর্জ্জন পূর্বাক গাুতোখান করিলেন। এবং পথিকের ভীতিবিধায়ক সরে নিয়লিখিত প্রকাটী পঠি করিলেন;—

" সভাপতি মহাশয়! বাঘিনীগণ! এবং ভদ্র বাাজগণ!
মন্ত্রয় এক প্রকার হিপদ জন্ত। তাহারা পক্ষবিশিষ্ট

নহে, স্থতরাং তাহাদিগকে পাথী বলা যায় না। ববং চতুম্পদগণের দক্ষে তাহাদিগের দাদৃশ্য আছে। চতুম্পদগণের যেই কপ গণের যেই অঙ্গ, যেই অঙ্গি আছে, মন্থারেও দেই কপ আছে। অতএব মন্থাদিগকে এক প্রকার চতুম্পদ বলা যায়। প্রভেদ এই যে, চতুম্পদের যেরপ্রশ্রেমের পাবিপাটা, মন্থায়ের তাদৃশ নাই। কেবল ঈদৃশ প্রভেদের জনা আমাদিগের কর্ত্তবা নহে যে, আমরা মন্থাকে দিপদ বলিয়া ঘণা করি।

চতুষ্পদমধ্যে বানবদিনের সঙ্গে মহারাগণের বিশেষ সাদৃশ্য। পণ্ডিতেরা বলেন বে, কালক্রমে পশুদিগের অব-মবের উৎকর্ম জায়িতে পাকে; এক অব্যবের পশুক্রমে জন্য উৎকৃষ্টতর পশুর জাকার প্রাপ্ত হয়। আমাদি-গের ভর্মা জাছে যে, মহানা-পশুও কালপ্রভাবে লাজ্যাদি বিশিষ্ট ছইয়া ক্রমে বানর হইয়া উঠিবে।

মনুষ্য-পশু যে সত্যন্ত স্বাহ্ এবং স্কৃতকা, ত'ছ।
আপনারা বোদ হয়, সকলেই স্বগত আছেন। (শুনিযা
স্ত্যুপণ সকলে আপনং মুখ চাটি লন্ধ) তাহারা সচ্ছাচর অনারাদেই মারা পড়ে। মুগাদির ভার তাহারা দত্ত
পলায়নে সক্ষম নহে, অগচ মহিষাদির ভার বলবান্বা
শুসাদি আয়ুধ-সূক্ত নহে। জ্গদীশ্ব এই জগং মংশার

বাৰে জাতির স্থের জন্ম সৃষ্টি করিয়াছেন, সন্দেহ নাই।
সেই জন্য ব্যাহের উপাদের ভোজ্য পশুকে পলায়নের
বা রক্ষার ক্ষমতা পর্যান্ত দেন নাই। বান্তবিক মন্থ্যজাতি
যেকপ অরক্ষিত—নথ দন্ত শৃঙ্গাদি বর্জিত, গমনে মন্থর
এবং কোমল প্রকৃতি, তাহা দেখিয়া বিশ্বিত হইতে হয়
যে, কি জন্য স্থার ইহাদিগকে সৃষ্টি করিয়াছেন। ব্যাম্ম
জাতির সেবা ভিন্ন ইহাদিগের জীবনের আর কোন উদ্দেশ্য
দেখা যায় না।

এই সকল কারণে, বিশেষ তাহাদিগের মাংসের কোমলতা হেতৃ, আমরা মন্ত্রা জাতিকে বড় ভাল বাসি। দৃষ্টি
মাত্রেই ধরিরা থাই। আশ্চর্যের বিষয় এই যে, তাহারাও বড় ব্যাঘ্রভক্ত। এই কথার যদি আপনারা বিশ্বাস
না করেন, তবে তাহার উলাহরণ স্বরূপ আমার যাহা ঘটিয়াছিল, তদু ভাস্তি বলি। আপনারা অবগত আছেন, আমি
বহু কালাবধি দেশ ভ্রমণ করিয়া বহুদশী হইয়াছি। আমি
লে দেশে প্রবাসে ছিলাম, সে দেশ এই ব্যাঘ্রভূমি স্থলরবন্ধের উত্তরে আহুই। তথার গো মন্ত্র্যাদি ক্ষুদ্রাশর
অহিংস্ত্র পশুগণই বাস করে। তথাকার মন্ত্র্যা দ্বিধঃ
এক জাতি ক্ষম্বর্ণ, এক জাতি খেতবর্ণ। একদা আমি
সেই দেশে বিষয় কর্ম্মোপলকে গমন করিয়াছিলাম।"

ভনিয়া মহাদং ট্রানামে এক জন উদ্ধৃতস্বভাব বাছে ভিজ্ঞাসা করিলেন,—

"বিষয় কৰ্মটা কি?"

ů,

বুহলাকুল মহাশয় কহিলেন, "বিষয় কর্মা, সাহাবাবে-ষণ। এখন সভ্যলোকে আহারান্ত্রেষণ্টুক্ বিষয় কর্মা वता। कृता मकताई (य आश्वातात्व्यगतक विमय कर्य বলে, এমত নছে। সম্ভান্ত লোকের আহারাদেদণের নাম বিষয় কর্মা, অসম্রান্তের আহারাবেষণের নাম জুয়াচুরি, উঞ্বৃত্তি এবং ভিক্ষা। ধৃর্তের আহারাবেষণের নাম চুবি; बलवारनव आंशांतारवयं मञ्जाला; त्लाकविरभारत मञ्जाला শব্ধ ব্যবহার হয় না; তৎপরিবর্তে বীরত্ব বলিতে হয়। বে দ্স্তার দপ্তপ্রণেতা আছে, সেই দ্স্তার কার্য্যের নাম দ্মাতা; যে দ্মার দণ্ডপ্রণেতা নাই, তাহার দ্মাতাব নাম বীরত। আপনারা, যখন সভাসমাজে অধিছিত হট বেন, তথন এই সকল নামবৈচিত্র শ্বরণ রাখিবেন, নচেৎ লোকে অসভা বলিবে। বস্তুতঃ স্থামার বিবেচনায় এত বৈচিত্তের প্রয়োজন নাই; এক উদরীশ্রুজা নাম রাখিলেই বীরত্বাদি সকলই বুঝাইতে পারে।

দে বাছাই হউক, যাহা বলিতেছিলাম শ্রবণ করুন। মন্ত্রোরা বড় ব্যাগ্রভক্ত। আমি একদা মন্ত্রাবদতি মধ্যে বিষয়কর্মেপেলকে গিয়াছিলান। শুনির'ছেন, করেক বংসর হইল এই স্থন্দরবনে পোর্টক্যানিং কোম্পানি তা-পিত হইয়াছিল।''

মহাদং <u>ট্রা প্নবায় বক্তৃ তা বন্ধ করাইয়া জিজ্ঞাসাকরি-</u> লেন, "পে<u>টি</u> ক্যানিং কোম্পানি কিরূপ জন্তু ?"

বৃহরাস্থা কহিলেন, '' তাহা আমি সবিশেষ অবগত নহি। ঐ জন্তুর আকার হস্তপদাদি কিরুপ, জিঘাংসাই বা কেমন ছিল, ঐ সকল আসরা অবগত নহি। গুনি-বাছি, ঐ জন্তু মনুষোর প্রতিষ্ঠিত: মনুষ দিগেরই সদয়-শোণিত পান করিত: এবং তাহাতে বড়ুমোটা হইয়া মবিয়া গিয়াছে। মনুষাজাতি অতান্ত অপরিণাদনী। অপন্থ ব্রোপায় সর্বদা আপনারাই স্থল করিয়া থাকে । মনুষোরা যে সকল অন্ত্রাদি ব্যবহার করিয়া থাকে, সেই সকল অন্তই এ কণার প্রমাণ। মনুষাবধই ঐ সকল অন্তের উদ্দেশ্য। গুনিয়াছি, কথনং সহস্রং মনুষা প্রান্তরমধ্যে সমবেত হইয়া ঐ সকল অস্তাদির দারা প্ৰশপর প্রহার কুরিয়া বধ করে। আমার বোধ হয়, মনুমাগণ পরস্পরের বিনাশার্থ এই পোর্ট ক্যানিং কো-ম্পানি নামক রাক্ষসের স্ক্রন করিয়াছিল। সে যাহাই ২উক, আপনারা স্থির হইয়া এই মহুষ্য-বৃত্তান্ত শ্রবণ ক- কন্। মধাে২ রসভঙ্গ করিয়া প্রশ্ন জিজ্ঞাস। করিলে ব-জ্তা হয় না। সভাজাতিদিগের এরপ নিয়ম নহে। আমরা এক্ষণে সভা হইয়াছি, সকল কাজে সভাদিগের নিয়মানুসারে চলা ভাল।

আনি একলা সেই পোর্ট ক্যানিং কেল্পোনির বাস স্থান মাতলাল বিষয়-কর্ম্মোপলক্ষে গিয়াছিলাম। তথায় এক বংশমগুপ-মধ্যে একটা কোমল মাংসহুক্ত নৃত্যশীল ছাগবংস দৃষ্টি কবিয়া তদাস্বাদনার্থ মণ্ডপ-মধ্যে প্রবিষ্ট চই লাম। ঐ মণ্ডপ ভৌতিক—পশ্চাৎ জানিয়াছি, মন্তুষোরা উহাকে ফাঁদ বলে। আমার প্রবেশ মাত্র আপনা হটতে তাহার দার কৃদ্ধ হইল। কৃতক গুলি মুস্যা তংপরে দেই খানে উপস্থিত হইল। তাহারা আমার দর্শন পা ইয়া পরমানন্দিত হইল, এবং আহলাদস্চক চীৎকার, হাসা, পরিহাসাদি কবিতে লাগিল। তাহার। যে আমার ঙুৱদী প্রশংসা করিতেছিল, তাহা আমি বুঝিতে পারিয়া ছিলাম। কেহ আমার আকারের প্রশংসা করিতেছিল, কেঃ সামার দত্তের, কেহ নথের, ক্ষেত্র লাস্লের ওণ্-গান করিতে লাগিল। এবং অনেকে আমার উপর প্রীত ঙ্টয়া, পত্নীর সহোদরকে যে সম্বোধন করে, আমাকে সেই প্রিয়দখোধন করিল। পরে তাহার। ভক্তিভাবে

আমাকে মণ্ডপ-সমেত স্বন্ধে বহন করিয়া, এক শকটের উপর উঠাইল। হুই অমলখেতকান্তি বলদ এ শক্ট বহন করিতেছিল। তাহাদিগকে দেখিয়া আমার বড ক্ষধাৰ উদ্ৰেক হইল। কিন্তু তৎকালে ভৌতিক মঙ্প হটতে বাহির হইবার উপায় ছিল না, এ জন্য অর্দভুক্ত ছাগে তাহা পরিত্র করিলাম। আমি স্থাথ শকটারো-হণ করিয়া, ছাগমাংস ভক্ষণ করিতে এক নগরবাসী শেতবৰ মন্বয়ের আবাদে উপস্তিত হইলাম। সে আ-মার সন্মানার্থ স্বয়ং দ্বারদেশে আদিয়া আমার অভার্থনা করিল। এবং লোহদভাদিভ্যিত এক স্থারমা গৃহমধ্যে আমার আবাসস্থান নির্দেশ করিয়া দিল। তথার সঞ্জীব ব। সদ্য হত ছাগ মেষ গ্রাদির উপাদের মাংস শোণিতের দার। আমার দেব। করিত। অন্যান্য দেশ বিদেশীয় বহু-তর মনুষা আমাকে দুশ্ন কবিতে আসিত, আমিও বু-কিতে পারিতাম যে, উহারা আমাকে দেখিয়া চরিতার্থ **३** हे हे ह

আমি বছকুল ঐ লৌহজালাবৃত প্রকোঠে বাদ করি-লাম। ইচ্ছা ছিল না যে, দে তথ ত্যাগ করিয়া আর দিরিয়া আসি। কিন্তু স্বদেশ-বাৎদল্য প্রযুক্ত থাকিতে পারিলাম না। আহা! যখন এই জন্মভূমি আমার মনে পড়িত, তখন আমি হাউ হাউ করিয়া ডাকিতে থাকিতাম। হে মাতঃ স্থানরবন! আমি কি তোমাকে কখন ভূলিতে পারিব ? আহা! তোমাকে যখন মনে পড়িত, তখন আমি ছাগমাংস তাগে করিতাম! (অর্থাং অস্থি এবং চর্ম্ম মাত্র তাগি করিতাম)— এবং স্ক্রিনা লাঙ্গ লাঘাতের দারা আপনার অন্তঃকরণের চিন্তা লোককে জানাইতাম। হে জ্মাতৃমি! যত দিন আমি তোমাকে দেখি নাই, তত দিন ক্র্মান। পাইলে থাই নাই, নিদানা আসিলে নিদা যাই নাই। ছঃপেব অ্ধিক পরিচয় আর কি দিব, পেটে যাহা ধরিত, তাহাই গাইতাম, তাহার উপর আর ছই চারি সের মাত্র মাংস থাইতাম। আর থাইতাম না।"

তথন বৃহলাসূল মহাশয়, জন্মভূমির প্রেমে অভিভূত হইর। জনেক কণ নীরব হইরা রহিলেন। বোধ হইল, তিনি অশ্পাত করিতেছিলেন, এবং ছই এক বিন্দু সচ্ছ ধারা পতনের চিল্লুতলে দেখা গিয়াছিল। কিন্দু কভি-পায় বুবা বাছি তর্ক করেন যে, সে বৃহলাক্ষের আহারের কথা মরণ হইরা সেই ব্যাছের মথে লাল প্ডিয়াছিল।

লেক্চরর তথন থৈগ্য প্রাপ্ত হইয়া পুনরপি বলিতে

আরম্ভ করিলেন, "কি প্রকারে আমি সেই স্থান তাগি করিলাম, তাহা বলিবরে প্রয়োজন নাই। আমার অতিপ্রায় বৃদ্ধিয়াই হউক, আর ভুল ক্রমেই হউক, আমার ভূত্য এক দিন আমার মন্দির-মার্জ্জনান্তে, দ্বার মৃক্ত রাধিয়া গিয়াছিল। আমি সেই দ্বার দিরা নিদ্ধান্ত হইয়াউলানরকক্তে মুথে করিয়া লইয়া চলিয়া আদিলাম।

वंडे मकल वृद्धां अमिशाद वलाव कावन वंडे रर, আমি বছকাল মন্তব্যালয়ে বাস করিয়া আসিয়াছি-মন্তব্য চরিত্র সবিশেষ অবগত আছি—শুনিয়া আপনাব৷ আমার কথায় বিশেষ আস্থা করিবেন, সন্দেহ নাই। আমি যাহা (मिश्राणि, डांशांहे विनव। अना भर्याप्रेकिमित्राद नार्य অমলক উপন্যাস বলা আমার অভ্যাস নাই। বিশেষ, মুম্বাসম্বন্ধে অনেক উপন্যাস আমবা চিরকাল গুনিবা আদিতেছি; আমি সে সকল কণায় বিশাস করি ন। আমরা পূর্বাপর শুনিরা আসিতেছি বে, মন্ত্রোরা কুজ-জীবী হট য়াও পর্বতাকার বিচিত্র গৃহ নির্মাণ করে। ঐ-ুরপ পর্বতাকার গৃহে তাহারা বাস করে বটে, কিন্তু ক-থন তাহাদিগকে ঐরূপ গৃহ নিশ্মাণ করিতে আমি চক্ষে দেখি নাই। স্থতরাং ভাছারা যে এরপ গৃহ স্বয়ং নির্মাণ করিয়া থাকে, ইহার প্রমাণাভাব। আমার বোধ হয় তা- হারা যে সকল গৃহে বাস করে, তাহা প্রকৃত পর্বত বটে, স্বভাবের স্কৃষ্টি; তবে তাহা বহু গুহাবিশিষ্ট দেখিয়া বৃদ্ধি-জীবী মন্তব্যপশু তাহাতে আশ্রয় করিয়াছে।

শসুষ্য জন্ত উভয়াহারী। তাহার। নাংসভোজী; এবং ফলমূলও আহার করে। বড়ং গাছ খাইতে পারে না; ছোটং গাছ সমূলে আহার করে। মনুষ্যোরা ছোটগাছ এত ভালবাসে যে, আপনারা তাহাব চাস করিনা ঘেরিয় রাখে। একপ রক্ষিত ভূমিকে ক্ষেত্রা বাগান বলে। এক মনুষ্যোর বাগানে অন্য মনুষ্য চরিতে পায় না।

মন্ত্ৰোরা, ফল মূল লতা শুলাদি ভোজন করে বটে, কিন্তু ঘাদ খায় কি না, বলিতে পারি না। কখন কোন মন্ত্ৰাকে ঘাদ খাইতে দেখি নাই। কিন্তু এ বিষয়ে আ-মার কিছু সংশয় আছে। খেতবর্ণ মন্ত্রোরা এবং কৃষণ-বর্ণ ধনবান্ মন্ত্রোরা বহুবত্রে আপন্থ উদানে ঘাদ

<sup>\*</sup>পাঠক মহাশ্য বহলাস্থার ভাষণাসে বাংপতি দেখির। বিশ্বিত ইইবেন ন।। এইরপ তর্কে মাক্ষমূলর স্থির করিরাছেন যে, পাচীন ভারতবর্ষীয়ের। লিথিতে জানিতেন না। এইরপ তর্কে জেমস্মিল স্থির করি। রাছেন যে, প্রাচীন ভারতব্যীয়েরা অসভ্য জাতি, এবং সংস্কৃত ভাষা ক্রিচ ভাষা। বস্তুতঃ এই ব্যান্ত্র পণ্ডিতে এবং মহুষা পণ্ডিতে অধিক বৈলক্ষণা দেখা যায় না।

তৈষ্যের করে। আমার বিবেচনায় উহারা ঐ খাদ খাইয়া থাকে। নহিলে খাদে তাহাদের এত যত্ন কেন ? এরপ আমি একজন রুফাবর্ণ মনুষ্যের মুখে শুনিরাছিলাম। দে বলিতেছিল, 'দেশটা উচ্ছল গেল—গত সাহেব সুবো বড় মানুষু বুদে বদে খাদ খাইতেছে।' স্কুতরাং প্রধান মনুষ্যা যে খাদ খায়, ভাছা এক প্রকার নিশ্চয়।

কোন মনুষা বড় জ্ব হইলে বলিয়া থাকে. ' ছামি কি ঘদে থাই ?' আমি জানি, মনুষ্যদিগের অভাব এই, ভাহারা নে কাল করে, অতি যজে ভাহা গোপন করে। অভএব যেথানে ভাহারা ঘাদ থাওৱার কথার রাগ করে, তথন হারশা দিক্ষান্ত করিতে হইবে দে, ভাহারা ঘাদ খাইরা থাকে।

মন্থারো পশু পূজা করে। আমার যে প্রকাব পূজা বরিয়াছিল, তাহা বলিয়াছি। অশ্দিপেরও উভাবা ঐরপ পূজা করিয়া থাকে; অশ্দিপকে আপ্রর দান করে আহার , বোলায়, গাত্র ধৌত ও মাজ্জনাদি করিয় দেয়। বোধ হুণ, অসু মন্ত্রা হুইতে শেও পশু বলিয়ই মন্থারা তাহার পূজা করে।

মনুষ্যের। ছাগ, দেব গ্রাদিও পালন করে। গো স্বন্ধে তাহাদের এক আশ্চর্য ব্যাপার দেখা গিরাছে; তাহারা গো:কর হগ্ন পান করে। ইহাতে পূর্ব্বকালের বাজ পণ্ডিতেরা সিদ্ধান্ত করিরাছেন যে, মন্থ্যেরা কোন কালে গোকর বংস্ছিল। আমি ততদ্র বলি না, কিন্তু এই কারণেই বোধ করি, গোকর সঙ্গে মানুধের বৃদ্ধিগত সাদশ্য দেখা যায়।

দে যথেই ছটক, মনুষেরা আহারের স্থাবার জনা, গোরু, জাগল এসং মেষ পালন কবিয়া থাকে। ইহা এক স্থাবীতি, সন্দেহ নাই। আনি মান্দ কবিয়াছি, প্রস্তাব করিব যে; আমরাও মানুষেব গোহাল প্রস্তুত করিয়া মনুষা পালন করিব।

গো. অংখা, ছাগ ও মেবেৰ কথা বলিলাম। ইহা ভিনি, হঙী, উইু, গানভ, কুকুর, বিডালা, এমন কি, পাকী পাগানিও তাহাদের কাছে সেবা প্রাপ্ত হল। অভ্যাব মনুষা ছা তিকে দকল পাভার ভূতা বলিলাও বলা দায়।

মত্ব্যালরে অনেক বানরও দেখিলাম। সে সকল বানর বিবিধ; এক সলাসূল, অপর লাজুলশুনা। সলা-জুল বানবেবা প্রায় ছালের উপর, না হয় গাছের উপর্ থাকে। নীচেও অনেক বানর আছে বটে, কিছু অধি-কাংশ বানরই উচ্চপদস্ত। বোধ হয়, বংশমগাদো বা জাতিগোরব ইহার কারণ : মন্থ্য চরিত্র অতি বিচিত্র। তাহাদের মধ্যে বিবা-হের যে রীতি আছে, তাহা অত্যন্ত কৌতুকাবছ। তদ্ভিন্ন, তাহাদিগের রাজনীতিও অত্যন্ত মনোহর। ক্রমেং তাহা বিবত করিতেছি।"

এই প্র্যান্ত্র প্রবন্ধ পঠিত হইলে, সভাপতি অনিতোদব, দুরে একটি হরিণশিশু দেখিতে পাইয়া, চেয়ার
হইতে লাফ্ দিয়া তদরসরণে ধাবিত হইলেন। অনিতোদর এইরপ দ্রদশী বলিয়াই সভাপতি হইয়াছিলেন।
সভাপতিকে অকস্মাং বিদ্যালোচনায় বিমুখ দেখিয়া,
প্রবন্ধপাঠক কিছু কুয় হইলেন। তাহার মনের ভাব ব্ঝিতে পারিয়া একজন বিজ্ঞ সভা তাহাকে কহিলেন,
'অাপনি কুক হইবেন না, সভাপতি মহাশ্ম বিষয় কর্মোপলক্ষে দৌড়িয়াছেন। হবিণের পাল আসিয়াছে, আমি
ঘাণ পাইতেছি।''

এই কথা শুনিবামাত্র মহাবিজ্ঞ দভোর। লাঙ্গুলোখিত করিরা, যিনি যে দিকে পারিলেন, সেই দিকে বিষয় কর্ম্মের চেষ্টায় ধাবিত হইলেন। লেক্চররও এই বিদ্যার্থী দিগের দৃষ্টান্তের অনুবর্তী হইলেন,। এইরপে সে দিন ব্যান্ত্র-দিগের মহাসভা অঁকালে ভঙ্গ হইল।

পরে তাঁহারা অন্য এক দিন, সকলে পরামর্শ করিয়া

আহারান্তে সভার অধিবেশন করিলেন। সে দিন নির্ব্বিদ্নে সভার কার্য্য সম্পন্ন হইয়া প্রবন্ধের অবশিষ্টাংশ পঠিত হইল। তাহার বিজ্ঞাপনী প্রাপ্ত হইলে, আমরা প্রকাশ করিব।

## ব্যাঘাচার্য্য রহলাঙ্গুল।

बिचीय शतका।

সভাপতি নহাশ্য, বাঘিনীগণ, এবং ভদ্র ব্যাল্পণ।

আমি প্রথম বক্তৃতার অঙ্গীকার কবিবাছিলাম বে, মাষ্টুবেব বিবাহপ্রণালী এবং অন্যান্য বিষয় সম্বন্ধে কিছু বলিব। ভদ্রের অঙ্গীকার পালনই প্রধান ধর্ম। অত-এব মানি একবারেই আনার বিষয়ে প্রবেশ করিলাম।

বিবাহ কাহাকে বলে, আপনার। সকলেই অবগ্র আছেন। সকলেই মধ্যে ২ অবকাশ মতে বিবাহ ক্ষি। থাকেন। কিন্তু মহুষ্যবিধাহে কিছু বৈচিত্র আছে। ব্যাদ্র প্রভৃতি সভা পশুদিগের দারপরিগ্রহ কেবল প্রয়ো-ভুনাধীন, মনুষ্যপশুর সেরপ নহে—ভাহাদেন মধ্যে অনে-কেই এক কালীন জুনার মত বিবাহ করিয়া রাখে। মন্ত্য বিবাহ দ্বিধ — নিত্য এবং নৈমিন্তিক। তন্মধ্যে নিত্য অথবা পৌরোহিত বিবাহই মান্য। পুরোহিতকে মধ্যবর্তী করিয়া যে বিবাহ সম্পন্ন হইয়া থাকে, তাহাই পৌরোহিত বিবাহ।

মহাদ≗ই: া,—পুরোহিত কি ?

বৃহল্লাভূল।—অভিধানে লেখে, পুনোহিত চালকলাভোজী বঞ্চনাব্যসায়ী মহুষা বিশেষ। কিন্তু এই ব্যাখ্যা
ছন্ত । কেননা সকল পুরোহিত চালকলাভোজী নহে;
অনেক পুরোহিত মদ্য মাংস খাইয়া থাকেন; অনেক
পুরোহিত সর্দ্মভূক্। পক্ষান্তরে, চাল কলা খাইলেই
পুরোহিত হয়, এনত নহে। বারাণদী নামক নগরে
অনেক গুলিন যাঁড় আছে—তাহায়া চালকলা খাইয়া
থাকে। তাহায়া পুরোহিত নহে, তাহায় কায়ণ, তাহায়া
বঞ্চক নহে। বঞ্চকে যদি চালকলা খায়, তাহা হইলেই
পুরোহিত হয়।

পৌরোহিত বিবাহে এই রূপ এক জন পুরোহিত বর-কন্যার মধ্যবর্তী হইরা বদে। বিদিয়া কতক গুলা বকে। এই বক্তৃতাকে মন্ত্র বলে। তাহার অর্থ কি, আমি সবিশেষ জুবগত নহি, কিন্তু আমি ধেরূপ পণ্ডিত, তাহাতে ঐ সকল মস্ত্রের এক প্রকার অর্থ মনে মনে অন্তভূত করি-য়াছি। বোধ হয়, পুরোহিত বলে,

''হে বরকন্যে! আমি আজ্ঞা করিতেছি, তোমরা বিবাহ কর। তোমরা বিবাহ করিলে, আমি নিতা চাল কলা পাইব—সতএব তোমরা বিবাহ কর। এই কন্যার গ্রাধানে, সীমন্তোরয়নে, স্তিকাগারে, চালকলা পাইব —অতএব তোমরা বিবাহ কর। সন্তানের ষষ্ঠাপূজায चन्ना थानात, कर्नावर्ष, हुड़ाकतान वा उपनग्रत- चातक চাল কলা পাইব, অতএব তোমরা বিবাহ কর। তোমরা সংস্রেধর্মে প্রবৃত্ত হইলে, সর্কাদা ব্রত নিয়মে, পূজা পার্বণে, যাগ যজে, রত হইবে, স্থতরাং আমি অনেক চাল কলা পাইব; অতএব তোমরা বিবাহ কর। বিবাহ কর, কপন এ বিবাহ রহিত করিও না। যদি রহিত কর, ভবে कामात हाल कलात विस्थि विष इहेरव। छाहा इहेरल একং চপেটাঘাতে তোমাদের মুগুপাত করিব। আমা-দের পূর্বপুরুষদিগের এইরূপ আজ্ঞা।"

বোধ হয়, এই শাসনের জন্যই পৌরোহিত ৰিবাহ কথন রহিত হয় না।

আমাদিগের মধো মে বিবাহপ্রথা প্রচলিভ আছে, ভাহাকে নৈমিত্তিক বিবাহ বলা যায়। মনুষ্য সধ্যে এরূপ বিবাহও সচরাচর প্রচলিত। অনেক মহুষ্য এবং মানুষী. নিতা নৈমিত্তিক উভয়বিধ বিবাহ করিয়া থাকে। কিন্তু নিত্য নৈমিত্তিক বিবাহে বিশেষ প্রভেদ এই, যে নিত্য বিবাহ কেহ গোপন করে না. নৈমিত্তিক বিবাহ সকলেই প্রাণপণে গোপন করে। যদি এক জন মনুষ্য অন্য মনু-ষ্যের নৈমিত্তিক বিবাহের কথা জানিতে পারে, তাহা হইলে কথন কথন তাহাকে ধরিয়া প্রহার করে। আমার বিবেচনার প্রোহিতেরাই এই অনর্থের মূল। নৈমিত্রিক বিবাহে তাহারা চাল কলা পায় না—স্রুতরাং ইহার দম-নই তাহাদের উদ্দেশ্য-তাহাদের শিক্ষা মতে সকলেই নৈমিত্রিকবিবাহকারীকে ধরিয়া প্রহার করে। কিন্ত বি-শেষ চমংকার এই, যে অনেকেই গোপনে স্বরং নৈমিত্তিক বিবাহ করে, অথচ পরকে নৈমিত্তিক বিবাহ করিতে দে-খিলে ধরিয়া প্রহার করে।

ইহাতে আমার বিবেচনা হইতেছে যে, জনেক মমু-যাই নৈমিত্তিক বিবাহে সম্মত, তবে পুরোহিত প্রভৃতির ভরে মুথ কৃটিতে পারে না। আমি মমুষ্যাসয়ে বাস কা-লীন জানিয়া আসিয়াছি, অনেক উচ্চ শ্রেণীস্থ মমুষ্যোর নৈমিত্তিক বিবাহে বিশেষ আদর। যাহারা আমাদিগের নার সুসভা, সুতরাং প্রত্ত্বত্ত, তাঁহারাই এ বিষয়ে আমাদি- গের অনুকরণ করিয়া থাকেন। আমার এমনও ভরদা আছে যে, কালে মনুষ্যজাতি আমাদিগের নাার স্থদভা হইলে, নৈমিত্তিক বিবাহ তাহাদের মধ্যে সমাজসন্মত হ-ইবে। অনেক মনুষ্যপণ্ডিত তৎপক্ষে প্রবৃত্তিনায়ক গ্র-ছাদি লিখিতেছেন। তাঁহারা স্বজাতিহি তুরী, সন্দেহ নাই। আমার বিবেচনার, সন্মানবর্দ্ধনার্থ তাঁহাদিগকে এই ব্যাঘ্রসমাজের অনরারি মেম্বর নিযুক্ত করিলে ভাল হয়। ভরদা করি, তাঁহারা সভাস্থ হইলে, আপনারা তাঁহাদিগকে জলযোগ করিবেন না। কেননা তাঁহারা আমাদিগের ন্যায় নীতিজ্ঞ এবং লোকহি তৈষী।

মন্ত্রামধ্যে বিশেষ এক প্রকার নৈমিত্তিক বিবাহ প্র-চলিত আছে, তাহাকেমৌদ্রিক বিবাহ বলা যাইতে পারে। এ প্রকার বিবাহ সম্পন্নার্থ মান্ত্রম মুদ্রার দ্বাবা কোন মা-ম্বীর করতল সংস্পৃত্ত করে। তাহা ছইলেই মৌদ্রিক বিবাহ সম্পন্ন হয়।

মহাদং ষ্টা। মুদাকি?

র্হলান্তল। মুদ্রা মন্ত্যাদিগের পূজ্য দেবতা বিশেষ। বদি আপনাদিগের কৌত্হল থাকে, তবে আমি স্বিশেষে সেই মহাদেবীর গুণ কীর্ত্তন করি। মন্ত্র্যা যত দেবতার পূজা করে, তন্মধ্যে ইহার প্রতিই তাহাদের বিশেষ

ভক্তি। ইনি সাকারা। স্বর্ণ, রৌপ্য এবং তাম্রে ইহার প্রতিমা নির্মিত হয়। লোহ, টিন এবং কার্চে ইহার মন্দির প্রস্তুত করে। রেশম, পশম, কার্পাদ, চর্ম্ম প্রভৃতিতে ইহার সিংহাসন রচিত হয়। মানুষ গণ রাজিদিন ইহার शान करत, এवः किरम दैशत पर्मन श्राश दरेरव, रमहे जना সর্বাদা শশব্যস্ত হইয়া বেড়ায়। যে বাড়ীতে টাকা আছে জানে, অহরহ সেই বাড়ীতে মনুষ্যেরা যাতায়াত করিতে থাকে.—এমনই ভক্তি, কিছুতেই সে বাড়ী ছাড়ে না— मातिला यात्र नां। य এই দেবীর পুরোহিত, অথবা যাহার গৃহে ইনি অধিষ্ঠান করেন, সেই ব্যক্তি মনুষামধো প্রধান হয়। অন্যামনুষোরা সর্বাদাই তাঁহার নিকট যুক্ত-করে স্তব স্তৃতি করিতে থাকে। ঘদি মুদ্রাদেবীর অধি-কারী একৰার তাঁহাঁদের প্রতি কটাক্ষ করে, তাহাইইলে তাঁহারা চরিতার্থ হয়েন।

দেবতাও বড় ভাগ্রত। এমন কাজই নাই যে এই দেবীর অনুগ্রহে সম্পন্ন হয় না। পৃথিবীতে এমন সাম-গ্রীই নাই যে এই দেবীর বরে পাওয়া যায় না। এমন ছফর্মই নাই যে এই দেবীর উপাসনায় সম্পন্ন হয় না। এমন দোষই নাই যে ইহার অনুকম্পায় ঢাকা পড়ে না। এমন গুণই নাই যে তাঁহার অনুগ্রহব্যতীত গুণ বলিয়া

মনুষ্যসমাজে প্রতিপর হইতে পারে; বাহার ঘরে ইনি নাই—তাহার আবার গুণ কি পূ যাহার ঘরে ইনি বিরাজ করেন, তাহার আবার দোব কি ? মহুবাসমাজে মুদ্রাম-शास्त्रीत अञ्चलशीज वाक्तिकर धार्मिक वाल-मुमाशीन-তাকেই অধর্ম বলে। মুদ্রা থাকিলেই বিদ্রান হইল। মুদ্রা যাহার নাই, তাহার বিদাা থাকিলেও, মনুষাশাস্তাল-সারে সে মুর্থ বলিয়া গণা হয়। আমরা যদি " বড় বাঘ" বলি, তবে অনিতোদর, মহাদংষ্ট্রা, প্রভৃতি প্রকাণ্ডাকার মহাব্যাঘুগণকে বুঝাইবে। কিন্তু মন্ত্র্যালয়ে " বড় মা-কুষ" বলিলে সেরূপ অর্থ হয় না—সাট হাত বা দশ হাত মারুষ ব্ঝায় না, যাহার ঘরে এই দেবী বাদ করেন, তা-হাকেই "বড় মানুষ" বলে। যাহার ঘরে এই দেবী স্থাপিতা নহেন, সে পাঁচ হাত লঘা হইলেও তাহাকে " (हाडे (लाक" रतत।

মুদ্রাদেবীর এই রূপ নানাবিধ গুণগান শ্রবণ করিয়া আমি প্রথমে দক্ষর করিয়াছিলাম, যে মন্ত্র্যালয় হইতে ইহাকে আনিয়া ব্যাত্রালয়ে স্থাপন করিব। কিন্তু পশ্চাং যাহা শুনিলাম, তাহাতে বিরত হইলাম। শুনিলাম যে, মুদ্রাই মনুষ্যজাতির যত অনিষ্টের মূল। ব্যাত্রাদি প্রধান পশুরা ক্থন স্থলাতির হিংদা ক্রে না, কিন্তু মনুষ্যোরা

ুর্বনি আক্সাতির হিংসা করিয়াথাকে। মুদ্রাপূজাই ব হার কারণ। মুদ্রার লোভে, সকল মন্ত্রেই পরস্পরের সনিষ্টটোয় রত। প্রথম বক্তৃতায় বলিয়াছিলাম যে, মন্ত্রেরা সহস্রেই প্রান্তরমধ্যে সমবেত হইয়া পরস্পরকে হনন করে। মুদ্রাই তাহার কারণ। মুদ্রাদেবীর উত্তেজনায় সর্বাদাই নন্ত্রেরা পরস্পরে হত, আহত, পীজিত, অবক্রদ্ধ, অপমানিত, তিরস্কৃত করে। মন্ত্র্যালোকে বোধ হয়, এমত অনিষ্টই নাই, যে এই দেবীর অন্ত্র্যাহপ্রেরত নহে। ইহা আমি জানিতে পারিয়া, মুদ্রাদেবীকে উদ্দেশে প্রণাম করিয়া তাঁহার পূজার অভিলাষ ত্যাগ করিলাম।

কিন্তু মনুষোরা ইহা বুঝে না। প্রথম বক্তৃতাতেই বলিরাছি যে, মনুষোরা অত্যস্ত অপরিণামদর্শী—সর্কানাই পরস্পারের অনঙ্গল চেষ্টা করে। অত্তব তাহারা অবিরত রূপার চাকি ও তামার চাকি সংগ্রহের চেষ্টার কুমারের চাকের ন্যায় ঘুরিয়া বেড়ায়।

মন্ত্রাদিগের বিবাহতর যেমন কৌতুকাবছ, জন্যান্য বিষয়ও তদ্ধে। তবে, পাছে দীর্ঘ বক্তৃতা করিলে, আপ-নাদিগের বিষয় কর্মের সময় পুনরুপস্থিত হয়, এই জন্য জদ্য এই খানে সমাধা করিলাম। ভবিষ্যতে যদি অব-কাশ হয়, তবে জন্যান্য বিষয়ে কিছু বলিব।' এই রূপে বজুতা সমাধা করিয়া পণ্ডিতবর ব্যাঘাচার্চ বৃহরাঙ্গুল, বিপুল লাঙ্গুলচট্চটারবমধ্যে উপবেশন করি লেন। তথন দীর্ঘনথ নামে এক স্থানিকত যুবা ব্যাঘ গাজোখান করিয়া, হাউ মাউ শব্দে বিতর্ক আরম্ভ করি-লেন।

দীর্ঘনথ মহাশয় গর্জনাস্তে বলিলেন, "হে ভদ্র ব্যাঘু-গণ! সামি অদা বকার সদক্তার জনা তাঁহাকে ধনাবাদ দিবার প্রস্তাব করি। কিন্তু ইহা বলাও কর্ত্তব্য যে বক্তৃ-ভাটি নিতাস্ত মন্দ, মিথ্যাকথাপরিপূর্ণ, এবং বক্তা অতি প্রপূর্থ।"

অমিতোদর। "আপনি শাস্ত হউন। সভাজাতী-ম্বেরা অত স্পষ্ট করিয়া গালি দেয় না। প্রচ্ছরভাবে আ-শনি আরও গুরুতর গালি দিতে পারেন।"

দীর্ঘনথ। "যে আজা। বক্তা অতি সত্যবাদী, তিনি যাহা বলিলেন, তাহার মধ্যে, অধিকাংশ কথা অপ্রাক্ত হইলেও, ছই একটা সত্য কথা পাওয়া যায়। তিনি অতি স্পপ্তিত বাক্তি। অনেকেই মনে করিতে পারেন্থে, এই বক্তৃতার মধ্যে বক্তব্য কিছুই নাই। কিন্তু আনমরা বাহা পাইলাম, তাহার জন্য কৃতজ্ঞ হওয়া উচিত। তবে বক্ততার দকল কথায় সম্মতি প্রকাশ করিতে পারি

म। विटमंब, आर्फो मञ्चामर्था विवाह काहारक वरण, বাক্তা তাহাই অবগত নহেন। ব্যাঘ্র জাতির কুলরকার্থ যদি কোন বাঘ কোন বাঘিনীকে আপন সহচরী করে. (সহচরী, সঙ্গে চরে) তাহাকেই আমরা বিবাহ বলি। মানুষের বিবাহ সেরূপ নহে। মানুষ, স্বভাবতঃ তুর্বল এবং প্রভুত্ত । স্থতরাং প্রত্যেক মন্ত্রের একংটি প্রভু চাহি। সকল মনুষাই একং জন স্ত্রীলোককে আপন প্রভু বলিয়া নিযুক্ত করে। ইহাকেই তাহারা বিবাহ বলে। যখন তাহারা কাহাকে সাক্ষী রাথিয়া প্রভূনিয়োগ করে, তথন সে বিবাহকে পৌরোহিত বিবাহ বলা যায়। সাক্ষীর নাম পুরোহিত। বুহলাঙ্গুল মহাশয় বিবাছমভের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা অযথার্থ। দে মন্ত্র এই রপ;--

পুরোহিত। 'বল, আমাকে কি বিষয়ের সাক্ষী ইইতে হইবে?'

বর। 'আপনি সাফী থাকুন, আমি এই স্ত্রীলোক-টিকে জন্মের মত আমার প্রভুজে নিযুক্ত করিলাম।'

পুরো। 'আর কি?'

বর। 'আর আমি জন্মের মত ইহার জীচরণের

গোলাম হইলাম। আহার যোগানের ভার আমার উপর;
—শাইবার ভার উঁহার উপর।

পুরো। (কন্যার প্রতি) 'তুমি কি বল?'

কন্যা। 'আমি ইচ্ছাক্রমে এই ভৃত্যাটকে গ্রহণ করি-লাম। যত দিন ইচ্ছা হইবে, চরণসেবা করিতে দিব। বে দিন ইচ্ছানা হইবে, সেদিন নাতি মারিয়া তাড়াইরা দিব।'

পুরো। 'ভ্রতমন্ত।'

এইরূপ আরও অনেক ভূল আছে। যথা মূদ্রাকে বক্তা মনুষাপৃথিত দেবতা বলিয়া বর্ণনা করিয়াছেন, কিন্তু বাস্তবিক উহা দেবতা নহে। মুদ্রা এক প্রকার বিষচক্র। মন্তবারা অত্যস্ত বিষপ্রিয়; এই জন্য সচরাচর মূদ্রাসংগ্রহজন্য যত্নবান্। মনুষ্যাগণকে মুদ্রাভক্ত জানিয়া আমি পূর্বের বিবেচনা করিয়াছিলান বে 'না জানি মুদ্রা কেননই উপাদের সামগ্রী; আমাকে একদিন খাইয়া দেখিতে হইবে।' একদা বিদ্যাধরী নদীর তীরে একটা মনুষ্যাকে হত করিয়া ভোজন করিবার সময়ে, তাহার বস্তমধ্যে কয়েকটা মূদ্রা পাইলান। পাইলামাত্র উদরসাৎ করিলাম। পার দিবদ জায়ার উদরের পীড়া উপস্থিত হইল। স্কতরাং মূদ্রা যে এক প্রকার বিষ, তাহাতে সংশার কি ?'

দীর্ঘনথ এইরূপে বজুতা সমাপন করিলে পর অন্যান্য ব্যাঘ মহাশয়েরা উঠিয়া বজুতা করিলেন। পরে, সভা-পতি অমিতোদর মহাশায় বলিতে লাগিলেন;—

" একণে রাত্রি অধিক হইয়াছে, বিষয় কর্মের সময় উপস্থিত। বিশেষ, হরিণের পাল কথন আইসে, তাহার হিরতা কি ? অতএব দীর্ঘ বক্তা করিয়া কালহরণ কর্ত্বা নহে। বক্তা অতি উত্তম হইয়াছে—এবং বৃহ-ল্লাঙ্গল মহাশবের নিকট আমরা বড় বাধিত হইলাম। এক কণা এই বলিতে চাহি, যে আপনারা ছুই দিন যে বজ্তা গুনিলেন, তাহাতে অবশা বুঝিয়া থাকিবেন যে, মহুবা অতি অসভা পণ্ড। আমরা অতি সভাপশু। স্ত্রাং আমাদের কর্ত্তবা হইতেছে যে আমরা মনুষাগ-ণকে আমাদের ন্যায় সভা করি। বোধ করি, মহুষাদি-গকে সভ্য করিবার জন্যই জগদীশ্বর আমাদিগকে এই স্তকরবনভূমিতে প্রেরণ করিয়াছেন। বিশেষ, মাছুষেরা সভা হইলে, তাহাদের মাংস আরও কিছু স্থাদ হইতে পাবে, এবং তাহারাও আরও সহজে ধরা দিতে পারে। কেন না সভা হইলেই ভাহারা বুঝিতে পারিবে যে ব্যাঘ-দিগের আহারার্থ শরীরদান করাই মনুষ্টোর কর্ত্তবা। এই ৰূপ সভাতাই আমরা শিখাইতে চাই। অতএব আপ- নারা এ বিষয়ে মনোযোগী হউন। ব্যাযুদিগের কর্ত্বা বে, মনুষাদিগকে অগ্রে সভ্য করিয়া পশ্চাৎ ভোজন করেন।"

সভাপতি মহাশয় এইরপে বক্তৃতা সমাপন করিয়া লাঙ্গুলচট্চটারবমধ্যে উপবেশন করিলেন, তুথন সভা-পতিকে ধন্যবাদ প্রদানানস্তর বাাঘুদিগের মহাসভা ভঙ্গ হইল। তাঁহারা যে যথায় পারিলেন, বিষয় কর্ম্মে প্রয়াণ করিলেন।

যে ভূমিখণ্ডে সভার অধিষ্ঠান হইয়াছিল, তাহার চারি পার্শ্বে কতকগুলিন বড়ং গাছ ছিল। কতকগুলিন বানব, তছপরি আরোহণ করিয়া, বৃক্ষপত্রমধ্যে প্রাছল থাকিয়া, বাাশুদিগের বক্তা শুনিতেছিল। ব্যাঘ্রের সভাভূমি তাগে করিয়া গেলে, একটি বানর ম্থ বাহির করিয়া অভ্য বানরকে ডাকিয়া কহিল, "বলি, ভায়া ডালে আছ ?"

দিতীয় বানর বলিল, " আজে, আছি।"

প্রথম বানর। " আইন, আমরা এই ব্যাঘুদিণের বফুতার সমালোচনায় প্রবৃত্ত হই।"

वि, वा। " (कन?"

প্র বা। "এই বাছেরা আম:দিগের চিরশক্র। আইস, কিছু নিকা করিয়া শক্ত হা সাধা ঘাউক।" দ্বি, বা। " অবশা কর্ত্তবা। কাজটা আমাদিপের জাতির উচিত বটে।"

প্রা। "আছে।, তবে দেখ বাঘেরা কেহ নিকটে নাই ত?"

দ্ধি, কা। •"না। তথাপি আপনি একটু প্রচ্ছন্ন থাকিয়া বলুন।"

প্রা। "সেই কথাই ভাল। নইলে কি জানি, কোন্দিন কোন্বাঘের সমুখে পড়িব, মার আমাকে ভোজন করিয়া ফেলিবে।"

वि, या। "वनून कि माय!"

প্রা। "প্রথম, ব্যকারণ অন্তন্ধ। আমরা বানর-জাতি, ব্যাকরণে বড় পণ্ডিত। ইহাদের ব্যাকরণ আমা-দের বাছুরে ব্যাকরণের মত নছে।"

দ্বি, বা। "তার পর ?"

था, वा। "ইशामत जावा वड़ मनन।"

वि, वा। "इा; উহারা বাছরে কথা কয় না!

প্র, বা। "ঐ যে অমিতোদর বলিল, 'ব্যাঘুদিগের কর্ত্তব্য, অথ্যে মন্ত্র্যাদিগের সভ্য করিয়া পশ্চাৎ ভোজন করেন,' ইহা না বলিয়া যদি বলিত, 'অথ্যে মন্ত্র্যাদিগকে ভোজন করিয়া প\*চাৎ সভা করেন, ভাহা হইলে সঙ্গত ভইত।''

দি, বা। "সন্দেহ কি—নহিলে আমাদের বানব বলিবে কেন ?"

প্রা। "কি প্রকারে বক্তা হয়, কিঁ কি কথা বলিতে হয়, তাহা উহারা জানে না। বক্তায় কিছু কিচমিচ কবিতে হয়, কিছু লক্ষ্ম ক্ষম করিতে হয়, ৩ই একবার মূপ ভেঙ্গাইতে হয়, ছই এক বার কদলী ভোগন করিতে হয়; উহাদের কর্তবা, আমাদের কাছে কিছু শিক্ষা লয়।"

ৰি, বা। "আমাদিগের কাছে শিক্ষাপাইলে উহবো বানর হইত, ব্যাঘু হইত না।"

এমত সমরে জারে। কয়েকটা বানর সাহস পাইরা উটিল। এক বানর বলিল, ''আমার বিবেচনার বকুতার মহদোষ এই যে, বৃহলাসূল আপনার জ্ঞান ও বৃদ্ধির দারা আবিকৃত অনেক গুলিন নৃতন কথা বলিয়াছেন। দ্ব সকল কথা কোন গ্রন্থেই পাওয়া ঘার না। ঘাহা পূর্ব-লেখকদিগের চর্বিত্রকণ নহে, ভাহা নিতাস্ত দ্বা। আমরা বানর ভাতি ৠচিরকাল চর্বিভিচ্কণ করিয়া বানর- লোকের শ্রীবৃদ্ধি করিয়া আসিতেছি—ব্যাঘ্রাচার্গ্য যে তাহা করেন নাই, ইহা মহা পাপ।''

তথন একটি রূপী বানর বলিয়া উঠিল, "আমি এই সকল বক্তার মধ্যে হাজার এক দোষ তালিকা করিয়া বাহির কুবিতে পারি। আমি হাজার এক স্থানে বৃঝিতে পারি নাই। যাহা আমার বিদ্যাবৃদ্ধিব অভীত, তাহা মহাদোষ বই আর কি ?"

আর একটি বানর কহিল, "আমি বিশেষ কোন দোষ দেখাইতে পারি না। কিন্তু আমি বায়ার রকম মুখ-ভঙ্গী করিতে পারি; এবং অল্লীন গালিগালাজ দিরা আ-পন সভাতা এবং রদিকতা প্রচার করিতে পারি।"

এইরপে বানরের। ব্যাছদিগের নিন্দাবাদে প্রবৃদ্ধ র-হিল। দেখিয়া এক স্থূলোদর বানর বলিল, যে "আমরা বেকপ সিন্দাবাদ করিলাম তাহাতে বৃহলাঙ্গল বাসায় গিয়া মহিয়া থাকিবে। আইস, আমরা কদলী ভোজন কবি।"

## ইংরাজন্তোত্র।

## (মহাভারত হইতে অমুবাদিত)

হে ইংরাজ ! আমি তোমাকে প্রণাম করি। ১॥
তুমি নানাগুণে বিভূষিত, স্থানর কান্তিবিশিষ্ট, বহল
সম্পদ্যুক্ত; অতএব হে ইংরাজ ! আমি তোমাকে প্রণাম
করি। ২॥

তুমি হর্তা—শত্রুদলের; তুমি কর্তা—আইনাদির; তুমি বিধাতা—চাকরি প্রভৃতির। অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ৩॥

ভূমি সমরে দিব্যাস্ত্রধারী—শিকারে বল্লমধারী, বিচা-রাগারে অন্ধ ইঞ্চি পরিমিত ব্যাসবিশিষ্ট বেত্রধারী, আ-হারে কাটা চাম্চে ধারী; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ৪।।

তুমি একরূপে রাজপুরী মধ্যে অধিষ্ঠান করিয়া রাজ্য কর; আর একরূপে পণারীথিকা মধ্যে বাণিজ্য কর; আর একরূপে কাছাড়ে চার চান কর; অতএব হে ত্রিনূর্ত্তে! আমি তোমাকে প্রণাম করি। ৫।।

তোমার সম্বস্ত্রণ তোমার প্রণীত গ্রন্থাদিতে প্রকাশ; তোমার রজোশুণ তোমার কৃত যুদ্ধাদিতে প্রকাশ; তো- নার তমোগুণ তোমার প্রণীত ভারতব্যীয় সম্বাদ পত্রা-দিতে প্রকাশ।—অতএব হে ত্রিগুণায়ক! আমি তো-মাকে প্রণাম করি। ৬॥

তুমি আছি, এই জন্যই তুমি সং! তোমার শক্রা রিবক্ষেত্রে চিং: এবং তুমি উমদের বর্গের আনন্দ; অত-এব হে সভিদোনন্দ! তোমাকে আমি প্রণাম করি। ৭॥

তুমি ব্হা, কেন না ভূমি প্রজাপতি: ভূমি বিষ্ণু, কেন না কনলা তোমার প্রতিই কুপা করেন; এবং তুমি মহেশ্বব, কেন না তোমার গৃহিণী গৌবী। অত্এব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম কবি। ৮॥

তুমি ইল, কামান তোমার বজ; তুমি চলু, ইন্কম টেক্স তোমার কলস্ক; তুমি বায়, রেইলঙ্যে তোমার গমন; তুমি বরণ, সমুদ্র তোমার রাজা; অতএব ফে ইং-রজে! আমি তোমাকে প্রণাম করি। ৯॥

তুমিই দিবাকর, তোমার আলোকে আমাদেব হস্তানদকার দূর হইতেছে; তুমিই অগ্নি, কেন না সব খাও; তুমিই যম, বিশেষ আমলাবর্গের। ১০॥

তুমি বেদ, আর ঝক্ষজুষাদি মানি না; তুমি স্থতি— ম্যাদি তুলিয়া গিয়াছি; তুমি দর্শন—ন্যায় মীমাংসা প্রভৃতি তোমারই হাত। অতএব হে ইংরাজ ! তোমাকে প্রণাম করি। ১১।।

হে খেতকান্ত! তোমার অমল-ধবল দ্বিন্দ-রদ্ভল্ন মহাশ্মশ্রশোভিত মুখ্য গুল দেখিয়া আমার বাসনা হই-রাছে, আমি তোমার স্তব করিব; অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ১২।।

তোমার হরিতকপিশ পিঙ্গললোহিত ক্ষণ্ডলাদি নানা বর্ণশোভিত, অতিগল্পরঞ্জিত, ভালুক মেদ মাজ্জিত, কু-স্তলাবলি দেখিয়া আমার বাসনা হইরাছে, অমি তোমাব স্তব করিব: অতএব হে ইংরাজ! আমি তোমাকে প্রণাম করি। ১৩॥

তুমি কলিকালে গোরাঙ্গবতার, তাহার সন্দেহ নাই। হাট তোমার সেই গোণবেশের চূড়া: পেণ্টুলন সেই ধড়া—আর ছইপ্সেই মোহন মুবলী—অতএব হে গো পীবল্লভা আমি তোমাকে প্রশাস কবি। ১৪॥

হে বরদ! আমাকে বর দাও। আমি শাম্লা মাতায় বাঁধিয়া তোমার পিছু ২ বেড়াইব—তুমি আমাকে চাকরি দাও। আমি তোমাকে প্রণাম করি। ১৫।

হে শুভদ্র! আমার শুভ কর। আমি তোমার খোষামোদ করিব, তোমার প্রিয় কথা কহিব, তোমার মন রাথা কাজ করিব—আমায় বড় কর, আমি তো-মাকে প্রণাম করি। ১৬॥

হে মানদ—আমায় টাইটল দাও, থেকাব দাও, থে-লাত দাও;—আমাকে তোমার প্রসাদ দাও—আমি ভো-মাকে প্রুণাম করি। ১৭।।

হে ভক্ত বৎসল! আমি তোমার পাত্রাবশেষ ভোক্ষম
করিতে ইচ্ছা করি—তোমাব করম্পর্শে লোক মণ্ডলে মহা
নানাম্পদ হইতে বাসনা করি,—তোমার স্বহস্তলিথিত
ছই একখানা পত্র বাক্সমঃ রাখিবার ম্পর্কা করি—
অতএব হে ইংরাজ! তুমি আমার প্রতি প্রসন্ন হও; আমি
তোমাকে প্রণাম করি। ১৮॥

হে অন্তর্গামিন্! আমি যাহা কিছু করি, তোমাকে ভুলাইবার জন্য। ভুমি দাতা বলিবে বলিয়া আমি দান করি: ভুমি পরোপকারী বলিবে বলিয়া পরোপকার করি; ভুমি বিয়ান্ বলিবে বলিয়া আমি লেখা পড়া করি। অত্তর্থব হে ইংরাজ! ভুমি আমার প্রতি প্রসন্ম হও। আমি তোমাকে প্রণাম করি । ১৯।।

আমি তোমার ইচ্ছামতে ডিস্পেন্সরি করিব: তোমার প্রীতার্থ স্কৃল করিব; তোমার আজ্ঞামত চাঁদা দিব, তুমি স্থামার প্রতি প্রদায় হও, স্থামি তোমাকে প্রণাম করি। ২০॥ হে সৌমা! যাহা তোমার অভিমত, তাহাই আমি করিব। আমি বুট পাণ্টলুন পরিব, নাকে চদ্মা দিব, কাটা চান্চে ধরিব, টেবিলে থাইব—তুমি আমার প্রতি প্রদান হও। আমি তোমাকে প্রণাম করি। ২১॥

হে মিষ্টভাষিন্! আমি মাতৃভাষা ত্যাগ ক্রিয়া তোমার ভাষা কহিব; পৈতৃকধর্ম ছাজিয়া বাদ্ধর্মাবলম্বন
করিব; বাবুনাম ঘুচাইয়া মিষ্টর লেখাইব; তুমি আনার
প্রতি প্রসন্ন হও। আমি তোনাকে প্রণাম করি। ২২।।

হে স্থভোজক! আমি ভাত ছাড়িয়াছি, পাউকটি থাই; নিষিদ্ধ মাংস নহিলে আমার ভোজন হয় না; কুকুট আ মার জলপান। অতএব হে ইংরাজ! আমাকে চর্ত্তে রাধিও, আমি ভোমাকে প্রণাম করি। ২৩।।

আমি বিধবার বিবাহ দিব; কুলীনের জাতি মারিব, জাতিতেদ উঠাইয়া দিব—কেন না তাহা ছইলে তুনি আমার স্থ্যাতি করিবে। অতএব হে ইংরাজ! তুনি আমার প্রতি প্রসন্ন হও। ২৪॥

হে সর্বাদ শাকে ধন দাও, মান দাও, যশং দাও:
— আমার সর্বাদনা সিদ্ধ কর। আমাকে বড় চাকরি
দাও, রাজা কর, রায়বাহাত্র কর, কৌন্সিলের মেম্বর কর,
আমি তোমাকে প্রণাম করি। ২৫॥

যদি তাহা না দাও, তবে আমাকে ডিনরে আট্হোনে
নিমন্ত্রণ কর; বড়ং কমিটির মেম্বর কর, সেনেটের মেম্বর
কর, জৃষ্টিদ্ কর, অনরারী মাজিষ্ট্রেট্ কর, আমি তোমাকে
প্রোম করি। ২৬॥

আয়ার স্প্রীচ্ শুন, আমার এশে পড়, আমায় বাহবা দাও,—আমি তাহা হইলে সমগ্র হিন্দমাজের নিন্দাও গ্রাহ্ম করিব না। আমি তোমাকেই প্রণাম করি। ২৭॥ হে ভগবন্! আমি অকিঞ্চন! আমি তোমার দ্বারে দাড়াইরা থাকি, তুমি আমাকে মনে রাথিও। আমি তোমাকে ডালি পাঠাইব, তুমি আমাকে মনে রাথিও। হে ইংরাছ! আমি তোমাকে কোটিং প্রণাম করি। ২৮॥

## বাবু।

জনমেজয় কহিলেন, হে মহর্ষে! আপনি কহিলেন যে, কলিয়ুগে বাবু নামে এক প্রকার মন্ত্রোরা পৃথিবীতে আবির্ভূত হইবেন। তাঁহারা কি প্রকার মন্ত্রা হইবেন এবং পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া কি কার্য করিবেন, তাহা গুনিতে বড় কোতৃহল জ্বনিতেছে। আপনি অফুগ্রহ করিয়া সবিস্তারে বর্ণন করুন।

বৈশম্পায়ন কহিলেন, হে নরবর, আমি সেই বিচিত্র-বন্ধি. আহারনিদ্রাকুশলী রাবুগণকে আখ্যাত করিব, আ পনি শ্রবণ করন। আমি সেই চসমাঅলয়ত, উদারচ-রিত্র, বছভাষী, সন্দেশপ্রিয় বাবুদিগের চরিত্র কীর্ত্তিত কবিতেছি, আপনি শ্রবণ করুন। হেরাজন, যাহাবা চিত্রবসনাবৃত, বেত্রহস্ত, রঞ্জিতকুস্তল, এবং মহাপাচক, ভাঁহারাই বাবু। যাঁহারা বাক্যে অজেয়, পরভাষাপার-मर्भी, **माञ्**ভाষাবিরোধী, তাঁহারাই বাবু। মহারাজ ! এমন অনেক মহাবৃদ্ধিদপার বাবু জন্মিবেন যে, তাঁহারা মাতভাষায় বাক্যালাপে অসমর্থ হইবেন। যাঁহাদিগের দশেক্তিয় প্রকৃতিস্থ, অতএব অপরিশুদ্ধ, যাঁহাদিগের কে-वन तमरनिख्य প्रकािजिनिशीवरन शविख, जाँशारी वावु। यांशांक्रित्र हत्रण साःमाञ्जितिशीन शुक्रकार्ष्ट्रंत नााय शहे-लिख भनाग्रत मक्तमः;—इष्ठ पूर्वन इहेल ७ त्नथनीधा-রণে এবং বেতনগ্রহণে স্থপটু;—চর্ম্ম কোমল হইলেও দাগর পারনির্দ্ধিত দ্রব্য বিশেষের প্রহার সহিষ্ণু; যাঁহাদি-গের ইব্রিমাতেরই ঐরপ প্রশংসা করা ঘাইতে পারে. তাঁহারাই বাবু। যাঁহার। বিনা উদ্দেশ্তে সঞ্য করিবেন,

সঞ্চয়ের জন্য উপার্জন করিবেন, উপার্জনের জন্য বি-দ্যাধ্যয়ন করিবেন, বিদ্যাধ্যয়নের জন্য প্রশ্ন চুরি করি-বেন, তাঁহারাই বাবু।

মহারাজ! বাবু শক্ষ নানার্থ হইবে। যাঁহারা কলিযুগে ভারতবর্ধের রাজ্যাভিষিক্ত হইয়া, ইংরাজ নামে
খাত হইবেন, তাঁহাদিগের নিকট "বাবু" অর্থে কেরাণী
বা বাজার সরকার বুঝাইবে। নির্ধন দিগের নিকটে
"বাবু" শক্ষে অপেক্ষারুত ধনী বুঝাইবে। ভৃত্যের নিকট
"বাবু" অর্থে প্রভু বুঝাইবে। এ সকল হইতে পৃথক্, কেব্ল বাবুজন্ম-নির্দ্ধাহাভিলাষী কতকগুলিন মন্ত্র্যা জান্ত্রিন।
আমিকেবল তাঁহাদিগেরই গুণকীর্ত্তন করিতেছি। যিনি বিপরীতার্থ করিবেন, তাঁহার এই মহাভারত প্রবণ নিক্ষল হইবে। তিনি গো জন্ম গ্রহণ করিয়া বাবুদিগের ভক্ষ্য হইবেন।

হে নরাধিপ! বাবুগণ দ্বিতীর অগস্তোর ন্যার সমুদ্ররূপী বরুণকে শোষণ করিবেন, ক্ষাটিক পাত্র ইহাদিগের
গুড়ুষ। অগ্নি ইহাদিগের আজ্ঞাবহ হইবেন—" তামাকু" এবং " চুরট" নামক তৃইটি অভিনব খাওবকে
আশ্রম করিয়া রাত্রি দিন ইহাদিগের মুখে লাগিয়া থাকিবেন। ইহাদিগের যেমন মুখে অগ্নি, তেমনি জঠরেও

অগ্নি জলিবেন। এবং রাজি তৃতীয় প্রহর পর্যান্ত ইহা-निरगत तथन युगन अमीर् जनिर्वत । देशमिरगत আলোচিত সঙ্গীতে এবং কাব্যেও অগ্নিদেব থাকিবেন। তথার তিনি "মদন আগুন" এবং "মনাগুন" রূপে পরি-ণত হইবেন। বারবিলাসিনীদিগের মতে ইহাদিগেব কপালেও অগ্রিদেব বিরাজ করিবেন। বায়কেই ইহার। ভক্ষণ করিবেন—ভদ্রতা করিয়া সেই গুর্দ্ধ কার্য্যের নাম द्राचिर्दन, "वाग्रस्त्रन्म।" हम देशाँगत ग्रह धनः ग्रहत বাহিরে নিতা বিরাজমান থাকিবেন-কদাপি অবগুঠনা-রত। কেহ প্রথমরাত্রে কুষ্ণপক্ষের চক্ত, শেষরাত্রে শুরুপকের চক্র দেখিবেন, কেছ তদ্বিপরীত করিবেন। ক্ষা ইহাদিগকে দেখিতে পাইবেন না। যম ইহাদিগকে ভূলিয়া থাকিবেন। কেবল অশ্বিনীকুমারদিগকে ইহারা পুজা করিবেন। অধিনীকুমারদিপের মন্বিরের নাম হটবে ''আস্থাৰল ।''

হে নরশ্রেষ্ঠ! যিনি কাব্যরসাদিতে বঞ্চিত, সঙ্গীতে দগ্ধ কোকিলাহারী, যাহার পাণ্ডিতা শৈশবাভাত গ্রহণত, যিনি আপনাকে অনস্কলানী বিবেচনা করিবেন, তিনিই বাব। যিনি কাব্যের কিছুই ব্ঝিবেন না, অথচ কাব্যাপ্ত এবং সমালোচনায় প্রবৃত্ত, যিনি বার্যোধিতের চীৎ-

কার মাত্রকেই সঙ্গীত বিবেচনা করিবেন, যিনি আপ-নাকে সর্বজ্ঞ এবং অভ্রান্ত বলিয়া জানিবেন, তিনিই বাবু। यिनि ज्ञार कार्डिक्ट्यं किन्छे, ख्रा निर्ख्न भागर्थ, কর্মে জড়ভরত, এবং বাক্যে সরস্বতী, তিনিই বাবু। বিনি উহ্রসবার্থ ছুর্গাপূজা করিবেন, গৃহিনীর অমুরোধে লক্ষীপূজা করিবেন, উপগৃহিণীর অন্তরোধে সরস্বতী পূজা করিবেন, এবং পাটার লোভে গঙ্গাপূজা করিবেন, তিনিই বাব। যাহার গমন বিচিত্র রথে, শয়ন সাধারণ গতে, शान जाकातम, धवः आशांत कमनी मध्न जिनिहे नात्। যিনি মহাদেবের তুলা মাদকপ্রিয়, ব্রহ্মার তুলা প্রজা সি-সক্ষ, এবং বিষ্ণুর তুলা লীলা-পটু, তিনিই বাবু। হে কুরুকুলভূষণ ! বিষুব সহিত এই বাবুদিগের বিশেষ সাe भा इटेरव । विकूत नाति, देशांटनत नक्ती अवः मतस्त्री উভয়ই থাকিবেন। विकुत नाम्न, हेहाता अन उभया শায়ী হটবেন। বিষ্ণুর নাায় ইইছনিগেরও দশ অব-তার-যথা কেরাণী, মাষ্টর, ত্রাহ্ম, মুৎস্থদী, ডাক্তার, উ-কীল, হাকিম, জমীদার, সমাদপত্ত সম্পাদক এবং নিদ্দর্যা। বিষ্ণুর নাায় ইহাঁর৷ সকল অবতারেই অমিতবল পরাক্রম অস্থরগণকে বধ করিবেন। কেরাণী অবতারে বধা অ-স্থর দপ্তরী: মাষ্টার অবতারে বধ্য ছাত্র: ষ্টেশ্যন মাষ্টার অবতারে বধ্য টীকেটহীন পথিক; ত্রাক্ষাবতারে বধ্য চালকলা প্রত্যাশা প্রোহিত; মুৎস্থদী অবতারে বধ্য বিক্
ইংরাজ; ডাক্তার অবতারে বধ্য রোগী; উকীল অবতারে
বধ্য মোয়াক্কল; হাকিম অবতারে বধ্য বিচারার্থী; জমীলার
অবতারে বধ্য প্রজা; সম্পাদক অবতারে বধ্য ভূদলোক
এবং নিম্বর্যাবতারে বধ্য প্রস্তরিণীর মৎস্য।

মহারাজ। পুনশ্চ প্রবণ করুন। যাঁহার বাকা মনো-মধ্যে এক. কথনে দশ, লিখনে শত, এবং কলহে সহস্ৰ, তিনিই বাবু। যাঁহার বল হত্তে একগুণ, মুখে দশগুণ. পুর্চে শতগুণ, এবং কার্য্যকালে অদৃশ্য, তিনিই বাবু। বাঁছার বৃদ্ধি বালো পুত্তকমধ্যে, যৌবনে বোতলমধ্যে, বাৰ্দ্ধকো গৃহিণীর অঞ্চলে, তিনিই বাব। যাহার ইষ্ট্রদে-বতা ইংরাজ, গুরু ব্রাহ্মধর্মবেস্তা, বেদবেষী সম্বাদ পত্র, এবং ভীর্থ " ন্যাশানেল থিয়েটর," তিনিই বাব। যিনি মিশনরির নিকট এটিয়ান, কেশবচন্ত্রের নিকট ব্রাক্ষ, পিতার নিকট হিন্দু, এবং ভিক্কুক ব্রাহ্মণের নিকট নাস্তিক, তিনিই বাবু। যিনি নিজগৃহে ওধু জল খান, বন্ধু গৃহে মদ খান, বেখাগছে গালি খান, এবং মুনিব সাহেবের গুহে গলা ধাকা খান, তিনিই বাবু। যাঁহার সানকাণে তৈলে ছুণা, আহারকালে আপন অস্থূলিকে ছুণা, এবং কথোপকথনকালে মাতৃভাষাকে খুণা, তিনিই বাবু। খাঁ-হাব যত্ন কেবল পরিচ্ছদে, তৎপরতা কেবল উমেদারিতে, ভক্তি কেবল গৃহিণী বা উপগৃহিণীতে, এবং রাগ কেবল সদ্প্রস্থের উপর,নিঃসন্দেহ তিনিই বাব।

হে নুরনাথ! আমি বাঁহাদিগের কথা বলিলাম; তাঁহাদিগের মনেং বিশ্বাস জন্মিবে, যে আমরা তাশ্বল চর্কাণ
করিয়া, উপাধান অবলম্বন করিয়া, দৈভাষিকী কথা কহিয়া, এবং তামাকু সেবন করিয়া ভারতবর্ষের পুনরুদ্ধার
করিব।

জনমেজয়' কহিলেন, হে মুনিপুঞ্চব! বাব্দিগের জয় হউক, আপনি অন্য প্রসঞ্চ আরম্ভ করন।

### গদভ।

হে গৰ্মভা আমার প্রদন্ত, এই নবীন তৃণ সকল ভো-জন করুন্। ১।

আমি বছষত্নে, গোবৎসাদির অগমা প্রান্তর সকল হইতে, নবজলকণানিষেকস্করভি তৃণাগ্রভাগ সকল, আহ-রণ করিয়া আনিয়াছি, আপনি স্থলর বদনমগুলে গ্রহণ করিয়া, মুক্তানিদিত দত্তে ছেদন পূর্ব্বক আমার প্রতি কুপাবান হউন।

হে মহাতাগ! আপনার পূজা করিব ইচ্ছা হইয়াছে, কেন না আপনাকেই সর্বাত্ত দেখিতে পাই। অতএব হে বিশ্বব্যাপিন! আমার পূজা গ্রহণ করুন।

আমি পূজা ব্যক্তির অনুসন্ধানে প্রবৃত্ত হইরা, নান।
দেশে নানা স্থানে পরিভ্রমণ করিয়া দেখিলাম, আপনি
সর্ব্বেই বসিয়া আছেন, সকলেই আপনার পূজা করি
তেছে। অতএব হে দীর্ঘকর্ণ! আমারও পূজা গ্রহণ
করুন।

হে গর্দভ! কে বলে তোমার পদগুলি ক্ষুদ্র। যেখানে সেথানে তোমারই বড় পদ, দেখিলা থাকি। তুমি উচ্চা-দনে বসিয়া, স্তাবকগণে পরিবৃত হইয়া, মোটাং ঘাসেব আঁটি থাইয়া পাক। লোকে তোমার শ্রণেক্তিয়ের প্র শংসা করে।

তৃমিই বিচারাসনে উপবেশন করিয়া, মহাকণ্রয় ইত-কতঃ সঞ্চালন করিতেছ। তাহার অগাধ গহরে দেখিতে পাইয়া, উকীল নামক কবিগণ নানাবিধ কাব্যরস তথ্য চালিয়া দিতেছে। তথ্য তুমি শ্রণহৃপ্তিস্থপে অভিভূত হইয়া নিদ্রা গিয়া থাক। হে বৃহন্তঃ তখন দেই কাব্যরসে আর্দ্রীভূত হইয়া, তুমি দ্যাময় হইয়া, অসীম দ্যার প্রভাবে রামের সর্কস্থ গ্রামকে দাও, গ্রামের সর্কস্থ কানাইকে দাও; তোমার দ্যার পার নাই।

হে নুরজকণুহভূষণ! কথনও দেখিয়ছি, তুমি লাঙ্গুল সঙ্গোপন পূর্ব্বক কাষ্ঠাসনে উপবেশন করিয়া, সরস্বতীন মণ্ডপ মধ্যে বঙ্গীয় বালকগণকে গর্দভলোক প্রাপ্তির উপরেশ বলিয়া দিতেছ। বালকেরা গর্দভলোক প্রবেশ করিলে, 'প্রবেশিকায় উত্তীর্ণ হইল' বলিয়া, মহা গর্জ্বন করিয়া থাক। শুনিয়া আমবা ভয় পাই।

হে প্রকাণ্ডোদর! তুমিই চতুপাঠীমধ্যে কুশাসনে উপবেশন করিয়া, তৈলনিয়িক্ত ললাটপ্রান্তরে চলনে নদী অন্ধিত করিয়া, তুলটহন্তে শোভা পাও। তোমার কৃত শাস্ত্রের ব্যাপ্যা ভানিয়া আমরা ধনাং করিতেছি। অতএব হে মহাপশো! আমার প্রদত্ত কোমল তৃণাত্রর ভোজন কর।

তামারই প্রতি লক্ষীর ক্লপা—তুমি নহিলে আর কাহারও প্রতি কমলার দয়া হয় না। তিনি তোমাকে কথ-নও ত্যাগ করেন না, কিন্তু তুমি তাঁহাকে বৃদ্ধির গুণে সর্বাদাই ত্যাগ করিয়া থাক। এই জন্যই লক্ষীর চাঞ্চল্য কলস্ক। অতএব হে স্পুচ্ছে! তুণ ভোজন কর।

তুমিই গায়ক। ষড়জ, ঋষভ, গান্ধার, প্রভৃতি সপ্তস্থবই তোমার কণ্ঠে। অন্যে বছকাল, তোমার অফ্করণ
করিয়া, দীর্ঘ শাক্র রাখিয়া, অনেক প্রকার কালি অভ্যাস
করিয়া, তোমার মত স্থর পাইয়া থাকে। তে ভৈববক্ঠ!
ঘাস খাও।

তুমি বহুকাল ক্রইতে পৃথিবীতলে বিচরণ করিতেছ।
তুমিই রামায়ণে রাজা দশরপ, নহিলে রাম বনে যাইবে
কেন ? তুমি মহাভারতে পাঞ্পুত্র বুধিটির, নহিলে পাশুব
পাশার স্থী হারিবে কেন ? তুমি কলিযুগে বঙ্গদেশে র্দ্ধ
সেন রাজা ছিলে,—নহিলে বঙ্গদেশে মুদলমান কেন ?

ুত্মিই আহ্মণকূলে জন্মিয়া, ধন্মশাস্ত্র প্রথমন করিয়া-ছিলে, সন্দেহ নাই, নহিলে নবমীতে লাউ থাইতে নাই কেন? চুমিই আলক্ষারিক, সাহিত্যদর্শণাদি তোমারই স্থাই। কিঞাৎ যাম খাও।

তুমি স্থকবি—কাদষরী, বাসবদত্তা প্রভৃতি উৎক্ষ্ঠ, জগলান্য কাব্য তোমারই প্রণীত। ক্লফচন্তের সভার থাকিয়া, তুমিই বিদ্যাস্থলরাদি প্রণয়ন করিয়াছিলে, স- ন্দেহ নাই। নহিলে এজন্মে তাহাতে তোমার এত প্রীতি কেন?

তুমি নানা রূপে, নানাদেশ আলো করিরা, যুগেং প্রতিষ্ঠিত হইয়াছ। এক্ষণে তপদ্যাবলে, ব্রহ্মার বরে, তুমি বস্তুদেশে দ্যালোচক হইরা অবতীর্ণ ইইয়াছ। হে লোমশাবতার। আমার দ্যাহত কোমল নবীন তৃণাকুর দ্বল ভক্ষণ কর, আমি আহ্লাদিত হইব।

হে মহাপৃষ্ঠ ! তুমি কথন রাজ্যের ভার বহ, কথন পুস্ত কের ভার বহ, কথন ধোপার গাঁটবি বহ। হে লোমশ! কোনটি গুরুভার আমায় বলিয়া দাও।

কৃমি কথন যাস থাও, কথন ঠেঙ্গা থাও, কথন গ্ৰন্থ কাৰের মাথা খাও: তে লোমশ! কোনটি স্থভক্যা, অকানি চীনকে বলিয়া দাও।

হে স্থলর ! তোমার রূপ দেখিয়া আমি মোহিত হইরাতি। তুমি যখন গাছ তলায় দাড়াইয়া, নববর্ষায়ারদিক্ত হইতে থাক, ছই মহাকর্ণ উদ্ধোখিত করিয়া, মুখছল্ল বিনত করিয়া, চক্ষু ছটি কণে মুদিত কণে উদ্মেষিত
করিতে করিতে ভিজিতে থাক,—তোমার পৃষ্টে, মুণ্ডে
এবং ফদ্ধে বস্থারা বহিতে থাকে—তথন তোমাকে আমি
বড় স্থলর দেখি। হেলোকমনোমোহন! কিছু ঘাস খাও।

বিধাতা তোমায় তেজ দেন নাই, এজনা তুমি শাস্ত, বেগ দেন নাই এজনা স্থানীর, বৃদ্ধি দৈন নাই, এজনা তুমি বিদ্বান্; এবং মোট না বহিলে খাইতে পাও না, এ-জন্য তুমি পরোপকারী। আমি তোমার যশোগান করি-তেছি: ঘাস থাইয়া স্থাী কর।

যেমন ভগবান্ কৃশারিপে, পৃষ্ঠে পৃথিবী বহন কৰিয়া-ছিলেন, কৃষ্ণরপে অঙ্গুলিতে গিরিবছন করিয়াছিলেন নাগরপে, মস্তকে ধরণীর ভার বহন করিতেছেন, তেননি তুমিও পশু, পশুরুপে মলিন ৰত্ত্বের ভার বহন কব। অতএব ভোমারও পূজা করিব—এই ঘাস গ্রহণ কর।

তুমি বিধাতার অনুধাহে চতুত্জ। এবং জাতি-ধামাবশতঃ সর্কানা গোণীগণে পরিরত। পুচ্চ চ্ডা ইইতে স্থানাস্তরে গারাছে বটে, কিন্তু আছে। ঐ যে গজ্জন ক্রিলে, ওকি বংশীরবং তুমি ভক্তের নিক্ট প্রকাশ ক্রিয়া বল, আবার এ পৃথিবীতে অবতীর্ণ ইইলে কেনং

তুমি আবার কি কংস শিশুপালাদি অস্ত্রেব ২ধ করিতে আসিয়াছ? কংস এখন আর নাই—তিনি একট "আকার" প্রাপ্ত হইয়া থালা ঘট বাটি ইত্যাদিতে পর্বি ণত হইয়াছেন—এবার তাহাতে উচ্ছিট্ট অন্ন খাইয়া স্থী হও। শিশুপালের উপর তোমার রাগ আছে সন্দেহ নাই কেননা শিশুপাল ইট মারিরা সর্কানা তোমার অন্তি ভাঙ্গিয়া দেয়। কিন্তু হে মহাবল! আমার পরামর্শ শুন, তাহাদিগের শারীরিক আঘাত করিও না। তুমি যে স্মাদ পত্রের সম্পাদক হটয়। স্পাচে স্পাহে, তাহা-দিগকে আপন বৃদ্ধি দান কবিতেছ, তাহাতেই শিশুপালের সর্কাশী হটবেঁ।

কথবা তুমি কি আবার একটা কুকজেতের যুদ্ধ বাধাইতে অবতীর্ণ হটয়:ছে? এবারকার যুদ্ধ শঙ্কে না শাঙ্কে?

তে গ্ৰুছ! আমি অৰ্কাচীন, কি বলিতে কি বলিলাম, চুনি আমারে উপর রাগ করিও না। ফিনি জগতের আরাধা তিনি সকল ভূতেই আছেন, এজনা আমি তৈ।মারও পূজা করিলাম। অন্য লোকে নদি মন্ত্র্য পূজা করিতে পারে, তবে আমি তোমার পূজা না করি কেন্ গুড়িমি কি "Grand etre" ছাড়া দ

# দাম্পত্য দগুবিধির আইন।

আমরা স্ত্রীজাতি, নিরীহ ভালমাত্র্য বলিয়া আদি কালি আমাদিগের উপর বড অত্যাচার হইতেছে। পুরুষের धकत वड़ म्मकी बरेबाह, उर्दुशन श्रीक आत मात्न मा, স্ত্রীলোকদিগের পুরাতন স্বয় সকল লুপ্ত হইতেছে, কেহই আর স্ত্রীর আজ্ঞার বশবর্তীনহে। এই সকল বিষয়ের স্থানিয়ম করিবার জন্য আমরা স্ত্রীস্বত্তরক্ষণী সভা সংস্থা-পিতা করিয়াছি। দে সভার পরিচয় যদি দাধারণে সবি-শেষ অবগত না থাকেন, তবে তাহার বিজ্ঞাপনী পশ্চাৎ প্রকাশ করিব। এক্ষণে বক্তবা এই যে আমাদিগের স্বত্বক্ষার্থ সভ। হইতে একটি বিশেষ সত্রপায় হইয়াছে। আমরা এবিষয়ে ভারতব্রীয় গ্রণ্মেণ্টে আবেদন পত্র প্রেরণ করিয়াছি। এবং তৎসমভিব্যাহারে ভর্কুশাসনার্থ একটি দাস্পতা দণ্ডবিধির আইনের পাণ্ডুলিপি প্রেরণ করি-शाकि।

সকলের সত্ত রক্ষার্থ যেথানে প্রত্যন্থ আইনের স্থি

হইতেছে, দেখানে আমাদিগের চিরস্তন স্বত্তরকার্থ কোন আইন হয়না কেন ? অতএব এই আইন সভুৱে পাস হইবে, এই কামনায় স্বামিগণকে অবগত করিবার জন্য আমি তাহা বঙ্গদর্শনে প্রচার করিলাম। অনেক বাবু-লোক বাঙ্গালাতে আইন ভাল বুঝিতে পারেন না, বিশে-ষতঃ আইনের বাঙ্গালা অমুবাদ সচরাচর ভাল হয় না, এবং আইন আদৌ ইংরাজিতেই প্রণীত হইয়াছিল, এবং ইহার বাঙ্গালা অনুবাদটি ভাল হয় নাই, স্থানেং ইংরাজির সঙ্গে ইহাব প্রাভেদ আছে, অতএব আমরাইংরাজি বাঙ্গালা তুই পাঠাইলাম। ভরদা করি বঙ্গদর্শনকারক একবার আমাদিগের অনুরোধে ইংরাজির প্রতি বিরাগ ত্যাগ করিয়া ইংবাজিসমেত এই আইন প্রচার করিবেন। সক-লেই দেখিবেন যে এই আইনটতে নৃতন কিছু নাই; मादिक Lex Non Scripta क्विन निश्चित रुप्ति । মতে।

> শ্ৰীমতী অনৃতস্কারী দাসী। স্কীস্থ রক্ষণী সভার সম্পাদিকা।

#### THE MATRIMONIAL PENAL CODE.

#### CHAPTER 1.

#### Introduction.

Whereas it is expedient to provide a special Penal Code for the coercion of refractory husbands and others who dispute the supreme authority of Woman, it is hereby enacted as follows:

1. This Act shall be entitled the "Matrimonial Penal Code" and shall take effect on all natives of India in the married state.

#### CHAPTER 11.

#### Definitions. .

2. A husband is a piece of moving and moveable property at the absolute disposal of a Woman.

#### Illustrations.

(a) A trunk or a workbox is not a husband, as it is not a moving, though a moveable piece of property.

# দাম্পত্য দগুবিধির আইন। প্রথম অধ্যায়।

ন্ত্রীদিগের অবাধ্য স্থানী প্রাভৃতির স্থান্সনের জন্য এক বিশেষ আইন করা উচিত, এই কারণ নিমের লিখিত মত আইন করা গেল।

১ ধারা। এই আইন "দাম্পত্য দণ্ডবিধির আইন" নামে থ্যাত হউবে। ভারতবর্ষীয় বে কোন দেশী বিবা-হিত পুরুষের উপর ইহার বিধান খাটবে।

### দ্বিতীয় অধ্যায়।

#### সাধারণ ব্যাখ্যা।

২ধারা। কোন স্ত্রীলোকের সম্পূর্ণ অধীন যে সচল অভাবর সম্পত্তি তাহাকে স্বামী বলা যায়।

#### উদাহরণ।

(ক) বাস্ক তোরঙ্গ প্রভৃতিকে স্বামী বলা যায় না, কেন না যদিও সে স্কুল অস্থাবর সম্পত্তি বটে, তথাপি সচল নছে।

- (b) Cattle are not husbands, for though capable of locomotion, they cannot be at the absolute disposal of any woman, as they often display a will of their own.
- (c) Men in the married state, having no will of their own, are husbands.
- 3. A wife is a woman having the right of property in a husband.

### Explanation.

The right of property inleudes the right of flagellation.

4. "The married state" is a state of penance into which men voluntarily enter for sins committed in a previous life.

#### CHAPTER III.

#### Of Punishments.

5. The punishments to which offenders are liable under the provisions of this Code are;

FIRST, IMPRISONMENT.

Which may be either within the four walls of a bed-room, or within the four walls of a house.

- (থ) গোরু বাছুরও স্বামী নহে, কেন না যদিও গোরু বাছুর সচল বটে, কিন্তু তাহাদের একটু স্বেচ্ছামতে কার্য্য করিবার ক্ষমতা আছে। স্থতরাং ভাহারা কোন স্তী-লোকেব সম্পূর্ণ স্থীন নহে।
- (গ) বিব।হিত পুক্ষেরাই স্বেচ্ছাণীন কোন কার্য্য করিতে পারের না, এজন্য গোরু বাছুরকে স্বামী না ব-লিগা তাঁহাদিগকেই স্বামী বলা যাইতে পারে।

তধাবা। যে স্বামীর উপর যে স্ত্রীলোকের সম্পত্তি বলিয়া স্বস্ত আছে, সেই স্ত্রীলোক সেই স্বামীর পত্নী বা স্ত্রী।

#### অর্থের কথা।

সম্পত্তি বলিরা যাহার উপর স্বত্বাধিকার থাকে- তা-হাকে মারপিট করিবারও স্বত্বাধিকার থাকিবে।

৪ধারা। পূর্বজন্মকৃত পাপের জন্য পুরুষের প্রায়-শিক্ত বিশেষকে বিবাহ বলে।

## তৃতীয় অধাায়।

#### দক্ষের কথা।

 ৫ধারা। এই আইনের বিধান মতে অপরাধীদিগের নিয়লিথিত দণ্ড হইতে পারে।

প্রথম। করেদ।

অর্থাৎ শ্যাপিছের চারি ভিত্তির মধ্যে করেদ, অথকা বাটীর চারি ভিত্তির মধ্যে করেদ। Imprisonment is of two discriptions, namely,

- (1) Rigorous, that is, accompanied by hard words.
  - (2) Simple.

SECNDLY, Transportation, that is to another bed-room.

THIRDLY, Matrimonial servitude.

FOURTHLY, Forfeiture of pocket-money.

- 6. "Capital punishment" under this Code, means that the wife shall run away to her paternal roof, or to some other friendly house, with the intention of not returning in a hurry.
- 7. The following punishments are also provided for minor offences.

FIRST, Contemptuous silence on the part of the wife

SECONDLY Froms.

THIRDLY, Tears and lamentation.

FOURTHLY, Scolding, and abuse,

#### CHAPTER IV.

### General Exceptions,

8. Nothing is an offence which is done by a wife.

करत्रम छूटे अकार।

- (১) কঠিন তিরস্কারের সহিত।
- (২) বিনা তিরস্বার।

দিভীয়। শ্যান্তর প্রেরণ বা শ্যাগৃহান্তর প্রেরণ। তৃতীয় পত্নীর দাসত।

চতুর্থ। সম্পৃতিদণ্ড, অর্থাৎ নিজ্পরচের টাকা বন্ধ।
৬ধারা। এই আটনে ''প্রাণদণ্ড'' অর্থে বৃষ্টেবে,
যে ত্রী বাপের বাড়ী কি ভাইয়ের বাড়ী চলিয়া ঘাটবেন,
শীল আসিতে চাহিবেন না।

৭ ধরো। ক্ষুদ্র অপরাধের জনা নিয়লিখিত দও হুটতে পারে।

প্রথম। মান।
বিতীয়। ক্রকুটী।
তৃতীয়। অশ্বর্ষণ বা উচৈচঃস্বরে রোদন।
চত্র্যা গালি তিরস্কার।

### চতুর্থ অধ্যায়।

সাধারণ বজ্জিত কণা।

৮ধারা। স্ত্রীক্বত কোন ক্রিয়া অপরাধ বলিয়া গণ্য হইবে না।

- 9. Nothing is an offence which is done by a husband in obedience to the commands of a wife.
- 10. No person in the married state shall be entitled to plead any other circumstances as grounds of exemption from the provisions of the Matrimonial Penal Code.

#### CHAPTER V.

#### Of Abetment.

11. A person abets the doing of a matrimonial offence who

First, Instigates, pursuades, induces, or encourages a husband to commit that offence,

SECONDLY, Joins him in the commission of that offence, or keeps him company during its commission.

### Explanation.

A man not in the married state or even a woman, may be an abettor.

#### Illustrations.

(a) A the husband of B, and C, an unamarried man, drink togather. Drinking is a matrimonial offence. C has abetted A.

৯ধারা। স্ত্রীর আজ্ঞামুসারে স্থামিকত কোন ক্রিয়া অপরাধ বলিয়া গণা হইবে না।

>•ধারা। ইহা ভিন্ন অনা কোন প্রকার ওজর ক-রিয়া কোন বিবাহিত পুরুষ বলিতে পারিবেন না যে আমি দাইশত্য দুগুবিধির আইনারুসারে দণ্ডনীয় নই।

### পঞ্চম অধ্যায় ৷

অপরাধের সহায়তার বিধি।

১১**धा**त्रां। य कान वाक्ति-

প্রথম। অন্য ব্যক্তিকে কোন দাস্পত্য অপেরাধ ক্রিতে প্রবৃত্তি দেয়, বা উৎসাহিত বা উত্যক্ত করে

দিতীয়। বা তৎসঙ্গে দেই অপ্রাধে লিপ্ত হয় বা সেই অপ্রাধ করার সময়ে তাহার সঙ্গে থাকে

তবে বলা যায় যে ঐ অপরাধের সহায়তা করিয়াছে। অর্থের কথা।

অবিবাহিত পুক্ষ বা কোন দ্বীলোকও দাম্পত্য অপ-রাধেব সহায়তা করিতে পারে।

#### উদাহরণ।

(ক) রাম, কামিনীর স্বামী। যতু অবিবাহিত পুক্ষ। উভরে একতো মদ্যপান করিল। মদ্যপান একটি দাম্পত্য অপরাধ। যতু, রামেরে সহায়তা করিয়।ছে। (b) A the mother of B, the husband of C, persuades B to spend money in other ways than those which C approves.

As spending money in such ways is a matrimonial offence, A has abetted B.

12. When a man in the married state abots another man in the married state in a matrimonial offence, the abettor is liable to the same punishment as the principal. Provided that he can be so punished only by a competent court.

### "Explanation."

A competent court means the wife having right of property in the offending husband.

13. Abettors who are females or male offenders not in the married state are liable to be punished only with scolding, abuse, frowns, tears and lamentations.

#### CHAPTER VI.

Of Offences against the State.

14. "The State" shall in this Code mean the married state only. (খ) হরমণি, রামের মা। রাম কামিনীর স্বামী। কামিনী থেরপে টাকা থরচ করিতে বলে সেরূপে খরচ না করিয়া, রাম হরমণির পরামর্শে অন্ত প্রকার থবচ করিল। স্ত্রীর অনভিমত থবচ করা একটি দাম্পতা অপ্রধা। হরমণি তাহার সহায়তা করিয়াছে।

১২ ধারা। বৈদি কোন বিবাহিত পুরুষ কোন দা-পাতা অপরাধে অন্য বিবাহিত পুরুষের সহায়তা কবে, তবে সে আসল অপরাধীর সঙ্গে সমান দণ্ডনীয়। কিন্তু তাহার দণ্ড উপযুক্ত আদালত নহিলে হঠবে না।

#### অংথর কথা।

ঐ বাক্তি যে স্ত্রীর সম্পত্তি, সেই স্ত্রীকেই উপযুক্ত অ্লেল্ড বল্লেষ্ট্র

১৩ ধারা। জীলোক বা অবিবাহিত পুক্ষ দাম্পত্য অপরাধের সহায়তা করিলে, তিবস্কার, জ্রকুটী, এবং অঞ্-বর্ষণ ও রোদনের দ্বারা দগুলীয় মাত্র।

### ষষ্ঠ অধ্যায়।

ন্ত্ৰী বিলোহিতার অপরাধ।

১৪ধবা। (অসুবাদক অক্ষম)

- 15. Whoever wages war against his wife or attempts to wage such war or abets the waging of such war shall be punished capitally, that is by separation, or by transportation to another bed-room and shall forfeit all his pocket money.
- 16. Whoever induces friends or gains over children to side with him or otherwise prepares to wage war with the intention of waging war against the wife shall be punished by transportation to another bed-room and shall also be liable to be punished with scolding and with tears and lamentations.
- 17. Whoever shall render allegiance to any woman other than his wife shall be guilty of incontinence:

### Explanation.

1. To show the slightest kindness to a young woman who is not the wife, is to render such young woman allegiance.

#### Illustration.

A is the husband of B, and C is a young woman. A likes C's baby because he is a nice child and gives him buns to eat. A has rendered allegiance to C

১৫ধারা। যে কেহ স্ত্রীর সঙ্গে বিবাদ করে, কি বিবাদ করিতে উদ্যোগ করে, কি বিবাদ করায় সহায়তা করে, তাহার প্রাণদণ্ড হইবে (অর্থাৎ স্ত্রী তাঁহাকে ত্যাগ কবি-বেন) বা শ্যাগৃহ পৃথক্ হইবে এবং তাঁহার খরচের টাকা জক হইবে।

১৬বারা। যে কেই বন্ধুবর্গকে মুরবির ধরিয়াবা সন্তান-দিগকে বশীভূত করিয়া বা অন্য প্রাকাবে স্ত্রীব সহিত বি-বাদ, করিবার অভিপ্রায়ে বিবাদের উদ্দেশ্প করে, সে শ্যাগৃহান্তরে প্রেরিত ইইবে, এবং তিবহাব, অ্কাবর্ষণ এবং রোদনের দারা দণ্ডনীয় ইইবে।

ি ১৭ধারা। যে কেই আপন স্ত্রী ভিন্ন অনা স্ত্রীলোকের প্রতি আসক্ত, তাহার অপরাধের নাম লাম্পটা।

প্রথম অর্থের কথা।

স্ত্রী ভিন্ন অন্য কোন যুবতী স্ত্রীলোকের প্রতি কিছুমাত্র সন্ত্রা বা আতুকূলা করিলেই লাম্পট্য গণ্য হইবে।

#### উদাহরণ।

রাম কামিনীর স্বামী। বামা অন্য এক ব্বতী। বা-মার শিশু সন্তানটি দেখিতে স্থানর বলিয়া, রাম তাহাকে আদর করে বা তাহার হাতে মিঠাই দেয়। রাম বামার প্রতি আদক্ত।

### Explanation.

2. Wives shall be entitled to imagine offences under this section, and no husband shall be entitled to be acquitted on the ground that he has not committed the offence.

The simple accusation shall always be held to be couclusive proof of the offence.

#### EXPLANATION.

3. The right of imagining offences under this section shall be held to belong in general to old wives, and to women with old and ugly husdands; and a young wife shall not be entitled to assume the right unless she can prove that she has a particularly cross temper, or was brought up a spoilt child or is herself supremely ugly.

18. Whoever is guilty of incontenence shall be liable to all the punishments mentioned in this Code and to other punishments not men-

tioned in the Code.

### CHAPLER VII.

Of offences relating to the Army and Navy."

19. The army and navy shall in this Code mean the sons and the daughters and daughtersin law.

#### व्यर्शत कथा।

দিতীর। স্থামীদিগকে নিছারণে এ অপরাধে অপরাধী বিবেচনা করা, স্ত্রীলোকদিগের অধিকার রহিল। আমি এ অপরাধ করি নাই বলিয়া কোন স্বামী খালাস গাইতে পারিবে না।

" অপরাধ করিয়াছে" বলিলেই এ অপরাধ সপ্রমাণ হুইয়াছে বিবেচনা করিতে হুইবে।

#### व्यर्शत कथा।

ভূতীয়। নিজারণে স্থামিগণকে এ অপ্রাধে অপ্রধি বিবেচনা করিবার অধিকার, প্রাচীনা জীদিগের পক্ষেবিশেষ কপে বর্তিবে, অথবা যাহাদিগের স্থামী কুৎসিত বা প্রাচীন, তাহাদিগের পক্ষে বর্তিবে। যদি কোন যুবতী জী এ অধিকার চাহেন, তবে তাঁহাকে অগ্রে প্রমাণ কবিতে হউবে, যে তিনি নিজে বদমেজাজি, বা আছরে মেয়ে, বা তিনি নিজে ক্লাকার।

১৮ধারা। যে কেহ লম্পট ছইবে দে এই আইনের লিখিত সকল প্রকার দণ্ডের দ্বাবা দুওনীয় ছইবে এবং ভাহার অন্য দণ্ডও ছইতে পারিবে।

### সপ্তম অধ্যায় । পল্টন এবং নাবিকস্নো সম্বন্ধীয় অপরাধ।

১৯ধারা। এ আইনে পলটন্ অর্থে ছেলের দল। নানিক সেনা ঝি বউ। 20. Whoever abets the committing of mutiny by a son or a daughter or a daughter-in-law shall be liable to be punished by scolding and tears and lamentations.

#### CHAPTER VIII.

# OF OFFENCES AGAINST THE DOMESTIC TRANQUILLITY.

21. An assembly of two or more husbands is designated an unlawful assembly if the common object of such husbands is,

FIRST, To drink as defined below or to gamble or to commit any other matrimonial offence.

SECONDLY, To overawe by show of authority their wives from the exercise of the lawful authority of such wives.

THIRDLY, To resist the execution of a wife's order.

22. Whoever is a member of an unlawful assembly shall be punished by imprisonment with hard words and shall also be liable to contemptuous silence or to scolding.

২০ধারা। বে স্থামী, পুদ্র বা কন্যা বা বধুকর্তৃক গৃহিণীর প্রতি বিজ্ঞোহিতার সহায়তা কবিবে, সে তিরস্কার ও বোদনের দ্বাে দগুনীয় হইবে।

### অফ্টম অধ্যায়।

### গৃহখধ্যে শান্তি ভঞ্জনের অপরাধ।

২১ধারা। ছই কি তাহার অধিক বিবাহিত বাক্তির জনতা হইলে যদি জনতাকাবীদের নিমের লিখিত কোন অভিপ্রার থাকে তবে "বে-আইন মতের জনতা" বলা-যায়।

প্রথম। যদি মদ্যপান করা কি অন্য প্রকার দাম্পত্য অপরাধ করিবার অভিপ্রায় থাকে,

বিতীয়। যদি আক্ষালন ছাবা পঞ্চীদিগকে আইন মতক্ষমতা প্রকাশ করণে নিবৃত্ত করার জনা ভয় প্রেদ্শ্ন কবার অভিপ্রায় পাকে,

তৃতীয়। যদি কোন স্ত্রীর আক্সামত কর্ম্মের প্রতি-ধন্নক হইবার অভিপ্রায় থাকেঃ

#### OF DRINKING WINE AND SPIRITS.

- 23. Any liquid kept in a bottle and taken in a glass vessel is wine and spirits.
- 24. Whoever has in his possession wine and spirits as above defined is said to dripk.

#### EXPLANATION.

He is said to drink even though he never touch the liquid himself.

25. Whoever is guilty of drinking shall be punished with imprisonment of either description within the four walls of a bed-room during the evening hours and shall also be liable to scolding.

#### OF RIOTING.

- 26. Whoever shall speak in an ungentle voice to his wife shall be guilty of domestic rioting.
- 27. Whoever is guilty of domestic rioting shall be punished by contemptuous silence or by scolding or by tears and lamentations.

### মদ্যপানের কথা।

২০ধারা। যে কোন জলবং দ্রব্য বোতলে থাকে, এবং কাচের পাত্রে পীত হয় তাহা মদ্য।

ু ১ পারা। ৢউক্তরপ মদ্য যে ঘরে রাথে সেই মদ্য পারী:

#### অথের কথা।

म जे मना खरु रूप ना कतिरल अ महाशायी।

২৫ধারা। যে মদ্যপানী সে প্রত্যন্থ সন্ধার পর শ্যাগৃহের চারি ভিত্তির মধ্যে করেদ থাকিবে, এবং তির-কার প্রাপ্ত হইবে।

### হাঙ্গামার কথা।

২৬ধারা যে কেহ স্ত্রীর প্রতি কর্কশ স্বরে কথা কছে, হস হাস্ত্রামা করে।

২৭ধারা। যে কেহ গৃহমধ্যে হাঙ্গামা করিবে, তাহার সাজা মান বা তিরস্কার বা অক্রবর্ষণ ও রোদন।

### বসন্ত এবং বিরহ।

রামী। স্থি, ঋতুরাজ বসস্ত আসিরা ধরাতলে উদর হইরাছেন; আইস আমরা বসস্ত বর্ণনা করি। বিশেষ আমরা উভয়েই বিরহিণী; পূর্বগামিনী বিরহিণীগৃণ চিব-কাল বসস্তবর্ণন কবিয়া আসিয়াছেন, আইস আমরাও ভাই করি।

বামী। সই, ভাল বলিয়াছ। আমরা বালিকা বিদ্যালয়ে লেখা পড়া শিথিয়া কেবল কুটনো কুটিয়া মরিলাম,
আইন অদ্য কাব্যালোচনা করি।

রামী। সই! তবে আরম্ভ করি। স্থি! ঋতুরাজ বসস্তের স্মাগ্ম ইইরাছে। দেখ, পৃথিবী কেমন অনি-র্কাচনীয় ভাব ধারণ করিয়াছেন। দেখ, চূত লতা কেমন নব মুক্লিত—

বামী। রুকেং শজিনা খাড়া বিলম্বিত---

রামী। মলয় মাকত মৃহ্ প্রধাবিত—

বামী। ভদাহিত খুলায় দম্ভ কিচ্কিচিত।

রামী। দূর ছুঁড়ী—ওকি ! শোন্। ভ্রমরগণ পুলেগর উপর শুণ্২ করিতেছে—

্ৰামী। মাছিগৰ ভাতের উপর তনং করিতেছে—

রামী। বৃক্ষোপরে কোকিলগণ পঞ্চমস্বরে কুত্২ করিতেছে—

বামী। গাজন তলায় ঢাকিগণ **অন্তমস্থ**য়ে চড়ং করিতেছে।

রামী। না ভাই, ভোকে নিয়ে বসস্ত বর্ণন হয় না।
আমি শ্রামীকে ডাকি। আয় সই শ্রামি আমরা বসস্ত
বর্ণনা করি।

### (খ্রামী আসিল)

শ্রামী। আমি ত সথি তোমাদের মত ভাল লেখা পড়া জানি না; একটুং জানি মাত্র; আমি সকল ব্ঝিতে পারিব না—আমাকে মধ্যেং বুঝাইয়া দিতে হবে।

রামী। আচ্চা। দেখ স্থি, বসস্ত কি অপূ**র্কা স**ময়! কেমন চুত্ততা সকল নব মুক্লিত—

খ্রামী। সই, আঁবের গাছই দেখিরাছি। আঁবের লতা কোন গুলা ?

' রামী। আঁবের নতা আছে শুনিয়াছি কিন্তু কথন চক্ষে দেখি নাই। দেখি না দেখি, চুতলতা ভিন্ন চুত বুঁক কখন পড়ি নাই। ভবে চুতলতাই বলিতে হইবে— চুত বুক্ষ বলা হইবে না।

श्रामी। उद वन।

রামী। চৃত লতিকা নব মুকুলিত হইরা—

স্থামী। সই! এই বলিলে চুত লতা——আবার লতিকা হইল কেন ?

রামী। আরও কিছু মিষ্ট হইল। চুত লতিকা নব মুকুলিত হইয়া চারিদিকে সোগন্ধ বিকীৰ্ণ করিতেছে—

বামী। ভাই, আঁবের বোল যে বদক্ত কালে চুঁইরে গিয়া কভেয়া ধবে।

শ্রামী। বলিলে কি হয়, কেমন মিষ্ট হইল দেও দেখি।

রামী। তাহাতে ভ্রমরগণ মধুলোতে উক্সত্ত হইয়া কফার করিতেছে, শুনিয়া আমাদিগের প্রাণ বাহির হই-তেছে।

শ্যামী। আহা ' দখি, সত্যই বলিয়াছ। সই, ভ্রমর কাকে বলে?

রামী। মর্ নেকি, তাও জানিস্নে? ভ্রমর বলে ভোমরাকে।

শ্যামী। ভোম্রা কোন গুলো ভাই । রামী। ভোম্রা বলে ভিম্রাল্কে ! শ্যামী। তা ভাই ভিম্রাল্ জাঁবের বোল দেখে পাগল হয় কেন ? ভিম্কলের পাগলামি কেমন তর ? ওরা কি আবোল তাবোল বকে ?

রামী। কে বলেছে পাগল হয়?

শ্যামী। ঐ যে তুমি বলিলে ''উন্মন্ত হইয়া ঝকার করিতেতে,''

রামী। কৌন্শালী আর তোদের কাছে বসস্ত বর্ণনা করিবে।

শ্যামী। ভাই রাগ কর কেন? তুমি বেশী লেখা পড়া শিখেছ, আমি কম শিখেছি—আমার বৃঝাইয়া দিলেই ত হয়। সকলেই কি তোমার মত রসিকে?

রামী। (সাহস্কারে) আচ্ছা, তবে শোন্। জনরগণ মধুলোজে উন্মন্ত হইয়া ঝক্ষার করিজেছে। তাহাদিগের গুণ্হ রবে আমাদের প্রাণবাহির হইতেছে।

শ্যামী। সই, ভোম্রাব ডাক ''গুণ্ গুণ্' না ''ভোঁ ভোঁ'?

রামী। কবিরা বলেন, "গুণ্পুণ্।"

শ্যামী। তবে গুণ গুণ ই বটে। তা, উহাতে আমা-দৈর প্রাণ বাহির হয় কেন? ভিম্রল কামড়াইলে প্রাণ বাহির হয় জানি, কিন্তু ভিম্রল ডাকিলেও কি মরিতে হইবে? রামী। এ পর্যান্ত সকল বিরহিণীগণ গুণ্ই রবে সরিয়া আসিতেছে; তুই কি পীর যে সরবি নাং

বামী। আছো ভাই, শাল্পে যদি লেখে ত নাহর
মরিব। কিন্তু জিজ্ঞাসা করি, কেবল কি ভিম্রুলের ডাকে
মরিতে হইবে, না বোলতা মৌমাছি গুব্রে পোকার ডাক
গুনিলেও মন্তুর্জনে শুইব ?

রামী। কবিরা ভধু ভ্রমরের রবেই মরিতে বলেন।

বামী। কবিদের বড় অবিচার। কেন, গুর্বেপোকা কি অপরাধ করেছে ?

রামী। তোর মর্তে হয় মরিস্ এখন শোন্।

বামী। বল।

র্মী। কোকিলগণ বৃক্ষে বসিয়া পঞ্চন স্বরে গান করিতেছে।

শ্যামী। পঞ্চনস্বর কি ভাই ?

রামী। কোকিলের স্বরের মত।

শ্যামী। আর কোকিলের স্বর কেমন ?

রামী। পঞ্চম স্বরের মত।

শ্যামী। বুঝিরাছি। তার পর বল।

রামী। কোকিলগণ বৃক্ষে বদিয়া পঞ্চম স্বরে গান করিতেছে; তাহাতে বিরহিণীর অঙ্গ জরং হইতেছে। বামী। আর কুঁক্ডোর পঞ্চম স্বরে অঙ্গ কেমন করে? রামী। মরণ আর কি, কুঁক্ডোর আবার পঞ্চমকর কিলো?

বামী। আমার তাতেই অঙ্গ জরং হয়। কুঁক্ড়া ডাকিলেই মনে হয় যে তিনি বাড়ী এলেই আমার ঐ সর্বনেশে পাকী বাধিয়া দিতে হবে।

রামী। তার পর মলর সমীরণ। মৃত্ মলর সমী-রণে বিরহিণী সিহরিয়া উঠিতেছে।

শামী। শীতে?

রামী। না—বিরহে। মুল্য স্মীরণ অন্যের পক্ষে শীতল, কিন্তু আমাদের পক্ষে অগ্নিতুল্য।

বাসী। সই, তা সকলের পক্ষেই। এই চৈত্র মা-সের ভূপুরে রৌদ্রের বাতাস আগুনের হর। বলিয়া কাহার বোধ হয় না ?

রামী। ও লো আমি সে বাভাসের কথা বলিতেছি না।

শ্যামী। বোধ হয় তুমি উত্তে বাতাদের কথা বলি-তৈছ। উত্তে বাতাস বেমন ঠাওা, মলর বাতাস তেমন নয়।

त्रामी। वन्रकानिनम्नटर्ग सन्न निहतिश उर्दे।

বামী। গামে কাপড় না থাকিলে উভূবে বাভাসেও গামে কাটা দিয়া উঠে।

রামী। মর ছুঁড়ি, বসস্তকালে কি উত্তর বাতাস বয়, যে আমি বসস্তবর্ণনায় উত্তরে বাতাসের কথা বলিব ?

বামী। উভুরে বাতাসই এখন বয়। দেখ এখন করে যত ঝড় সব উভুরে। আমার-বোধ হয়, বসন্ত বর্ণনে উভুরে বাতাসের প্রসঙ্গ করাই উচিত। আইস আমরা বঙ্গদর্শনে লিখিয়া পাঠাই, যে ভবিষ্যতে কবিগণ বসন্তবর্ণনে মলয় বাতাস ত্যাগ করিয়া উভুরে ঝড়ের বর্ণনা করেন।

রামী। তাহাহইনে বিরহীদের কি উপার হইবে <u>?</u> তাহারা কি লইয়া কাঁদিবে ?

শ্রামী। স্থি, তবে থাক। একণে তোমার বসস্ত বর্ণনা—উহু: উহু: স্থি! মোলেম, মোলেম, গেলেম রে! গেলেম রে!

[ভূমে পতন-চক্ষু মুদিত]

রামী। কেন, কেন, সই, কি হরেছে ? হঠাৎ অমন হলে কেন?

শ্যামী। (চকু বুজিয়া) ঐ শুনিলে না? ঐ সেওড়াঁ গাছে কোকিল ডাকিয়াছে।

রামী। স্থি আখন্তা হও, আখন্তা হও,—ভোমার

প্রাণকান্ত শীঘ্রই আদিবেন। সই, আমারও ঐরপ যন্ত্রণা হুইতেছে। নাথের সন্দর্শন ভিন্ন আমার বাঁচা ভার হ-ইয়া উঠিয়াছে। (চকু মুছিয়া) পাড়ার সকল পুকুরের যদি জল না ভকাইত, তবে এত দিন ডুবিয়া মরিতাম। ুচ সদয় বলভ, জীবিতেশব! হে রমণীজন মনোমোহন ! হে নিশা-শেষোধীমধোমথকমলকোরকোপমেতেভিত হল-শস্বা ! হে মতল্পলদল্তলনাস্তর্ত্রাজীব্মহামূল্য পুরুষ-রত্ব। হে কামিনীকণ্ঠবিলম্বিত রত্বহারাধিক প্রাণাধিক। আর প্রাণ বাঁচে না। আমি অবলা, সরলা, চঞ্চলা, বি-वला, मीना, शैना, कीना, शीना, नवीना, शिहीना, आव প্রাণ বাঁচে না। আর কত দিন তোমার আশাপথ চা-হিয়া থাকিব? যেমন সরোববে সর্বোজিনী ভাতুর আশা करत. रामन कुम्मिनी कुमून वासरवत आना कतिया शारक, যেমন চাতক নেঘের জলের আশা করিয়া থাকে — নামি তেমনি ভোমার আশা করিতেছি।

শামী। (কাঁদিতেং) যেমন রাখাল, হারাণ গোকর আশার দাঁড়াইযা থাকে, যেমন বালকে ময়রার দোকান ইইতে লোক ফিরিবার আশার দাঁড়াইয়। থাকে, যেমন অথ তৃণাত্রক প্রাসকটের আশা করিয়। প্রকে, হে প্রাণবদ্ধো! আমি তেমনি তোমার আশা করিয়া করিয়। কাছি।

বেষন মাছ ধুইতে গেলে পরিচারিকার পশ্চাৎ২ মার্জার গমন করে, তেমনি তোমার পশ্চাৎ২ আমার মন গিয়াছে। যেমন উচ্ছিষ্টাবশেষ ফেলিতে গেলে, বৃভুক্ষু কুকুর পশ্চাৎং ষায়, আমার অবশ চিত্ত তেমনি ভোমার পশ্চাৎ গিয়াছে। যেমন কলুর ঘানিগাছে প্রকাণ্ডাকার বলদ মুরিতে থাকে, তেমনি আশা নামে আমার প্রকাণ্ড বলদ, তোমার প্রণয় ্রূপ ঘানিগাছে বুরিতেছে। যেমন লোহার চাটুতে তপ্ত তৈলে কই মাছ ভাজে, তেমনি এই বিরহ চাটুতে বসস্থ রূপ তপ্ত তৈলে আমার হৃদয় রূপ কই মাছকে অহ্রহ ভান্নিতেছে। যেমন এই বসম্ভকালের তাপে শ্রনা খাড়া ফাটতেছে, তোমার বিরহ সন্তাপে তেমনি আমার হানর খাড়া ফাটিতেছে। যেমন এক লাদলে যোড়া গক যুড়িয়া ক্ষেত্রকে চাদা ক্ষতবিক্ষত করে, তেমনি এক প্রেম লাঙ্গলে বিরহ এবং বারস্তীভক্তিরূপ যোড়া গরু যুড়িয়া আমার স্বামী চাসা আমার হৃদয়ক্ষেত্রকে কত্রিকত করিতেছেন। কথায় আর কি বলিব। বিরহের জালায় कामात डाल इन इस ना, भारन हुन इस ना, त्यारन सान क्य ना, कीटत निष्ठे क्य ना। मिथे वित्रद्व छः थ दय मिन॰ मत्न इत्र, तम किन व्यामि जिन दिला वहे शहेर् भातिना, मान्द्र इट्धर वार्ट कर्मन পड़िया थाटक। (हक् मुहिया)

স্থি, ভোমার বসস্ত বর্ণনা সমাপ্ত কর, ছঃখের কণায় আর কাজ নাই।

রামী। আমার বসস্ত বর্ণনা শেষ চট্যাছে। জ্রমর, কোকিল, মলয় মারুত এবং বিরহ এট চাবিটির কণাই বলিয়াছি আর বাঁকি কি পু

বামী। দড়ি আর কলসী।

### স্থবর্ণ গোলক।

কৈলাস শিধরে, নবমুকুলশোভিত দেবদারুতলার শাদুলচর্মাসনে বসিরা হরপার্কতী পাশা খেলিতেছিলেন। বাজি একটি স্থাণ গোলক। মহাদেবের খেলার দোষ এই—আড়ি মারিতে পারেন না—তাহা পারিলে সমুদ্রমন্থনের সময়ে বিষের ভাগটা তাঁহার ঘাড়ে পড়িত না। গৌরী আড়ি মারিতে পটু—প্রমাণ পৃথিবীজে তাহার তিন দিন পূজা। আর খেলায় যত হউক না হউক, কারাইরে অবিতীয়া, কেননা তিনিই আদ্যাশক্তি। মহাদেবের ভাল দান পড়িলে কাঁদিয়া হাট বাঁধান—আপনার যদি পড়ে পাঁচ ছই সাত্ত, তবে হাঁকেন পোহাবারে। হাঁকিয়া তিন চক্ষে মহাদেবের প্রতি কটাক্ষ

করেন—যে কটাকে স্ষ্টিস্থিতিপ্রলয় হয়, তাহার গুণে মহাদেব দান দেখিয়াও দেখিতে পায়েন না। বলা বাহল্য যে দেবাদিদেবের হার হইল। ইহাই রীতি।

তথন মহাদেব পার্বাহীকে স্বীক্ষত কাঞ্চন গোলক প্রাদান করিলেন। উমা তাহা গ্রহণ করিয়া পৃথিবীতে নিক্ষেপ করিলেন। দেখিয়া, পঞ্চানন জ্রকৃটী করিয়। কৃছিলেন, "আমার প্রাদত্ত গোলক তাাগ করিলে কেন গু'

উমা কহিলেন, ''প্রভা ু আপনার প্রদন্ত গোলক অবশ্ব কোন অপুক শক্তিবিশিষ্ট এবং মঙ্গলপদ হইবে। মুকুষোর হিতার্থে তাহা প্রেরণ করিয়াছি।'

গিরিশ বলিলেন, "ভদ্রে! প্রজাপতি, বিফু. এবং আমি, এই তিন জনে যে সকল নিয়ম নিবদ্ধ করিয়া স্ষ্টি-ছিভিলয় করিতেছি তাহার বাতিক্রমে কথন মঙ্গল হয় না। যে মঙ্গল হইবার, তাহা সেই সকল নিয়মাবলীর বলেই ঘটিবে। কাঞ্চন গোলকের কোন প্রযোজন নাই যদি ইহার কোন মঙ্গলপ্রদ গুণ হয়, তবে নিয়ম ভঙ্গ দোষে লোকের জনিপ্ত ইইবে। তবে তোমার অন্তরেছে উহাকে একটি বিশোব গুণযুক্ত করিলাম। বিসিয়া উহার কার্যা, দর্শন কর।"

কালীকান্ত বস্থ বড় বাবু। বয়স বংসর পঁইতিশ. দেখিতে স্থানর পুরুষ, কয় বংসর হইল পুনার্কার দার পরিগ্রহ করিয়াছেন। তাঁহার স্ত্রী কামস্থলরীর বয়ঃক্রন ষাঠার বংসব। তাঁহার পত্নী তাহার পিতভবনে ছিল। কালীকাস্ত ব,বু স্থীর সন্থাষণে শশুর বাড়ী যাইতে ছিলেন। শশুর বিশেষ সম্পন ব্যক্তি-গ্রাহীরবর্তী গ্রামে বাস। कालीकान्छ, चाटि त्नोका नागाहेशा शम्बद्ध याहेत्छ ছিলেন, সঙ্গে রামা ঢাকর একটা পোর্টমাণ্টো ববিষা যাইতে ছিল। পথিমধো কালীকান্ত বাবু দেখিলেন একটি স্বৰ্গোলক পড়িয়া আছে। বিশ্বিত হইয়া তাহা উঠাইয়া লইলেন। দেখিলেন, স্থবর্ণ বটে। প্রীত হুইয়া তাহা ভূতা রামাকে রাখিতে দিলেন; বলিলেন, "এট। সোণার দেখিতেছি। কেহ হারাইয়া থাকিবে। মদি কেহ পোঁজ করে, বাহির করিয়া দিব। নহিলে বাড়ী नहेशा यादेव। अता ताथ।"

রামা বস্ত্রমধ্যে গোলকটি লুকাইয়া রাথিবার অভি-পারে, পথে পোর্টমাণ্টো নামাইল। পরে কালীকান্ত ৰাব্র হস্ত হইতে গোলকটি গ্রহণ করিয়া বস্ত্রমধ্যে লুকা-ইল।

কিন্ত রামা আর পোর্টমান্টো মাথার তুলিল না।

কালীকান্ত বাবু স্বয়ং তাহ। উঠাইয়া মাথায় করিলেল। বামা অতাসর হইয়া চলিল, বাবুমোট মাথায় পশ্চাংং চলিলেন। তথ্য রামা বলিল, "গুরে, রামা।"

বাবু বলিলেন, "আজা?" রামা বলিল, "তুই বড় .ব আছব, দেখিদ্ যেন আমার শ্বন্ধর বাড়ী গ্রিয়া বে মাদবি করিদ্না। তাহারা ভদ্লোক।"

বারু বলিলেন, '' সাজে তাকি পারি? আপনি হচ্ছেন মূনিব—আপনার ক'ডে কি বে সাদ্বি কবিতে পারি।''

কৈলাদে গোরী বলিলেন, "প্রভো, আমিত কিছুই বুঝিতে পারিতেছিনা। সাপনার স্বর্ণগোলকের কি শুল এ ?"

মহাদেব বলিলেন, "গোলকের গুণ চিত্তবিনিময়।
আমি যদি নদ্দীর হাতে এই গোলক দিই, তবে নদ্দী
ভাবিবে, আমি মহাদেব, সামাকে ভাবিবে নদ্দী; আমি
ভাবিব আমি নদ্দী, নন্দীকে ভাবিব মহাদেব। রামা
ভাবিতেছে, আমি কালীকান্ত বস্তু; কালীকাত্তকে ভাবিতেছে, এ রামা চাকর। কালীকান্ত ভাবিতেছে, আমি
রামা খানসামা, রামাকে ভাবিতেত্তে কালীকান্ত বাবু।"
কালীকান্ত বাবু যথন শশুর বাড়ী পৌছিলেন, তখন

ভাঁহার বন্ধর অন্তঃপুরে। কিন্তু বাহিরে একটা গওগোল উঠিল। হারবান্ রামদীন পাঁড়ে বলিতেছে, "আরে ও খানদামাজি, তোম্ছারা মৎ বইঠিও—ভোম্ছামারা পাশ আও।" শুনিয়া বানা গরম হইয়া, চকু রক্তবর্ণ কবিয়া বলিতেছে, "যা বেটা মেডুয়াবাদী যা—ভোর আপনার কাজ করগে।"

দারবান্ পোটমাণ্টো নামাইয়া দিল। কালীকান্ত বলিল, ''দরওয়ান জি, বাবুকে অমন করিয়া অপমান করিও না। উনি রাগ করিয়া চলিয়া যাইবেন।''

ছারবান্ জামাই বাবুকে চিনিত, খানসামাকে চিনিত না। কালীকান্তের মুখে এইরপ কথা শুনিষা, মনে করিল, সেখানে জামাই বাবুই ইহাকে বাবু বলিতেছেন, সেখানে ইনি কোন ছলবেশী বড় লোক হইবেন। ছারবান্ তথন ভক্তিভাবে রামাকে যুক্তকরে আশীর্কাদ করিয়া কহিল, "গোলাম কি কন্থর মাফ কি জিয়ে!" রামা কহিল, "ভাল্ডা তামাকু ভেজ দেও!"

খশুব বাড়ীর খানসামা উদ্ধব, অতি প্রাচীন পুরাতন ইতা। সেই বাঁধা হাঁকার তামাকু সাজিরা আনিল। রামা, তাকিরার হেলান দিয়া, তামাকু খাইতে লামিলু। কালীকাস্ত চাকরদের ঘরে গিয়া, কলিকায় তামাকু খাইতে লাগিল! উদ্ধব বিশ্বিত হইয়া কহিল "দাদা ঠাকুর এ কি এ ?" কালীকান্ত কহিল, "ওঁর সাক্ষাতে কি তামাকু খাইতে পারি ?"

উদ্ধ গিয়া অন্তঃপুরে কর্তাকে সন্ধাদ দিল, "জামাই-বাবু আসিরাছেন, তাঁহার সঙ্গে একজন কে ছ্লাবেশী মহাশয় এনেছেন—জামাইবাবু তাঁকে বড় মানেন, তাঁর সাক্ষাতে তামাকু প্রয়ন্ত গান না।"

কর্ত্ত। নীলরতন বাবু শীব্র বহিকা,টাতে আসিলেন।
কালীকান্ত তাঁহাকে দেখিয়া দূর হইতে একটি সাষ্ট্রাসে
প্রণাম করিয়া সরিয়া গেল। রামা আসিয়া নীলরতনের
পায়ের ধূলা লইয়া কোলাকুলি করিল। নীলরতন ভাবিল,
"সঙ্গের লোকটা সভাভবা বটে—তবে জামাই বাবাজিকে কেমনহ দেখিতেছি।"

নীলরতন বাবু রামাকে স্বাগত ছিজ্ঞাস। করিতে বসি-লেন, কিন্তু কথা বার্ত্তা শুনিয়া কিছুই বুঝিতে পারিলেন না। এদিকে অস্তঃপুর হইতে জলযোগের স্থান হইয়াছে বলিয়াপরিচারিকা কালীকাস্তকে ডাকিতে আসিল। কালী-কাস্ত বলিল, "বাপরে আমি কি বাবুর স্থাগে জল খেতে পারি। আগে বাবুকে জল খাওয়াও। তার পর আমার হবে এখন। স্থানি, মা ঠাকুরণ, স্থাপনাদের খাচ্চিইত।" "মাঠাকুরণ" শুনিরা পরিচারিকা মনে করিল, "জামাইবারু আমাকে একজন শাশুড়ী টাশুড়ী মনে করিয়াছেন—না করবেন কেন, আমাকে ভাল মান্ত্যের মেয়ে বইত আর ছোট লোকেব মেয়ের মত দেখায় না। ওঁরা দুশটা দেখেছেন—মান্ত্র চিনতে পারেন—কেবল এই বাড়ীর পোড়া লোকেই মান্ত্র চেনে না।" অতএব বিন্দী চাকরাণী জামাইবাবুর উপর বড় খুসি হইয়া অন্তঃপুরে গিয়া বলিল, "জামাইবাবুর বিনেচনা ভাল— সক্ষের মান্ত্রট না খেলে কি তিনি খেতে পারেন—তা কারে তাঁকে জল খাওয়াও তবে জামাই খাবেন।"

বাড়ীর গৃহিণী মনে ভাবিলেন, "সে উপরি লোক, ভাহাকে বাড়ীর ভিতর আনিরা জল থাওরান হইতে পারে না। জানাইকেও বাহিরে থাওরান হইতে পারে না। তা, তার যারগা হউক, বাহিরে; আর জামাইয়ের যারগা হউক, ভিতরে।" গৃহিণী সেইরূপ বন্দোবস্ত করিলেন। রামা বাহিরে জলযোগের উদ্যোগ দেখিয়া বড় কুদ্ধ হইল, ভাবিল " একি অলোকিকতা!" এদিকে দাসী কালীকান্তকে অন্তঃপুরে ডাকিয়া আনিল। ঘরের ভিতর স্থান হইয়াছে, কিন্তু কালীকান্ত উঠানে দাঁড়াইয়া বলিল, "আমাকে ঘরের ভিতর কেন? আমাকে এইখানে

হাতে ছটো ছোলা গুড় দাও, থেরে একটু জল খাই '' গুনিয়া শ্যালীরা বলিল, "বোসজা মশাই যে এবার অনেক রকম রসিকতা শিথে এয়েছ দেখুতে পাই '' কালীকান্ত কাতর হইয়া বলিল, "আজ্ঞে আমাকে ঠাটা করেন কেন, আমি কি আপনাদের তামাসার যোগ্য প'' একজন প্রাচীনা ঠাকুরাণীদিদি বলিল, "আমাদের তাম্ শার যোগ্য কেন?—যার তামাসার যোগ্য তার কাছে চল।" এই বলিয়া কালীকান্তের হাত ধরিয়া হড়কড় করিয়া টানিয়া ঘরের ভিতর লইয়া আসিল।

সেথানে কালীকান্তের ভার্যা কামস্থলরী দাড়াইয়া ছিল; কালীকান্ত ভাহাকে দেখিয়া প্রভূপত্নী মনে করিয়া দাষ্টাঙ্গে প্রণাম করিল।

কামস্থলরী দেখিয়া, চক্রবদনে মধুর হাসি হাসিয়া ৰলিল, "ওকি ও রঙ্গ—এ আবার কোন্ ঠাট্ শিখিয়া আসিয়াছ?" শুনিয়া কালীকাস্ত কাতর হইয়া কহিল, "আজে আমার সঙ্গে অমন সব কথা কেন—আমি আপনার চাকর—আপনি মুনিব।"

-রিনিকা কামস্থলরী বলিল, "তুমি চাকর, আমি মু-নিব, সে আজ না কাল? যতদিন আমার বরস্ আছে ভাতদিন এই সম্পর্কাই থাকিবেঃ এখন জল খাও।" কালীকান্ত মনে কবিল, "বাবা, এঁর কথার ভাব মে কেমন কেমন। আমাদের বাবু যে একটা গেছো মে-যের হাতে পড়েছেন দেখতে পাই! তা, আমার সরাই ভাল।" এই ভাবিয়া কালীকান্ত পুনর্কার ভক্তিভাবে প্রণামুক্রিয়া পলাইবার উদ্যোগ করিতেছিলেন, দেখিয়া কামস্থলরী আর্দিয়া তাহার গাত্রবস্ত্র ধরিল, বলিল, "ওরে আমার সোণার চাঁদা আমার সাত রাজার ধন এক মা ণিক! আমার কাছ থেকে আর পলাতে হয় না।" এই ধলিয়া কামস্থলরী স্বামীকে আসনের দিকে টানিতে ভাগিল।

কালীকান্ত আন্তরিক কাতরতার সহিত হাত যোড় কবিরা বলিতে লাগিল, '' দোহাই বৌঠাকুরাণি, আপনার সাত দোহাই—আমাকে ছাড়িয়া দিন—আপনি আমার সভাব জানেন না—আমি সে চরিত্রের লোক নই।" কামস্থলরী হাসিয়া বলিল, ''তুমি যে চরিত্রের লোক আমি বেশ জানি—এখন জল খাও।"

কালীকান্ত বলিল, ''যদি আপনার কাছে কেছ আ-মার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক—ঠকাম করিয়াছে। আপনার কাছে হাত্যোড় করিতেছি, আ-পনি আমার গুরুজ্ন—আমায় ছাড়িয়া দিন।'' কামস্থলরী রসিকতাপ্রিয়, মনে করিল, যে এ একতর নৃতন রসিকতা বটে। বলিল, "প্রাণাধিক, তুনি কত রসিকতা নিথিয়া আসিয়াছ, তাহা বুঝা যাইবে।" এই বলিয়া স্বামীর ছই হস্ত ধারণ করিয়া আসনে বসাইবার হন্য টানিতে লাগিল।

হস্তধারণ মাত্র, কালীকাস্ত সর্মনাশ হইল মনে করিয়া "বাবারে, গেলামরে, এগোরে, আমায় মেরে ফেল্লেনে" বলিয়া চীৎকার আরম্ভ কলিল। চীৎকার শুনিরা গৃহস্ত সকলে ভীত হইয়া দৌড়িয়। আসিল। মা, ভগিনী, পিসী প্রভৃতিকে দেখিয়া, কামস্থলরী স্বামীর হস্ত ছাড়িয়া দিল। কালীকান্ত অবসর পাইয়া, উর্ম্বানে প্লায়ন করিল।

গৃহিণী কমে স্বলরীকে জিজ্ঞাসা করিলেন, "কি লা কামি – জামাই অমন করে উঠলো কেন ? তুই কি মেরেছিস্?"

নিমিতা কামস্থলরী মর্ম্মনীজিতা ইইয়া কহিল, 'মারিব কেন। আমি মারিব কেন—আমার যেমন পোড়া কপাল!'' ক্রমে ক্রমে স্থর কাঁদনিতে চড়িতে লাগিল—''আমার যেমন পোড়া কপাল—কোন্ আবাসী আমার সর্কনাশ করেছে—কে ওয়ুধ করেছে—'' বলিতে বলিতে কামস্থলরী কাঁদিয়া হাট লাগাইল।

সকলেই বলিল, "ই। তুই মেরেছিস্ নহিলে অমন করে কাতরাবে কেন?" এই বলিয়া সকলে, কামকে "পাপিষ্ঠা" "ডাইনী" "রাক্ষসী" ইত্যাদি কথায় ভর্পনা করিতে লাগিল। কামস্থলরী বিনাপরাধে নিন্দিতা ও ভর্পিতা হইয়। কাদিতে কাদিতে হরে গিয়া ছার দিয়া ভইয়া পড়িল।

এদিকে কালীকান্ত বাহিরে আলিয়া দেখিল, যে বড় একটা গোলযোগ বাধির। ইঠিরাছে। নীলরতন বাবু श्वाः, ध्वाः इतिवान, ७ উদ্ধव मकत्न পड़िशा त्य त्यथान পাইতেছে, 😗 ফেইখানে রামাকে প্রহার কবিভেছে: কিল, লাভি, 🐫 , চাপড়ের বৃষ্টির মধ্যে রামা চাক্ত কে-বল, বলিভেছে, "ছেডেদেৱে বাবারে, জামাই মারে अमन कथन छनि नाहे, जागांत कि-एडाएनतरे स्मायरक धकाकभी कतर इटन।" निकटि मां डाइन छाक-রাণী হাসিতেছে, সে সর্কদা কালীফাস্ত বাবুর বাড়ীতে ঘাতায়াত করিত, দে রামাচাকরকে চিনিত, সেই বলিয়া দিরাছে। কালীকান্ত বাবু মারপিট দেখিয়া ক্ষিপ্তের नाात छेठानमङ विषाहेट नागिन, विनाट नागिन, " কি সর্কনাশ হইল ! বাবুকে মারিয়া ফেলিল।" ইহা দেখিয়া নীলয়তন বাবু আরও কোপাবিষ্ট হইয়া রামাকে

ৰলিতে লাগিলেন, "তুই বেটাই জামাইকে কি থাওয়া-ইয়া পাগল করিয়া দিয়াছিন্—মার বেটাকে জুতো।" এই কথা বলায়, যেমন প্রাবণ মাসে বৃষ্টির উপর বৃষ্টি চাপিয়া আইসে. তেমনি নির্দোধী রামার উপর প্রহার রুষ্ট চা-পিয়া আদিল। মারপিটের চোটে বস্ত্রমধ্য হইতে লুকান স্বর্ণ গোলকটি পড়িয়া গেল। দেখিয়া তরঙ্গ চাকরাণী তাহা কুড়াইয়া লইয়া নীলরতন বাববহুতে দিল। বলিল, "ওমিন্দে চোর! দেখুন ও একটা সোণার তাল চুরি করিয়া রাখিয়াছে।" "দেখি" বলিয়া নীলরতন বাব স্বৰ্গোলক হতে লইলেন,— অমনি তিনি রামাকে ছা-ভিয়া দিয়া, সরিয়া দাড়াইয়া, কোঁচার কাপড় খুলিযা মাথায় দিলেন; তরঙ্গও মাথার কাপড় খুলিয়া, কোঁচা ক্রিয়া পরিয়া, পাছকা হস্তে রামাকে মারিতে প্রবৃত্ত ठहेल ।

উদ্ধাৰ তরঙ্গকে বলিল, ''তুই মাগি জ্বাবার এর ভিতর এলি কেন ?''

ভরদ বলিল, ''কাকে মাগি বলিতেছিদ্?'' উদ্ধৰ বলিল, ''তোকে।''

"আমাকে ঠাটা ?" এই বলিয়া তরঙ্গ মহাক্রোধে হত্তের পাছকার ছারা উদ্ধবকে প্রহার করিল। উদ্ধব ও কুদ্ধ হইরা, স্তীলোককে মারিতে না পারিরা, নীলরতন বাবর দিকে চাহিয়া বলিল, "দেখুন্ দেখি কর্তা মহাশার মাগির কত বড় স্পর্দ্ধা, আমাকে জ্তা মারে!" কর্তা তথন, একটু খানি ঘোমটা টানিয়া একটু রসের হাসি হাসিয়য়, মৃত্স্পরে কহিলেন, তা মেরেছেন, মেরেছেন, ডুমি রাগ করিও না। মুনিব—নারতে পারেন।"

শুনিরা উদ্ধব আরও জুদ্ধ হইরা বলিল, "ও আবার কিসের মুনিব—ওও চাকর, আমিও চাকর! আপনি এ-মনি আজ্ঞা করেন! আমি আপনারই চাকর, ওব চাকর কেন হবণ আমি এমন চাকরি করি না।"

শুনিয়া কর্ত্তা আবার একটু মধুর হাসি হাসিয়া, বলিলোন, ''মরণ আর কি, বুড়ো বল্তমে মিন্সের রস দেখ প্
আম'ক চাকর—আবার ভূমি কিসে হতে গোলে প'

উদ্ধৰ অবাক্ হইল, মনে করিল "আজ কি পাগলের পাড়া পড়িয়াছে নাকি?" উদ্ধাব বিশ্বিত হইরা রামাকে ছাড়িয়া দাড়াইল।

এমত সময়ে বাড়ীর গোরক্ষক গোবর্দ্ধন খোষ সেই খানে আসিয়া উপস্থিত হইল। সে তরক্ষের স্বামী। মে তরক্ষের অবস্থা ও কার্য্য দেখিয়া বিশ্বিত হইল— ভরঙ্গ তাহাকে প্রাহাও করিল না। এদিগে কর্ত্তামহাশয় গোবর্দ্ধনকে দেখিয়া ঘোমটা টানিয়া এক পাশে দাড়াই-লেন। গোবৰ্দ্ধনকে আড়ে আড়ে দেখিয়া চুপি চুপি বলিলেন, "তুমি উহার ভিতর যাইও না।" গোবর্জন তরকের আচরণ দেখিয়া অত্যক্ত কট হইয়াছিল—সে কণা তাহার কাণে গেল না: সে তরঙ্গের চুল ধূরিতে গেল। "নজ্ঞার মাগি, তোর হায়। নেই" এই বলিয়া গোবর্জন অগ্রসর হইতেছিল, দেখিয়া, তরঙ্গ বলিল, "গোবরা ভুইও কি পাগল হয়েছিল না কি ? যা গোরুর याव निश्च या।" अनिया लावर्कन, जतस्त्र क्रमाकर्यन করিয়া উত্তম মধাম আরম্ভ করিল। দেখিয়া নীলবতন বাবু বলিলেন, "যা! পোড়া কপালে মিলে কটাকে ঠिनिया थून कदल्ल।" এদিগে उत्तन छ कुक इटेश, "আমার গায়ে হাত তুলিদ" বলিয়া গোবর্দ্ধনকে মারিতে আরম্ভ করিল। ভখন একটা বড় গোল্যোগ হইয়া উঠিল। ভুনিরা পাড়ার প্রতিবাদী রাম মুখোপাধ্যায় পোবিন্দ চট্টোপাধাার প্রভৃতি আসিয়া উপস্থিত হইন। রাম মুখেপোধাায় একটা স্থবর্ণগোলক পড়িয়া আছে (मिश्रा) शांविक हाडी। भाषारियत इत्छ मिया विनातनः " ধ্ৰেখুন দেখি মহাশয় এট। কি ?"

কৈলাদে পার্কভী বলিলেন, "প্রভা! আপনার গোলক সম্বরণ করন—এ দেখন। গোবিন্দ চটোপাধ্যার বৃদ্ধ রাম মুখোপাধ্যায়ের অন্তঃপুর মধ্যে প্রবেশ করিয়া রামের বৃদ্ধা ভার্যাকে পত্নী সম্বোধনে কৌতুক করিতেছে। আরুরাম মুখোপাধ্যায়ের পরিচারিকা, ভাহার আচরণ দেখিয়। ভাহাকে সমার্জ্জনী প্রহার করিতেছে। এদিগে বৃদ্ধ রাম মুখোপাধ্যায়, অপেনাকে ধুবা গোবিন্দ চটোপাধ্যায় মনে করিয়া, ভাহার অন্তঃপুরে গিয়া ভাহার ভার্যাকে টপ্পা গুনাইতেছে। এ গোলক আর মুহত্রকাল পৃথিবীতে থাকিলে গ্রেই বিশ্রুলা হইবে। অতএব আগনি ইহা সম্বরণ করন।"

মহাদেব বলিলেন, "হে শৈলস্তে! আমার গোল-কের অপরাধ কি ? এ কাও কি আজ নৃতন পৃথিবীতে হইল ? তুমি কি নিতা দেখিতেছ না যে বৃদ্ধ মুবা সাজি-তেছে, যুবা বৃদ্ধ সাজিতেছে; প্রস্কৃত্তার তুলা আচরণ করিতেছে, ভৃতা প্রস্কৃত্তার বিলাকের ন্যায় আচরণ করিতেছে, জীলোক পুরুষের মত ব্যবহার করিতেছে ? এ সকল পৃথি-বীতে নিতা ঘটে, কিন্তু ভাহা যে কি প্রকার হাসাজনক, তাহা কেহ দেখিয়াও দেখেনা। আমি তাহা একবার দকলের প্রত্যক্ষীভূত করাইলাম। এক্ষণে গোলক দম্বত করিলাম। আমার ইচ্ছায় দকলেই পুনর্বার স্বং প্রকৃতিস্থ হইবে, এবং থাহা যাহা ঘটিয়া গিয়াছে তাহা কাহারও স্বরণ থাকিবে না। তবে, লোক হিতার্থে আ মার বরে বঙ্গদর্শন এই কথা পৃথিবীমধ্যে প্রচারিত কৃত্তিবে।

# রামায়ণের সমালোচন। শ্রীমন্ত্রমবংশজ শ্রীমনাহামর্কট প্রণীত।

অানি রামারণ গ্রন্থখানি আদান্ত পাঠ করিয়া সাতিশর সন্তঃষ লাভ করিয়াছি। সর্গ্রন্থলার যে আর কিছুদিন যত্র করিলে একজন স্কুক্রি হইতেন, ভ্রিষ্ট্রে সন্দেহ নাই।

এই কাব্যগ্রন্থানির স্থল তাংপ্রথা, বানরদিথের নাহাত্র্য বর্ণন া বানরগণ কর্তৃক লক্ষান্তর, ও বাক্ষসদিথের কার্তি স্বাংশে নিধন, ইহার বর্ণনীয় বিষয়। ব্রানবদিথের কার্তি স্বাক্রপে বর্ণনা করা, সামানা কবিষের কার্যানহে। গ্রন্থকার যে তত্তদূর কবিত্ব প্রকাশ করিয়াছেন, এমত আ মরা বলিতে পারি না; তবে তিনি যে কিয়ন্ত্র ক্রতকার্যা স্থলীয়াছেন, তাহা নিরপেক্ষ পাঠক মাত্রেই স্বীকার করিবনেন।

ামায়ণে অনেক নীতিগৰ্জ কথা আছে। ৰুদ্ধিহীন-তার যে কত দোষ, তাহা ইহাতে উত্তমরূপে দেখান হই-য়াছে। এক নিৰ্কোণ প্ৰাচীন রাজার যুবতী ভার্যা। ছিল। বৃদ্ধিনতী কৈকেয়ী স্বীয় পুত্রের উন্নতির জন্ম, নির্কোধ বৃদ্ধকে ভুল।ইয়া ছলক্রমে রাজার জােষ্ঠপুত্রকে বনবাদে প্রেবণ করিল। জার্চপুত্রও ≰ততোধিক সুর্থ ৢ আপন বহু ধিকাৰ বজায় রাখিবার কোন যত্ন করিয়া বুড়া ব্যাপের কথায় বনে গেল 🖟 তা, একাই যাউক, তাহা নহে: আপনার যুবতী ভাষ্যাকে সঙ্গে করিয়া লইয়া গেলঃ "পথে नाही विविष्किलां," ८.हे। मामाना कथा; देशां अ শাহার ঘটে আসিল না । ভাহাতে যাহা ঘটিবার, ঘটিল। গীসভাবস্থলভ চাঞ্চলা এশতঃ সীতা বামকে ত্যাগ করিয়া হন্য পুরুষের সঙ্গে লক্ষ্য পাজাভোগ করিতে গেল। িকোও রাম পথে২ কাদিয়া বেডাইতে লাগিল। সীত। অসংপ্রে থাকিলে এ**ভটা ঘটত না। সাঁতা ভূ**চরিত্রা এটলেও, ঘটের থাকিত। বনে গিরা স্বাধীনতা পাইরাছিল, এবং মাত্রের সংস্থা স্কুমাধা হইয়াছিল এজন্ত এমত ঘটিয়া ষ্টিন। এক্ষণে বাঁহারা সাঁলোকদিগকে স্বাধীন করিবার জনা কলত করেন, তাঁহারা মেন এই কণাটি শ্বরণ রাখেন্ট্ বিশ্বপ করে একটি গওমুগ ৷ তাহাব চবিত্র এ রূপে

চিজ্রিত হইমাছে যে, তদ্বারা লক্ষণকে কর্মাক্ষম বোধালক মনে করিলে সে এক জন বড় লোক হইতে পারিত, কিন্দ্র তাহার এক দিনের জনাও সে দিকে মন যায় নাই। সে কেবল রামের পিছু২ বেড়াইল, আপনার উন্নতির কোন চেষ্টা করিল না। ইহা কেবল/বৃদ্ধিহীনতার ফল।

আর একটি গওম্থ ভরত। আপন হাতে র জা পাইয়া ভ ইকে ফিরাইয়া দিল। ফলতঃ রারায়ণ মুগ লোকের ইতিহাসেই পূর্। ইহা গ্রন্থকারের একটি উ-দেশ্য। রাম পরীকে হারাইলে আমার বন্দীয় পূর্ক-পুরুষ ভাহার কাভরতা দেখিয়া দ্যা করিছা বাবণকে দ-वंश्यम मादिया भीठा काञ्चित आनिया तामरक मिरनन, কিন্তু মূর্ণের মূর্থতা কোথায় বাইবে পুরাম জীর উপর রাগ করিয়া ভাহাকে একদিন পুড়াইয়া মাবিতে গেল। দৈবে সেদিন দেউ। বু রক্ষা হইল। পরে ভাহাকে দেশে আনিয়া ছই চাবিদিন মাত্র প্রথে ছিল ৷ পরে(ব্রিফ্রীন ১/-বশতঃ পরের কথা শুনিয়া স্থীটাকে তাড়াইয়া দিল। ক্ষেক বৎসর পরে, সীতা থাইতে না পাইয়া, রানের ছারে আসিয়া দাড়।ইল। রাম তাহাকে দেখিয়া, রাগ করিয়া, মাটীতে পৃতিয়া ফেলিল। বৃদ্ধি না থাকিলে **এই त** প रे घटि । तामा ग्रास्त्र कृत जार भर्या এই । है शत প্রাণতা কে, তাহা সহজে স্থির করা যায় না। কিম্বদ্ধী আছে বে, ইহা বাঝীকি প্রশীত। বাঝীকি নামে কোন প্রস্কার ছিল কি না, তরিষরে সংশয়। বঝীক হইতে বাঝীকি শব্দের উৎপত্তি দেখা যাইতেছে, অতএব আমার বিবেটনায় কেঃন বঝীক মধ্যে এই গ্রন্থানি পাওরা গিরছিল, ইহা কাহার ও প্রণীত নহে।

র।মাজণ নামে একথানি বাঙ্গালা গ্রন্থ আমি দেখি-হাতি। ইহা কুজিবাস প্রণীত। উভ্য গ্রন্থে অনেক সাদৃশ্য আছে। অতএব ইহাও অসম্ভব নহে বে, বালীকি রামারণ কুতিবাদের গ্রন্থ ইইতে সক্ষলিত। বাল্মীকি রামায়ণ কুত্রিাস হইতে সঙ্কলিত, কি কুত্রিবাস বাঝীকি রামাধণ হইতে দক্ষলন করিরাছেন, তাহা মীমাংদা কর। ग्रहण नरह: देहा श्रीकात कति। किंद्र तामात्रण नामिष्टि এবিষয়ের এক প্রমাণ। "রামায়ণ" শব্দের সংস্কৃতে (कान कर्य इस ना, किछ ताझालास मनर्थ इस। (व.स इस, ''রামায়ণ'' শক্টি ''রামা ধবন'' শক্তের অপলংশ মাত্র। १ क्ष व "न्" कात नुषु इठेता छ । तामा यनम ना तामा মুদল্মান নামক কোন ব্যক্তির চরিত্র অবলম্বন করিয়। কৃত্তিবাদ প্রথম ইহার রচনা করিয়া থাকিবেন। পরে কেহ সংস্কৃতে অমুবাদ করিবা বল্লীক মধ্যে লুকাইয়া বাধি- রাছিল। পারে গ্রন্থ বন্ধীক মধ্যে প্রাপ্ত হতয়ায় বান্ধীকি নামে থাতি হইয়াছে।

রামারণ গ্রন্থখনের আমর। কিছু প্রশংসা করিয়াছি, কিন্তু বিশেষ প্রশংসা করিতে পারি না। উহাতে অনেক গুরুতর দোষ আছে। আদোপান্ত, আদিরস্থাতিত। সীতার বিবাহ, রাবণকর্ত্তক সীতা হরণ, এ সকল আদিরস্থাটিত না ত কিং রামাযণে করণবদের অতি বিরল প্রফার। বানরকর্তৃক সমুদ্র বন্ধন, কেবল এইটিই রামায়ণের মধ্যে করণ রসাপ্রিত বিষয়। লক্ষণভোজনে কিংকিং বীররস আছে। বশিষ্ঠাদি ঋষিদিগের কিছু হান্তরস আছে। ঋষিগণ বড় রিদক পুরুষ ছিলেন। ধর্মোর কথা লইয়া অনেক হাস্য পরিহাস করিতেন।

রানায়ণেয় ভাষা যদিও প্রাঞ্জল এবং বিশদ বটে, ভথাপি অত্যন্ত অশুদ্ধ বলিতে হইবে। রামারণের একটি কাণ্ডে বোদ্ধাদিগের কোন কথা না থাকায় তাহার নাম হইরাছে "অবোদ্ধাকাণ্ড।" গ্রন্থকার তাহা "অবোদ্ধাকাণ্ড" লিখিয়াছেন। ইহা, কি সামান্য মূর্যতা 
থ এই একটি দোবেই এই গ্রন্থানি সাধারণের পরিহার্য হইয়াছে।

- ﴿ ভরদা করি, পাঠক সকলে এই কৃদর্য্য গ্রন্থথানি পড়া

ভাগে করিবেন। আমি একখানি নৃতন রামায়ণ রচনা করিয়াছি, তংপরিবর্ত্তে ভাহাই সকলে পাঠ করিতে আ-রস্ত করুন। আমাব প্রণীত রামায়ণ বে সর্বাঙ্গস্থানর হইয়াছে, তাহা বলা বাহলা: কেন না আমি ত বাল্লীকির ন্যায়াক্ষবিত্ববিহীন এবং বিদ্যাবৃদ্ধিশ্না নহি। সেই কথা বলাই এ সমালে চনার উদ্দেশ্য। অলমতি বিস্তরেন। সংসঃ

653355

# বিক্রানরহস্য

তাগাং

১২৭৯৮০ শালেব

বঙ্গদৰ্শন হইতে উদ্ধৃত

रिनक्काशिक खनम मः शह।



## 🖺 বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রণীত।

কাঁটালপাড়া।

বছদর্শন যদে গ্রী হারাণচক্র বন্দ্যোপাধ্যার কভৃক মুদ্রিত ও প্রকাশিত।

36901

#### CONTENTS.

Great Folar Eruption	•••	•••	1
Multitudes of Stars	•••		19
Dust (from Tyndall)	• • •	• • •	33
Aerostation	•••	•••	4()
The Universe in Motion	•••	•••	75
Protoplasm	•••		90
Antiquity of Man			114
Cariosities of Quantity a	nd Me	asure	137
Sir W. Thomson on			
Meteors	•••	•••	161

# স্থচিপত্র।

विषय ।				शृह्य
व्याक्टर्या ८मोट	বাৎপাত	•••	•••	>
আঁকাশে কভ	তারা আং	<b>5</b> , ,	•••	55
ধূলা	•••	***	•••	9.9
গগন প্র্যাটন		•••	• • •	8 0
<b>हकन जग</b> र	•••	•••	• • •	9 @
কতকাল মজুব	TT.			20
জৈবনিক	• • •			>>8
পরিমাণ বহসা			•••	509
সর উইলিয়ন	টম্দনকৃত	জীবস্ষ্টির ব্যাখ্যা		১৬১

# বিজ্ঞাপন।

বঙ্গদৰ্শন হইতে উদ্ধৃত হইয়া এই কয়ে-কটি প্রবন্ধ প্রকাশিত হইল। প্রবন্ধগুলি লেখকের সন্থোষজনক হয় নাই—কৃতবিদ্য পাঠকেরও হইবার সম্ভাবনা নাই। বৈজ্ঞা-নিক্তত্ত্বের ,আলোচনায় অনেক প্রস্তুকের সা-হাব্য প্রয়োজন করে; এ সকল প্রবন্ধ সেখানে লিখিত হইয়াছিল, দেখানে বৈজ্ঞানিক পুস্তক পাওয়া কন্টকর। অনেক কথা কেবল স্থ-তির উপর নির্ভর করিয়া লিখিত হইয়াছে,— অথচ স্মৃতির ন্যায় বিশ্বাসঘাতিনী কেহ নাই। লিখিতবিষয়ের যাথার্থ্য নিরূপণ জন্য অনেক সময় আবশ্যক, লেখক, সময়াভাবে নিতান্ত কাতর। অতএব এই সকল প্রবন্ধে যে অ-নেক ভ্রান্তি আছে, ইহা নিতান্ত সম্ভব। যিনি যেখানে যে ভ্রম দেখিবেন, অনুগ্রহ করিয়া তাহা লেখককে জানাইবেন ভবিষ্যতে তাহা मः (भाषन कता गाहिता।

এই সকল প্রবন্ধ প্রধানতঃ হক্দ্লী, টিওল, প্রকৃটর, লকিয়র, লায়েল প্রভৃতি লেখকের মতাবলম্বন করিয়া লিখিত হইয়াছে। কোনটিই অনুবাদ নহে। তবে টিওল সাহেবের ''Dust and Disease'' নামক প্রবন্ধের সার মর্ম্মের, ''ধূলা,'' গ্লেশর সাহেবের গ্রন্থ হইতে ''গগনপ্র্যাটন'' হক্দ্লীর ''Lay Sermons'' হইতে 'জৈবনিক, এবং লায়েল সাহেবের '' Antiquity of Man'' হইতে ''কতকাল্ মনুষ্য়ং'' নামক প্রবন্ধ সঞ্চলিত হইয়াছে।

লেখকের প্রধান উদ্দেশ্য এই, যে আলোচিত বৈজ্ঞানিকতত্ত্ব সকল সাধারণ বাঙ্গালি
পাঠক, বাঙ্গালা বিদ্যালয়ের উচ্চতর প্রোণীর
বালকেরা, এবং আধুনিক শিক্ষিতা বাঙ্গালী
স্ত্রী, বুঝিতে পারেন। কতদূর এ উদ্দেশ্য সফল
ইইবে, বলিতে পারি না।

# বিজ্ঞানরহস্য।

## আশ্চর্য্য দৌরোৎপাত।

১৮৭১ শালে সেপ্টেম্বর মাসে আমেরিকানিবানী অদ্বিতীয় জ্যোতির্বিদ্ ইয়ঙ্ সাহেব যে আশ্চর্য্য সোরোৎপাত দৃষ্টি করিয়াছিলেন, এরূপ প্রকাণ্ড কাণ্ড মনুষ্য চক্ষে প্রায় আর কথন
পড়ে নাই। তভুলনায় এট্না বা বিসিউবিযানের অগ্লিবিপ্লব, সমুদ্রোচ্ছ্যাসের তুলনায় প্রথকটাহে প্রথ্যেচ্ছ্যাসের তুল্য বিবেচনা করা যাইতে পারে।

যাঁহারা আধুনিক ইউরোপীয় জ্যোতির্বিদ্যার সবিশেষ অনুশীলন করেন নাই, এই ভয়ঙ্কর ব্যাপার তাঁহাদের বোধগম্য করারজন্ম সূর্য্যের প্রকৃতিসন্ধন্ধে তুই একটি কথা বলা আবশ্যক।

সূর্য্য অতি বৃহৎ তেজোময় গোলক। এই গোলক, আমরা অতি ক্ষুদ্র দেখি, কিন্তু উহা বাস্তবিক কত রুহৎ, তাহা পৃথিবীর পরি-मान ना वुकिरल वुका गाहरत ना। मकरल ङा-নেন যে, পৃথিবীর ব্যাস ৭০৯> সাইল। यদি পৃথিবীকে এক মাইল দীর্ঘ এক মাইল প্রস্থ, এমত খণ্ডে২ ভাগ করা যায়, তাহাহইলে, উ নিশ কোটি, ছষটি লক্ষ ছাব্বিশ হান্তার এই-রূপ বর্গ মাইল পাওয়া যায়। এক মাইল দীর্ঘু, এক মাইল প্রস্থে, এবং এক মাইল উর্দ্ধে, এ-দ্ধপ ২৫৯, ৮০০০০০,০০০ ভাগ পাওয়া যায়। আশ্চর্য্য বিজ্ঞানবলে পৃথিবীকে ওজন করাও গিয়াছে। ওজনে পৃথিবী যত টন হই য়াছে, তাহা নিম্নে অক্টের দ্বারা লিখিলাম। ৬,০৬৯,০০০,০০০,০০০,০০০,০০০।এক

## .টন সাতাশ মনের অধিক।

এই সকল অক্ক দেখিয়া মন অস্থির হয়;
পৃথিবী যে কত বৃহৎ পদার্থ, তাহা বুঝিয়া উঠিতে পারি না। এক্ষণে যদি বলি যে, এমত
অন্য কোন গ্রহ বা নক্ষত্র আছে যে, তাহা পৃথিবী অপেক্ষা, ত্রয়োদশ লক্ষ গুণে বৃহৎ, তবে
কে না বিস্মিত হইবেং কিন্তু বাস্তবিক সূর্য্য
পৃথিবী হইতে ত্রয়োদশ লক্ষগুণে বৃহৎ। ত্রযোদশ লক্ষটি পৃথিবী একত্র করিলে সূর্য্যের
সায়তনের সমান হয়।

তবে আমরা সূর্য্যকে এত ক্ষুদ্র দেখি

কেন? উহার দূরতাবশতঃ। পূর্বতন গণনাকুসারে সূর্য্য পৃথিবী হইতে সার্দ্ধ নয় কোটি
মাইল দূরে স্থিত বলিয়া জানা ছিল। আধুনিক গণনায় স্থির হইয়াছে যে, ৯১,৬৭৮০০০
মাইল অর্থাৎ এক কোটি, চহুর্দ্দশ লক্ষ, উনসপ্ততি সহস্র সার্দ্ধ সপ্তশত যোজন, পৃথিবী হইতে সূর্য্যের দূরতা। এই ভয়ঙ্কর দূরতা অনুমেয় নহে। দ্বাদশ সহস্র পৃথিবী ভেষ্ঠার
পর্যায় বিন্যন্ত হইলে, পৃথিবী হইতে সূর্য্য
পর্যান্ত পায় না।

এই দূরতা অনুভব করিবার জনা একটি
উদাহরণ দিই। অস্থাদাদির দেশে রেল ওয়ে
ট্রেণ ঘণ্টায় ২০মাইল যায়। যদি পৃথিবী হইতে সূর্য্য পর্যান্ত রেইলওয়ে হইত, তবে কত
কালে স্থালোকে যাইতে পারিতাম? উত্তর
— যদি দিনরাত্রি ট্রেণ, অবিরত, ঘণ্টায় বিশ


মাইল চলে, তবে ৫২০ বংসর ৬মাস ১৬দিনে সূর্য্য লোকে পোঁছান যায়। অর্থাৎ যে ব্যক্তি ট্রেণে চড়িবে, তাহার সপ্তদশ পুরুষ ঐ ট্রেণে গত হইবে।

এক্ষণে পাঠক বুঝিতে পারিবেন, যে সূর্য্যনণ্ডলমধ্যে অণুবৎ ক্ষুদ্রাকৃতি পদার্থত বাস্তবিক
অতি বৃহৎ। যদি সূর্য্য মধ্যে আমরা একটি
বালির মত বিন্দুও দেখিতে পাই, তবে তাহাও লক্ষ জোশ বিস্তার ইইতে পারে।

কিন্তু সূর্য্য এমনি প্রচণ্ড রশ্মিময় যে, তা-হার গায়ে বিন্দু বিদর্গ কিছু দেখিবার সম্ভাবন। নাই। সূর্য্যের প্রতি চাহিয়া দেখিলেও অন্ধ হইতে হয়। কেবল সূর্য্যগ্রহণের সময়ে সূর্য্য-তৈজঃ চন্দ্রান্তরালে লুকায়িত হইলে, তৎপ্রতি দৃষ্টি করা যায়। তথনও সাধারণ লোকে চ- ক্ষের উপর কালিমাথা কাঁচ না ধরিয়া, হৃত-তেজা সূর্য্য প্রতিও চাহিতে পারে না।

সেই সময়ে যদি কালিমাথা কাঁচ ত্যাগ করিয়া, উত্তম দূরবীক্ষণ যন্ত্রের দারা সূর্য্য প্রতি দৃষ্টি করা যায়, তবে কতকগুলি আশ্চর্য্য ব্যাপার দেখা যায়। পূর্ণ গ্রাদের সময়ে, অ-ৰ্থাৎ যখন চন্দ্ৰান্তরালে দূর্য্যমণ্ডল লুকায়িত হয়, সেই সময়ে দেখা যাইবে যে, লুকায়িত মণ্ডলের চারিপার্যে, অপূর্ব্ব জ্যোতির্ময় কি-রীটী মণ্ডল তাহাকে ঘেরিয়া রহিয়াছে। ইউ-রোপীয় পণ্ডিতেরা ইহাকে "করোনা" বলেন। কিন্তু এই কির্নিটা মগুল ভিন্ন, আর এক অ-দ্রত বস্তু কথন২ দেখা যায়। কিরীটীমূলে, ছায়ারত দুর্য্যের অঙ্গের উপরে দংলগ্র, অথচ তাহার বাহিরে, কোন হুজের পদার্থ উ-

দগত দেখা যায়। যথা (ক)। ঐ সকল উ-



দগত পদার্থ দেখিতে এত ক্ষুদ্র যে, তাহা দূরবীক্ষণ যন্ত্র ব্যতিরেকে দেখা যায় না। কিন্তু
দূরবীক্ষণ যন্ত্রে দেখা যায় বলিয়াই তাহা রহৎ
অনুমান করিতে হইতেছে। উহা কখন২
অর্ধ্ন লক্ষ মাইল উচ্চ দেখা গিয়াছে। ছয়টি
পৃথিবী উপর্যুপরি সাজাইলে এত উচ্চ হয়

না। এই সকল উদ্গত পদার্থের আকার কখন পর্বত শৃঙ্গবৎ, কখন অন্যপ্রকার কখন সূর্য্য হইতে বিযুক্ত দেখা গিয়াছে। তাহার বর্ণ কখন উজ্জ্লরক্ত, কখন গোলাপী, কখন নীলক্পিশ।

পণ্ডিতের। বিশেষ অনুসন্ধান দার। স্থির, করিয়াছেন যে, এ সকল সূর্যেরে অংশ। প্র-থমে কেহ২ বিবেচনা করিয়াছিলেন যে, এ সকল সোর পর্বত। পরে সূর্য্য হইতে তাহার বিয়োগ দেখিয়া সে মত ত্যাগ করিলেন।

এক্ষণে নিঃসংশয় প্রমাণ হইয়াছে যে, এই সকল রহৎ পদার্থ সূর্য্যগর্ভ হইতে উৎক্ষিপ্ত। যেরপ পার্থিব আগ্নেয় গিরি হইতে দ্রব বা বায়বীয় পদার্থ সকল উৎপতিত হইয়া, গিরি-শৃঙ্গের উপরে মেঘাকারে দৃষ্ট ইইতে পারে, এই সকল সোরমেঘও তদ্রপ। উৎক্ষিপ্ত বস্তু

যত ক্ষণ না সূর্য্যোপরি পুনঃ পতিত হয়, তত-ক্ষণ পর্যান্ত স্তৃপাকারে পৃথিবী হইতে লক্ষ্য হইতে থাকে।

ওক্ষণে পাঠক বিবেচনা করিয়া দেখুন যে, এইরপ একখানি সৌরমেঘ বা স্তৃপ দূরবীকৈণে দেখিলে কি বুঝিতে হয়। বুঝিতে হয় যে, এক প্রকাণ্ড প্রদেশ লইয়া এক বিষম বিপ্রব উপস্থিত হইয়াছে। সেই সকল উৎপাতকালে সূর্য্যগর্ভনিক্ষিপ্ত পদার্থরাশি, এতাদৃশ বহুদূরব্যাপী হয়, যে তন্মধ্যে এই পৃথিবীর ন্যায় অনেক গুলিন পৃথিবী ডুবিয়া থাকিতে পারে।

এইরপ সোরোৎপাত অনেকেই প্রফেসর ইয়ঙের পূর্বে দেখিয়াছেন; কিন্তু প্রফেসর ইয়ঙ্ যাহা দেখিয়াছেন, তাহা আবার বিশেষ

বিস্ময়কর। গত ৭ই সেপ্টেম্বরে, বেলা চুই প্রহরের সময়ে তিনি সূর্য্যমণ্ডল দূরবীক্ষণদ্বারা অবেক্ষণ করিতেছিলেন। তৎকালে গ্রহণাদি কিছু ছিল ন।। পূর্বের গ্রহণের সাহায্য ব্য-তীত কেহ কখন এই সকল ব্যাপার নয়নগো-চর করে নাই, কিন্তু ডাক্তার হাগিন্স প্রথমে. বিনা গ্রহণে এ সকল ব্যাপার দেখিবার উপায় প্রদর্শন করেন। প্রফেদর ইয়ঙ্ এরূপ বি-জ্ঞানকুশলী যে, তিনি সূর্য্যের প্রচণ্ড তেজের সময়েও ঐ সকল সৌরস্তুপের আতপচিত্র পর্য্যন্ত গ্রহণ করিতে সমর্থ হইয়াছেন।

কথিত সময়ে প্রফেসর ইয়ঙ্ দূরবীক্ষণে দেখিতেছিলেন যে, সূর্য্যের উপরি ভাগে এক থানি মেঘবৎ পদার্থ দেখা যাইতেছে। অন্যান্য উপায় দ্বারা সিদ্ধান্ত হইয়াছে যে, পূর্ণিবী যেরূপ বায়বীয় আবরণে বেষ্টিত, সূর্য্যম-

গুলও তদ্রপ। ত্র মেঘবৎ পদার্থ সেরিবায়ুর উপরে ভাসিতেছিল। পাঁচটি স্তম্ভের ন্যায় আধারের উপরে উহা আরুঢ় দেখা যাইতে-ছিল। প্রফেদর ইয়ঙ্পূর্ব্ব দিন বেলা ছুই প্রহর হইতে ঐ রূপই দেখিতেছিলেন। তদ-.বধি তাহার পরিবর্ত্তনের কোন লক্ষণই দেখেন নাই। স্তম্ভগুলিন উজ্জ্ল, মেঘথানি রুহং-তদ্ভিন্ন মেঘের নিবিড়ত। বা উজ্জলত। কিছুই ছিল না। সৃক্ষা২ সূত্রাকার কতকগুলি পদা-র্থের সমষ্টির ন্যায় দেখাইতেছিল। এই জ-পূর্ব্ব মেঘ সোরবায়ুর উপরে পঞ্চদশ সহস্র মাইল উদ্ধে ভাদিতেছিল। ইহা বলা বাহুল্য যে, প্রফেদর ইয়ঙ্ ইহার দৈর্ঘ্য প্রস্তু মাপি-য়াছিলেন। তাহার দৈর্ঘ্য লক্ষ মাইল—প্রস্থ • ৫৪০০০মাইল। বারটি পুথিবী সারি২ সাজা-ইলে, তাহার দৈর্ঘ্যের সমান হয় না—ছয়টি পৃথিবী সারি২ সাজাইলে ছাহার প্রস্থের স-মান হয় না।

তুই প্রহর বাজিয়া অর্দ্ধ ঘণ্টা হইলে, মেঘ এবং তন্মূলম্বরূপ স্তম্ভগুলির অবস্থাপরিবর্ত্ত-त्नत किছूर लक्ष्म (पथा याहरें नाशिन। সেইসময়ে প্রফেসর ইয়ঙ্ সাহেবকে দূরবীকণ রাখিয়া স্থানান্তরে যাইতে হইল। একটা বাজিতে পাঁচ মিনিট থাকিতে, যথন তিনি প্র-जावर्डन कतिरलन, जथन रिषरलन, रा हमश-কার! নিম্ন হইতে উৎক্ষিপ্ত কোন ভয়ঙ্কর ব-লের বেগে মেঘথণ্ড ছিন্ন ভিন্ন ইইয়া গিয়াছে. তৎপরিবর্ত্তে সোর গগন ব্যাপিয়া ঘনবিকীর্ণ উচ্জ্বল সূত্রাকার পদার্থ সকল উদ্বে ধাবিত হই তেছে। ঐ সূত্রাকার পদার্থ সকল অতি প্র-বল বেগে ঊৰ্দ্ধে ধাবিত হইতেছিল।

সর্বাপেকা এই বেগই চমৎকার। আ-

লোক, বা বৈছ্যতীয় শক্তি প্রভৃতি ভিন্ন, গুরুত্ববিশিষ্ট পদার্থের এরপ বেগ প্রুতিগোচর
হয় না। ইয়ঙ্ সাহেব যথন প্রত্যাবৃত্ত হইলেন, তথন ঐ সকল উজ্জ্বল সূত্রাকার পদার্থ
লক্ষ মাইলের উর্দ্ধে উঠে নাই। পরে দশ
মিনিটের মধ্যে যাহা লক্ষ মাইলে ছিল, তাহা
ছই লক্ষ মাইলে উঠিল। দশ মিনিটে লক্ষ মাইল গতি হইলে, প্রতি সেকেণ্ডে ১৬৫ মাইল
গতি হয়। অতএব উৎক্ষিপ্ত পদার্থের দৃষ্ট
গতি এই।

এই গতি কি ভয়ক্ষর, তাহা মনেরও জচিন্তা। কামানের গোলা অতিবেগবান হইলেও কখন এক সেকেণ্ডে অর্দ্ধ মাইল যাইতে
পারে না। সচরাচর কামানের গোলার বেগের বহু শত গুণ এই সোর পদার্থের বেগ, এ
কথা বলিলে অহ্যক্তি হইবে না।

তুই লক্ষ মাইল উদ্ধেত এই বেগ দেখা গিয়াছিল। যে উৎক্ষিপ্ত পদার্থ চুই লক্ষ মা-ইল উদ্ধে এত বেগবান্, নির্গমকালে তাহার বেগ কিরূপ ছিল গু সকলেই জানেন যে; যদি আমরা একটা ইফ্টক খণ্ড উর্দ্ধে নিক্ষিপ্ত করি, তাহাহইলে যে বেগে তাহা নিক্ষিপ্ত হয়, সেই বেগ শেষপর্যান্ত থাকে না, ক্রমে মন্দীভূত হ-ইয়া, পরিশেষে একবারে বিনষ্ট হইয়া যায়, ইফ্টক থণ্ডও ভূপতিত হয়। ইফ্টকবেগের হ্রাদের তুই কারণ, প্রথম পৃথিবীর মাধ্যাক-ৰ্ণী শক্তি, দিতীয় বায়ুজনিত প্ৰতিবন্ধকতা। এই ছুই কারণই সূর্য্যলোকে বর্ত্তমান। যে বস্তু যত গুরু, তাহার মাধ্যাকর্ষণী শক্তি তত বলবতী। পৃথিবী অপেক। সূর্য্যের মাধ্যাক-র্বণী শক্তি সূর্ব্যের নাড়ীমগুলে ২৮ গুণ অধিক। তত্বল্লজ্ঞন করিয়া লক্ষ ক্রোশ পর্য্যন্ত যদি

কোন পদার্থ উত্থিত হয়, তবে তাহা যথন সূ-র্য্যকে ত্যাগ করে, তৎকালে তাহার গতি প্রতি সেকেণ্ডে অবশ্যই ১৬৬ মাইল ছিল। ইহা গণনা দ্বারা দ্বিদ্ধ। কিন্তু যদিও এই বেগে উৎক্ষিপ্ত হইলে, ক্ষিপ্ত বস্তু লক্ষ ক্রোশ উ-ঠিতে পারিবে, তাহা যে ঐ লক্ষ ক্রোশের শে-যাৰ্দ্ধ লঙ্গনকালে প্ৰতি সেকেণ্ডে ১৬৬ মাইল ছুটিবে, এমত নহে! শেষাৰ্দ্ধ বেগ গড়ে ৬৫ মাইল মাত্র হইবে। প্রাক্তর সাহেব গুড্ ওয়ার্ডসে লিখিয়াছেন যে, যদি বিবেচনা করা যায় যে সূৰ্য্যলোকে বায়বীয় প্ৰতিবন্ধকতা नाइ, তাহাহইলে এই উৎক্ষিপ্ত পদার্থ সূর্য্য-মধ্য হইতে যে বেগে নিৰ্গত হইয়াছিল, তাহা প্রতি দেকেণ্ডে ২৫৫ মাইল। কর্ণহিলের একজন লেখক বিবেচনা করেন যে, এই প-দার্থ প্রতি সেকেণ্ডে ৫০০ মাইলের অধিক

#### বেগে নিক্ষিপ্ত হইয়াছিল।

কিন্তু সূর্য্যলোকে যে বায়বীয় পদার্থ নাই, এমত কথা বিবেচনা করিতে পারা যায় না। সূর্য্য যে গাঢ় বাষ্পমগুল পরিবৃত্ত, তাহা নিশ্চিত হইয়াছে। প্রাক্তর সাহেব সকল বিষয় বিবেচনা করিয়া ছির করিয়াছেন যে, পৃথি-বীতে বায়বীয় প্রতিবন্ধকতার যেরূপ বল, সোর বায়ুর প্রতিবন্ধকতার যদি সেইরূপ বল হয়, তাহাহইলে এই পদার্থ, যখন সূর্য্য হইতে নির্গত হয়, তখন তাহার বেগ প্রতি সেকেণ্ডে আফুমানিক সহজ্র মাইল ছিল।

এই বেগ মনের অচিন্ত্য। এরূপ বেগে
নিক্ষিপ্ত পদার্থ এক দেকেণ্ডে ভারতবর্ষ পার
হইতে পারে—পাঁচ সেকেণ্ডে কলিকাতা হইতে বিলাত পহুঁছিতে পারে, এবং ২৪ সেকেণ্ডে, অর্থাৎ অর্দ্ধ মিনিটের কমে, পৃথিবী

### বেষ্টন করিয়া আসিতে পারে।

আর এক বিচিত্র কথা আছে। আমরা যদি কোন মুৎপিও উর্দ্ধে নিক্ষেপ করি, তাহা আঝার ফিরিয়া আসিয়া পুথিবীতে পড়ে। তা-হার কারণ এই যে, পুথিবীর মাধ্যাকর্ষণী শ-রিক্তর বলে, এবং বায়বীয় প্রতিবন্ধকতায়, কে-পণীর বেগ জমে বিদফ হইয়া, যখন কেপণী একবারে বেগহীন হয়, তথন মাধ্যাকর্ধণের বলে পুনর্কার তাহা ভূপতিত হয়। সূর্য্যলো-কেও অবশ্য তাহাই হওয়া সম্ভব। কিন্তু মাধ্যাকর্ষণী শক্তি বা বায়বীয় প্রতিবন্ধক্তার শক্তি কথন অসীম নহে। উভয়েরই সীমা আছে। অবশ্য এমত কোন বেগবতী গতি আছে যে তদ্ধার৷ উভয় শক্তিই পরাভূত হ-হিতে পাদে। এই সীমা কোঁথায়, তাহাও গণনা ছারা দিন্ধ হইয়াছে। যে বস্তু নির্পম কালে প্রতি সেকেণ্ডে ৩৮০ মাইল গমন करत, তাহা गाधाकर्षणी माळि এবং বায়বীয় প্রতিবন্ধকভার বল অতিক্রম করিয়া যায়। অতএব উপরিবর্ণিত বেগবান্ উৎক্ষিপ্ত পদার্থ, আর দূর্যালোকে ফিরিয়া আইসে না। স্থতরাং প্রফেসর ইয়ঙ্ যে সৌরোৎপীত দৃষ্টি করিয়া-ছিলেন, ততুৎক্ষিপ্ত পদার্থ আর সূর্য্যলোকে ফিরে নাই। তাহা অনন্তকাল অনন্ত আকাশে বিচরণ কবিয়া, ধুমকেতু বা অন্য কোন খেচর রূপে পরিগণিত হইবে কি, কি হইবে, তাহা কে বলিতে পারে!

প্রাক্টর সাহেব সিদ্ধান্ত করেন যে, উৎকিপ্ত বস্তু লক্ষ ক্রোশ পর্যন্ত দৃষ্টিগোচর হইয়াছিল বটে, কিন্তু অদৃশ্যভাবে যে তদধিক দূর
ঊর্দ্ধগত হয় নাই, এমত নহে। যতক্ষণ উহা
উত্তপ্ত এবং জ্বালাবিশিষ্ট ছিল, ততক্ষণ তাহা

দৃষ্টিগোচর হইয়াছিল, ক্রমে শীতল হইয়া
অনুজ্বল হইলে, আর তাহা দেখা যায় নাই।
তিনি স্থির করিয়াছেন যে, উহা সার্দ্ধ তিন
লক্ষ-মাইল উঠিয়াছিল। অতএব এই সোরোৎপাতনিক্ষিপ্ত পদার্থ অদ্ভুত বটে—লক্ষথোজনব্যাপী, মনোগতি, এক নূতন স্থান্তির
তাদি।

# আকাশে কত তারা আছে?

ঐ যে নীল নৈশ নভোমগুলে অসংখ্য বিন্দু জ্লিতেছে, ও গুলি কি?

ও গুলি তারা। তারা কি ? প্রশ্ন জিজ্ঞাসা
করিলে পার্চশালার ছাত্র মাত্রেই তৎক্ষণাৎ
বলিকে যে, তারা দব দূর্য্য। দব দূর্য্য! দূর্য্য
ত দেখিতে পাই বিশ্বদাহকর, প্রচণ্ড কিরণ
নালার আকর: তৎপ্রতি দৃষ্টি নিকেপ করিবারও সনুষ্যের শক্তি নাই; কিন্তু তারা দব ত

বিন্দু মাত্র; অধিকাংশ তারাই নয়নগোচর হইয়া উঠে না। এমন বিসদৃশের মধ্যে সা-দৃশ্য কোথায় ? কোন প্রমাণের উপর নির্ভর করিয়া বলিব যে এ গুলি সূর্য্য ? এ কথার উ-ত্তর পাঠশালার ছাত্তের দেয় নহে। এবং ষাঁহারা আধুনিক ইউরোপীয় বিজ্ঞান শাস্ত্রের প্রতি বিশেষ মনোযোগ করেন নাই, তাঁহারা এই কথাই অকস্মাৎ জিজ্ঞাসা করিবেন। তাঁ-হাদিগকে আমরা এক্ষণে ইহাই বলিতে পারি যে, এ কথা অলপ্ত্য্য প্রমাণের দারা নিশ্চিত হইয়াছে। সেই প্রমাণ কি, তাহা বিরত করা এন্থলে আমাদিগের উদ্দেশ্য নহে। যাহারা ইউরোপীয় জ্যোতির্বিদ্যার সম্যগ্ আলোচনা করিয়াছেন, তাঁহাদের পক্ষে সেই প্রমাণ এ-খানে বিরত করা নিস্প্রয়োজন। যাঁহারা জ্যোতিষ সম্যুগ অধ্যয়ন করেন নাই, তাঁহাদের

পক্ষে সেই প্রমাণ বোধগম্য করা অতি ছ্রহ ব্যাপার। বিশেষ ছুইটা কঠিন কথা তাঁহাদি-গকে বুঝাইতে হইবে; প্রথমতঃ কি প্রকারে নভঙ্গ্থ জ্যোতিক্ষের দূরতা পরিমিত হয়; বি-তীয় আলোক পরীক্ষক নামক আশ্চর্য্যন্ত্র কি প্রকার, এবং কি প্রকারে ব্যবহৃত হয়।

স্তরাং দে বিষয়ে অদ্য আমরা প্রবৃত্ত হইলাম না। অদ্য সন্দিহান পাঠকগণের প্রতি আমাদিগের অনুরোধ এই, তাঁহার। ইউ-রোপীয় বিজ্ঞানের উপর বিশ্বাস করিয়া বিবে-চনা করুন যে, এই আলোকবিন্দু গুলিন সক-লই সৌর প্রকৃত। কেবল আত্যন্তিক দূরতা বশতঃ আলোক বিন্দুবৎ দেখায়।

এখন কত সূর্য এই জগতে আছে? এই প্রশ্নের উত্তর প্রদান করাই অদ্য আমাদিগের উদ্দেশ্য। আমরা পরিকার চন্দ্রবিযুক্তা নি- শীতে নির্মাল নিরম্বুদ আকাশমণ্ডল প্রতি দৃষ্টি পাত করিয়া দেখিতে পাই যে, আকাশে ন-ক্ষত্র যেন আর ধরে না। আমরা বলি, নক্ষত্র অসংখ্যা বাস্তবিক কি নক্ষত্র অসংখ্যা ধাস্ত-বিক শুধু চক্ষে আমরা যে নক্ষত্র দেখিতে পাই, তাহা কি গণিয়া সংখ্যা করা যায় না?

ইহা অতি সহজ কথা। যে কেহ অধ্যবসায়ারত হইয়া স্থির চিত্তে গণিতে প্রবৃত্ত হইবেন, তিনিই সফল হইবেন। বস্তুতঃ দূরবীক্ষণ ব্যতীত যে তারা গুলিন দেখিতে পাওয়া
যায়, তাহা অসংখ্য নহে—সংখ্যায় এমন অধিকও নহে। তবে তারা সকল যে অসংখ্য
বোধ হয়, তাহা উহার দৃশ্যতঃ বিশৃষ্থলতা জন্য
মাত্র। যাহা শ্রেণীবদ্ধ এবং বিন্যুন্ত, তাহার
অপেকা যাহা প্রেণীবদ্ধ নহে এবং অবিন্যন্ত,
তাহা সংখ্যায় অধিক বোধ হয়। তারা সকল

আকাশে শ্ৰেণীবদ্ধ এবং বিন্যন্ত নহে বলিয়াই আশু অসংখ্য বলিয়া বোধ হয়।

বস্ততঃ যত তারা দুরবীক্ষণ ব্যতীত দৃষ্টি-গোচর হয়, তাহা ইউরোপীয় জ্যোতির্বিদগণ কর্ত্তক পুনঃ২ গণিত হইয়াছে। বলিন নগরে • মত তারা ঐ রূপে দেখা যায়, অর্গেলন্দর তা- • হার সংখ্যা করিয়া তালিকা প্রকাশ করিয়া-ছেন। সেই তালিকায় ৩২৫৬টি মাত্র তারা আছে। পারিস নগর হইতে যত তারা দেখা যায়, হম্বোল্টের মতে তাহা ৪১৪৬টি মাত্র। গেলামির আকাশ মণ্ডল নামক গ্রন্থে চক্ষুদুৰ্ভ্য তারার যে তালিকা প্রদত্ত হইয়াছে, তাহা এই প্রকার:

২ম জেণী	***	 ২০
২য় শ্রেণী	• • •	 ৬৫
৩য় শ্রেণী		 २००

৫ম শ্রেণী	•••	• • •	2200
৬ষ্ঠ শ্রেণী	•••	•••	७२००
		***************************************	

861-6

এই তালিকায় চতুর্থ শ্রেণীর তারার সংখ্যা নাই। তৎসমেত আন্দাজ ৫০০০ পাঁচ হাজার তারা শুধু চক্ষে দৃষ্ট হয়।

কিন্তু বিষুব রেখার যত নিকটে আসা যায়, তত অধিক তারা নয়নগোচর হয়। ব-লিন ও পারিদ নগর হইতে যাহা দেখিতে পাওয়া যায়, এ দেশে তাহার অধিক তারা দেখা যায়। কিন্তু এদেশেও ছয় সহস্রের অ-ধিক দেখা যাত্রয়া সম্ভবপর নহে।

এক কালীন আকাঁশের অর্দ্ধাংশ ব্যতীত আমরা দেখিতে পাই না। অপরার্দ্ধ অধস্তলে থাকে। স্থতরাং মুষ্যচক্ষে এককালীন যত তারা দেখা যায়, তাহা তিন সহস্রের অধিক নহে।

এতক্ষণ আমরা কেবল শুধু চক্ষের কথা বলিতেছিলাম। যদি দূরবীক্ষণ যজের সা-হায্যে আকাশ মণ্ডল প্যাবেক্ষণ করা যায়, তাহা হইলে বিশ্বিত হইতে হয়। তথন অ-বশ্য স্বীকার করিতে হয় যে, তারা অসংখ্যই বটে। শুধু চোখে যেখানে ছই একটি মাত্র তারা দেখিরাছি, দূরবীক্ষণে সেখানে সহস্র তারা দেখা যায়।

গেলামী এই কথা প্রতিপন্ন করিবার জন্য নিথুন রাশির একটি ক্ষুদ্রাংশের চুইটি চিত্র দিরাছেন। ঐ স্থান বিনা দূরবীক্ষণে যেরূপ দেখা যায়, প্রথম চিত্রে তাহাই চিত্রিত আছে। তাহাতে পাঁচটি মাত্র নক্ষ্ত্র দেখা যায়। দ্বি-তীয় চিত্রে ইহা দূরবীক্ষণে যেরূপ দেখা যায়, তাহাই অঙ্কিত হইয়াছে। তাহাতে পাঁচটি তারার স্থানে তিন সহস্র গ্রহ শত পাঁচটি তারা দেখা যায়!

দূরবীক্ণের দ্বারাই বা কত তারা মসুষ্ট্রের দৃষ্টিগোচর হয়, তাহারও সংখ্যা ও তালিকা হইয়াছে। স্তবিখ্যাত সর উইলিয়ম হর্শেল প্রথম এই কার্য্যে প্রবৃত্ত হয়েন। তিনি বহু-কালাবধি প্রতিরাত্তে আপন দূরবীক্ষণসমীপা-গত তারা সকল গণনা করিয়া তাহার তালিকা করিতেন। এইরূপে ৩৪০০ বার আকাশ পর্য্য-বেশ্দের ফল তিনি প্রচার করেন। যতটা আকাশ চক্র কর্তৃক ব্যাপ্ত হয়, তদ্রূপ আট শত গাগৰিক খণ্ড মাত্ৰ তিনি এই ৩৪০০ বারে পর্য্যবেক্ষণ করিয়াছিলেন। তাহাতে আকাশের ২৫০ ভাগের এক ভাগের অধিক হয় না। আকাশের এই ২৫০ ভাগের এক ভাগ মাত্রে তিনি ৯০০০০ অর্থাৎ প্রায় এক লক্ষ্ণ তারা গণনা করিয়াছিলেন। স্ত্রুব নাম। বি-খ্যাত জ্যোতির্বিদ্ গণনা করিয়াছেন যে, এই রূপে সমুদায় আকাশ মণ্ডল পর্য্যবেক্ষণ করিয়া তালিকা নিবদ্ধ করিতে অশীতি বৎসর লাগে।

তাহার পরে সর উইলিয়মের পুত্র সর্জন হর্শেল ঐরপ আকাশ সন্ধানে ব্রতী হ্বরেন। তিনি ২৩০০ বার আকাশ পর্য্যবেক্ষণ করিয়া আরও সপ্ততি সহস্র তারা সংখ্যা করি-য়াছিলেন।

অর্গেলন্দর নবম শ্রেণী পর্য্যন্ত তারা স্বীয়
তালিকাভুক্ত করিয়াছেন। তাহাতে সপ্তম শ্রেণীর ১৩০০০ তারা, অফম শ্রেণীর ৪০০০০ ভারা, এবং নবম শ্রেণীর ১৪২০০০ তারা। উচ্চতম শ্রেণীর সংখ্যা পূর্বের লিখিত হই-য়াছে, কিন্তু এসকল সংখ্যাও সামান্য। আ- কাশে পরিষ্কার রাত্রে এক স্থল খেত রেখা নদীর ন্যায় দেখা যায়। আমরা সচরাচর তাহাকে ছায়াপথ বলি। ঐ ছায়াপথ কে-বল দৌরবীক্ষণিক নক্ষত্র সমষ্টি মাত্র। উহার অদীম দূরতাবশতঃ নক্ষত্র সকল দৃষ্টিগোচর হয় না, কিন্তু তাহার আলোকসমবায়ে ছায়া পথ খেতবর্ণ দেখায়। দূরবীক্ষণে উহা ক্ষুদ্র কুদ্র তারাময় দেখায়। সর উইলিয়ম হর্শেল গণনা করিয়া স্থির করিয়াছেন যে, কেবল ছায়াপথ মধ্যে ১৮,০০০,০০০ এক কোটি আশি লক্ষ ভার। আছে।

স্ত্ৰ গণনা করেন যে, সমগ্র আকাশ ম-শুলে ছইকোটি নক্ষত্র আছে।

মসূর শাকোর্ণাক্ বলেন, "সর উইলিয়ম্ হর্শেলের আকাশ সন্ধান এবং রাশিচক্রের চিত্রাদি দেখিয়া, বেসেলের কৃত কটিবন্ধ সক- লের তালিকার ভূমিকাতে যেরূপ গড়পড়তা করা আছে, তৎসম্বন্ধে উইসের কৃত নিয়মাব-লম্বন করিয়া আমি ইহা গণনা করিয়াছি যে, সমুদায় আকাশো সাত কোটি সত্তর লক্ষ নক্ষত্র আছে।"

এই সকল সংখ্যা শুনিলে হতবুদ্ধি হইতে

হয়। যেখানে আকাশে তিন হাজার নক্ষত্র

দেখিয়া আমরা অসংখ্য নক্ষত্র বিবেচনা করি,

সেখানে সাত কোটি সপ্ততি লক্ষের কথা দূরে

থাক, ছুই কোটিই কি ভয়ানক ব্যাপার।

কিন্তু ইহাতে আকাশের নক্ষত্র সংখ্যার শেষ হইল না। দূরবীক্ষণের সাহায্যে গগনা-ভ্যন্তরে কতকগুলি কুদ্র ধূমাকার পদার্থ দৃষ্ট হয়। উহাদিগকে নীহারিকা নাম প্রদত্ত হ-ইয়াছে। যে সকল দূরবীক্ষণ অত্যন্ত শক্তি-শালী, তাহার সাহায্যে একণে দেখা গিয়াছে

যে বহু সংখ্যক নীহারিক। কেবল নক্ষত্র পুঞ্জ। অনেক জ্যোতির্বিদ বলেন, যে সকল নক্ষত্র আমরা শুধু চকে বা দূরবীক্ষণ দ্বারা গগনে বিকীর্ণ দেখিতে পাই, তৎসমুদায় একটিমাত্র নাক্ষত্রিক জগৎ। অসংখা নক্ষত্রময় ছায়া-পথ এই নাক্ষত্রিক বিশ্বের অন্তর্গত। এমন অন্যান্য নাক্ষত্রিক জগং আছে। এই সকল দূর-দৃষ্ট তারাপুঞ্জমরী নীহারিকা স্বতন্ত্র স্বতন্ত্র নাক্তবিক জগৎ। সমূদ্রতীরে যেমন বালি, বনে যেমন পাতা, মালার রাশিতে যেমন ফুল, এক একটি নীহারিকাতে নক্ষত্র রাশি তেমনি অসংখ্য এবং ঘনবিন্যস্ত। এই সকল নীহা-রিকান্তর্গত নক্ষত্র সংখ্যা ধরিলে সাত কোটি সত্তর লক্ষ কোথায় ভাসিয়া যায়! কোটি কোটি নক্ষত্র আকশি মণ্ডলে বিচরণ করিতেছে ব-লিলে অভ্যক্তি হয় না। এই আশ্চর্য্য ব্যাপার ভাবিতে ভাবিতে মনুষ্য বুদ্ধি চিন্তায় অশক্ত হইয়া উঠে। চিত্ত বিস্ময়বিহলল হইয়া যায়। সর্ব্যত্রগামিনী মনুষ্যবৃদ্ধির ও গমনদীমা দেখিয়া চিত্ত মিরস্ত হয়।

এই কোটি কোটি নকত্র সকলই সূর্য্য। সামরা যে এক সূর্য্যকে সূর্য্য বলি, সেকত বড় প্রকাণ্ড বস্তু,তাহা সোরবিপ্লব সম্বন্ধীয় প্রস্তাবে বর্ণিত হইয়াছে। ইহা পৃথিবী অপেকা ত্রয়ো-দশ লক্ষ গুণ রুহ্ছ। নাক্ষত্রিক জগৎ মধ্যস্থ অনেক গুলি নক্ষত্র যে এ সূর্য্যাপেকাও ব্লহৎ, তাহা এক প্রকার স্থির হইয়াছে। এমন কি. দিরিয়দ (Pirius) নামে নক্ষত্র এই দুর্ব্যের ২৬৬৮ গুণ রুহুৎ, ইহা স্থির হইয়াছে। কোন কোন নক্ষত্র যে এ সূর্য্যাপেকা আকারে কিছু ক্ষতর, তাহাও গণনা দারা স্থির হইয়াছে। এইরূপ ছোট বড় মহাভয়ন্তর আকারবিশিষ্ট,

মহাভয়ঙ্কর তেজোময় কোটি কোটি সূর্য্য অ-নস্ত আকাশে বিচরণ করিতেছে। যেমন আ-মাদিপের সৌরজগতের মধ্যবন্তী সূর্যাকে ঘে-রিয়া গ্রহ উপগ্রহাদি বিচরণ ক্রিতেছে, তে-মনি ঐ সকল সূর্য্যপার্শ্বে গ্রহ উপগ্রহাদি ভ্রমি-তেছে, সন্দেহ নাই! তবে জগতে জগতে কত কোটি কোটি সূর্য্য, কত কোটি কোটি কোটী পৃথিবী, তাহা কে ভাবিয়া উঠিতে পারে! এ আশ্চর্যা কথা কে বুদ্ধিতে ধারণা করিতে পারে ? ষেমন পৃথিবীর মধ্যে এক কণা বালুকা, জগৎ মধ্যে এই সমাগরা পৃথিবী তদপেকাও সামাত্য, রেণুমাত্র,—বালুকার বালুকাও নহে। তছুপরি মনুষ্য কি সামান্য জীৰ! এ কথা ভাবিয়া কে আর আপন মনুষ্যত্ব লইয়া গর্বৰ করিবে?

### धूला।

ধূলার মত সামান্য পদার্থ আর সংসারে
নাই। কিন্তু আচার্য্য টিগুল ধূলা সম্বন্ধে
একটি দীর্ঘ প্রস্তাব লিখিয়াছেন। আচার্য্যের
ঐ প্রবন্ধটি দীর্ঘ এবং তুরুহ, তাহা সংক্ষেপে
এবং সহজে বুঝান অতি কঠিন কর্ম্ম। আমরা
কেবল টিগুল সাহেব কৃত সিদ্ধান্ত গুলিই এ
প্রবন্ধে সন্নিবেশিত করিব, যিনি তাঁহার প্রমাণ
জিপ্তান্থ হইবেন, তাঁহাকে আচার্য্যের প্রবন্ধ
পাঠ করিতে হইবে।

১। ধূলা, এই পৃথিবীতলে এক প্রকার সর্বব্যাপী। আমরা যাহা যত পরিষ্কার করিয়া রাখিনা কেন, তাহা মুহূর্ত্ত জন্য ধূলা ছাড়া নহে। যত "বাবুগিরি" করি না কেন, কিছুতেই ধূলা ইইতে নিষ্কৃতি নাই। যে বায়ু অত্যন্ত পরি-

কার বিবেচনা করি, ভাহাও ধূলায় গুর্ণ। সচ-রাচর ছায়ামধ্যে কোন রন্ধনিপতিত রৌদে দেখিতে পাই যে, যে বায়ু পরিক্ষার দেখাই-তেছিল, তাহাতেও ধূলা চিক্ চিক্ করিছেছে। সচরাচর বায়ু যে এরপ ধূলাপূর্ণ, তাহা জানি-বার জন্য আচার্য্য টিগুলের উপদেশের আব-শ্যক নাই, দকলেই তাহা জানে। কিন্তু বায়ু ছাঁকা যায়। আচার্য্য বহুবিশ্ব উপায়ের দারা বায়ু অতি পরিপাটি করিয়া ছাঁকিয়া দেখিয়া-ছেন। তিনি অনেক চোঙ্গার ভিতর দুাবকাদি পুরিয়া তাহার ভিতর দিয়া বায়ু ছাঁকিয়া লইয়া গিয়া পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে, তাহাও ধূলায় পরিপূর্ণ। এইরূপ ধূলা অদৃশ্য, কেন না তাহার কণা সকল অতি ক্ষুদ্। রৌদুও উহা অদৃশ্য'৷ অণুবীক্ষণ যন্ত্রের দারাও অ-দৃশ্য, কিন্তু বৈত্যুতিক প্রদীপের আলোক রৌ-

দাপেকাও উজ্জ্ব। উহার আলোক ঐ ছাঁকা বায়ুর মধ্যে প্রেরণ করিয়া তিনি দেখিয়াছেন যে, তাহাতেও ধূলা চিক্চিক্ করিতেছে। यদি এত • যত্নপরিষ্কৃত বায়ুতেও ধূলা, তবে সচরা-**घत्र थनी त्नारक रय धृना निवात्र कित्रवात छ**-পায় করেন, তাহাতে ধূলা নিবারণ হয় না, ইহা বলা বাহুল্য। ছায়ামধ্যে রৌদু না প-ড়িলে রৌদে ধূলা দেখা যায় না, কিন্তু রৌদু মধ্যে উজ্জ্বল বৈছ্যুতিক আলোকে রেখা প্রে-রণ করিলে ঐ ধূলা দেখাযায়। অতএব আমরা যে বায়ু মুহুর্তে মুহুর্তে নিশ্বাদে গ্রহণ করিতেছি, তাহা ধূলিপূর্ণ। যাহা কিছু ভো-জন করি, তাহা ধূলিপূর্ণ, কেন না বায়ুস্থিত ধূলিরাশি দিবারাত্র সকল পদার্থের উপর বর্ষণ হঁইতেছে। আমরা যে কোন<sup>\*</sup>জল পরি<del>ষ্কৃ</del>ত করি না কেন, উহা ধূলিপূর্ণ। কলিকাতার জল পলতার কলে পরিষ্কৃত হইতেছে বলিয়া
তাহা ধূলিশূন্য নহে। ছাঁকিলে ধূলা যায় না।
২। এই ধূলা বাস্তবিক সমুদয়াংশই
ধূলা নহে। তাহার অনেকাংশ জৈব পদার্থ।
যে সকল অদৃশ্য ধূলি কণার কথা উপরে বলা
গেল, তাহার অধিক ভাগ ক্ষুদু ২ জীব। যে

ভাগ জৈব নহে, তাহা অধিকতর গুরুত্ব বি-শিষ্ট; এজন্য তাহা বায়ূপরি তত ভাসিয়া বে-ড়ায় না। অতএব আমরা প্রতি নিশ্বাদে শত২ ক্ষুদূ ২ জীব দেহ মধ্যে গ্রহণ করিয়া থাকি; জ-লের সঙ্গে সহস্র২ পান করি; রাক্ষসবৎ অনে-ককে আহার করি। লগুনের আটটি কোম্পা-নির কলে ছাঁকা পানীয় জল টিগুল সাহেব পরীক্ষা করিয়া দেখিয়াছেন, এতদ্ভিম তিনি আর অনেক প্রকার জল পরীকা করিয়া দে-থিয়াছেন। তিনি পরীক্ষা করিয়া দিদ্ধান্ত করিয়াছেন যে, জল সম্পূর্ণরূপে পরিষ্কার করা মনুষ্য সাধ্যাতীত। যে জল স্ফাটিক পাত্রে রাখিলে রহৎ হীরক খণ্ডের ন্যায় স্বচ্ছ বোধ হয়, তাহাও সমল, কীটাণুপূর্ণ। জৈনেরা এ কথা স্মরণ রাখিবেন।

৩। এই সর্বব্যাপিধূলিকণা সংক্রামক পীড়ার মূল। অনতি পূর্বেব সর্বত্ত এই মত প্রচলিত ছিল যে, কোন এক প্রকার পচনশীল নিজ্জীব জৈব পদার্থ (Malaria) কর্ত্তক সংক্রো-মক পীড়ার বিস্তার হইয়া থাকে। এ মত ভারতবর্ষে অদ্যাপি প্রবল। ইউরোপে এ বিশ্বাস একপ্রকার উচ্ছিন্ন হইতেছে। আচার্য্য টিওল প্রভৃতির বিশ্বাস এই যে, সংক্রামক পূর্নিড়ার বিস্তারের কারণ সজীব পীড়াবীজ (Germ)। ঐ সকল পীড়াবীজ বায়ুতে এবং জলে ভাদিতে থাকে; এবং শরীর মধ্যে প্রবিষ্ট

হইয়া তথায় জীবজনক হয়। জীবের শরীর মধ্যে অসংখ্য জীবের আবাস। কেশে উৎ-কুণ, উদরে কুমি, ক্ষতে কীট, এই কয়টী মনুষ্য শরীরে সাধারণ উদাহরণ। গশু মাত্রেরই গাত্র মধ্যে কীট সমূহের আবাস। জীবতত্ত্ব-বিদেরা অবধারিত করিয়াছেন যে, ভূমে, জলে, বা বাষ্তে যত জাতীয় জীব আছে, তদপেকা অধিক জাতীয় জীব অন্য জীবের শরীরবাসী। যাহাকে উপরে "পীডাবীজ" বলা হইয়াছে তাহাও জীবশরীরবাদী জীব বা জীবোৎপাদক বীজ। শরীর মধ্যে প্রবিষ্ট হইলে তত্বৎপাদ্য জীবের জন্ম হইতে থাকে ৷ এই সকল শো-ণিতনিবাসী জীবের জনকতা শক্তি অতি ভয়া-নক। যাহার শরীরমধ্যে ঐ প্রকার পীড়া-বীজ প্রবিষ্ট হয়, সে সংক্রামক পীড়াগ্রস্ত হয়। ভিন্ন পীড়ার ভিন্ন বীজ। সংক্রামক ছরের

বীজে জ্বর উৎপন্ন হয়; বসস্তের বীজে বসস্ত জন্মে; ওলাউঠার বীজে ওলাউঠা; ইতাদি।

8। পীড়াবীজে কেবল সংক্রামক রোগ উৎপন্ন হয়, এমত নহে। ক্ষতাদি যে শুকায় না, ক্রমে পচে, তুর্গন্ধ হয়, তুরারোগ্য হয়, ই-হাও অনেক সময়ে এই সকল ধূলিকণা রূপী পীড়াবীজের জন্য। ক্ষতমুখ কখনই এমত আচ্ছন রাখা যাইতে পারে না, যে অদৃশ্য ধূলা তাহাতে লাগিবে না। নিতান্ত পক্ষে তাহা ডাক্তারের অস্ত্র মুথে ক্ষতমধ্যে প্রবেশ করিবে। ডাক্তার যতই অস্ত্র পরিষ্কার রাখুন না কেন, অদৃশ্য ধূলিপুঞ্জের কিছুতেই নিবারণ হয় না। কিন্তু ইহার একটা স্থন্দর উপায় আছে। ভা-ক্রোরো প্রায় তাহা অবলম্বন ক্রেন। কা-ৰ্ব্বণিক আসিড নামক দ্ৰোবক বীজঘাতী; তাহা জল মিশাইয়া ক্ষত মুখে বর্ষণ করিতে

থাকিলে প্রবিষ্ট বীজ সকল মরিয়া যায়।
ক্রতমুখে পরিষ্কৃত তুলাবাঁধিয়া রাখিলেও অনেক উপকার হয়, কেন না তুলা বায়ু পরিষ্কৃত করিবার একটী উৎকৃষ্ট উপায়।

## গগন পর্যাটন।

পুরাণ ইতিহাসাদিতে কথিত আছে পূর্বব-কালে ভারতবর্ষীয় রাজগণ আকাশ মার্গে রথ চালাইতেন। কিন্তু আমাদের পূর্ববপুরুষদি-গের কথা স্বতন্ত্র, তাঁহারা সচরাচর এ পাড়া ও পাড়ার ন্যায়, স্বর্গলোকে বেড়াইতে ঘাইতেন, কথায় কথায় সমুদ্রকে গণ্ডুষ করিয়া ফেলি-, তেন; কেহ জগদীশ্বরকে অভিশপ্ত করিতেন, কেহ তাঁহাকে যুদ্ধে পরাস্ত করিতেন। প্রাচীন ভারতবর্ষীয়দিগের কথা স্বতন্ত্র; সামান্য মনুষ্য-দিগের কথা বলা যাউক।

সামান্য মনুষ্যের চিরকাল বড় সাথ গগন পর্যটন করেণ কথিত আছে, তারন্তম নগর-বাদী আর্কাইতদ নামক এক ব্যক্তি ৪০০ খ্রী-ফাঁকে একটি কাষ্ঠের পক্ষী প্রস্তুত করিয়াছিল : তাহা কিয়ংক্ষণ জন্ম আকাশে উঠিতে পারিয়া ছিল। ৬৬খ্রীফাব্দে, সাইমন নামক এক ব্যক্তি রোম নগরে প্রাসাদ হইতে প্রাসাদে উডিয়া বেডাইবার উদ্যোগ পাইয়াছিল। এবং তৎপরে কনস্তান্তিনোপল নগরে একজন মুসলমান ঐরূপ চেষ্টা করিয়াছিল। পঞ্চদশ শতাব্দীতে দান্তে নামক একজন গণিতশাস্ত্ৰ-.বিৎ পক্ষ নির্মাণ করিয়া আপন অঙ্গে সমা-বেশ করিয়া থাসিমীন হ্রদের উপর উঠিয়া গগনমার্গে পরিভ্রমণ করিয়াছিলেন। এরপ

করিতে করিতে এক দিন এক উচ্চ অট্রালি-কার উপর পড়িয়া তাঁহার পদ ভঙ্গ হয়। মাম স্বরি নিবাসী অলিবর নামক একজন ইংরে-জেরও সেই দশা ঘটে। ১৬৩৮ শালে গোল্ড উইন নামক একব্যক্তি শিক্ষিত হংসদিগের সাহায্যে উডিতে চেফা করেন। ১৬৭৮ শালে বেনিয়র নামক একজন ফরাশী পক্ষ প্রস্তুত পূৰ্ব্বক হস্ত পদে বাঁধিয়া উড়িয়াছিল। ১৭১০ শালে লরেন্ত দে গুজুমান নামক একজন ফ-রাসি দারুনির্মিত বায়ুপুর্ণ পক্ষীর প্রচে আরো-হণ করিয়া আকাশে উঠিয়াছিল। মার্ক ইস্ দে বাকবিল নামক একজন আপন অট্রালিকা হইতে উড়িতে চেফা করিয়া নদীগর্ট্তে পতিত হন। বানসার্ডেরও সেই দশা ঘটিয়াছিল।

১৭৬৭ শালে বিখ্যাত রসায়ন বিদ্যার আচার্য্য ভাক্তার বাক প্রচার করেন যে জল- জন বায়ু পরিপূর্ণ পাত্র আকাশে উঠিতে পারে। আচার্য্য কাবালো ইহা পরীক্ষার দ্বারা প্রমাণী-কৃত করেন, কিন্তু তখনও ব্যোম্যানের কল্পনা হয় নাই।

ব্যোম্যানের স্মষ্টিকর্তা মোনগোলফীর নামক ফরাশী। কিন্তু তিনি জলজন বায়ুর সাহায্য অবলম্বন করেন নাই। তিনি প্রথমে কাগজের বা বস্ত্রের গোলক নির্মাণ করিয়া তন্মধ্যে উত্তপ্ত বায়ু পূরিতেন। উত্তপ্ত হইলে বায়ু লঘুতর হয়, স্তরাং তৎসাহায্যে গোলক সকল উদ্ধে উঠিত। আচাৰ্য্য চাৰ্ল স প্ৰথমে জলজন বায়ুপূরিত ব্যোমযানের স্বষ্টি করেন ৷ গ্লোব নামক ব্যোমঘানে উক্ত বায়ু পূর্ণ করিয়া প্রেরণ করেন; তাহাতে সাহস করিয়া কোন মনুষ্য আরোহণ করে নাই। রাজপুরুষেরাও প্রাণিহত্যার ভয় প্রযুক্ত কাহ'কেও আরোহণ

করিতে দেন নাই। এই ব্যোম্যান কিয়দ্র উঠিয়া ফাটিয়া যায়, জলজন বাহির হইয়া গাও-য়ায়, ব্যোম্যান তৎক্ষণাৎ ভূপতিত হয়। গোনেস নামক ক্ষুদ্র গ্রামে উহা-পতিত হয়। অদৃষ্টপূর্ব্ব থেচর দেখিয়া গ্রাম্য লোকে ভীত হইয়া, মহা কোলাহল আরম্ভ করে।

অনেকে একত্রিত হইয়া গ্রাম্য লোকেরা দেখিতে আইল যে, কিরূপ জন্তু আকাশ হইতে নামিয়াছে। তুই জন ধর্ম্মযাজক বলিলেন, যে ইহা কোন অলোকিক জীবের দেহাবশিক্ট চর্ম্ম। শুনিয়া গ্রামবাদিগণ তাহাতে ঢিল মারিতে আরম্ভ করিল, এবং খোঁচা দিতে লাগিল। তন্মধ্যে ভূত আছে, বির্বেচনা করিয়া, গ্রাম্য লোকেরা ভূত শান্তির জন্ম দল-বদ্ধ হইয়া মন্ত্রপাঠ পূর্বক গ্রাম প্রদক্ষিণ করিতে লাগিল, পরিশেষে মন্ত্রবলে ভূত ছাড়িয়া পলায়

কিনা, দেথিবার জন্ম আবার ধীরে ধীরে সেই-খানে ফিরিয়া আদিল। ভূত তথাপি যায় না—বায়ু সংস্পর্শে নানাবিধ অঙ্গভঙ্গী করে। পরে একজন গ্রাম্যবীর, সাহস করিয়া তৎ-প্রতি বন্দুক ছাড়িল। তাহাতে ব্যোম্যানের •আবরণ ছিদ্রবিশিষ্ট হওয়াতে, বায়ু বাহির • হইয়া, রাক্ষদের শরীর আরও শীর্ণ হইল। দেখিয়া সাহস পাইয়া, আর একজন বীর গিয়া তাহাতে অস্ত্রাঘাত করিল। তথন ক্ষত মুখ দিয়া বহুল পরিমাণে জলজন নির্গত হওয়ায়, বীরগণ তাহার তুর্গন্ধে ভয় পইয়া রণে ভঙ্গ দিয়া পলায়ন করিল। কিন্তু এজাতীয় রাক্ষ-সের শোণিত ঐ বায়ু। তাহা ক্ষতমুখে নির্গত হইয়া গেলে, রাক্ষস ছিন্নমুগু ছাগের ন্যায় "ধড় ফড়" করিয়া মরিয়া গেল। তখন বীর-গণ প্রত্যাগত হইয়া তাহাকে অশ্বপুচেছ্ বন্ধন

পुर्वक नहेश (शतन। जैपार्म हहेता সঙ্গেহ একটি রক্ষাকালী পূজা হইত, এবং ব্রাহ্মণেরা চণ্ডীপাঠ করিয়া কিছু লাভ করিতেন। তার পরে, মোনগোল্ফীর আবার অংগ্নেয় ব্যোম্যান(অর্থাৎ যাহাতে জলজন না পুরিয়া, উত্তপ্ত সামান্য বায়ুপূরিত হয়) বর্ষেল হইতে প্রেরণ করিলেন। তাহাতে আধুনিক বেলুনের ন্যায় একখানি "রথ" সংযোজন করিয়া দে ওয়া হইয়া ছিল। কিন্তু দেবারও মনুষ্য উঠিল না। সেই রথে চড়িয়া একটি মেষ, একটি কুরুট, ও একটি হংস স্বর্গ পরিভুমণে গমন করিয়াছিল। পরে স্বচ্ছন্দে গগন বিহার করিয়া, তাহারা স্বশরীরে মত্য ধামে ফিরিয়া আসিয়াছিল। তাছারা পুণ্যবান্ সন্দেহ নাই |

এক্ষণে ব্যোমধানে মনুষ্য উঠিবার প্রস্তাব

হইতে লাগিল। কিন্তু প্রাণিহত্যার আশঙ্কায় ফান্সের অধিপতি, তাহাতে অসম্মতি প্রকাশ করিলেন। তাঁহার অভিপ্রায় যে, যদি ব্যোম যানে মনুষ্য উঠে, তবে যাহারা বিচারালয়ে প্রাণদণ্ডের আজ্ঞাধীন হইয়াছে, এমত তুই ্ব্যক্তি উঠুক—মরে মরিবে। শুনিয়া পিলা-, তর দে রোজীর নামক একজন বৈজ্ঞানিকের বড রাগ হইল—"কি! আকাশ মার্গে প্রথম ভ্রমণ করার যে গৌরব, তাহা তুর্বত নরাধ্য দিগের কপালে ঘটিবে!" একজন রাজপুরস্ত্রীর সাহায্যে রাজার মত ফিরাইয়া তিনি মার্কুইস দার্লান্দের সমভিব্যাহারে ব্যোম্যানে আরোহণ করিয়া আকাশ পথে পর্যাটন করেন। সে বার নির্বিক্সে পৃথিবীতে ফিরিয়া আদিয়াছি-'লেন, কিন্তু তাহার চুই বৎসর পরে—আবার ব্যোম্যানে আরোহণ পূর্বক, সমুদ্র পার হ-

ইতে গিয়া, অধঃপতিত হইয়া প্রাণত্যাগ ক-রেন। যাঁহাইউক, তিনিই মনুষ্য মধ্যে প্রথম গগনপর্যাটক। কেন না, তুল্লন্ত পুরুরবা, কৃষ্ণার্জ্জ্ন প্রভৃতিকে মনুষ্য বিবেচনা করা, অতি ধৃষ্টের কাজ! আর যিনি জয় রাম বলিয়া পঞ্চমবায়ুপথে সমুদ্র পার হইয়াছিলেন, তিনি ও মনুষ্য নহেন, নচেৎ তাঁহাকে এই পদে অভি-ষিক্ত করার আমাদিগের আপত্তিছিল না।

দে রোজীরের পরেই চার্ল স্ও রবর্ট এ-কত্রে, রাজভবন হইতে, ছয় লক্ষ দর্শকের সমক্ষে জলজনীয় ব্যোম্যানে উড্ডান হয়েন। এবং প্রায় ১৪০০০ ফীট উর্দ্ধে উঠেন।

ইহার পরে ব্যোম্যানারোহণ বড় স্চরা-চর ঘটিতে লাগিল। কিন্তু অধিকাংশই আ-মোদের জন্য। বৈজ্ঞানিকতত্ত্ব পরীক্ষার্থ মাহারা আকাশ পথে বিচরণ ক্রিয়াছেন, ত-

মধ্যে ১৮০৪ শালে গাই লুসাকের আরোহণই বিশেষ বিখ্যাত। তিনি একাকী ২৩০০০ ফিট ঊর্দ্ধে উঠিয়া নানাবিধ বৈজ্ঞানিক তত্ত্বের মীমাংসা করিয়াছিলেন। ১৮৩৬ শালে গ্রীন এবং হলও সাহেব, পনের দিবসের খাদ্যাদি বেলুনে তুলিয়া লইয়া, ইংলণ্ড হইতে গগনা-রোহণ করেন। তাঁহারা সমুদ পার হইয়া, আঠার ঘণ্টার মধ্যে জর্মাণীর অন্তর্গত উইল-বর্গ নামক নগরের নিকট অবতরণ করেন। ত্রীন অতি প্রসিদ্ধ গগন পর্য্যটক ছিলেন। তিনি প্রায় চতুর্দ্দশ শত বার গগনারোহণ করিয়াছি-লেন। তিনবার, বায়ুপথে সমুদূপার হইয়া-ছিলেন—অতএব, কলিযুগেও রামায়ণের দৈববলসম্পন্ন কাৰ্য্য সকল পুনঃসম্পাদিত হই-**৫০ছে। গ্রীন, ছুইবার সমুদু মধ্যে পতিত** ररयन- ७वः दर्भागतन श्रानतका करतन।

কিন্তু বোধ হয় জেম্স্গ্লেশর অপেকা কেহ অধিক উদ্ধে উঠিতে পারেন নাই। তিনি ১৮৬২ শালে উল্বহাম্টন হইতে উড্ডীন হ-ইয়া প্রায় সাত মাইল উদ্ধে উঠিয়াছিলেন। তিনি বহুশতবার গগনোপরি ভূমণপূর্বকে. বহুবিধ বৈজ্ঞানিক তত্ত্বের পরীক্ষা করিয়াছি-লেন। সম্প্রতি আমেরিকার গগনপর্য্যটক ওয়াইজ সাহেব, ব্যোম্যানে আমেরিকা হইতে আট্লাণ্টিক মহাসাগর পার হইয়া ইউরোপে আদিবার কল্পনায়, তাহার যথাযোগ্য উদ্যোগ করিয়া, যাত্রা করিয়াছিলেন। কিন্তু সমুদ্রো-পরি আসিবার পূর্কে বাত্যামধ্যে পতিত হ-ইয়া অবতরণ করিতে বাধ্য হইয়াছিলেন। কিন্তু সাহস অতি ভয়ানক !

পাঠকদিগের অদৃষ্টে সহসা যে গগনপর্য্য-` টন স্থুখ ষ্টিবে, এমত বোধ হয় না, এজন্য গগনপর্য্যটকেরা আকাশে উঠিয়া কিরূপ দে-থিয়া আদিয়াছেন, তাহা তাঁহাদিগের প্রণীত পুস্কাদি হইতে সংগ্রহ করিয়া এম্বলে সন্ধি-বেশ. করিলে বোধ হয়, পাঠকেরা অসম্ভক্ত হইবেন না। সমুদ নামটি কেবল জল সমু-দের প্রতি ব্যবহৃত হইয়া থাকে; কিন্তু যে বায়ু কর্তৃক পৃথিবী পরিবেষ্টিত তাহাও সমুদ বিশেষ; জলসমুদু হইতে ইহা রহতর। আ-মর। এই বায়বীয় সমুদের তলচর জীব। ইহা-তেও মেঘের উপদ্বীপ, বায়ুর স্রোতঃ প্রভৃতি আছে। তরিষয়ে কিছু জানিলে ক্ষতি নাই।

ব্যোমযান অল্প উচ্চ গিয়াই মেঘ দকল বিদীর্ণ করিয়া উঠে। মেঘের আবরণে পু-থিবী দেখা যায় না, অথবা কদাচিৎ দেখা যায়। পদতলে অচ্ছিন্ন, অনন্ত দ্বিতীয় বস্তুষ্করাবৎ মেঘজাল বিস্তৃত। এই বাষ্পীয় আবরণে ভূগোলক আরত; যদি গ্রহান্তরে জ্ঞানবান্ জীব থাকে, তবে তাহারা পৃথিবীর বাষ্পীয়াবর ণই দেখিতে পায়; পৃথিবী তাহাদিগের প্রায় অদৃশ্য। তজ্ঞপ আমরাও রহস্পতি প্রভৃতি গ্রহগণের রৌদুপ্রদীপ্ত, রৌদুপ্রতিঘাতী, বাষ্পীয় আবরণই দেখিতে পাই। আধুনিক জ্যোতির্বিদ্গণের এইরূপ অনুমান।

এইরপ, পৃথিবী হইতে দম্মরহিত হইয়া, মেঘময় জগতের উপরে স্থিত হইয়া
দেখা যায়, যে দর্বত্র, জীবশূন্য, শব্দশূন্য,
গতিশূন্য, স্থির, নীরব। মস্তকোপরে, আকাশ
অতি নিবিড় নীল—দে নীলিমা আশ্চর্যা।
আকাশ বস্তুতঃ চিরাদ্ধকার—উহার বর্ণ গভীর
কৃষ্ণ। অমাবশ্যার রাত্রে প্রদীপশূন্য গৃহমধ্যে
দকল বার ও গবাক্ষ রুদ্ধ করিয়া থাকিলে যেরপ
অন্ধকার দেখিতে পাওয়া যায়, আকাশের প্র-

কৃত বৰ্ণ তাহাই। তন্মধ্যে, স্থানে স্থানে নক্ষত্ৰ সকল, প্ৰচণ্ড জ্বালা বিশিষ্ট। কিন্তু তদালোকে অনন্ত আকাশের অনন্ত অন্ধকার বিনষ্ট হয় না—কেন না এই সকল প্রদীপ বহুদুরস্থিত। তবে যে আমরা আকাশকে অন্ধকারময় না দেখিয়া উজ্জ্বল দেখি, তাহার কারণ বায়। সকলেই জানেন সূর্য্যালোক সপ্তবর্ণময়। স্ফটিকের দারা বর্ণগুলি পৃথক্ করা যায়—সপ্ত বর্ণের সংমিশ্রণে সূর্য্যালোক। বায়ু জড় পদার্থ কিন্তু বায়ু আলোকের পথ রোধ করে না। বায়ু, সূর্য্যালোকের অন্যান্য বর্ণের পথ ছাড়িয়া দেয় কিন্তু নীলবর্ণকে রুদ্ধ করে। রুদ্ধ বর্ণ, বায়ু হইতে প্রতিহত হয়। সেই সকল প্রতিহত বর্ণাত্মক আলোক রেখা আমাদের চক্ষুতে প্রবেশ করায়, আকাশ উ-জ্বল নীলিমাবিশিষ্ট দেখি—অন্ধকার দেখি

না। \* কিন্তু যত উদ্ধে উঠা যায়, বায়ুস্তর তত-ক্ষীণতর হয়, গাগনিক উদ্ধাল নীলবর্ণ ক্ষীণ-তর হয়; আকাশের কৃষ্ণত্ব কিছু কিছু সেই আবরণ ভেদ করিয়া দেখিতে পাওয়া যায়। এই জন্য উর্দ্ধলোকে গাঢ় নীলিমা।

শিরে এই গাঢ় নীলিমা—পদতলে, তুরু
শৃঙ্গ বিশিষ্ট পর্বত মালায় শোভিত মেঘলোক
—দে পর্বত মালাও বাস্পীয়—মেঘের পর্বত
—পর্বতের উপর পর্বত, ততুপরি আরও
পর্বত—কেহবা কৃষ্ণমধ্য, পার্ম্ব দেশ রৌদের
প্রভাবিশিষ্ট—কেহবা রৌদুস্লাত, কেহ যেন
শ্বেত প্রস্তর নির্মিত, কেহ যেন হীরক নির্মিত।
এই সকল মেঘের মধ্যদিয়া ব্যোম্যান চলে।

<sup>\*</sup> কেহ কেহ ধলেন যে বায়ুমধ্যস্থ জল বাষ্প হইটে প্রতিহত নীল রশ্মি রেখাই আকাশের উজ্জ্ল নীলিমার কারণ।

তথন, নীচে মেঘ, উপরে মেঘ, দক্ষিণে মেঘ, বামে মেঘ, সম্মুখে মেঘ, পশ্চাতে মেঘ। কোথাও বিদ্যুৎ চমকিতেছে, কোথাও ঝড় বহিতেছে, কোথাও বৃষ্টি হইতেছে, কোথাও বরফ পড়িতেছে। মসূর ফন্ বিল একবার প্রকটি মেঘগর্ভস্থ রন্ধ দিয়া ব্যোম্যানে গমন করিয়াছিলেন; ভাঁহার কৃত বর্ণনা পাঠ করিয়া বে৷ধ হয় যেমন মুঙ্গেরের পথে পর্বতমধ্যদিয়া, বাস্পীয় শকট গমন করে, ভাঁহার ব্যোম্যান মেঘ মধ্য দিয়া সেইরূপ পথে গমন ক-রিয়াছিল।

এই মেঘলোকে সূর্য্যাদয় এবং সূর্য্যাস্ত
অতি আশ্চর্য্য দৃশ্য—ভূলোকে তাহার সাদৃশ্য
অকুমিত হয় না। ব্যোম্যানে আরোহণ করিয়া অনেকে একদিনে তুইবার সূর্য্যাস্ত দেখিয়াছেন। এবং কেহ কেহ একদিনে তুইবার

সূর্য্যোদয় দেখিয়াছেন। একবার সূর্য্যান্তের পর রাত্রি সমাগম দেখিয়া আবার ততোধিক উদ্ধি উঠিলে দিতীয়বার সূর্য্যান্ত দেখা যাইবে। এবং একবার সূর্য্যাদয় দেখিয়া আবার নিম্নে নামিলে সেই দিন দিতীয় সূর্য্যোদয় অবশ্য দেখা যাইবে।

ব্যোমযান হইতে যথন পৃথিবী দেখা যায় তথন উহা বিস্তৃত মানচিত্রের ন্যায় দেখায়; দর্বত্র দমতল—অট্রালিকা, রক্ষ, উচ্চভূমি, এবং অল্লোমত মেঘও, যেন সকলই অনুচ্চ, সকলই সমতল, ভূমিতে চিত্রিতবৎ দেখায়। নগর সকল যেন ক্ষুদ্রহ গঠিত প্রতিকৃতি, চলিয়া যাইতেছে বোধ হয়। রহৎ জনপদ উদ্যানের মত দেখায়। নদী খেত সূত্র বা উরগের মত দেখায়। রহৎ অর্ণবিয়ান সকল বালকের জীড়ার জন্য নির্মিত তরণীর মত

দেখায়। বাঁহারা লগুন বা পারিস্ নগরীর উপর উত্থান করিয়াছেন, তাঁহারা দৃশ্য দেখিয়া মুগ্র হইয়াছেন,—তাঁহারা প্রশংসা করিয়া ফুরাইতে পারেন নাই। গ্লেশর সাহেব লিখিয়াছিলেন যে তিনি লগুনের উপরে উঠিয়া এককালে ত্রিশলক্ষ মনুষ্যের বাসগৃহ নয়নগোল চর করিয়াছিলেন। রাত্রিকালে মহানগরী সকলের রাজপথস্থ দীপমালা সকল অতি রমণীয় দেখায়।

যাঁহারা পর্বতে আরোহণ করিয়াছেন, তাঁহারা জানেন যে যত উদ্ধে উঠা যায়, তত তাপের অল্পতা। শিমলা দারজিলিং প্রভৃতি পার্বত্য স্থানের শীতলতার কারণ এই, এবং এইজন্য হিমালয় ভূষার মণ্ডিত। (আশ্চর্য্যের বিষয় যে, যে হিমকে ভারতবর্ষীয় কবি "এ-কোহি দোষোগুণসন্নিপাতে" বিবেচনা করিয়া-

ছিলেন, আধুনিক রাজপুরুষেরা, তাহাকেও গুণ বিবেচনা করিয়া তথায় রাজধানী সংস্থা-পন করিয়াছেন।) ব্যোম্যানে আরোহণ ক-রিয়া উর্দ্ধে উত্থান করিলেও প্ররূপ ক্রমে হি-মের আতিশ্য্য অনুভূত হয়। তাপ, তাপমান ত্বন্ত্রের দ্বারা মিত হইয়া থাকে। যন্ত্র ভাগে ভাগে বিভক্ত। সনুষ্য শোণিত কিছু উষ্ণ, তাহার পরিমাণ ৯৮ ভাগ। ২১২ ভাগতাপে জল বাস্প হয়। ৩২ ভাগ তাপে জল তুষা-রম্ব প্রাপ্ত (তাপে জন তুষার হয় এ কোন क्था? वास्त्रिक তाপে जल जूमात रहा ना, তাপাভাবেই হয়। ৩২ ভাগ তাপ জলের স্বাভাবিক তাপের অভাব বাচক।)

পূর্বে বিজ্ঞানবিদ্গণের সংস্কার ছিল যে । উর্দ্ধে তিনশর্ত ফিট প্রতি এক ভাগ তাপ । কমে। অর্থাং তিনশত ফিট উঠিলে এক

ভাগ তাপহানি হইবে—ছয়শত ফিট উঠিলে তুই ভাগ তাপ কমিবে—ইত্যাদি। কিন্তু গ্লেশর সাহেব বহুবার পরীক্ষা করিয়া স্থির করিয়াছেন যে উদ্ধে তাপহানি এরপ একটি সরল নিয়মানুগামী নহে। অবস্থা বিশেষে তাপহানির লাঘব গৌরব ঘটিয়া থাকে। মেৰ-থাকিলে, তাপহানি অল্ল হয়-কারণ, মেঘ তাপরোধক এবং তাপগ্রাহক। আবার দিবা-ভাগে যেরূপ তাপহানি ঘটে, রাত্রে সেরূপ নহে । গ্লেশর সাহেবের পরীক্ষার ফল নিম্ন-লিখিত মত---

ভূমি হইতে হাজার ফিট পর্যান্ত মেঘাচ্ছ-মাবস্থায় তাপহানির পরিমাণ ৪০৫ ভাগ; মেঘ না থাকিলে ৬০২ ভাগ, দশ হাজার ফিট প-হান্ত, মেঘাচ্ছনাবস্থায় ২০২ ভাগ, মেঘ না থাকিলে ২ ভাগ। বিশ হাজার ফিট উদ্ধে, মেঘাচ্ছন্ন ১.১ ভাগ; মেঘ শূন্যে ১.২ ভাগ।

ত্রিশ হাজার ফিট উদ্ধে মোট ৬২ ভাগ তাপক্রাস পরীক্ষিত হইয়া ছিল। ইত্যাদি।
তাপহ্রাস হেতু উদ্ধে স্থানে২, তুষার কণা
(Snow) দৃষ্ট হয়; এবং ব্যোম্যান কখন২ তক্রাধ্যে পতিত হয়। উদ্ধে শীতাধিক্য, অনেক
সময়ে যানারোহীদিগের কন্টকর হইয়া উঠে
—এমন কি অনেক সময়ে হাত পা অবশ হয়,
এবং চেতনা অপহৃত হয়।

উর্দ্ধে তাপাভাবের কারণ তপ্ত বা তাপ্য সামগ্রীর অভাব। রেছি ভূমে যেমন প্রথর, উর্দ্ধে বরং ততোধিক প্রথরতর বোধ হয়। কিন্তু তাহাতে কি তপ্ত হইবে? ভূমি অতি দূরে, বায়ু অতিক্ষীণ,—অল্প পরমাণু। দশ্ বারটি ভূলার বস্তা উপর্যুপরি রাখিয়া দেখি-বেন—উপরিস্থ ভূলার ভারে, নিম্নস্থ বস্তার

তুলা গাঢ়তর হইয়াছে। তেমনি নিম্নস্থ বা-রুই গাঢ়—উপরিস্থ বায়ু ক্ষীণ। পরীক্ষা দারা স্থির হইয়াছে—যে এক ইঞ্চ দীর্ঘ প্রস্থে, এ-রূপ - ভূমির উপরে যে ভার, তাহার পরিমাণ সাড়ে সাতদের। আমরা মস্তকের উপর অহরহঃ এই ভার বহন করিতেছি—তজ্জনা কোন পীড়া বোধ করি না কেন? উত্তর, "অ-গাধ জল সঞ্চারী" মৎস্য উপরিস্থ বারিরাশির ভারে পীড়িত হয় না কেন? উপরিস্থ বায়-স্তর সমূহের ভারে মিম্নস্থ বায়ুস্তর সকল ঘনী-ভূত—যত উদ্ধে যাওয়া যায়, বায়ু তত ক্ষীণ হইতে থাকে। গগনপর্য্যটকেরা ইহা প-রীক্ষা করিয়া জানিয়াছেন গুরুতা অনুসারে, ৩৮০ মাইল উদ্ধের মধ্যেই অর্দ্ধেক বায়ু আছে; এবং পাঁচ ছয় মাইলের মধ্যেই সমু-দায় বায়ুর তিন ভাগের ছুই ভাগ আছে।

এইজন্য উর্দ্ধে উঠিতে গেলে, নিশাস প্রশা-দের জন্য অত্যন্ত কন্ট হয়। মসূর জুনারিয় দশসহত্র কীট উর্দ্ধে উঠিয়া, প্রথম বারে, যে-রূপ কন্ট অনুভূত করিয়াছিলেন, তাহার রণনা এইরূপ করিয়াছেন, যথা—

"সাতটা বাজিতে এক পোওয়া থাকিতে আমার শরীর মধ্যে এক অপূর্ব্ব আভ্যন্তরিক শীতলতা অনুভূত করিতে লাগিলাম। তং-সহিত তন্ত্ৰ আদিল। কক্টে নিশ্বাদ কেলিতে লাগিলাম। কর্ণমধ্যে শোঁ শেন হইতে লাগিল এবং আধ মিনিট কাল, আমার হ-দ্রোগ উপস্থিত হইল। কণ্ঠ শুকু হইল। আমি এক পাত্র জল পান করিলাম—তাহাতে উপকার বোধ হইল। যে বোতলে জল ছিল —তাহার ছিপি খুলিবার সময়ে, যেমন শ্যা-স্পেনের বোতলের ছিপি সশব্দে বেগে উঠিয়া

পড়ে, জলের বোতলের ছিপি খুলিতে সেই
রূপ হইল। ইহার কারণ সহজেই বুঝা যাইতে পারে। তখন আমাদিগের মন্তকের
উপর বায়ু, এক ভাগ কম হইয়াছিল। যখন
বোতলে ছিপি আঁটিয়া গগনে যাত্রা করিয়াছিলাম, তখনকার অপেক্ষা এখনকার বায়ুরু—
ভার এক ভাগ কম হইয়াছিল।"

তুই একবার গগন মার্গে যাতায়াত করিলে এ দকল কন্ট দছ হইয়া আইদে, কিন্তু অধিক উর্দ্ধে উঠিলে দহিষ্ণু ব্যক্তিরও কন্ট হয়। প্রেশর দাহেব এ দকল কন্ট বিশেষ দহিষ্ণু ছিলেন, কিন্তু ছয় মাইল উর্দ্ধে উঠিয়া তিনিও চেতনাশূনা ও য়ুমূর্যু হইয়াছিলেন। ২৯০০০ ফিট উপরে উঠিলে পর, তাহার দৃষ্টি অস্পন্ট ইইয়া আইদে। কিয়ৎক্ষণ পরে তিনি আর তাপমান যুব্রের পারদ স্তম্ভ অথবা ঘড়ির কাটা

দেখিতে সক্ষম হইলেন না। টেবিলের উপর এক হাত রাখিলেন। যখন টেবিলের উপর হাত রাখিলেন, তথন হস্ত সম্পূর্ণ সবল; কিন্তু তথনই দে হাত আর উঠাইতে পারিলেন না —তাহার শক্তি অন্তর্হিতা হইয়াছিল। তথন ুদেখিলেন দ্বিতীয় হস্তও সেই দশাপন্ন হই. য়াছে—অবশ। তথন একবার গাতালোড়ন क्रिलिन, গাত্র চালনা ক্রিতে পারিলেন, কিন্তু বোধ হইল যেন হস্ত পদাদি নাই। ক্রমে এইরূপে তাঁহার সকল অঙ্গ অবশ হ-ইয়া পড়িল; ভগ্নগ্রীবের ন্যায় মস্তক লম্বিত रहेश। পড़िल, এবং দৃষ্টি একেবারে বিলুপ্ত হ-ইল। এইরূপে তিনি অক্সাৎ মৃত্যুর আ-শঙ্কা করিতেছিলেন, এমত সময়ে, হঠাৎ তাঁ-हात रिज्ञाक विनुष हहेन। পরে ব্যোম্যা-নের " দার্থি," রথ নামাইলে তিনি পুনর্কার

## জ্ঞান প্রাপ্ত হইলেন।

রথ নামাইল কি প্রকারে? ব্যোম্যানের গতি দিবিধ, প্রথম, উর্দ্ধ হইতে অধঃ বা অধঃ হইতে উর্জা. দিতীয় দিগন্তরে: যেমন শক-টাদি অভিলয়িত দিকে যায় সেই রূপ। ব্যোম্যান অভিল্যিত দিগন্তরে চালনা করা এ পর্যান্ত মনুষ্যের সাধ্যায়ত হয় নাই - চালক মনে করিলে, উভরে, পশ্চিমে, বামে বা দক্ষিণে, সম্মুখে বা পশ্চাতে যান চালাইতে পারেন না। বায়ুই ইহার যথার্থ দার্থি, বায়ুদার্থি মে দিকে লইয়। যায়, ব্যোম্যান সেই দিকে চলে। কিন্তু অধোর্দ্ধ গতি মনুষ্ট্যের আয়ত্ত। ব্যোম-যান লঘু করিতে পারিলেই উর্দ্ধে উঠিবে এবং পার্ম বর্ত্তী বায়র অপেক্ষা গুরু করিতে পারি-লেই নামিবে। ব্যোম্যানের "রথে" কতকটা বালুকা বোঝাই থাকে; তাহার কিয়দংশ

নিক্ষিপ্ত করিলেই পূর্ব্বাপেক্ষা লবুতা সম্পাদিত হয়—তথন ব্যোম্যান আরও উর্দ্ধে উঠে। এইরূপে ইচ্ছাক্রমে উদ্ধে উঠা যায়। আর যে লঘু বায়ু কর্তৃক বেলুন পরিপুরিত থাকায় তাহা গগনমণ্ডলে উঠিতে সক্ষম, তাহার কিয়-🕶 শ নির্গত করিতে পারিলেই উহা নামে। ঐ বায় নির্গত করিবার জন্য ব্যোম্যানের শিরোভাগে একটি ছিদ্র থাকে। সেই ছিদ্র স্চরাচর আরুত থাকে, কিন্তু তাহার আবরণে একটি দড়ি বাঁধা থাকে; সেই দড়ি ধরিয়া টানিলেই লঘু বায়ু বাহির হইয়া যায়; ব্যোম-যান নামিতে থাকে।

দিগন্তরে গতি মনুষ্যের দাধ্যায়ত নহে বটে, কিন্তু মনুষ্য বায়ুর দাহায্য অবলম্বন করিতে দক্ষ। আশ্চর্য্যের বিষয় এই যে ভিন্ন ভিন্ন ভার ভিন্ন দিগভিমুখে বায়ু

বহিতে থাকে। যথন ব্যোমারোহী ভূমির উপরে দক্ষিণ বায়ু দেখিয়া, যানারোহণ করি-লেন তথনই হয়ত, কিয়দ্যর উঠিয়া দেখিলেন বে বায় উভুরে; আরও উঠিলে হয়ত দেখি-रवन रय वांयु शृर्द्य कि शूनक पिकरन। ইত্যাদি। কোন্ স্তরে কোন্ সময়ে কোক দিকে বায় বহে, ইহা যদি মনুষ্যের জানা থাকিত, তাহা হইলে ব্যোম্যান মনুষ্যের আজ্ঞাকারী হইত। যাঁহারা স্বচতুর, তাঁহারা কখন কখন বায়ুর গতি অবধারিত করিয়। স্থেছাক্রমে গগন পর্যাটন করিয়াছেন। ১৮৬৮ শালের আগত্ত মাদে মসুর তিসান্দর কালে নগর হইতে নেপ্তাননাম্ক বেলুনে গগনারোহণ করেন। চারি হাজার ফিট্ উর্দ্ধে উঠিয়া দেখিলেন যে ভাঁহাদিগেঁর গতি উত্তর সমুদ্রে! অপরাহে এই রূপ তাঁহারা অক্সাও

অনিচ্ছার সহিত, অনন্ত সাগরের উপর যাত্রা করিলেন। কিন্তু তখন উপায়ান্তর ছিলন।। এই শঙ্কটে তাঁহারা দেখিলেন যে নিল্লে মেঘ সকল দক্ষিণগামী। তথন তাঁহোরা নিশ্চিন্ত হইয়া সমুদ্র বিহারে চলিলেন। এই রূপে 党 হারা ২১ মাইল পর্যান্ত সমুদ্রোপরে বাহির। হইয়া যান। তাহার পর লঘু বারু নির্গত করিয়া দিয়া, নীচে নামেন। বায়ুর সেই নিল্ল স্তারে দক্ষিণ বায়ু পাইয়া তংকর্ত্তক বাহিত হইয়া পুনর্কার ভূমির উপরে আমেন। কিন্তু ছুর্ববুদ্ধি বশতঃ অবতরণ করেন না। তার পর সন্ধ্যা হইয়া অন্ধকার হইল। বাস্পের গাঢ়তা বশতঃ নিম্নে ভূতল দেখা যাইতেছিল না। এমত অবস্থায় তাঁহারা কোথায় যাইতে-ছিলেন, তাহা জানিতে পারেন নাই। অকস্মাৎ নিম্ন হইতে গম্ভীর সমুদ্র কলোল উপিত হ-

ইল। তথন অন্ধকারে পুনর্বার অনন্ত সা, গরোপরে বিচরণ করিতেছেন জানিতে পা-রিয়া, তাঁহারা আবার নিম্নে নামিলেন। আবার দক্ষিণবায়ুর সাহাযো ভূমি প্রাপ্ত হইলেন।

উত্তর সমুদ্রে বিচরণ কালে তাঁহারা কয়ে-কটি অদুত ছায়া দেখিয়াছিলেন। দেখিলেক যে সমুদে যে সকল বাস্পীয়াদি জাহাজ চলি-তেছিল, উর্দ্ধে মেঘমধ্যে তাহার প্রতিবিম্ব। মেঘমধ্যে তেমনি সমুদ চিত্রিত হইয়াছে— সেই চিত্রিত সমুদে তেমনি প্রকৃত জাহাজের ন্যায় ছায়ার জাহাজ চলিতেছে। সেই সকল জাহাজের তলদেশ উদ্ধে, মাস্তর নিম্নে; বিপ-রীত ভাবে, জাহাজ চলিতেছে। মেঘরাশি রহদ্দর্পণ স্বরূপ সমুদূকে প্রতিবিশ্বিত করিয়া ছিল।

মদূর • দ্রামারিয়ঁ আর একটি আশ্চর্যা প্র-

তিবিম্ব দেখিয়াছিলেন। দিবাভাগে, প্রায় পাঁচ দহস্র ফিট, উদ্ধে আরোহণ করিয়া দেখি লেন, তাঁহাদিগের প্রায় শত ফিট মাত্র দূরে, দ্বিতীয় একটি বেলুন চলিয়াছে ৷ আরও দেখি লেন, যে সেই দ্বিতীয় বেলুনটির আরুতি 🗝 তাঁহাদিগের বেলুনেরই আকৃতি, যেমন তাঁহা দিগের বেলুনের নিম্নে "রথ" যুক্ত ছিল, এবং তাহাতে যাঁহারা তুই জন আরোহী বদিয়াছি-লেন, দ্বিতীয় বেলুনেও সেইরূপ রথ, এবং সেইরূপ হুই জন আরোহী! আরও বিশ্বিত হইয়া দেখিলেন যে সেই তুইজন আরোহীর অবয়ব—ভাঁহাদিগেরই অবয়ব! ভাঁহারাই সেই ৰিতীয় বেলুনে বসিয়া আছেন! একটি বেলুনে त्यथात्न यादा हिल — त्यथात्न त्य मिष्, त्य-খানে যে সূতা, যেথানে যে যন্ত্ৰ, দ্বিতীয় বে-লুনে ঠিক্ তাহাই আছে! মসূর ফুামারিয়ঁ

দক্ষিণ হস্তোতোলন করিলেন—ভৌতিক ফ্লা-মারিয়ঁ বাম হস্তোতোলন করিল। তাঁহার সঙ্গী একটা পতাকা উড়াইলেন—ভৌতিক সঙ্গী একটা তদ্ধপু পতাকা উড়াইল।

আরও বিশ্বায়ের বিষয় এই যে সেই

•ভোতিক ব্যোম্যানের ভোতিক রথের চ

শার্মে অপূর্ব্ব জ্যোতির্মায় মণ্ডল সকল প্রতিভাত হইতেছিল। মধ্যে হরিং শ্বেতাভ মণ্ডল,
তন্মধ্যে রথ। তৎপাশ্বে ক্ষীণ নীল মণ্ডল;
তাহার বাহিরে হরিদ্রাবর্ণ মণ্ডল; তৎপরে
কপিশ রক্তাভ মণ্ডল, শেষে অতসীকুস্তমবং
বর্ণ; তাহা ক্রমে ক্ষীণতর হইয়া মেঘের সঙ্গে
মিশাইয়া গিয়াছে।

এইরতান্ত বুকাইবার স্থান এই ক্ষুদ্র প্রা ক্ষের মধ্যে হইতে পারে না। ইহা বলিলেই যথেন্ট হয়বে, যেইহা জলবাম্পের উপর প্রতি-

## সৌর বিশ্ব\* মাত্র।

গগনপথে পার্থিব শব্দ সহজে গমন করে, কিন্তু সকল সময়ে নছে, এবং সকল শব্দের গতি তুল্য রূপ নহে। মেঘাচ্ছন্নে শব্দরোধ ঘটে। শ্লেশর দাহেব চারি মাইল উর্দ্ধ হইতে ব্রেইলওয়ে টেনের শব্দ শুনিতে পাইয়া-ছিলেন। এবং বিশহাজার ফিট উপরে থা-কিয়া কামানের শব্দ শুনিয়াছিলেন। একটি ক্ষুদ কুরুরের রব গুই মাইল উপর হইতে শুনিতে পাইয়াছিলেন, কিন্তু চারি হাজার ফিট উপরে থাকিয়া বহুসংখ্যক মনুষ্টোর কোলা-হল শুনিতে পান নাই। মসূর ফুমারিয়ঁ আকাশ হইতে ভূমণ্ডলের বাদ্য শুনিতে পাই-তেন। তাঁহার বোধ হইত যেন মেঘমধ্যে কে সঙ্গীত কগ্নিতেছে।

<sup>\*</sup> Ant' helia

অনেকেই অবগত আছেন, যে যখন পা-রিশ অবরুদ্ধ হয়. তথন ব্যোম্যান্যোগে পারিশ হইতে গ্রাম্য প্রদেশে ডাক যাইত। শিক্ষিত পারাবত সকল সেই সকল ব্যোম-যানে চড়িয়া যাইত; তাহাদের পুচ্ছে উত্তর বাঁধিয়া দিলে লইয়া ফিরিয়া আসিত। লঘুতার অমুরোধে সেই সকল পত্র ফটোগ্রাফের সা-হায্যে অতি ক্ষুদ্বাকারে লিখিত হইত - অতি-রহৎ পত্র এক ইঞ্চির মধ্যে সমাবিষ্ট হইত। পড়িবার সময়ে অনুবীক্ষণ ব্যবহার করিতে হইত। স্থানাভাব বশতঃ এই কৌতুকাবহ তত্ত্ব আমরা সবিস্তারে লিখিতে পারিলাম না।

উপসংহার কালে বক্তব্য যে ব্যোম্যান এখনও সাধারণের গমনাগমনের উপযোগী বা যথেচ্ছ বিহারের উপায় স্বর্ক্তপ হয় নাই। গ্রেশর সাহেব বলেন, যে বেলুনের স্বারা সে

উদ্দেশ্য সিদ্ধ হইবে না: যানান্তর ইহার ছারা সূচিত হইতে পারে; যানান্তর সূচিত না হইলে দে আশা পূর্ণ হইবে না। মনুষ্য কখন উড়িতে পারিবে কি না, মদুর ফুমারিয়ঁ এই তত্ত্বের সবিস্তারে আলোচনা করিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন যে একদিন মনুষ্যগণ অবশ্য পক্ষীদিগের ন্যায় উড়িতে পারিবে; কিন্তু আত্মবলে নহে। যথন মনুষ্য, পক্ষ বা পক্ষ-বৎ যন্ত্র প্রস্তুত করিয়া, বাস্পীয় বা বৈদ্যুতিক বলে তাহা সঞ্চালন করিতে পারিবে, তখন মনুষ্যের বিহঙ্গ পদ প্রাপ্তির সম্ভাবনা। দে লোম নামক একজন ফরাশী একটি মংস্থাকার বেলুন কল্পনা করিয়াছেন, তিনি বিবেচনা করেন তৎসাহায্যে মনুষ্য যথেচ্ছা আকাশ পথে যাতায়াঁত করিতে পারিবে। কিন্ধ সে যন্ত্র হইতে এপর্যান্ত কোন ফলোদয় হয় নাই

বলিয়া আমরা তাহার বর্ণনায় প্রবৃত হইলাম না।

## फ्ल जगर।

সচরাচর মনুষ্যের বোধ এই যে গতি. জগতের বিশেষ অবস্থা; স্থিরতা জগতের স্থা-ভাবিক অবস্থা। কিন্তু বিশেষ অনুধাবন করিলে বুঝা যাইবে, যে গতিই স্বাভাবিক অ-বস্থা: স্থিরতা কেবল গতির রোধ মাত্র। যাহা পতিবিশিষ্ট কারণ বশতঃ তাহার গতির রোধ হইলে,তাহার অবস্থাকে আমরা স্থিরতা বা স্থিতি বলি। যে শিলা খণ্ড, বা অট্রালিকাকে অচল বিবেচনা করিতেছি, বাস্তবিক তাহার মাধ্যাকর্ষ ণের বলে গতিবিশিষ্ট; নিম্নন্থ ভূমি তাহার গতি রোশ্ল করিতেছে বলিয়া তাহাকে হির

বলিতেছি। এ স্থিরতাও কাল্লনিক; পৃথিবীতলম্ব অন্যান্য বস্তুর সঙ্গে তুলনা করিয়া বলিতেছি যে এই পর্বতে বা এই মট্টালিকা, অচল,
গতিশূন্য—বস্তুতঃ উহার কেহই, অচল বা গতিশূন্য নহে, পৃথিবীর উপরে থাকিয়া উহা পৃথিশীর সঙ্গে আবর্ত্তন করিতেছে। সূক্ষ্ম বিবেশ্
চনা করিতে গেলে জগতে কিছুই গতিশূন্য
নহে।

কিন্তু সে কথা ছাড়িয়া দেওয়া যাক্।

যাহা পৃথিবীর গতিতে গতিবিশিষ্ট তাহাকে

চঞ্চল বলিবার প্রয়োজন করে না। তথাপিও
পৃথিবীতে এমত কোন বস্তু নাই, যে মৃত্র্তুজন্য

বিষর।

চারিপাখে চাহিয়া দেখ, বায়ু বহিতেছে, বৃক্ষপত্র সকল নাচিতেছে, জল চলিতেছে, জীব সকল নিজ নিজ প্রয়োজন স্কম্পাদনার্থ বিচরণ করিতেছে। পরস্ত ইহার মধ্যেও কোন২ বস্তু গতিশূন্য দেখা যাইতেছে। কিন্তু মাধ্যাকর্ষণে বা অন্যপ্রকারে রুদ্ধ বাহ্যিকগতি ভিন্ন, ঐ সকল বস্তুর অন্য গতি আছে। সেই সুকল গতি আভ্যন্তরিক।

যাহাকে তাপ বলি, তাহ। পরামাণুগণের আন্দোলন মাত্র। কোন বস্তুর পরমাণু সকল পরস্পারের দারা আরুষ্ট এবং সন্তাঁড়িত হইলে, তাহা তরষ্ক্রবৎ আন্দোলিত হইতে থাকে। সেই ক্রিয়াই তাপ। যেখানে সকল বস্তুই তাপযুক্ত, সেখানে সকল বস্তুর পরমাণুই অহ-রহ পরম্পার কর্তৃক আকৃষ্ট, সন্তাড়িত, এবং সঞ্চালিত। অতএব পৃথিবীস্থ, সকল বস্তুই আভ্যন্তরিক গতিবিশিষ্ট।

আলোক সম্বন্ধেও সেই কথা । ইথর নামক বিশ্বব্যাপী আকাশীয় তরল পদার্থের পরমাণু সমষ্টির তরঙ্গবৎ আন্দোলনই আ-লোক। সেই গতিবিশিষ্ট পরমাণু সকলের সঙ্গে নয়নেন্দ্রিয়ের সংস্পর্শে আলোক অনুভূত হয়। নেই প্রকার তাপীয় তরঙ্গদহিত ত্রগি-ক্রিয়ের সংস্পর্শে তাপ অনুভূত করি। এই সকল আন্দোলন ক্রিয়া মনুষ্যের দৃষ্টির অগোচর—উহা তাপরূপে এবং আলোকরূপেই षामता है कियं कर्ज़ क शहन कतिए भाति-অন্য রূপে নহে। তবে এই আন্দোল্লন ক্রিয়ার

অন্তিত্ব স্বীকার করিবার কারণ কিং ইউরো-পীয় বিজ্ঞানবিদেরা তাহা স্বীকার করিবার বিশেষ কারণ নির্দেশ করিয়াছেন, কিন্তু তাহা এস্থলে বর্ণনীয় নহে।

় পৃথিবীতলে আলোক সর্বত্ত দেখিতে
পাই। অতি অন্ধকার অমাবদ্যার রাত্তে
পৃথিবীতল একেবারে আলোকশ্ন্য নহে।
অতএব সর্বব্রেই সর্বদা আলোকীয় আন্দোলনের গতি বর্ত্তমান।

বিজ্ঞানবিদের। প্রতিপন্ন করিয়াছেন, যে আলোক, তাপ, এবং মাধ্যাকর্ষণ তিনটিই পরনাণুর গতি মাত্র। অতএব পৃথিবীর সকল বস্তুই আভ্যন্তরিক গতি বিশিষ্ট। যৌগিক আকর্ষণের বলে সেই সকল গতি সত্ত্বেও কোন বস্তুর পরমাণু সকল বিস্তুস্ত ও পৃথগ্ভূত হয় না।

পৃথিবীতলে এইরূপ। তারপর, পৃথিবীর বাহিরে কি?

পৃথিবী স্বয়ং অত্যন্ত প্রথন্ন বেগ বিশিষ্টা, এবং অনন্তকাল আকাশমার্গে ধাবমানা। পৃথিবীর ন্যায় অন্যান্য গ্রহউপগ্রহ প্রভৃতি যাহা ক্লোর জগতের অন্তর্গত তাহাও পৃথিবীর মত অবস্থাপন্ন সন্দেহ নাই। সেই সকল গ্রহ উপগ্রহে যে সকল পদার্থ আছে, তাহাও পা-থিবপদার্থের ন্যায় সর্বাদ। বাহ্যিক এবং আভ্য-ন্তরিক গতি বিশিষ্ট। জ্যোতির্বিদ্গণের দৌ-রবীক্ষণিক অনুসন্ধানে সে কথার অনেক প্রমাণ সংগৃহীত হইয়াছে।

সূধ্য নামে যে রহৎ বস্তু এই সৌর জগতের কেন্দ্রীভূত, তাহা মেরূপ চাঞ্চল্যপূর্ণ, তাহা মন্ত্রের অনুভব শক্তির অতীত। যে সূধ্যম-গুলের তাপ, আলোক, আকর্ষণ এবং বৈহ্য- তাদিকী শক্তি পৃথিবীস্থ গতি মাত্রেরই কারণ, সেই সূর্য্যমণ্ডলোপরে বা তদভ্যন্তরে যে নানাবিধ ভয়স্কর এবং অদুত গতি নিয়ত বর্ত্তিবে, তাহা বলা বাহুল্য। সেই চাঞ্চল্যের একটি উদাহরণ বঙ্গদর্শনের প্রথম খণ্ডের দ্বিতীয় সংখ্যায় "আশ্চর্য্য সোরোৎপাত" নামক প্রস্থাবে বর্ণিত হইয়াছিল।

কিন্তু সূর্য্যোপরে এবং সূর্য্যগর্ভে যে নিয়ত গতির আধিপত্য, কেবল ইহাই নহে। সূর্য্য স্বয়ং গতি বিশিষ্ট। বিজ্ঞানবিদেরা স্থির করিয়াছেন, যে সূর্য্য স্বয়ং এই তাবৎ দৌরজ্ঞাৎ সঙ্গে লইয়া প্রতি সেকেণ্ডে ৪৮০ মাইল অর্থাৎ ঘণ্টায় ১৭১০০ মাইল অক্রন্স পথে ধাবিত হইতেছ। এই ভয়ংর রবগে এই পদার্থরাশি কোথায় যাইতেছে। আকাশের

একটি নাক্ষত্রিক প্রদেশকে ইউরোপীয়েরা হরকুলেজ বলেন। সূর্য্য তন্মধ্যক লাম্ডা নামক নক্ষত্রাভিমুখে ধাবিত হইতেছে, কেবল এই পর্যান্ত নিশ্চিত হইয়াছে।

কিন্তু সূর্য্য এবং সৌরজগৎ ত বিশ্বের
কর্মতি ক্ষ্ট্রাংশ। অস্ক্ষকার রাত্রে অনন্ত
আবাশমগুল ব্যাপিরা যে সকল জ্যোতিক
জ্বাতে থাকে, তাহারা সকলেই এক একটি
সৌর জগতের কেন্দ্রীভূত। সে সকল কি ?
গতি শ্ব্যং তাহাদিগেরও প্রাত্যহিক উদয়াস্তাদি গতি দেখিতে পাই, সেও পৃথিবীর
প্রাত্যহিক আবর্ত্তনজনিত চাক্ষ্ম ভ্রান্তি মাত্র।
নাক্ষত্রিক লোকেও কি জগৎ চঞ্চলং

জ্যোতির্ব্বিদ্যার দারা যত দূর অনুসন্ধান হইয়াছে, ততদূর জানিতে পারা গিয়াছে, যে নক্ষত্র লোকেওগতি সর্ববিষয়ী। যত অনুস- দান হইয়াছে, ততই বুঝা গিয়াছে যে সূর্য্যের যে প্রকৃতি নক্ষত্র মাত্রেরই সেই প্রকৃতি। গ্রহ-ভিন্ন অন্য তারাকে নক্ষত্র বলিতেছি।

কতকগুলি নক্ষত্র সৌর গ্রহগণের ন্যার বর্ত্তনশীল। যেখানে আমরা চক্ষে একটি ৰক্ষত্ৰ দেখিতে পাই, দূরবীক্ষণ সাহায্যে দে থিলে তথায় কথন ২ ছুইটি, তিনটি বা ততো-বিক নক্ষত্র দেখা যায়। কথনং ঐ ছুই তিনটি নক্ষত্র পরস্পারের সহিত সম্বন্ধরহিত, এবং পরস্পার হইতে দূরস্থিত, অথচ দর্শক যেখান হইতে দেখিতেছেন, সেখান হইতে দেখিতে েলে আকাশের একদেশে স্থিত দেখায়, এবং একটি সরল রেখার মধ্যবতী হইয়। যুগ্ম নক্ষত্রের ন্যায় দেখায়। কিন্তু কংনং দেখা যায় যে, যে নক্ষত্ৰন্ন দৈখিতে যুগ্ন, তাহা বাস্তরিক যুগাই বটে,—পরস্পারের নিকট-

বভী এবং পরস্পারের সহিত নৈস্গিক সম্বন্ধ বিশিষ্ট। এই সকল যুগাদি নক্ষত্ৰ সম্বন্ধে আধুনিক জ্যোতির্বিদেরা পর্য্যবেক্ষণা ও গণ-নার দারা স্থিরীকৃত করিয়াছেন যে উহারা পর-স্পরকে বেডিয়া বর্ত্তন করিতেছে। অর্ণাৎ ীযদি ক, খ, এই তুইটি নক্ষত্তে একটি যুগা ন-ক্ষত্র হয়, তবে ক, খ, উভয়ের মাধ্যাকর্ষণিক কেন্দ্রের চতুষ্পার্শে ক, খ, উভয় নক্ষত্র বর্তন করিতেছে। কখন দেখা গিয়াছে, যে এই রূপ তুইটি কেন, বহু নক্ষত্রে এক একটি নাক্ষ-ত্রিক জগৎ। তন্মধাস্থ বিভক্ত নক্ষত্রগুলি मकलरे के क्षकात चावर्डनकाती। विषिध এই যে নিউটন, পৃথিবীতে বসিয়া, পার্থিব পদার্থের গতি দেখিয়া, পার্থিব উপগ্রহ চন্দ্রের গতিকে উপলক্ষ করিয়া, যে স্কল মাধ্যাকর্ষ-ণিক গতির নিয়ম আবিষ্কৃত করিয়া চি বৈরু,

দূরবর্ত্তী এবং সোরজগতের বহিঃস্থ এই সকল নক্ষত্রের গতিও সেই সকল নিয়মাধীন।

নক্ষত্রগণের প্রকৃতি এবং সূর্য্যের প্রকৃতি যে এক, তদ্বিয়য়ে আর সংশয় নাই। ডাক্তার ত্গিন্দ্ প্রভৃতি বৈজ্ঞানিকেরা আলোক পরী-ক্ষক যন্ত্রের সাহায্যে জানিয়াছেন, যে, যে স কল বস্তুতে সূর্য্য নিশ্মিত, অন্যান্য নক্ষত্রেও সেই সকল বস্তু লক্ষিত হয়। অতএব সূ-র্যোপরি ও সূর্য্যার্যেরে যে প্রকার ভয়ঙ্কর কো-লাহল, ও বিপ্লব, নিত্য বর্তুমান বলিয়। বোধ হয়, তারাগণেও সেই রূপ হইতেছে, সন্দেহ নাই। যে নক্ষত্র দূরবীক্ষণ সাহায্যেও অস্পষ্ট দৃক আলোকবিন্দু বলিয়া বোধ হয়, তাহাতে কৃণমাত্রে যে সকল উৎপাত ঘটিতেছে, পু-থিবীতলে দশবর্ষের নৈস্গিক ক্রিয়া একত্রিত ক্রিলেও ভাহার তুল্য হইবে না। সূর্য্যপণ্ডলে

সামান্য মাত্র কোন পরিবর্ত্তনে যে বিপ্লব ও নৈদর্গিক শক্তিব্যয় সূচিত হয়, তাহাতে পলক মাত্রে এই পৃথিবী ধ্বংস প্রাপ্ত হইতে পারে। প্রচণ্ড বাত্যার কল্লোল অথবা কর্ণবিদারক অ-শনি সম্পতি শক হইতে লক্ষ লক্ষ লক্ষণ্ডণে ভীমতর কোলাহল অনবরত সেই সৌরমণ্ডলে নির্ঘোষিত হইতেছে সন্দেহ নাই। আর এই যে সহস্র সহস্র, স্থির, শীতল, ক্ষুদ্র কৃদ্ জ্যোতিস্কুগণ দেখিতেছি, তাহাতেও দেইরূপ হইতেছে, কেননা সকলই সূর্য্যপ্রকৃতি বিশিষ্ট, বরং আমাদিগের সূর্য্য অনেক অনেক নক্ষত্রের অপেকা ক্ষুদ্র এবং হীনতেজা। সিরিয়স না-মক অত্যুজ্জ্বল নক্ষত্র, আমাদিগের নয়নহইতে যত দূরে আছে, আমাদিগের সূর্য্য ততদুরে প্রেরত হইলে, উহা তৃতীয়শ্রেণীর কৃদ্র নক-ত্রের ন্যায় দেখাইত; আকাশের কতশত ন-

কত্ৰ তদপেকা উজ্জ্বল জ্বালায় জ্বলিত! কিন্তু यिन मूर्यारक अन्राप्तवत्र ((त्राहिगी?) करुत, বেটেলগুস্ প্রভৃতি নক্ষত্রের স্থানে প্রেরণ করা যায়, ত্তবে সূর্য্যকে দেখা যাইবে কি না রন্দেহ। প্রকৃটর সাহেব বলেন যে তাকাশে যে সকল নক্ষত্ৰ দেখিতে পাই, বোগ হয় তা হার মধ্যে পঞ্চাশটিও আমাদের সুগ্যাপেকা ক্ষুদ্র হইবে না। অতএব সূর্য্যগুলে যেরূপ চাঞ্ল্যের অস্তিত্ব অনুমান করা যায়, অধি-কাংশ নক্ষত্রে ততোধিক চাঞ্চল্য বর্ত্তমান, मत्नव गाँहै।

কেবল তাহাই নহে, সূর্য্য যেমন অতি প্রচণ্ডবেগে, গ্রহণণ সহিত, আকাশ পথে ধাব-মান, অন্যান্য নক্ষত্রগণও তদ্ধপু। বরং অ-নেক নক্ষত্রের বেগ সূর্য্যাপেক্ষা প্রচণ্ডতর। সিরিয়দেক গতি প্রতি সেকেণ্ডে ২০ মাইল,

ঘণ্টায় ৭২০০০ মাইল। বেগা নামক উজ্জ্ল নক্ষত্রের বেগ প্রতি সেকেণ্ডে ৫০ মাইল, ঘন্টায় ১৮০০০০ মাইল; কাফর প্রতি সে-কেণ্ডে ২৫ মাইল, ঘণ্টায় ৩৬০০০ মাইল। পোলাকের গতি সেকৈতে ৪৯ মাইল, প্রায় ৰেগার ন্যায়। সপ্তর্যির মধ্যের পাঁচটির গতি সিরিয়দের ন্যায়, একটির গতি বেগার ন্যায়। এই বেগ অতি ভয়ঙ্কর, বিশেষ যথন মনে করা যায় যে এই সকল প্রচণ্ডবেগশালী পদার্থের অকোর অতি প্রকাণ্ড (দিরিয়দ দূর্ব্যাপেকা দহস্রগুণ রুহুৎ) তথন বিস্মায়ের আর দীমা থাকে না।

নক্ষত্র সকল অদুত গতিবিশিষ্ট হইলেও,
চারি সহস্র বংসরেও ততাবতের স্থানভংশ্
মনুষ্যচক্ষে লক্ষিত হয় নাই। ঐ সকল নক্ষত্রের অসীম দূরতাই ইহার কারণ ৮ উৎকৃষ্ট

দূরবীক্ষণ সাহায্যে, আশ্চর্য্য মান যন্ত্র ও বিদ্যা কোশলের বলে আধুনিক জ্যোতির্ব্যাদেরা কি-কিং স্থানচ্যুতি পর্যুবেক্ষিত করিয়াছেন। তাহা-তেই ঐ সকল গতি স্থিরীকৃত হইয়াছে।

. নাক্ষজিক গতিতত্ত্ব অতি আশ্চর্য্য। গগ
শংনর এক দেশে স্থিত নক্ষত্রও একদিকেই ধারমান না হইয়াও নানাদিকে ধাবমান। কখন
বা একদিকেই ধাবমান। কোথায় ধাবমান 
কেন ধাবমান 
কৈন ধাবমান 
কৈন ধাবমান 
কৈন ধাবমান 
কৈন ভালোচনা
এম্বলে নিপ্পু 
য়োজনীয়, এবং এক প্রকার অসাধ্য ।

যাহা বলা গেল, তাহাতে প্রতীয়মান হই-তেছে, যে গতিই জাগতিক নিয়ম—স্থিতি নিয়ম রোধের ফলমাত্র। জগৎ সর্বত্র, স-ব্রিদা, চঞ্চন। সেই চাঞ্চল্য বৈশেষ করিয়া বুঝিতে গেলে, অতি বিস্ময়কর বোধ হয়। জীবনাধারে, শোণিতাদির চাঞ্চল্যই জীবন।
হুৎপিণ্ড বা শ্বাস্যন্ত্রের চাঞ্চল্য রহিত হইলেই
মৃত্যু উপস্থিত হয়। মৃত্যু হইলো পরেও,
দৈহিক পরমাণু মধ্যে রাসায়নিক চাঞ্চল্য সঞ্চার
হইয়া, দেহ ধ্বংস হয়। যেখানে দৃষ্টিপাত
করিব, সেইখানে চাঞ্চল্য, সেই চাঞ্চল্য মঙ্গলকর। যে বুদ্ধি চঞ্চলা, সেই বুদ্ধি চিতালালিনী! যে সমাজ গতি বিশিক্ত, সেই সমাজ
উন্নতিশীল। বরং সমাজের উচ্ছ্ ভালতা
ভাল, তথাপি স্থিরতা ভাল নহে।

## কত কাল মহুষ্য।

প্রথম সংখ্যা।

জলে যেরূপ বুদ্ব উঠিয়া তথনই বিলীন হয়, পৃথিবীতে মনুষ্য সেই রূপ জন্মিতেছে ও মরিতেছে। পুজের পিতা ছিল; তাহার পিতা ছিল, এই রূপ অনন্ত মনুষ্য শ্রেণী পরম্পরা স্ফ এবং গত হইয়াছে, হইতেছে,
এবং যত দূর বুঝা যায়, ভবিষ্যতেও হইবে।
ইহার আদি কোথা? জগদাদির সঙ্গে কি মনুযেয়র আদি, না পৃথিবীর স্প্রের বহুপরে প্রথম
মনুষ্যের স্প্রি হইয়াছে? পৃথিবীতে মঞ্যা
কত কাল আছে?

ব্রীকীন দিগের প্রাচীন গ্রন্থার সমু-ম্যের সৃষ্টি, এবং জগতের সৃষ্টি কালি পরশ্ব হইয়াছে। যেদিন জগদীশ্বর কুন্দ্রকার রূপে কাদা ছানিয়া পৃথিবী গড়িয়া, ছয়দিনে তাহাতে মনুষ্যাদি পুতল সাজাইয়া ছিলেন, খ্রীকীনেরা অনুমান করেন যে সে ছয় সহজ্র বংসর পূর্বেন। একথা খ্রীকীনেরাও আর বিশ্বাস ক-রেন না। আমাদিগের ধর্মপুত্তকের কথার প্রতি আসরাও সেইরূপ হতক্রদ্ধা হইয়াছি। বি- জ্ঞানের প্রবাহে দর্বব্রই ধর্মপুস্তক দকল ভাসিয়া যাইতেছে। কিন্তু আমাদিগের ধর্ম এছে এমত কোন কথা নাই যে তাহাতে বু-ঝায় যে অ।জি কালি, বা ছয় শত বংসর বা ছয় সহস্র বংসর, বা ছয় বংসর পূর্ব্বে এই ব্রেলাণ্ডের স্কন হইয়াছে। হিন্দু শাস্ত্রাস্থলার কোটি কোটি বংসর পূর্ব্বে, অথবা অন্তর কাল পূর্ব্বে জগতের স্কৃষ্টি। আধুনিক ইউরোপীয় বিজ্ঞানেরও সেই মত।

তবে জগতের আদি আছে কি না, কেহ কেহ এই তর্ক তুলিয়া থাকেন। স্থান্তি অনাদি, এ জগৎ নিত্য;ও সকল কথায় বুঝায় যে স্প্তির আরম্ভ নাই। কিন্তু স্থান্তি একটি ক্রিয়া—ক্রিয়া মাত্র, কোন বিশেষ সময়ে কৃত হইয়াছে; অতএব স্থান্তি কোন কাল বিশেষে হইয়া থাকিবে। অতএব স্থান্তি অ- নাদি বলিলে, অর্থ হয় না। যাঁহারা বলেন সৃষ্টি হইতেছে, যাইতেছে, আবার হইতেছে, এই রূপ অনাদি কাল হইতে হইতেছে, তাঁ-হারা প্রমাণ শুক্ত বিষয়ে বিশ্বাস করেন। একথার নৈস্গিক প্রমাণ নাই i

"অস্ক্রচ্চ ক্রগৎসর্বাং সহ পুত্রৈঃ কুন্তাক্মভিঃ" ইত্যাদি বাক্যের দারা সূচিত হয়, যে
ক্রগৎ স্থি এবং মনুষ্য বা মনুষ্য ক্রনক দিগের
স্থি এক কালেই হইয়াছিল। এরপ বাক্য
হিন্দু গ্রন্থে অতি সচরাচর দেখা যায়। যদি
এ কথা যথার্থ হয়, তাহা হইলে, যত কাল চন্দ্র স্থ্য, তত্রাল মনুষ্য। বৈজ্ঞানিকের। এতত্রে
কি প্রমাণ সংগ্রহ করিয়াছেন, তাহাই সমালোচিত করা এ প্রবন্ধের উদ্দেশ্য।

বিজ্ঞানের অদ্যাপি এমত শক্তি হয় নাই যে জগৎ অনাদি কি সাদি তাহার মীমাংসা করেন। কোন কালে সে মীমাংসা হইবে কি না, তাহাও সন্দেহের স্থল। তবে এক কালে, জগতের যে এরপ ছিল না, বিজ্ঞান ইহা ব-লিতে সক্ষম। ইহা বলিতে পারে, যে এই পৃথিবী এইরূপ তৃণ শর্সা রক্ষময়ী, সাগর পর্বা-তর্মদ পরিপূর্ণা, জীবসঙ্কালা, জীব বাংসাপয়োল গিনী ছিলনা; গগন এককালে এরপ স্থা চন্দ্র নক্তাদি বিশিক্ত ছিল না। একদিন -তখন দিন, হয় নাই —এককালে জল ছিল না, ভূমি ছিল না-বায়ু ছিল না। কিন্তু ষাহাতে এই চন্দ্র সূর্যা তারা হইয়াছে, যাহাতে জল বায়ু ভূমি হইয়াছে—যাহাতে নদ নদী সিন্দ্—বন বিউপী বুক্ষ — তুণ লতা পুষ্পা—পশু পক্ষী মানব হইয়াছে তাহা ছিল। জগতের রূপান্তর ঘটি-য়াছ, ইহা বিজ্ঞান বলিতে পারে। কবে ঘটিল, কি প্রকারে ঘটিল,তাহা বিজ্ঞান বলিতে পারে না। তবে ইহাই বলিতে পারে যে সকলই নিয়মের বলে ঘটিয়াছে—ক্ষণিক ইচ্ছাধীন নহে। যে সকল নিয়মে অন্যাপি জড় প্রকৃতি শাসিতা হইতেছে, সেই সকল নিয়মের ফলেই এই ঘোর রূপান্তর ঘটিয়াছে।
সেই সকল নিয়মে? তবে আর সেরূপ রূপ্থান্তর দেখি না কেনং দেখিতেছি। তিল তিল করিয়া, মুহুর্ত্তে মুহুর্ত্তে জগতের রূপান্তর ঘটিতেছে। কোটি কোটি বৎসর পরে, পৃথিবী কি ঠিক এই রূপ থাকিবে? তাহা নহে।

কিরপে এই ঘোর রূপান্তর ঘটিল, এ প্র শ্লের একটি উত্তর অতি বিখ্যাত। আমরা লাপ্লাসের মতের কথা বলিতেছি। লাপ্লাসের মত ক্ষুদ্র বিদ্যালয়ের ছাত্রেরাও জানেন— সংক্ষেপে বর্ণিত করিলেই হইবে। লাপ্লাস সৌরজগতের উৎপত্তি বুঝাইয়াছেন। তিনি

বলেন, মনে কর, আদে সূর্য্য, গ্রহ, উপগ্র-হাদি নাই, কিন্তু সৌরজতের প্রান্ত অতিক্রম করিয়া সর্বত সমভাবে, সৌরজগতের পরমাণু সকল ব্যাপিয়া রহিয়াছে। জড় পরমাণু মাত্রে-রই, পরস্পরাকর্ষণ, তাপক্ষয়, সঙ্কোচন প্রভৃতি যে সকল গুণ আছে, ঐ জগদ্বাপী প্রমাণুর ও থাকিবে। তাহার ফলে, ঐ পরমাণুরাশি, পরমাণুরাশির কেন্দ্রকে বেষ্টন করিয়া ঘূর্ণিত হইতে থাকিবে। এবং তাপক্ষতির ফলে ক্রমে সঙ্গুচিত হইতে থাকিবে। সঙ্গোচনকালে, প্রমাণ জগতের বহিঃপ্রদেশ সকল মধ্যভাগ হইতে বিযুক্ত হইতে থাকিবে। বিযুক্ত ভ গ্রাংশ পূর্বন সঞ্চিত বেগের গুণেমধ্য প্রদেশকে বেড়িয়া ঘূরিতে থাকিবে। যে সকল কারণে হৃষ্টিবিন্দু গোলছ প্রাপ্ত হয়, সেই সকল কারণে ঘ্রিতে ব্রিতে সেই ঘূর্ণিত বিষ্কু,ভগ্নাংশ, গোলাকার প্রাপ্ত হইবে। এইরূপে এক একটি গ্রহের উৎপত্তি। এবং তাহা হইতে
উপগ্রহগণেরও এরূপে উৎপত্তি। অবশিষ্ট
মধ্যভাগ, সঙ্কোচ প্রাপ্ত হইয়া বর্ত্তমান সূর্য্যে
পরিণত হইয়াছে।

\* যদি স্বীকার করা যায়, যে আদে পরমণ্ট্রিয়ার, আকার শৃন্য হইয়া জগৎ ব্যাপিয়া ছিল — জগতে আর কিছুই ছিল না— তাহাহইলে ইহা দিদ্ধ হয় যে প্রচলিত নৈসর্গিক নিয়মের বলে জগৎ সূর্য্য, \* চন্দ্র, গ্রহ, উপগ্রহ, ধুমকেছু-বিশিষ্ট হইবে — ঠিক্ এখন যেরূপ, দেইরূপ হইবে। প্রচলিত নিয়ম ভিন্ন অন্য প্রকার ঐশিক আজ্ঞার সাপেক্ষ নহে। এই গুরুতর

<sup>\*</sup>গতিশূন্য নক্ষত্র মাত্রেই হর্ষ্য। জগতৈ কোটি কোটি হর্মা।

তত্ত্ব, এই ক্ষুদ্র প্রবন্ধে বুঝাইবার সম্ভাবনা নহে – এবং ইহা সাধারণ পাঠকের বোধগম্য হই-তেও পারে না। আমাদের সে উদ্দেশ্যও নহে। খাঁহারা বিজ্ঞানালোচনায় সক্ষম ঠা-হারা এই নৈহারিক উপপাদ্য সম্বন্ধে হর্বট েপ্সন্সেরের বিচিত্র প্রবন্ধ পাঠ করিবেন। দে থিবেন, যে স্পেন্সের কেবল আকার শূন্য পরমাণু দমষ্টির অস্তিত্ব মাত্র প্রতিজ্ঞা করিয়া, তাহাহইতে জাগতিক ব্যাপারের সমুদায়ই সিদ্ধ করিয়াছেন। স্পেন্সরের সকল কথাগুলি প্রা-মাণিক না হইলে হইতে পারে, কিন্তু বুদ্ধির (कोशन जारहर्ग।

এইরপে যে বিশ্ব স্থান্তি হইরাছে, এমত কোন নৈদর্গিক প্রমাণ নাই। অন্য কোন প্রকারে, যে স্থান্তি হয় নাই, তাহার কোন নৈ-দর্গিক প্রমাণ নাই। তবে লাপ্লাদের মতে প্রমাণ বিরুদ্ধও কিছু নাই। স্ব অসম্ভব কিছু নাই। এ মত সম্ভব, সঙ্গত—অতএব ইহা প্রমাণের অতীত হইলেও গ্রাহ্য।

এই মত প্রকৃত হইলে, স্বীকার করিতে হয় যে আদে পৃথিবী ছিল না। সূর্য্যাঙ্গ হ-ইতে পৃথিবী বিক্ষিপ্ত হইয়াছে। পৃথিবী যথম বিক্ষিপ্ত হয়, তথম ইহা বাম্পরাশি মাত্র—নহিলে বিক্ষিপ্ত হইবে না। অতএব পৃথিবীর প্রথমাবস্থা, উত্তপ্ত বাম্পীয় গোলক।

একটি উত্তপ্ত বাস্পীয় গোলক—আকাশ পথে বহুকাল বিচরণ করিলে কি হইবে? প্রথমে তাহার তাপহানি হইবে। যেখানে তাপের আগার মাত্র নাই—সেখানে তাপ লেশ নাই; তাহা অচিন্তনীয় শৈ্ত্য বিশিষ্ট।

<sup>ঁ</sup> কোমং, মিল, স্পেন্দর প্রভৃতি এই মত অনুমোদন কুরেন। সরীজন হর্শেল বলেন, এ মত প্রমাণ বিক্ল।

> 6

আকাশে তাপাধার কিছু নাই—অতএব আ-কাশমার্গ অচিন্তনীয় শৈত্য বিশিষ্ট। এই শৈত্য বিশিষ্ট আকাশে বিচরণ করিতে করিতে তপ্ত বাস্পীয় গোলকের অবশ্য তাপক্ষয় হ-ইবে। তাপক্ষয় হইলে কি হইবে?

জলের উত্তপ্ত বাষ্পা সকলেই দেখিয়াছেন। সকলেই দেখিয়াছেন যে ঐ বাষ্পা শীতল হইলে জল হয়। আরও শীতল হইলে, জল বরফ হয়। সকল পদার্থের এই নিয়ম। যাহা উত্তপ্ত অবস্থায় বাষ্পাকৃত, তাপক্ষয়ে তাহা গাঢ়তা এবং কঠিনত্ব প্রাপ্ত হয়। অতএব বাষ্পীয় গোলকাকৃতা পৃথিবীর তাপক্ষয় হইলে, কালে তাহা এক্ষণকার গাঢ়তা এবং কঠিনাবস্থা প্রাপ্ত হইবে।

পৃথিবী কঠিনত্ব প্রাপ্ত হইয়াও কিছুকাল অগ্নিতপ্ত ছিল বিবেচনা হয়। অপেক্ষাকৃত, শীতলতা ঘটিলেই কঠিনতা জন্মিবে, কিন্তু
কঠিনতা জন্মিলেই তাহার সঙ্গে জীবাবাসযোগ্য শীতলতা ছিল বিবেচনা করা যায় না।
সেও কালে ঘটিয়াছিল। তাপক্ষতি হেতু যে
শীতলতা, তাহা উপরিভাগেরই প্রথমে ঘটে,
উপরি ভাগ শীতল হইলেও, ভিতর তপ্ত
থাকে। পৃথিবীর অভ্যন্তরে অদ্যাপি বিষম
তাপ আছে। ভূতত্ত্বিদেরা ইহা পুনঃ পুনঃ
প্রমাণীকৃত করিয়াছেন।

সেই উত্তপ্ত আদিমাবস্থায়, পৃথিবীতলে কোন জীব বা উদ্ভিদের বাসের সম্ভাবনা ছিল না। উত্তপ্ত বাস্পীয় গোলক জীবাবাসোপ যোগী শীতলতা এবং কঠিনতা প্রাপ্ত হইতে লক লক্ষ যুগ অতিবাহিত হইয়াছিল সন্দেহ নাই—কেননা আমাদের ছুধের বাটা জুড়াইতে যে কালবিলম্ব হয়, তাহাতেই আমাদের

ধৈর্যাচ্যুতি জন্মে। অতএব পৃথিবীর উৎপ-তির লক্ষ লক্ষ যুগ পরেও জীব বা উদ্ভিদের স্প্তি হয় নাই।

যাঁহারা ভূতত্ত্বের কিছুমাত্র জানেন, তাঁহারাও অবগত আছেন, যে পৃথিবীর উপরে নানা'
বিধ মৃত্তিকা এবং প্রস্তর স্তরে সন্ধিবেশিত আছে। এইরূপ স্তর সন্ধিবেশ কিয়দ্র
মাত্র পাওয়া যায়, তাহার পরে যে সকল প্রস্তর পাওয়া যায়, তাহা স্তরত্ব শুন্য।

নীচে স্তরত্বশূন্য প্রস্তর, ততুপরি স্তরে স্থান বিধ প্রস্তর, গৈরিক বা মৃতিকা। এই সকল স্তর্নবিক প্রস্তর, গৈরিক বা মৃতিকাভ্যন্তরে এমত জনেক প্রমাণ পাভয়া যায়, যে তাহা এক কালে সমুদ্রতলে ছিল। এমন কি জনেকগুলি স্তর কেবল ক্ষুদ্রহ সমুদ্রচর

জীবের শরীরের সমষ্টি মাত্র। চাখড়ি নামে যে গৈরিক বা প্রস্তর প্রচলিত, তাহা ইউরোপ খণ্ডের অধিকাংশের এবং আদিয়ার কিয়দংশের নিম্নে স্তর্নবিদ্ধ আছে। এক্ষণে বর্ত্তমান অনেকগুলি পর্বতি কেবল চাখড়ি। এই চাশ্ডি কেবল এক প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র সমুদ্রতক্ষন জীবের (Globigerinae) মৃত দেহের সমষ্টি মাত্র।

অতএব এই সকল গৈরিকস্তর এক কালে
সমুদ্রতলম্ব ছিল। ভূভাগের কোন স্থান কখন
সমুদ্রতলম্ব হইতেছে; আবার কাল সহকারে
সমুদ্রতল শুক্ষ ভূমিখণ্ড হইতেছে। ভূগর্ম্ব ক্রুবায়ু, বা অন্য কারণে কোথাও ভূমি কাল
সহকারে উন্নত, কালসহকারে অবনত হইতেছে। বেখানে ভূমি উন্নত হইল, সেখান

হইতে সমুদ্র সরিয়া গেল, যেখানে অবনত হইল, তাহার উপরে সাগরজলরাশি আসিয়া পড়িল। তাহার উপরে সমুদ্রবাহিত মৃত্তিকা, জাবদেহাদি পতিত হইয়া একটা নতন স্তর স্ফ হইল। মনে কর, আবার কালে, সমুদ্ সরিয়া গেল—সনুদ্রের তল শুক্ক ভূমি হইল — তাহার উপর রক্ষাদি জন্মিয়া—জীবদকল জন্ম গ্রহণ করিয়া বিচরণ করিল। আবার যদি কখন উহা সমুদ্র গর্ভ্ত হয়, তবে ততুপরি নতন স্তর সংস্থাপিত হইবে, এবং তথায় সে দকলজীব বিচরণ করিত, তাহাদিগের দেহাব-শেষ সেই স্তারে প্রোথিত হইবে। জীবের অস্থি ধ্বংস প্রাপ্ত হয় না-কিন্তু অতি দীর্ঘকাল প্রোথিত থাকিলে একরূপ প্রস্তরত্ব প্রাপ্ত হয়। এইরপ অস্থ্যাদিকে "ফদিল" বলা যায়। পা-जुतियां कयना, किमन कार्छ।

যে কয়টা কথা উপরে বলিলাম তাহাতে বুঝা যাইতেছে যে

- >। সর্কানিয়ে গুরহশুন্য প্রস্তর। ততু
   পরি অন্যান্য ৴গরিকাদি গুরে গুরে সমিবিই।
   ২। স্তর পরম্পরা, সাময়িক সম্বন্ধ বিশিই। যে স্তরটি নিম্নে, সেটি আগে, ফেটি
  তাহার উপরে, সেটি তাহার পরে হইয়াছে।
- ৩। যে স্তরে যে জীবের ফদিল অস্থিপাওয়া যায়, সেই স্তর যথন শুদ্ধ ভূমি বা জলতল ছিল, তথন সেই জীব বর্ত্তমান ছিল। যদি কোন স্তরে কোন জীব বিশেষের ফদিল একেবারে পাওয়া না যায়, তবে সেই স্তর স্ক্রমকালে সেই জীব ছিল না।
- ্ ৪। যদি কোন স্তরে ক নামক জীবের ফদিল পাওয়া যায়, থ নামক জীবের ফদিল পাওয়া মায় না; তাহার উপরিস্থ কোন স্তরে

যদি ঐ খ নামক জীবের ফসিল পাওয়া যায়, তবে সিদ্ধ হইতেছে খ নামক জন্তু ক নামক জন্তুর পরে স্ফাট।

সর্বা নিম্নস্থ স্তর্ত্বশূন্য প্রস্তরে কোন ফসিল ছিল না। অতঁএব সিদ্ধ হইতেছে, যে প্রথিবীর প্রথম ভূমিতে কোন জীব বিচরণ করে নাই। তথন পৃথিবী জীব শূন্য ছিল।

যখন প্রথম স্তরমধ্যে জীবদেহের ফিলি দেখা যায়, তখন মনুষ্যের অবস্থানের কোন চিচ্ছ পাওয়া যায় না। মনুষ্য দূরে থাকুক, কোন রহৎ বা ক্ষুদ্র চতুম্পদ জন্তর ফিলি পাওয়া যায় না। মৎস্য বা সরীস্পের কোন চিচ্ছ পাওয়া যায় না। যে সকল ক্ষুদ্র কীটাদি-বৎ জীবের দেহাবশেষ পাওয়া যায়, তন্মধ্যে শিলুকই সর্বেলিংক্ষা। অতএব আদিম জীব লোকে শশুকেরা প্রভু ছিল।

তৎপরে মৎসা দেখা দিল। ক্রমে উপরে উঠিতে সরীস্থপ জাতীয়ের সাক্ষাৎ পাওয়া যায়। পূর্বকালীয় সরীস্থপ, অতি ভয়ঙ্কর, তাদৃশ বিচিত্র, বৃহৎ এবং ভয়ক্ষর স্রীস্প এক্ষণে পৃথিবীতে নাই। সরীস্থপের রাজ্যের পরে, তুন্যপায়ী জীবের দেখা পাওয়া যায়। ক্রমে নানাবিধ, হস্তী ঋক্ষ, গণ্ডার, সিংহ, হরিণ জাতীয় প্রভৃতি দেখা যায়, তথাপি ম-সুষ্য দেখা যায় না। মনুষ্যের চিহ্ন কেবল সর্কোর্দ্ধ স্তরে, অর্থাৎ আধুনিক মৃত্তিকার। তন্নিত্মস্থ অর্থাৎ দ্বিতীয় স্তরেও কদাচিৎ মকু-ষ্যের চিহ্ন পাওয়া যায়। অতএব মনুষ্যের স্ষ্টি সর্বশেষে; মনুষ্য সর্বাপেকা আধুনিক জীব।\*

<sup>\*</sup>এ কথায় এমত ব্ঝায় না, যে মহুষোর পর কোন হী-বের উৎপত্তি হয় নাই। বোধ হয়, বিড়াল মহুষোর কনিত।

"আধুনিক" শব্দে এন্থলে কি বুঝায় তাহা বিবেচনা করিয়া দেখা উচিত। যে সকল স্তারের কথা বলিলাম, সে গুলির সম-বায়, পৃথিবীর স্থাের স্বরূপ। একটি স্তারের উৎপত্তি ও সমাপ্তিতে কত লক্ষ বৎসর, কত কোটি বৎসর লাগিয়াছে, তাহা কে বলিবে? তাহ। গণনা করিবার উপায় নাই। তবে কেবল ইহাই বলা যাইতে পারে, যে সে কাল অপরিমিত—বৃদ্ধির ধারণার অতীত। मर्त्लाक छरत्र मनुषा हिरू, এই कथा विनात, এমত বুঝায় না, যে বহু সহসু বৎসর মনুষ্য পৃথিবীবাদী নহে। তবে পৃথিবীর বয়ংক্রমের সঙ্গে তুলন। করিলে বোধ হয়, মনুষ্যের উৎ-পত্তি এই মুহূর্তে হইয়াছে। এই জন্য মৃত্-ষ্যকে আধুনিক জীব বলা যাইতেছে।

মিসরদেশের রাজাবলীর যেসকল তালিকা

প্রচলিত আছে, তাহাতে যদি বিশ্বাস করা যায়, তবে মিশরদেশে দশ সহস্র বৎসর।বিধি রাজশাসন প্রচলিত আছে। হোমর, ঐাষ্টের নয়শত বৎসর পূর্বে পৃথিবী বিদিত মহাকা-ব্যন্তর রচনা করেন; ইহা সর্ববাদি সম্মত। হোমরের গ্রন্থে মিসরের রাজধানী শতদার বিশিষ্টা থিবদ নগরীর মহিমা কীর্ত্তিত হই-য়াছে। মনুষ্যজাতি সভ্যাবস্থায় একবার উন্ন-তির পথে পদার্পণ করিলে, উন্নতি শীঘ্র শীঘ্র লাভ করিয়া থাকে বটে, কিন্তু অসভ্যদিগের স্বতঃ সম্পন্ন যে উন্নতি তাহা অচিন্তনীয় কাল বিলম্বে ঘটিয়া থাকে। ভারতীয় বক্সজাতিগণ চারি সহস্র বৎসর সভ্যজাতির প্রতিবেশী হইয়াও বিশেষ কিছু উন্নতি লাভ করিতে পারে নাই। অতএব সহজে বুঝিতে পারা যায় যে মিদরদেশে সভ্যতা স্বতঃ জন্মিয়া

যেকালে, শতদ্বার বিশিষ্টা নগরী সংস্থাপনে সক্ষম হইয়াছিল, তাহার পরিমাণ বহু সহস্র বংসর ৷ মিসরতত্ত্বজ্ঞেরা বলিয়া থাকেন, যে মেক্ষিজ প্রভৃতি নগরী থিবৃদ্ হইতে প্রাচীনা। এই সকল নগরীতে খে দেবালয়াদি অদ্যাপি বর্কুমান আছে, তাহাতে যুদ্ধজয়াদির উৎসবের প্রতিকৃতি আছে। সর জর্জ কর্ণভয়াল লুইদ বলেন ঐতিহাসিক সময়ে মিসর দেশীয়দিগকে কথন যুদ্ধপরায়ণ দেখা যায় না। অথচ কোন কালে তাহারা যুদ্ধপরায়ণ না থাকিলে, তল্লি-ম্মিত মন্দিরাদিতে যুদ্ধ জয়োৎসবের প্রতিকৃতি থাকিবার সম্ভাবনা ছিল না। অতএব বিবে-চনা করিতে **হইবে** যে ঐতিহাসিক কালের পুর্বেই মিদর দেশীয়েরা এতদুর উন্নতি লাভ করিয়াছিল, যে প্রকাণ্ড , মন্দিরাদি নির্মাণ ক-রিয়া জাতীয় কীর্ত্তি সকল তাহাকে চিত্রিত

করিত। অসভ্যজাতি কেবল আপন প্রতিভাকে সহায় করিয়া যে এত দূর উন্নতি লাভ করে অনেক সহস্র বৎসরের কাজ। তাহার পর ঐতিহাদিক কাল অনেক সহস্র বৎসর। অতএব বহু সহস্র বৎসর হইতে মিসরদেশে মনুষ্যজাতি সমাজ বদ্ধ হইয়া বাস করিতিছে। সে দশ সহসূ বৎসর,কি ততাধিক, কি তাহার কিছু সুন্য তাহা বলা যায় ন।।

মিসরদেশ নীলনদী নিশ্মিত। বংসর বংসর নীলনদীর জলে আনীত কর্দমরাশিতে এই দেশ গঠিত হইয়াছে। থীব্স্ মেশ্ফিজ প্রভৃতি নগরী নীলনদী পলির উপর স্থাপিত হইয়াছিল। এই নদী কর্দম নিশ্মিত প্রদেশ ১৮৫১৩১৮৫৪ সালে রাজব্যয়ে স্থাগ্য তত্ত্বা-বধারকের তত্ত্বাবধারণায় নিখাত হইয়াছিল। নানা স্থানে খনন করা যায়। যেখানে খনন

করা হইয়া গিয়াছিল, সেইখান হইতেই ভগ্ন মুৎপাত্র, ইফকাদি উঠিয়াছিল। এমন কি ষাট ফিট নীচে হইতে ইফক উঠিয়াছিল। সকল স্থানে এইরূপ ইস্টকাদি পাওয়াগিয়া-ছিল, অতএব ঐ সকল ইফক পূর্ববতন কুপাদি নিহিত বলিয়া বিবেচনা করা যায় না। এই সকল খনন কাৰ্য্য হেকেকিয়ান বে নামক এক-জন স্থৃশিক্ষিত আরমাণি জাতীয় কমাচারীর তত্ত্বাবধারণায় হইয়াছিল। লিনাণ্টবে নামক অপর একজন কম্মঢারী ৭২ফিট নিম্নে ইন্টক প্রাপ্ত হইয়াছিলেন।

মস্তর গিরার্ড অনুমান করেন যে নীলের কর্দম, শত বৎসরে পাঁচ ইঞ্চি মাত্র নিক্ষিপ্ত হয়। যদি শত বৎসরে পাঁচ ইঞ্চিও ধরিয়া লওয়া যায়, তাহাহইলে হেকেকিয়ান ৬০ ফিট নীচে যে ইট পাইয়াছিলেন, ভীহার বয়ঃক্রম অন্যন দ্বাদশ সহসু বংসর। মন্তর রজীর হিসাব করিয়া বলিয়াছেন, যে নীলের কাদা শত বংসরে ২।০ ইঞ্জি মাত্র জমে। যদি এ কথা সত্যুহয় তবে লিনাণ্টবের ইফকের বয়স্তিশ হাজার বংসর।

অতএব যদি কেহ বলেন, যে ত্রিশ হাজার বৎসরেরও অধিক কাল মিসরে মনুষ্যের বংস তবে তাঁহার কথা নিতান্ত প্রমাণশূন্য বলা যায় না।

মিসরে বেখানে, যত দূর ধনন করাগিলৈছে, সেইথানেই, পৃথিবীস্থ বর্ত্তমান জন্তুর অস্থাদি ভিন্ন লুপু জাতির অস্থাদি কোথাও পাওয়া যায় নাই। অতএব যে সকল স্তর মধ্যে লুপু জাতির অস্থাদি পাওয়া যায়, তদপেক্ষা এই নাল কৰ্দ্দমন্তর অত্যন্ত আধুনিক। আর যদি সেই সকল লুপু জন্তুর দেহাবশেষ বিশিষ্ট স্তর মধ্যে মনুষ্যের তৎসহ সমসাময়িকতার চিহ্ন পাওয়া যায়, তবে কত সহস্র বৎসর পৃ-থিবীতল মনুষ্যের আবাসভূমি কে তাহার পরিমাণ করিবে?

এরূপ সমসাময়িকতার চিহ্ন ফ্রান্স ও বেল্-জ্যমে পাওয়া গিয়াছে।

## रिक्रवनिक।

ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, এবং আকাশ, বহুকাল হইতে ভারতবর্ষে ভৌতিক সিংহাদন অধিকার করিয়াছিলেন। তাঁহারাই পঞ্ছুত— আর কেহ ভূত নহে। এক্ষণে ইউরোপ হ-ইতে নূতন বিজ্ঞান শাস্ত্র আদিয়া তাঁহাদিগকে সিংহাদনচ্যুত করিয়াছেন। ভূত বলিয়া আর

কেহ ভাঁহাদিগকে বড় মানে না। নৃতন বি-জ্ঞান শাস্ত্ৰলেন, আমি বিলাত হইতে নৃতন ভূত আনিয়াছি, তোমরা আগার কে? যদি ক্ষিত্যাদি জড়সড় হইয়া বলেন, যে আমরা প্রাচীন ভূত, কনাদকপিলাদির দ্বারা ভৌতিক -রাজ্যে অভিষিক্ত হইয়। প্রতি জীবশরীরে ৱাস করিতেছি, বিলাতী বিজ্ঞান বলেন, তোমর। আদে ভূত নও। আমরা "Blementary Substances" দেখ —তাহারাই ভুত; তাহার মধ্যে তোমরা কই! কুমি, আকাশ, তুমি কেহই নও —সম্বন্ধ বাচক শব্দমাত্র। তুমি, তেজঃ, তুমি কেবল একটি ক্রিয়া,—গতি বিশেষ মাত্র। জার, ক্ষিতি, অপ্, মরুৎ, তোমরা এক একজন তুই তিন বা ততোধিক ভূতে নিৰ্শ্মিত। তো-্মর৷ আবার কিসের ভূত? শিংহাসন ছাড়! আমার স্তেষট্টি পুতলী উহাতে বসাইব ?

যদি ভারতবর্ষ, এমন সহজে ভূতছাড়া হইত তবে ক্ষতি ছিল না। কিন্তু এখনও অনেকে পঞ্ছুতের প্রতি ভক্তিবিশিষ্ট। বাস্ত-বিক ভূত ছাড়াইলে একটু বিপদ্গ্রস্ত হইতে হয়। ভূতবাদীরা বলিবেন যে যদি ক্ষিত্যাদি, ভূত নহে, তবে আমাদিগের এশরীর কোথা হইতে ? কিসে নির্মিত হইল ? নৃতন বিজ্ঞান বলেন, যে "তোমাদের পুরাণ কথায় একেবারে অশ্রনা প্রকাশ করিয়া এ প্রশ্নের উত্তর দিতে চাহি না। জীবশরীরের একটি প্রধান ভাগ যে জল, ইহা অবশ্য সীকার করিব। আর মরু-তের সঙ্গে শরীরের একটি বিশেষ সম্বন্ধ আছে, —এমনকি শরীরের বায়ুকোষে বায়ু না গেলে প্রাণের ধ্বংস হয়, ইহাও স্বীকার করি। তেজঃ সম্বন্ধে ইহা স্বীকার করিতে তোমাদের বৈশে-ষিকেরা যে জঠরাগ্রি কল্পনা করিয়াছেন, তাহার

অস্তিত্ব আমার লিবিগ অতি স্তকোশলে প্রতি-পন্ন করিয়াছেন। আর যদি সন্তাপকেই তেজঃ বল, তবে মানি যে ইহা জাবদেহে অহরহঃ বি-রাজ করে, ইহার লাঘব হইলে প্রাহণর ধ্বংস হয়। সোভা পোতার্ম প্রভৃতি পৃথিবী বটে, •তাহা অত্যল্ল পরিমাণে শরীরমধ্যে আছে। আর আকাশ ছাড়া কিছুই নাই, কেন না আ-কাশ সম্বন্ধজ্ঞাপক শব্দ মাত্র। অতএব শর্রারে পঞ্চুতের অন্তিত্ব এপ্রকারে স্বীকার করিলাম। কিন্তু আমার প্রধান আপত্তি তি-नि । প্রথম, শরীরের সারাংশ এ সকলে নিশ্মিত নহে: এ সকল ভিন্ন অন্য অনেক প্র-কার উপকরণ আছে। দ্বিতীয়, ইহাদের ভুত বল কেন? তৃতীয়, ইহার সঙ্গে প্রাণাপানাদি বায়ু প্রভৃতি যে কতক গুলি কঁথা বল, বোধ-হয়, হিন্দু•রাজাদিগের আমলে আবকারির আ- ইন প্রচলিত থাকিলে, সে কথাগুলির প্রচার হইত না।"

"দেখ, এই তোমার সম্মুখে ইষ্টক নির্দ্মিত মনুষ্যের ৰাদগৃহ। ইহা ইফকনিশ্মিত, স্তরাং ইহাতে পৃথিবী আছে। গৃহস্থ ইহাতে পানা-দির জন্য কল্সী কল্সী জল সংগ্রহ করিয়া রাথিয়াছে। পাকার্থ, এবং আলোকের জন্য, অগ্রি জ্বালিয়াছে, স্তরাং তেজও বর্তমান। আকাশ, গৃহমধ্যে দৰ্কত্ৰই বৰ্তমান। দৰ্কত বায়ু যাতায়াত করিতেছে। স্বতরাং এ গৃহও পঞ্জুতনির্মিত? তুমি যেমন বল, মনুষ্যের এস্থানে প্রাণ বায়ু, ওস্থানে অপান বায়ু, ই-ত্যাদি, আমিও তেমনি বলিতেছি, এই দার পথে যে বায়ু বহিতেছে, তাহা প্রাণবায়ু, ও বাতায়ন পথে যাহা বহিতেছে, তাহা অপান বায়ু ইত্যাদি। তোমারও নির্দেশ যেমন

অমূলক ও প্রমাণশ্ন্য, আমার নির্দেশ তেমনি প্রমাণশ্ন্য। তুমি জীব শরীর সম্বন্ধে যাহা বলিবে, আমি এই অট্টালিকা সম্বন্ধে তাহাই বলিব। তুমি যদি আমার কথা অপ্রমাণ ক-রিতে যাও, তোমার স্বপক্ষের কথাও অপ্রমাণ 'হইয়া পড়িবে। তবে কি, তুমি আমার এই অট্টালিকাটি জীব বলিয়া স্বীকার করিবে?"

প্রাচীন দর্শনশাস্ত্রে এবং আধুনিক বিজ্ঞানে এই প্রকার বিবাদ। ভারতবর্ষবাদীরা মধ্যস্থ। মধ্যস্থেরা তিন প্রেণীভুক্ত। এক প্রেণীর মধ্যস্থেরা বলেন, যে "প্রাচীন দর্শন, আমাদের দেশীয়। যাহা আমাদের দেশীয় তাহাই ভাল, তাহাই মান্য এবং যথার্থ। আধুনিক বিজ্ঞান বিদেশী, যাহারা প্রীষ্টান হইয়াছে, সন্ধ্যা আহ্নিক করে না, উহারাই তাহাকে মানে। আমাদের দর্শন সিদ্ধ ঋষিপ্রণীত,

ভাহাদিগের মনুষ্যাতীত জ্ঞান ছিল, দিব্য চক্ষে সকল দেখিতে পাইতেন কেন.না ভাঁহারাপ্রা-চান এবং এদেশীয়। আধুনিক বিজ্ঞান যাঁহা-দিগের প্রথীত, ভাঁহারা সামান্য মনুষ্য। স্থতরাং প্রাচীন মতই মানিব।"

্ব আর এক শ্রেণীর মধ্যস্থ আছেন, ভাঁহারা<sup>,</sup> বলেন, "কোনটি মানিতে ইইবে, তাহা জানি না। দৰ্শনে কি আছে, তাহা জানি না, বি-জ্ঞানে কি আছে তাহাও জানি না। কালেজে তোত। পাথীরমত কিছু বিজ্ঞান শিথিয়।ছিলাম वर्ते. किन्त यनि जिल्लामा कन रकन रम मव মানি, তবে আমার কোন উত্তর নাই। যদি তুই মানিলে চলে, তবে তুই মানি। তবে, যদি নিতান্ত পীড়া পীড়ি কর, তবে বিজ্ঞানই মানি, কেননা তাহা না মানিলে, লোকে আজি कालि मूर्थ वरल। विकान मानिस्क लारक বলিবে এ ইংরেজি জানে, সে গৌরব ছাড়িতে পারি না। আর, বিজ্ঞান মানিলে বিনা কফে হিন্দুয়ানির বাঁধাবাঁধি হইতে নিষ্কৃতি পাওয়া যায়। সে অ্লুপ্ল স্থুখ নহে। স্ত্রাং বিজ্ঞানই মানিব।"

তৃতীয় শ্রেণীর মধ্যম্বেরা বলেন, "প্রাচীন দর্শন শাস্ত্র দেশী বলিয়া তৎপ্রতি আমাদিগের বিশেষ প্রীতি বা অপ্রীতি নাই। আধুনিক বিজ্ঞান সাহেবি বলিয়া তাহাকে ভক্তি বা অ-ভক্তি করি না। যেটি যথার্থ হইবে তাহাই মানিব—ইহাতে কেহ খ্রীফীন, বা কেহ মুর্থ বলে, তাহাতে ক্ষতি বোধ করি না ৷ কোন্টি যথার্থ, কোন্টি অযথার্থ তাহা মীমাংসা করিবে কে? আমরা আপনার বুদ্ধিমত মীমাংদা ক-রিব; পরের বুদ্ধিতে যাইব না। দার্শনি-কেরা আমাদিগের দেশী লোক বলিয়া তাঁহা-

দিগকে সর্বজ্ঞ মনে করিব না—ইংরেজেরা রাজা বলিয়া তাঁহাদিগকে অভ্রান্ত মনে করি না। "সর্বজ্জ" বা "সিদ্ধ" মানি না; আধু-নিক মনুত্যাপেক্ষা প্রাচীন ঋষিদিগের কোন প্রকার বিশেষ জ্ঞানের উপায় ছিল, তাহা মানি না—কেন না যাহা অনৈদর্গিক তাহা मानिव ना। वतः देशहे वलि. य প्राচीना-পেক্ষা আধুনিকদিগের অধিক জ্ঞানবতার সম্ভা वना। (कन ना, (कान वः म यिन श्रुक्तराजू-ক্রমে সকলেই কিছু কিছু সঞ্চয় করিয়া যায়, তবে প্রপিতামহ অপেকা প্রপৌজ্র ধনবান হ-ইবে সন্দেহ নাই। তবে, আপনার ক্ষুদ্র-বুদ্ধিতে এ সকল গুরুতর তত্ত্বের মীমাংসা করিব কিপ্রকারে? প্রমাণানুসারে। যিনি প্রমাণ দেখাইবেন, তাঁহার কথায় বিশ্বাস ক-রিব। যিনি কেবল আনুমানিক কথা-বলিবেন,

তাহার কোন প্রমাণ দেখাইবেন না. তিনি পিতৃ পিতামহ হইলেও তাঁহার কথায় অ-শ্রদ্ধা করিব। দার্শনিকেরা, কেবল অনুমা-নের উপর নির্ভর করিয়া বলেন, ক হইতে থ হইয়াছে, গ্রমধ্যে ঘর্ত্তাছে, ইত্যাদি। তাঁহারা •তাহার কোন প্রমাণ নির্দেশ করেন না; কোন প্রমাণের অনুসন্ধান করিয়াছেন, এমত কথা বলেন না. সন্ধান করিলেও কোন প্রমাণ পা-उशा याग्र ना। यिन कथन श्रमान निर्मन করেন, সে প্রমাণও আনুমানিক বা কাল্পনিক, তাহার আবার প্রমাণের প্রয়োজন; তাহাও পাওয়া যায় না। অতএব আজন্ম মূর্থ হইয়া থাকিতেহয়, সেও ভাল, তথাপি দর্শন মানিব এদিকে বিজ্ঞান আমাদিগকে বলিতে-ছেন, "আমি তোমাকে সহসা বিশ্বাস করিতে ্বলি না, যে সহসা বিশ্বাস করে, আমি তাহার প্রতি অনুগ্রহ করি না; সে যেন আমার কাছে আইদে না। আমি যাহা তোমার কাছে প্রমা-ণের দারা প্রতিপন্ন করিব, তুমি তাহাই বিশ্বাস করিও, তাহার তিলার্দ্ধ অধিক বিশাস করিলে তুমি আমার ত্যজ্য। 'আমি যে প্রমাণ দিব, তাহা প্রত্যক। একজনে সকল কাণ্ড প্রত্যক করিতে পারে না, এজন্য কতকগুলি তোমাকে অন্যের প্রত্যক্ষের কথা শুনিয়া বিশ্বাস করিতে হইবে। কিন্তু যেটিতে তোমার সন্দেহ হইবে, সেইটি তুমি স্বয়ং প্রত্যক্ষ করিও। সর্বদা আমার প্রতি সন্দেহ করিও। দর্শনের প্রতি স-ন্দেহ করিলেই, দে ভস্ম হইয়া যায়, কিন্তু সন্দেহেই আমার পুষ্ঠি। আমি জীবশরীর সম্বন্ধে যাহা বলিতেছি, আমার সঙ্গে শবচ্ছেদ গৃহে, ও রাসায়নিক পরীক্ষাশালায় আইস। সকলই প্রত্যক্ষ দেখাইব।" এইরূপ অভি-

হিত হইয়া, বিজ্ঞানের গৃহে গিয়া সকলই প্রমাণসহিত দেখিয়া আদিয়াছি। স্থতরাং বিজ্ঞানেই আমাদের বিশ্বাস।"

যাঁহারা এই সকল কথা শুনিয়া কুভূহল
,বিশিষ্ট হইবেন, তাঁহারা বিজ্ঞান মাতার আহ্বানাতুসারে তাঁহার শবচ্ছেদ গৃহে এবং রাদ্ধরনিক পরীক্ষাশালায় গিয়া দেখুন, পঞ্ছুতের
কি ছুর্দশা হইয়াছে। জীব শরীরের ভৌতিকতত্ত্ব সন্থন্ধে আমরা যদি ছুই একটা কথা বলিয়া
রাখি, তবে তাঁহাদিগের পথ একটু সুগম
হইবে।

বিষয় বাহুল্য ভয়ে কেবল একটি তত্ত্বই
আমরা সংক্ষেপে বুঝাইব। আমরা অনুমান
ক্রিয়া রাখিলাম— দে পাঠক, জীবের শারীরিক নির্মাণ সম্বন্ধে অভিজ্ঞ। গঠনের কথা
বলিব না—গঠনের সামগ্রীর কথা বলিব।

একবিন্দু শোণিত লইয়া অনুবীক্ষণ মন্ত্রের ষারা পরীক্ষা কর। তাহাতে কতকগুলি ক্ষুদ্র২ চক্রাকার বস্তু দেখিবে। অধিকাংশই রক্ত-বর্ণ, এবং,সেই চক্রাণুসমূহের বর্ণ হেতুই শোণি-তের বর্ণ রক্ত, তাহাও দেখিবে। তন্মধ্যে, ম্ধা,২ আর কতকগুলি দেখিবে, তাহা রক্ত-, বৰ্ণ নহে,—বৰ্ণহীন, রক্তচক্ৰাণু হইতে কিঞ্ছিৎ বড়, প্রকৃত চক্রাকার নহে—আকারের কোন নিয়ম নাই। শরীরাভ্যন্তরে, যে তাপ, পরী-ক্ষ্যাণ রক্তবিন্দু যদি সেই রূপ তাপ সংযুক্ত রাখা যায়, তাহা হইলে দেখা যাইবে, এই বর্ণহান চক্রাণু সকল সজীব পদার্থের ন্যায় আচরণ করিবে। আপনারা যথেচ্ছা ঢলিয়া বেড়াইবে, আকার পরিবর্ত্তন করিবে, কথন কোন অস বাছাইয়। দিবে, কথন কোন ভাগ मक्षीर्व कतिया नहेरव। अहे छिन त्य अनार्थित

সমষ্টি, তাহাকে ইউরোপীয় বৈজ্ঞানিকেরা প্রোটোপ্লাম্বা বিত্প্লাম্বলেন। আমরা ইহাকে "জৈবনিক" বলিলাম। ইহাই জীব শরীর নির্মাণের একমাত্র সামগ্রী। যাহাতে ইহা আছে তাহাই জীব, যাহাতে ইহা নাই তাহা জীব নহে। দেখা যাউক, এই সাম-গ্রীটি কি।

এক্ষণকার বিদ্যালয়ে ছাত্রেরা অনেকেই দেখিয়াছেন, আচার্য্যের। বৈত্যুতীয় হল্ল সাহায্যে জল, উড়াইয়া দেন। বাস্তবিক জল উড়িয়া যায় না; জল অন্তর্হিত হয় বটে, কিন্তু
তাহার স্থানে ছইটা বায়বীয় পদার্থ পাওয়া
যায়—পরীক্ষক সেই ছইটা পৃথক্ পৃথক্ পাত্রে
ধরিয়া রাথেন। সেই ছইটি পুনর্ব্যার একত্রিত করিয়া আগুনদিলে আনার জল হয়।
অতএব দেখা যাইতেছে যে এই ছইটি পদা-

থের রাসায়নিক সংযোগে জলের জন্ম। ইহার একটির নাম অমুজান বায়ু; দ্বিতীয়টির নাম জলজান বায়ু।

যে বায়ু পৃথিবী ব্যাপিয়া রহিয়াছে, ইহা-তেও অয়জান আছে। অয়জান ভিন্ন আর একটি বায়বীয় পদার্থও তাহাতে অ,ছে। সেটি যবক্ষারেও আছে, বলিয়া তাহার নাম যবক্ষার জান হইয়াছে। অন্ত্রজান ও যবকার্জান সাধা-রণ বায়ুতে রাসায়নিক সংযোগে যুক্ত নহে। মিশ্রিত মাত্র। যাঁহার। রসায়নবিদ্যা প্রথম শিক্ষা করিতে প্রবৃত্ত হয়েন, ভাঁহারা শুনিয়া চমৎকৃত হয়েন যে হারক ও অঙ্গার একট বস্তু। বাস্তবিক এ কথা সত্য, এবং প্রীক্ষা-ধীন। যে দ্রব্য উভয়েরই সার, তাহার নাম रहेशाएए अन्नादकान । कार्क वृग रेजनानि गाँह। দাহ করা যায়, তাহার দাহাভাগ এই অসার-

জান। অঙ্গারজানের সহিত অনুজানের রাসা-য়নিক যোগ ক্রিয়াকে দাহ বলে। এই চারিটি পদার্থ সর্বন্ধা পরস্পারে রাসায়নিক যোগে সং-যুক্ত হয়। যথা, অমুজানে জলজানে জল হয়। অমুজানে যবকারজানে নাইটীক আসিড নামক প্রাদিদ্ধ ঔষধ হয়। অমুজানে, অঙ্গারজানে আঙ্গারিক অমু (কার্ব্বণিক আসিড) হয়। যে বাষ্পের কারণ সোডা ওয়াটার উছলিয়া উঠে, দে এই পদার্থ। দীপশিখা হইতে এবং মনুষ্য নিশ্বাদে ইহা বাহির হইয়া থাকে। যবক্ষার জান একং জলজানে আমনিয়া নামক প্রসিদ্ধ তেজস্বী ঔষধ হইয়া থাকে। অঙ্গারজান এবং জলজানে তারপিন তৈল প্রভৃতি অনেকগুলি তৈলবৎ এবং অন্যান্য সামগ্রী হয়। ইত্যাদি। এই চারিটি সামগ্রী যেমন পরস্পারের স-

অন্যান্য সামগ্রীর সহিত যুক্ত হয় এবং সেই সংযোগেই এই পৃথিবী নির্দ্মিত। যথা সভিয়ন্মের সঙ্গে ও ক্লোরাইনের সঙ্গে অমজানের সংযোগ বিশেষে লবণ; চুণের সঙ্গে অমজান ও অঙ্গারজানের সংযোগ বিশেষে মর্ম্মরাদ্রিনানাবিধ প্রস্তর হয়; সিলিকন এবং আলুমিনার সঙ্গে অমজানের সংযোগে নানাবিধ মৃতিকা।

ছুইটি সামগ্রীর রাসায়নিক সংযোগে যে এক ফল হয় এমত নহে। নানা মাত্রায় নান। দ্রোর সংযোগে নানা দ্রার হইয়া থাকে।

জলজান, অমুজান, অঙ্গারজান, এবং যব-ক্ষারজান, এই চারিটিই একত্রে সংযুক্ত হইয়া থাকে। সেই সংযোগের ফল জৈবনিক। জৈবনিকে এই চারিটি সামগ্রীই থাকে, ভার কিছুই থাকে না এমত নহে; অমুজানাদির সহস্

কথন২ গন্ধক, কথন পোতাস ইত্যাদি সামগ্রী থাকে। কিন্তু যে পদার্থে এই চারিটীই নাই. তাহা জৈবনিক নহে; যাহাতে এই চারিটীই আছে তাহাই জৈবনিক। জীবমাত্তেই এই ক্রৈরনিকে গঠিত; জীব ভিন্ন আর কিছুতেই \*কৈবনিক নাই। এই স্থলে জীব শব্দে কেবল প্ৰা বুঝাইতেছে এমত নহে। উদ্দিও জীব, কেন ন: তাহাদিগেরও জন্ম, রূদ্ধি, পুষ্টি ওমৃত্যু অ:ছে। অতএব উদ্ভিদের শরীরও জৈবনিকে নিৰ্দ্মিত। জিল্প সচেতন ও অচেতন জীবে এ বিষয়ে একটু বিশেষ প্রভেদ আছে।

জৈবনিক জীবশরীরমধ্যেই পাওরা যায়, অন্যত্র পাওরা যায় না। জীবশরীরে কোথা হুইতে জৈবনিক আইসে? জৈবনিক জাবশ-রীরে প্রস্তুত হুইয়া থাকে। উদ্ভিদ্ জীব, ভূমি ্এবং বায়ু,হুইতে অমুজানাদি গ্রহণ করিয়া আ- প্র শরীর মধ্যে তৎসমুদায়ের রাসায়নিক সং-যোগ সম্পাদন করিয়া জৈবনিক প্রস্তুত করে: সেই জৈবনিকে আপন শরীর নির্মাণ করে। কিন্ধ নিজ্জীব পদার্থ হইতে জৈবনিক পদার্থ প্রস্তুত করার যে শক্তি, তাহা উদ্ভিদেরই আছে। সচেতন জীবের এই শক্তি নাই': ইহারা স্বয়ং জৈবনিক প্রস্তুত করিতে পারে না; উদ্ভিদ্কে ভোজন করিয়া প্রস্তুত জৈব-নিক সংগ্ৰহ পূৰ্ব্বক শ্রীর পোষণ করে। কোন সচেতন জীব মুত্তিকা থাইয়া প্রাণ ধারণ করিতে পারে না, কিন্তু তুণ ধান্য প্রভৃতি সেই মৃত্তিকার রস পান করিয়া জীবন ধারণ করি-তেছে, কেন না উহারা তাহা হইতে জৈবনিক প্রস্তুত করে; রুষ মৃত্তিকা খাইবে না, ক্লিন্তু সেই তুণ ধান্যাদি খাইয়া তাহা হইতে জৈব-নিক গ্রহণ করিবে, ব্যাঘ্র আবার সেই রুষকে

খাইয়া জৈবনিক সংগ্রহ করিবে। যাঁহারা এদেশের জমীদারগণের দ্বেষক, তাঁহারা ব-লিতে পারেন, যে উদ্ভিদ্ জাঁবেরা এ জগতে চাসা, তাহারা উৎপাদন করে; অপরেরা জমী-দার, তাহারা চাসার উপার্জ্জন কাড়িয়া খায়, ভাপনারা কিছু করে না।

এখন দেখ, এক জৈবনিকে সর্বজীব নিপিতি। যে ধান ছড়াইয়া তুমি পাখীকে খাওয়াইতেছ, সে ধান যে সামগ্রী, পাখীও সেই
সামগ্রী, তুমিও সেই সামগ্রী। যে কুসুম,
গ্রাণ মাত্র লইয়া, লোকমোহিনী সুন্দরী কেলিয়া দিতেছেন, সুন্দরীও যাহা, কুসুমও তাই।
কীটও যাহা, সমাট্ও তাই। যে হংসপুচ্ছ
লেখনীতে আমি লিখিতেছি সেও যাহা আমিও তাই। সকলই জৈবনিক। প্রভেদও
ওক্তর।, জয়পুরী খেত প্রস্তরে তোমার

জলপান পাত্র বা ভোজন পাত্র নির্দ্যিত হইয়াছে; দেই প্রস্তারে তাজমহল এবং জমা
মসজিদও নির্দ্মিত হইয়াছে। উভয়ে প্রভেদ
নাই কে. বলিবে? গোষ্পাদেও জল, সমুদ্রেও
জল, গোষ্পাদে সমুদ্রে প্রভেদ নাই কে বলিবে?

কিন্তু স্থুল কথা বলিতে বাঁকি আছে।
কৈবনিক ভিন্ন জীবন নাই, দেখানে জীবন
সেইখানে জৈবনিক তাহার পূর্ববার্থানা। "অন্যথা সিদ্ধিশ্ন্যস্য নিয়তা পূর্ববর্ত্তিতা কারগত্বং" এ কথা যদি সত্য হয়, তবে জৈবনিকই
জীবনের কারণ। জৈবনিক ভিন্ন জীবন কুত্রাপি সিদ্ধ নহে, এবং জৈবনিক জীবনের
নিয়ত পূর্ববর্তী বটে। অতএব আমাদের
এই চঞ্চল, স্থেখহুংখবহুল, বহু স্লেহাম্পাদ
জীবন, কেবল জৈবনিকের ক্রিয়া, ঝাসায়নিক

সংযোগসমবেত জড় পদার্থের ফল। নিউ-টনের বিজ্ঞান, কালিদাসের কবিতা, হস্বোল্ট্ বা শঙ্করাচার্য্যের পাণ্ডিত্য-সকলই জড় পদা-থের ক্রিয়া; শাক্যসিংহের ধর্মজ্ঞান, আকব-রের শৌর্য্য, কোমতের দর্শনবিদ্যা সকলই ্জডের গতি। তোমার বনিতার থেম, বাল-কের অমৃত ভাষা, পিতার সতুপদেশ—সক-লই জডপদার্থের আকঞ্চন সম্প্রসারণ মাত্র— জৈবনিক ভিন্ন ভিতরে আরু ঐন্দ্রজালিক কেহ নাই। যে যশের জন্য তুমি প্রণিপাত করি-তেছ, সে এই জৈবনিকের ক্রিয়া—তেমন স-মুদ্রগর্জন এক প্রকার জড়পদার্থকৃত কোলা-হল, যশ তেমনি জডপদার্থকৃত অন্য প্রকার কোলাহল মাত্র। এই সর্ব্বকর্ত্ত। জৈবনিক অমুজান, জলজান, অসারজান এবং ব্ৰক্ষার-জানের রাসায়নিক সমষ্টি। অতএব এই ঢা-

রিটি ভৌতিক পদার্থই ইচ্ছাময়ের ইচ্ছায় সর্ব্ব কর্তা। ইহারা প্রকৃত ভূত, এবং এই ভূতের কাণ্ড সকল আশ্চর্য্য বটে। পাঠক দেখিবেন. যে আমাদিগের পূর্ব্বপরিচিত পঞ্ভূত হইতে এই আধুনিক ভূতগণের যে প্রভেদ তাহা কে-বল্ প্রমাণগত। নচেৎ উভয়েরই ফল প্রকৃতি. বাদ (Materialism) সাংখ্যের প্রকৃতিবাদ হইতে আধুনিক প্রকৃতিবাদের প্রভেদ, প্রধানতঃ প্র-মাণগত। তবে আধুনিক বলেন, ক্ষিত্যাদি ভূত নহে, আমাদিগের পরিচিত এই ভূত গু-লিই সূত। যেই সূত হউক তাহাতে আমা-দের বিশেষ ক্ষতি নাই,—কেন না মনুষ্যজাতি ভূত ছাড়া হইল না। যুবেনল্ হইতে কালা-ইল পর্যান্ত অনেকে চেফী করিয়া দেখিয়া-ছেন-গালি দিয়াও মনুষ্যজাতির ভূত ছীড়া-ইতে পারেন নাই।

## পরিমাণর। হৃস্য

আমাদিগের দকল ইন্দ্রিয়ের অপেক্ষা চ-ক্ষুর উপর বিশ্বাদ অধিক। কিছুতে যাহা বিশাস না করি, চকে দেখিলেই তাহাতে বিশ্বাদ হয়। অথচ চক্ষের ন্যায় প্রবঞ্জ কেহ নহে। যে সূর্য্যের পরিমাণ লক্ষৎ যোজনে হয় না, তাহাকে একখানি স্বর্ণথালির মত দেখি। প্রকাণ্ড বিশ্বকে একটি ক্ষুদ্র নক্ষত্র দেখি। যে চল্ডের দূরতা সূর্যোর দূরতার চারি শত ভাগের এক ভাগও নহে, তাহা সূ-র্বোর সমদূরবতী দেখায়। যে প্রমাণুতে এই জগৎ নির্মিত তাহার একটিও দেখিতে পাই না। আনুবীক্ষণিক জীব জৈবনিকাদি কিছুই দেখিতে পাই ন।। এই অবিশ্বাস যোগ্য চুক্ষুকেই আমাদের বিশ্বাস।

দর্শনেন্দ্রিরের এইরূপ শক্তিহীনতার গতিকে আমরা জগতের পরিমাণবৈচিত্র কিছুই বুঝিতে পারি না। জ্যোতিফাদি ভতি
রহৎ পদার্থকে ক্ষুদ্র দেখি, এবং, অতি ক্ষুদ্র
পদার্থ সকলকে একেবারে দেখিতে পাই না।
ভাগ্যক্রমে, মন বাহেন্দ্রিয়াপেকা দূরদর্শী;
অদর্শনীয় ওবিজ্ঞান দ্বারা মিত হইয়াছে। সে
পরিমাণ অতি বিশ্বয়কর। তুই একটা উদাহরণ
দিতেছি।

সকলে জানেন যে পৃথিবীর ব্যাস ৭০৯১ মাইল। যদি পৃথিবীকে এক মাইল দীর্ঘ
এক মাইল প্রস্থা, এমত খণ্ডে খণ্ডে ভাগ করা
যায়, তাহাহইলে উনিশ কোটি ছয়ষটি লক্ষ্,
ছাবিশে হাজার এইরপ বর্গ মাইল পাওয়া যায়।
এক মাইল দীর্ঘ, এক মাইল প্রস্থে, এবং এক
মাইল উদ্ধি এরূপ ২৫৯,৮০০,০০০,০০০

মাইল পাওয়া যায়। ওজনে পৃথিবী যত টন হইয়াছে, তাহা মিন্নে অঙ্কের দারা লিখিলাম। ৬,০৬৯,০০০,০০০,০০০,০০০। এক টন সাুতাইশ মনের অধিক।

এই আঁকার কি.ভয়ানক, তাঁহা মনে ক-ল্লনা করা যায় না। সমগ্র হিমালয় পর্বত ইহার নিকট বালুকাকণার অপেকাও কুদ্র। কিন্তু এই প্রকাণ্ড পৃথিবী দুর্য্যের আকারের সহিত তুলনায়, বালুকা মাত্র। চন্দ্র একটি প্রকাণ্ড উপগ্রহ, উহা পৃথিনী হইতে ২৪০,০০০ মাইল দূরে অবস্থিত। সূর্য্য এ প্রকার প্রকাণ্ড পদার্থ, যে তাহা অন্তঃশূন্য করিয়া পৃথিবীকে চন্দ্রদমেত তাহার মধ্যস্থলে স্থাপিত করিলে, চন্দ্র এথন যেরূপ দূরে থাকিয়া পৃথিবীর পার্শে বঁর্ত্তন করে, সুর্য্যগর্ত্তেও সেইরূপ করিতে

<sup>\*</sup> আছ্র্যা সৌরোৎপাত দেখ।

পারে, এবং চন্দ্রের বর্ত্তনপথ ছাড়াও এক লক্ষ ষাট হাজার মাইল বেশী থাকে।

সূথ্যর দূরতা কত মাইল, তাহা বালকে-ও জানে, কিন্তু সেই চূরতা অনুভূত করিবার জন্য, নিম্ন লিখিত গণনা উদ্ধৃত করিলাম।

় অম্মদাদির দেশে রেইলওয়ে ট্রেণ ঘণ্টায় ২০ মাইল যায়। যদি পৃথিবী হইতে সূর্ব্য পর্যান্ত রেইলওয়ে হইত তবে কত কালে সূর্ব্যলেকে যাইতে পারিতামণ উত্তর—বিদ্দিন রাত্রি, ট্রেণ অবিরত ঘণ্টায় বিশ মাইল চলে, তবে ৫২০ বংসর ৬ মাস ১৬ দিনে সূর্ব্যলাকে পোঁছান যায়। অর্থাৎ সে ব্যক্তিট্রেণ চড়িবে, তাহার সপ্তদশ পুরুষ ঐ ট্রেণ

আর রহম্পতি শনি প্রভৃতি গ্রহ সকলের

<sup>(</sup>১) অ:\*5র্যা সৌরোৎপাত দেখ।

দূরতার সহিত তুলনায় এ দূরতাও সামান্য ।
বুবার গণনা করিয়া বলিয়াছেন, যে রেইল
যদি ঘণ্টায় ৩৩ মাইল চলে, তবে সূর্যলোক
হইতে কেছু রেইলে যাত্রা করিলে, দিন রাত্র
চলিয়া রহস্পতি গ্রহৈ ১৭১২ বংসরে শনি
গ্রহে ৩১১৩ বংসরে, উরেনসে ৬২২৬ বংসরে,
নেপ্রানে ৯৬৮৫ বংসরে পৌছিবে।

আবার এ দূরতা নক্ষত্র সূর্য্গণের দূরতার তুলনায় কেশের পরিমাণ মাত্র। দকল নক্ষতের অপেকা আল্ফা দেণ্টরাই আমাদিণ্যের নিকটবলী; তাহার দূরতা ৬১ দিগনাই নামক নক্ষত্রের পাঁচ ভাগের চারি ভাগ। এই দ্বিতীয় নক্ষত্রের দূরতা ৬০,৬৫০,০০০,০০০
মাইল। আলোকের গতি প্রতি দেকেণ্ডে
১৯২,০০০ মাইল। দেই আলোক ঐ নক্ষত্র
হইতে• আদিতে দশ বৎদরের অধিক কাল

লাগে। বেগা নামক নক্ষত্রের দূরতা ১৩০,০০০
০০০,০০০,০০০ মাইল; আলোক সেখান হইতে ২১ বৎসরে পৃথিবীতে পৌছে। ২১
বৎসর পূর্বে ঐ নক্ষত্রের যে অবস্থা ছিল
তাহা আমরা দেখিতেছি—উহার অদ্যকার
অবস্থা আমাদিগের জানিবার সাধ্য নাই।

আবার নীহারিকাগণের দূরতার সঙ্গেতুলনার, এ সকল নক্ষত্রের দূরতা সূত্র পরিমিক
লোগ হয়। বীনা (Lyra) নামক নক্ষত্র সমষ্ঠির বিটা ও গামা নক্ষত্রের মধ্যবর্তী অঙ্গুরীয়বং নীহারিকার দূরতা, সর্ উইলিয়ম হর্শেলের গণনামুসারে সিরিয়সের দূরতার ৯৫০
ওণ। ঐ বিটা নক্ষত্রের দক্ষিণ পূর্ববিত্তিত
গোলাক্রত নীহারিকা, ঐ মহাত্মার গণনামুসারে সৌরজগর্থ হইতে ১,৩০০,০০০,০০০,
০০০,০০০ মাইল। ত্রিকোণ নামক নক্ষত্র

সমষ্টিস্থিত এক নীহারিকা, সিরিয়সের দূরতার ৩৪৪ গুণ দূরে অবস্থিত; এবং স্থাবৈন্ধির
ঢাল নামক নক্ষত্র সমষ্টিতে ঘোড়ার লালের
আকার যে এক নীহারিকা আছে, তাহার দূরতা উক্ত ভীষণ মানদণ্ডের নয়শত গুণ অর্থাৎ
৫০,০০০,০০০,০০০,০০০ মাইলের,কিছু
ন্যন।

পাদরি ডাক্তার ক্ষোরেস্বি বলেন যে যদি
আমাদিগের সূত্যকে এত দূরে লইয়া কাওয়া
যায়, যে তথা হইতে পঁচিশ হাজার বৎসরে
উহার আলোক আমাদিগের চক্ষে আসিবে,
উহা তথাপি লর্ড রসের রহৎ দূর্বীক্ষণে দৃশ্য
হইতে পারে। যদি তাহা সত্য হয় তবে,
যে নকল নীহারিকা হইতে সহত্র সহত্র প্রচণ্ড
সূর্য্যের রশ্মি এক্তিত হইয়াশ্মাদিলে ৪, নীহারিকাকে ঐ দূর্বীক্ষণে ধুমরেখা মাত্রবৎ দেখা

যায়, নাজানি যে কত কোটি বৎসরে আলোক তথা হইতে আসিয়া আমাদিগের নয়নে লাগে। অথচ আলোক প্রতি সেকেণ্ডে ১৯২০০০ মা-ইল, অর্থাৎ, পৃথিবীর পরিধির অফুগুণ, যায়।

পন্টন সাহেব জানিয়াছেন, যে রোদ্রের আলোক, মডরেটর দীপের অপেক্ষা ৪৪৪গুণ তীব্র। যদি কোন সামগ্রীর তুই ইঞ্চি দুরে ১৬০টা মমবাতী রাখা যায়, তবে তাহাতে যে আলোপড়ে সে রোদ্রের মত উজ্জল হয়। গণিত হইয়াছে যে, যদি সূর্য্য রশ্মিবিশিন্ট পদার্থ না হইত, তবে তাহাকে মমবাতীর সাত-কোটা বিশলক্ষ স্তারে আরত করিলে, অথাৎ নয় মাইল উচ্চ করিয়া বাতীতে তাহার দ্রাঙ্গ মুড়িয়া, দকল বাতী জ্বালিয়া দিলে রৌদের ন্যায় আলো পৃথিবীতে পাওয়া যাইত ৷ কি ভয়ক্ষর তাপাধার! দিনদিনেটির ডাক্তার তন

শ্বির করিয়াছেন, যে এক ফুট দুরে ১৪০০০ বাতী রাখিলে যে তাপ পাওয়া যায় রোদ্রের সেই তাপ। আর সূর্য্য আমাদিগের নিকট হই-তে যত দূর স্নাছে, ততদূরে থাকিলে ৩৫০০, ्०००००,०००००,०००००,००००० मर्-•খ্যক বাতী এক কালীননা পোড়াইলে রৌদ্রের ন্যায় তাপ হয় না। এ কথার অর্থ এই হই-তেছে যে, প্রত্যহ পৃথিবীর ন্যায় রহৎছুইশত বাতীর গোলক পোড়াইলে যে তাপ সম্ভত হয়, সূর্য্যদেব একদিনে তত তাপ থরচ করেন। তাঁহার তাপ যেরূপ খরচ হয়, সেইরূপ নিত্য২ উৎপন্ন হইয়া জমা হইয়া থাকে। তাহা না হইলে এই মহাতাপক্ষয়ে সূর্য্যও অল্পকালে অবশ্য তাপশূন্য হইতেন। কথিত হইয়াছে যে সূর্য্য দাহ্মান পদার্থ হইলে 'এই তাপ ব্যয় করিতে দশ বৎসরে অপনি দগ্ধ হইয়া যাইতেন।

মসূরপৃইলা গণনা করিয়াছেন, যে সতের মাইল উচ্চ কয়লার খনি পোড়াইলে যে তাপ জন্মে, এক বৎসরে সূর্য্য তত তাপ ব্যয় করেন। যদি সূর্য্যের তাপবাহিতা জলের ন্যায় হয়, তবে বৎসরে ২.৬ জিগ্রী সূর্য্যের তাপ ক-মিরে। কুঞ্চন ক্রিয়াতে তাপ সৃষ্টি হয়। সূর্য্যের ব্যাস তাহার দশ সহস্রাংশের একাংশ কমিলেই, তুই সহস্র বৎসরে ব্যয়িত তাপ সূর্য্য পুনঃ প্রাপ্ত হইবে।

দূর্য্যের তাপশালিতার যে ভয়ানক পরিমাণ লিখিত হইল, স্থিরনক্ষত্রমধ্যে অনেক
গুলিন তদপেক্ষা তাপশালী বোধ হয়। সে
দকলের তাপ পরিমিত হইবার উপায় নাই,
কেননা তাহার রোদ্র পৃথিবীতে আদে না,
কিন্তু তাহার আলোক পরিমিত হইতে পারে।
কোন কোন নক্ষত্রের প্রভাশালিতা পরিমিত

হইয়াছে। আলফা সেণ্টরাই নামক নক্ষ-ত্রের প্রভাশালিতা সূর্য্যের ২.৩২ গুণ। বেগা নক্ষত্র বাড়শ সূর্য্যের প্রভাবিশিষ্ট এবং নক্ষত্ররাজ 'মিরিয়স চুই শত পঞ্চবিংশতি সূর্য্যের প্রভাবিশিষ্ট। এই নক্ষত্র আমা-দিগের সৌরজগতের মধ্যবর্তী হইলে পৃষ্টি-ব্যাদি গ্রহ সকল অল্পকালমধ্যে বাস্প হইয়া কোথায় উড়িয়া যাইত।

এই সকল নক্ষত্রের সংখ্যা অতি ভয়ানক।
সর উইলিয়ম হর্শেল গণনা করিয়া স্থির
করিয়াছেন যে কেবল ছায়াপথে ১৮,০০০,০০০
নক্ষত্র আছে। স্ত্রুব বলেন আকাশে ছইকোটি নক্ষত্র আছে। মসূর শাকণাক বলেন,
নৃক্ত্র সংখ্যা সাত কোটি সত্তর লক্ষ। এ
সকল সংখ্যার মধ্যে নীহারিকাভ্যন্তরবর্ত্তী
নক্ষত্র সকল গণিত হয় নাই। যেন্ন সমুদ্র-

তীরে বালুকা, নীহারিকা সেইরূপ নক্ষত্র। এখানে অঙ্ক হারি মানে।

যদি অতি প্রকাণ্ড জগৎসকলের সংখ্যা এইরূপ অননুমেয়, তবে ক্ষুদ্র.পদার্থের কথা কি বলিব ? ইত্রেণবর্গ বলেন যে এক ঘন ইফি বিলিন শ্লেট প্রস্তরে চল্লিশহাজার Gallionella নামক আমুবীক্ষণিক শস্ত্ৰ আছে —তবে এই প্রস্তারের একটি পর্ববতশ্রেণীতে কত আছে কে মনে ধারণা করিতে পারে? ডাক্তার টমাস টম্সন্ পরীক্ষা করিয়া দেখি-য়াছেন যে সীসা, এক ঘন ইঞ্চির ৮৮৮,৪৯-২০০,০০,০০,০০০ ভাগের একভাগ পরিমিত হইয়া বিভক্ত হইতে পারে। উহাই দীসার পরমাণুর পরিমাণ। তিনিই পরীক্ষা করিয়া দেখিয়াছেন খে গন্ধকের পরমাণু ওজনে এক প্রেনের ২০০,০০,০০,০০০ ভাগের এক ভাগে।

## (সমুদ্রের গভারতার পরিমাণ।)

লোকের বিশ্বাস আছে, যে সমুদ্র কত গভীর, তাহার পরিমাণ নাই। অনেকের বিশ্বাস্ যে সমুদ্র "অতল।"

অনেক স্থানে সমুদ্রের গভীরতা পরিমিত হইয়াছে। আলেকজান্দ্র্যা নিবাসী প্রাচীন গণিত ব্যবসায়িগণ, অনুমান করিতেন, যে নিকটস্থ পর্বত সকল যত উচ্চ, সমুদ্রুও তত গভীর। ভূমধ্যস্থ (Mediteranean) সমুদ্রের অনেকস্থানে ইহার পোযক প্রমাণ পাওয়া গিয়াছে। তথায় এ পর্যান্ত ১৫,০০০ ফিটের অধিক জল পরিমিত হয়নাই—আলপ্স পর্বত প্রেণীর উচ্চতাও ঐরপ।

মশর ও সাইপ্রস দ্বীপের মধ্যে ছয়সহস্র ফিট, আলেকজান্দ্র্যা ও রোজ্শের মধ্যে নয় সহস্র ময় শত, এবং মাল্টায় পূর্ব্বে ১৫,০০০ ফিট জল পাওয়া গিয়াছে। কিন্তু তদপেকা অন্যান্য সমুদ্রে অধিকতর গভীরতা পাওয়া গিয়াছে। হন্বোলটের কম্মস্ গ্রন্থে লিখিত আছে, যে এক স্থানে ২৬, ০০০ ফিটু রশী নামাইয়া দিয়াও তল পাওয়া যায় নাই—ইহা চারি মাইলের অধিক। ডাক্তার ক্ষোরেস্বি লি-্র খেন যে সাত মাইল রশী ছাড়িয়া দিয়াও তল পাওয়া যায় নাই। পৃথিবীর সর্কোচ্চতম প্র্বিত শৃঙ্গ পাঁচ মাইল মাত্র উচ্চ।

কিন্তু গড়ে, সমুদ্র কত গভীর, তাহা না
মাপিয়াও গণিতবলে জানা যাইতে পারে।
জলোচ্ছাদের কারণ সমুদ্রের জলের উপর
সূর্য্য চন্দ্রের আকর্ষণ। অতএব জলোচ্ছাদের
পরিমাণের হেতু, (১) সূর্য্য চন্দ্রের গুরুত্ব,(২)
তদীয় দূরতা,(৩) তদীয় সম্বর্ত্তন কাল,(৪) সমুদ্র দ্রের গভীরতা। প্রথম, দ্বিতীয়, এবং তৃতীয়
তত্ত্ব আমরা জ্ঞাত আছি; চতুর্থ আমরা জা-

নিনা, কিন্তু চারিটির সমবায়ের ফল, অর্থাৎ জলোচ্ছাদের পরিমাণ, আমরা জ্ঞাত আছি। এতএব অজ্ঞাত চতুর্থ সমবায়ী কারণ অনা-য়াসেই গণ্না করা যাইতে পারে। আচার্য্য হটন এই প্রকারে গণনা করিয়া স্থির করিয়া-,ছেন যে সমূদ্র, গড়ে, ৫.১২ মাইল, অর্থাৎ পাঁচ মাইলের কিছু অধিক মাত্র গভীর। লপ্লাদ ত্রেফ নগরে জলোচ্ছ্যাদ পর্য্যবেক্ষণের বলে যে "Ratio of Semidiurnal Co-efficients" স্থির করিয়া ছিলেন, তাহা হইতেও এই রূপ উপলব্ধি করা যায়।

## (শব্দ)

সচরাচর শব্দ প্রতি সেকেণ্ডে ১০৩৮ ফিট গিয়া থাকে বটে, কিন্তু বের্থেম ও ব্রেগেট নামক বিজ্ঞানবিৎ পণ্ডিতেরা বৈচ্যুতিক তারে প্রতি সেকেণ্ডে, ১১, ৪৫৬ সেকেণ্ড বেগে শব্দ প্রের্ণ করিয়াছিলেন। অতএব তারে, কেবল পত্র প্রেরণ হয় এমত নহে; বৈজ্ঞা-নিক শিল্প আরও কিছু উন্নতিপ্রাপ্ত হইলে মনুষ্য তারে কথোপকথন করিতে পারিবে।

মনুষ্যের কণ্ঠসর কত দূর যায়? বলা যায় না। কোন কোন যুবতীর ব্রীড়ারুদ্ধ কণ্ঠসর শুনিবার সময়ে, বিরক্তি ক্রমে ইচ্ছা করে, যে নাকের চসমা খুলিয়া কাণে পরি, কোন কোন প্রাচীনায় চীৎকারে বোধ হয়, গ্রামান্তরে পলাইলেও নিষ্কৃতি নাই। বিজ্ঞানবিদেরা এ বিষয়ে কি সিদ্ধান্ত করিয়াছেন, দেখা যাউক।

প্রাতীনমতে আকাশ শব্দবহ; আধুনিক মতে বায়ু শব্দবহ। বায়ুর তরঙ্গে শব্দের স্থান্তি ও বহন হয়। অতএব যেখানে বায়ু তরল ও ক্ষীণ, দেখানে শব্দের অস্পাইত। সম্ভব। বাঙ্ শৃঙ্গোপরি শব্দ অপ্পক্টশ্রাব্য বলিয়া শদ্যোর বর্ণনা করিয়াছেন। তিনি বলেন তথায় পিস্তল ছুড়িলে পটকার মত শব্দ হয়; এবং শ্যাম্পেন খুলিলে কাকের শব্দ প্রায় শুনিতে পাওয়া বায় না। কিস্তু মার্শাদ বলেন বে তিনি সেই শৃঙ্গোপারেই ১৩৪০ ফিট হইতে মনুষ্যকণ্ঠ শুনিয়াছিলন। এ বিষয় "গগনপ্য্যটন" প্রবন্ধে কিঞ্ছিৎ লেখা ইইয়াছে।

যদি শব্দবহ বায়ুকে চোঙ্গার ভিতর রুদ্ধকরা যায়, তবে মন্ত্রয় কণ্ঠ যে অনেক দূর
হইতে শুনা যাইবে, ইহা বিচিত্র নহে। কেন
না শক্তরঙ্গ সকল ছড়াইয়া পড়িবে না।
বিত্ত নামক বিজ্ঞানবিৎ, পারিসের লোহনির্দ্ধিত জলপ্রণালী মুথে কর্গ রাখিয়া ৩১২১
ফিট হইতে ফুটের গীত শুনিতে পাইয়া-

ছিলেন। ফু ুট কি, অতি মৃছু কাণে কাণে কথা শুনিতে পাইয়াছিলেন। যদি কেহ আপনার ঘরে খাটে শুইয়া, গৃহান্তরে বন্ধু প্রতিবাদীর সঙ্গে কথোপকথন ক্রিতে চাহেন, তবে ছুই গৃহের মধ্যে চোপা নির্মাণ করি-লুই তাহা পারেন।

স্থির জল, চোঙ্গার কাজ করে। স্কুদ্র ফুদ্র উচ্চতায় বায়ু প্রতিহত হইতে পায় না—এজন্য শক্তরঙ্গ সকল, ভগ্ন হইয়া নানা দিক্ দিগন্তরে বিকীর্ণ হয় না। এই জন্য প্রশস্ত নদীর এ পার হইতে ডাকিলেও পারে শুনিতে পায়। বিখ্যাত হিমকেন্দ্রারী পর্যাটক পারির সমভিব্যাহারী লেপ্টেনান্ট ফফ্টর লিখেন, যে তিনি পোর্ট বৌয়েনের এ পার হইতে পরপারে স্থিত মনুষ্যের সহিত কথোপকথন করিয়াছিলেন।

উভয়ের মধ্যে ১। নাইল ব্যবধান। ইহা আশ্চর্য্য বটে।

কিন্তু সর্ব্বাপেক্ষা বিশ্বয়কর ব্যাপার ডাক্তার ইয়ং কর্তৃক লিখিত হইয়াছে। তিনি বলেন, যে জিব্রন্টেরে দশ মাইল হইতে মনুষ্য কণ্ঠ শুনা গিয়াছে। কথা বিশ্বাসযোগ্য কি?

## (জ্যোতিস্তরঙ্গ)

প্রবন্ধান্তরে কথিত হইয়াছে, যে আলোক ইথর নামপ্রাপ্ত বিশ্বব্যাপী জাগতিক তরল পদার্থের আন্দোলনের ফল মাত্র। সূর্যা-লোক, সপ্তবর্ণের সমবায়; সেই সপ্তবর্ণ ইক্রধন্ম অথবা স্ফাটিক প্রেরিত আলোকে লক্ষিত হয়। প্রত্যেক বর্ণের তরঙ্গ সকল পৃথক্ পৃথক্; তাহাদিগের প্রাকৃতিক সম-বায়ের ফলে, শ্বেত রৌদ্র। এই সকল জ্যোতিস্তরঙ্গ বৈচিত্রই জগতের বর্ণ বৈচিত্রের কারণ। কোন কোন পদার্থ, কোন কোন বর্ণের তরঙ্গ সকল রুদ্ধ করিয়া, অবশিষ্টগুলি প্রতি-হত করে। আমরা সে সকল দুরুত্তক প্রতি-হত তরঙ্গের বর্ণ বিশিষ্ট দেখি।

ু ভবে তরঙ্গেরই বা বর্গ বৈষম্য কেন? কোন তরঙ্গ রক্ত, কোন তরঙ্গ পীত, কোন তরঙ্গ নীল কেন? ইহা কেবল তরঙ্গের বে-গের তারতম্য। প্রতি ইঞ্চি স্থান মধ্যে একটি নির্দিষ্ট সংখ্যার তরঙ্গের উৎপত্তি হইলে, তরঙ্গ রক্তবর্ণ, অন্য নির্দিষ্ট সংখ্যায় তরঙ্গ পীতবর্ণ, ইত্যাদি।

যে জ্যোতিস্তরঙ্গ এক ইঞ্চি মধ্যে ৩৭, ৬৪০ বার প্রক্ষিপ্ত হয়; এবং প্রতি সেকেণ্ডে ৪৫,৮০,০০,০০,০০,০০০ বার প্রক্ষিপ্ত হয়, তাহা রক্তবর্ণ। পীত তরঙ্গ, এক,ইঞ্চিতে

৪৪০০০, বার, এবং প্রতি সেকেণ্ডে ৫৩,৫--,০০,০০,০০,০০০ বার প্রক্রিপ্ত হয়। এবং নীল তরঙ্গ প্রতি ইঞ্চিতে ৫১,১১০ বার এবং প্রতি দেকেত্তে ৬২,২০,০০,০০,০০,০০০ ুবার প্রক্রিপ্ত হয়। \*পরিমাণের রহস্য ইহা •অপেকা আর কি বলিব ? এমন অনেক নকত আছে, যে তাহার আলোক পৃথিবীতে পঞ্চাশ বৎসরেও পৌছেনা। সেই নক্ষত্র হইতে যে আলোক রেখা আমাদের নয়নে আদিয়া লাগে, তাহার তরঙ্গ সকল, কতবার প্রক্ষিপ্ত হইয়াছে গূ এবার যখন, রাত্রে আকাশ প্রতি চাহিবে, তখন এই কথাটি একবার মনে করিও।

## (সমুদ্র তরঙ্গ)

এই অচিন্ত্য বেগবান্ সূক্ষ্ম হইতে সূক্ষ্ম, জ্যোতিস্করঙ্গের আলোচনার পর, পার্থিব জ- লের তরঙ্গমালার আলোচনা অবিধেয় নছে।
জ্যোতিস্তরঙ্গের বেগের পরে, সমুদ্রের টেউকে
অচল মনে করিলেও হয়। তথাপি সাগরতরঙ্গের
বেগ মন্দ নৃহে। ফিণ্ডেলু সাহেব প্রমাণ করিয়াছেন যে অতি বৃহৎ সাগরোর্ম্মি সকল ঘণ্টায় ২০
মাইল হইতে ২৭॥ মাইল পর্যন্ত বেগে ধাবিত
হয়। ক্ষোরেসবি সাহেব গণনা করিয়াছেন যে
আটলান্টিক সাগরের তরঙ্গ ঘণ্টায় প্রায় ৩০
মাইল চলে। এই বেগ ভারতবর্ষীয় বাপ্নীয়
রথের বেগের অপেক্ষা ক্ষিপ্রতর।

যাঁহারা বাঙ্গালার নদীবর্গে নৌকারোহণ করিতে ভাঁত, সাগরোর্মির পরিমাণ সন্ধন্ধে তাঁহাদের কিরপে অনুমান, তাহা বলিতে পারি না। উপকথার "তালগাছ প্রমাণ ঢেউ" শুনা যায়—কিন্তুকেহ তাহা বিশ্বাস করে না। নমুদ্রে তদপেক্ষা উচ্চতর ডেউ উঠিয়া থাকে। ফিণ্ড্লে সাহেব লিখেন ১৮৪৩ অন্দে কন্ধা-লের নিকট ৩০০ ফিট অর্থাৎ ২০০ হাত উচ্চ ডেউ উঠিয়াছিল। ১৮২০ সালে নরওয়ে প্রদেশের নিকৃট ৪০০ ফিট পরিন্ধিত ডেউ উঠিয়াছিল।

সমুদ্রের চেউ অনেক দূর চলে। উত্তমাশা অন্তরীপে উভূত মগ্ল তরঙ্গ তিন সহস্র মাইল দূরস্থ উপদ্বীপে প্রহত হইয়া থাকে। আচার্য্য বাচ বলেন, যে জাপান দ্বীপাবলীর অন্তর্গত দৈমোদা নামক স্থানে একদা ভূমিকম্প হয়। তাহাতে ঐস্থানসমীপস্থ "পোতাশ্রয়ে" এক রহৎ উর্দ্ধি প্রবেশ করিয়া, সরিয়া আসিলে পোতাশ্রয় জলশূন্য হইয়া পড়ে। সেই চেউ প্রশান্ত মহাসাগরের পর পারে, সানসূন্সিজো নগরের উপকৃলে প্রহত হয় । সৈমোদা হ-ইতে এ নগর ৪৮০০ মাইল তরঙ্গরাজ ১২ ঘণ্টা ১৬ মিনিটে পার হইয়াছিলেন অর্গাৎ মিনিটে ৬॥ মাইল চলিয়াছিলেন।

## সর উইলিয়ম টমসনক্ত জীবসৃষ্টির ব্যাখ্যা।

সকলেই দেখিয়াছেন যে, আকাশ হইতে নক্ষত্র খসিয়া পড়ে। অনেকেই জানেন যে, বাস্তবিক সে সকল নক্ষত্র নহে, নক্ষত্র কথন খদে ন।। ভূপতিত হইলে পর, দেখা গিয়াছে যে, উহা লোহ বা প্রস্তর বা তদ্রপ অন্য কোন পদার্থ। এইরূপ ধাতু বা অন্য দ্রব্যা-ত্মক অসংখ্য বস্তু আকাশপথে বিচরণ করি-তেছে। উহাকে ইংরাজিতে মিটিয়র বলে। বাস্থালাভাষায় যে সকল নাম প্রচলিত আছে. তাহা ভ্রমাত্মক। কিন্তু উল্লাপিও নাম ব্যব-হৃত হইয়াছে বলিয়া তাহা আমরা গ্রহণ করিলাম। ইহা সিদ্ধ হইয়াছে যে, উল্কা-পিও নকল, সূর্য্যাদির মাধ্যাকর্ষণী শক্তি বলে,

প্রহগণের ন্যায় আকাশমগুলে নিয়মিত বর্জে পরিভ্রমণ করিতেছে। যখন কোন উল্লাপ্ত পৃথিবীর আকর্ষণ পথে পড়ে, তখন তরলে ভূপুর্চ্চে নিফিপ্ত হয়। প্রাপাতকালে পৃথিবীর উপরিস্থ বায়ুস্তরে বেগে প্রহত হওয়য়য়, বায়ু প্রবং উল্লাপিণ্ডের সংঘর্ষণে অয়য়ু৽প্তি হয়। আলে। সেই জন্য।

ইহাতে বুঝা যাইতেছে, যে উল্লাপিও
সকলকে ক্ষুদ্ৰহ গ্ৰহ বলিলেও বলা যায়।
উল্লাপিণ্ডের ছুইটি মণ্ডল বিশেষ লক্ষিত।
ঐ তুই মণ্ডল পৃথিবীরে পথপার হুইয়াছে। এক
মণ্ডলের উপার দিয়া ১০ই ১১ই আগফ তারিখে, অর্থাং আবেণের শেষভাগে, পৃথিবীকে
চলিতে হয়। আর এক মণ্ডল লন্ডান করিবার সময় ১২ই ১৩ই নবেন্দ্র অর্থাৎ কার্তিক
মানের শেষ ভাগা। অন্য সুময় অপেকা ঐ>

সময়ে উল্লাপিণ্ডের অত্যন্ত আধিক্য দেখা যার। এই চুই উল্কাপিণ্ডক মণ্ডলের আয়-তন অর্থাৎ তদন্তবভী উল্লাপিণ্ডের পথ, পণ্ডি-তেরা গণনরে দারা স্থির করিয়াছেন্। একটা ইউরেনদ নামক অতি দূরবর্ত্তী গ্রহের পথ , হইতেও বিস্তৃত। দ্বিতীয় উল্কাপিও সম্স্থির পথ আরও ভয়ানক। নেপ্তাননামক সৌর-জগদন্ত-স্থিত গ্রহের পথ হইতেও বহুদুর। ইহাও সামান্য কথা। জ্যোতির্বিৎ পণ্ডি-তেরা স্থির করিয়াছেন, যে অনেক উল্কাপিণ্ড অন্য সোর-জগৎ হইতে আগত; অন্য সোর-জগতেও গাইতে পারে।

কেহং বলেন যে, এই সকল উল্লাপিণ্ড কোন জগতের বিপ্লবে চুর্ণিত গ্রহগণের ভ-গ্লাংশ। এ কথার কোন প্রমাণ নাই, এবং অনেকে একথায় প্রমা করেন না। কিন্তু ভুবনবিখ্যাত বিলাতীয় র্টিশ এসোদি-য়েশনের সভাপতি সর্ উইলিয়ম টম্সন তন্ম-তাবলম্বন করিয়া, এক কোতুকাবহ তর্ক উপ-স্থিত করিয়াছেন।

পৃথিবীতে চিরকাল জীব ছিল না, একথা ভূতিরের দারা সপ্রমাণ হইয়াছে। বহুকোটি বংসর পৃথিবী জীবশূন্য ছিল। পরে জীবের অধিষ্ঠান হইল কি প্রকারে? বহুকাল হইতে ইউরোপে এই তর্ক হইতেছে। দেখা যায় त्व, कीव ভिन्न कोरवब क्या नाहे। ज्यानिक বলিতেন, অগুদি ব্যতীতও জীবের স্থষ্টি হই-কিন্তু একণে অনুবীকণ যন্ত্রের সা-हारिया **रम म**कन अस मृत हहेसारक्। रय मकन জীব পূর্বের "কেদজ" অথবা "মলজ" অথবা "স্বতঃস্ফু" বনিরা স্থির ছিল, তাহাও অগুজ বলিয়া সপ্রমাণ হইয়াছে। যদি জীব ভিন্ন

জীবোৎপত্তি নাই, তবে প্রথম জীব জন্মিল কি প্রকারে? পূর্ব্বে জীব ছিল না, পরে জীব আসিল কোথা হইতে?

এ প্রাণের উত্তরে অনেকে বলেন, "ঈশ-রের ইচ্ছা।" এই কথা, সকলে উত্তর বলিয়া প্রাহ্য করেন না। তাঁহারা বলেন, 'ঈশুরের ইচ্ছা সানি। কিন্তু ঈশুরের ইচ্ছা নিয়মে পরিণত। নিয়ম ভিন্ন ঐশী ক্রিয়া কোথাও দেখা যায় না। জগদীশ্বর, সকল কার্যাই চিরপ্রচলিত, অলজ্যা নিয়মের দ্বারা সম্পন্ন করেন, নিয়মবিরুদ্ধ কোন কার্যা করেন না। জাব হইতে জাবের জন্ম এই নিয়ম; তবে বিনা জীবে জীব হইল কি প্রকারে?"

উল্কাপিণ্ড যে বিনফ গ্রহের ভগাংশ, এই কথা মনে করিয়া, সর উই্লিয়ম টম্সন প্রা-শুক্ত প্রশ্নের উত্তর দিয়াছেন। তিনি ক্রেন যে, "অনেক উল্লাপিও বীজবাহী। অন্য গ্ৰহ হইতে বীজ আনিয়া এই পৃথিবীতে বপন করিয়াছে।"

তিনি বলিয়াছেন, "পুথিবীতে জীবের স্ষ্টি হইল কি প্রকারে ? • পৃথিবীর ভূতপূর্বন রভাত্ত অনুসন্ধান করিতে২ প্রকাশ পায় দে, এককালে পৃথিবী অগ্নি-দ্রব, তাপ-লোহিত গোলক্মাত্র ছিল, তহুপরি জীবের অধিষ্ঠান সম্ভবে না। অতএব যথন পৃথিবী প্রথমে জীবাধিষ্ঠান-যোগ্য হইল, তখন তহুপরি বে কোন জীব ছিল না, ইহা নিশ্চিত। তখন প্ৰবৃত, জল, বায়ু ইত্যাদি ছিল; সূৰ্য্য তা-বংকে সন্তপ্ত এবং আলোকোজ্জল করিতেন, তখন পৃথিবী উদ্যানবং হইবার উপযুক্ত হই-য়াছিল। তথন কি, কেবল ঈশ্বরের আজা পাইয়া, আপনা হইতে রক্ষ, পূষ্প, ভৃণাদি, একবারে পূর্ণ শোভা ধারণ করিয়া উঠিয়াছিল? না, উপ্ত বীজ হইতে উৎপন্ন হইয়া রক্ষাদি ক্রমে পৃথিবী ব্যাপ্ত করিয়াছিল?"

এই প্রশ্নের উত্তরে সর উইলিয়ম, সাংগ্রেয় পর্কতের উদাহরণ দিয়া বলিয়াছেন যে, " বিষিউবিয়স বা এট্না পর্বত নিঃস্ত হায়ি-দ্রব পদার্থের স্রোভ তৎসামুবাহী হইয়া না-নিলে, অচিরাৎ তাহা শীতল হইয়। জমিয়া যায়। কতিপয় সপ্তাহ বা বৎসর পরে, অন্য স্থান হইতে বায়াদি-বাহিত ডিম্ব এবং বাঁজের কারণ, অথবা অন্য স্থান হইতে স্বয়স্গত জাঁবের প্রসাদে, তাহা রক্ষ জীবাদিতে পরি-প্রিত হয় ৷ যথন আমরা দেখি যে, সমুদ্র-ুমধ্যে অগ্নিবিপ্লবসমুৎপন্ন কোন দ্বীপ.কতিপয় বর্ষমধ্যে রক্ষাদিতে সমাচ্ছন, হইয়াছে, তথন তাহা মে বায়ুবাহিত, বা জলচর জীবাদি দারা

আনীত বীজ হইতে ঐরপ হইয়াছে, এপ্রকার সিদ্ধান্ত করিতে পরাগ্মুখ হই না।"

তিনি বলেন যে, পৃথিবীতে সেইরূপ জীব-দর্গ। আকাশে, লক্ষ্য দূর্য্য, গ্রহ, উপ-গ্রহাদি অনবরত বিচরণ করিতেছে। যদি সমুদ্রমধ্যে লক্ষ্ম জাহাজ, সহস্র বৎসর বিনা নাবিকে বিচরণ করে, তবে অবশ্য মধ্যে২ জাহাজে২ আঘাত হইবে। আকাশ সমুদ্রেও তদ্রপ, পৃথিবীতে পৃথিবীতে কখন অবশ্য প্রহত হইবে। হইলে, তৎক্ষণাৎ প্রঘাত-জনিত তাপে প্রহত গ্রহাদির অধিকাংশ দ্রব হইবার সম্ভাবনা, কিন্তু কোন্থ ভাগ দ্রবীভূত না হইয়া উল্লাপিণ্ড ভাবে, আকাশপথে বিচ-. রণ করিবে। ভগ্ন প্রহে যেসকল ডিম্ব, জীব ও রকাদি ছিল, তাহার কিছুনা কিছু বীজ, গ্রহখণ্ডে অবশ্য থাকিবে। কালে তদ্রপ

কোন সজীব গ্রহাংশ উল্কাপিণ্ড স্বরূপে পৃথি-বীতলে পতিত হইয়া, ত্রাহিত বাঁজে পৃথি-বীকে প্রথমে উদ্ভিজপূর্ণা, পরে জীবম্য়ী করি-য়াছে। • -

এই মত, অন্যান্য পণ্ডিতের নিকট অদ্যা-পি গ্রাহ্য হয় নাই, এবং তাহার প্রভিব্রীদ করিবার বিশেষ কারণ আছে। ভাল, ইহার যাথার্থ্য স্থীকার করা যাউক। তাহা হইলে কি হইল ? জাবস্ঞ্চির ত কিছুই বুঝা গেল ন। বুঝিলাম, এই পৃথিবী, অন্যগ্রহপ্রেরিত বাঁজে, উদ্ভিদ্ ও জীবাদি সৃষ্টিবিশিক্ট হই-য়াছে, কিন্তু দে গ্ৰহেই বা প্ৰথম বীজ কোথা. হইতে আদিল? আবার বলিবেন, "অন্য ্রহ হইতে।" আমরাও আবার জিজাসা করিব, দেই গ্রহেই বা বীজ ুআসিল কোথা: হইতে % এইরূপ পারস্পর্য্যের আদি নাই।

প্রথম বীজোৎপত্তির কথা যে অন্ধকারে ছিল, সেই অন্ধকারেই রহিল।